আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

একটি সাক্ষাতকার নিয়ে তোলপাড়

সৌদি আরব-ইসরাইল শান্তি চুক্তি আসন্ন?

বাংলা পত্রিকা ডেস্ক: সৌদি আরবের শাসকরা ঐতিহাসিকভাবেই ছিল ইসরাইল এবং তারা ফিলিস্তিনিদের প্রতি যে আচরণ করে– তার সমালোচক। কিন্তু **(বাকি অংশ ৪১ পাতায়)**

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ০৩ || সোমবার || আশ্বিন ২৭ || ১৪২৭ || সফর ২৪ || ১৪৪২ || Vol. 25 || Issue 03 || October 12 || 2020 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট পদে প্রার্থী ১২১৬ জন!


বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন ৩ নভেম্বর। নানা কারণে এবার এই নির্বাচন নিয়ে ভিন্ন রকম বিতর্ক। বরাবরের মতোই এবারও নির্বাচনে ক্ষমতাসীন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও তার



প্রতিদ্বন্দ্বী ডেমোক্রেট জো বাইডেনকে নিয়ে আলোচনা। নির্বাচনে প্রাধান্য বিস্তার করে আছেন তারা দু'জনেই। মিডিয়ার চোখও তাদের দিকে। কিন্তু এই নির্বাচনে মোট কতজন প্রার্থী প্রেসিডেন্ট পদে লড়ছেন **(বাকি অংশ ২১ পাতায়)**


নির্বাচনের পরে যুক্তরাষ্ট্রে দেখা দেবে সহিংসতা, জনঅসন্তোষ!

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট নির্বাচনের পরে যুক্তরাষ্ট্রে সহিংসতা দেখা দিতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন কবিপয় আমেরিকান। এমন কি



নাগরিক অসন্তোষ বা জাতিগত সংঘাতও সৃষ্টি হতে পারে। এ জন্য কমিউনিটি ওয়াচ গ্রুপ সৃষ্টি করা হচ্ছে। কেউ কেউ কাজ করছেন (বাকি অংশ ৯ পাতায়)

ট্রাম্পকে নিয়ে রিপাবলিকান শিবিরে হতাশা



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচনের আর মাত্র কয়েক সপ্তাহ বাকি। আসন্ন নির্বাচনে বিপর্যয়ের আশঙ্কা করা রিপাবলিকানদের জন্য প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পকে ঝেড়ে ফেলার এটাই সবচেয়ে নিরাপদ সময়। অন্তত, তার থেকে নিজেদের দূর করতে চাইছেন অনেকেই। সাম্প্রতিক দিনগুলোয় দলীয় নেতাদের নানা মন্তব্য রিপাবলিকান পার্টির ভেতরকার এমন ফাটল ফুটে ওঠছে। যুক্তরাষ্ট্রের রাজনীতি বিষয়ক সংবাদ মাধ্যম পলিটিকোর এক প্রতিবেদনে এমনটা বলা হয়েছে। এতে বলা হয়, গত চার বছর ধরে বেশিরভাগ সময়ই রিপাবলিকান রাজনীতিবিদরা সবচেয়ে বেশি ভীত ছিলেন যে বিষয়টি নিয়ে সেটি হচ্ছে, তাদের আচরণে প্রেসিডেন্ট ও তার সমর্থকরা যেন ক্ষেপে না যান। তারা ভীত ছিলেন, হয়তো তাদের কোনো মন্তব্য বা তুচ্ছ কোনো আচরণ প্রেসিডেন্ট পর্যাপ্ত যুদ্ধাপূর্ণ মনে করবেন না। কিন্তু এখন বেশ কয়েকজন রিপাবলিকান নেতার মধ্যে নতুন ভয় ঢুকেছে যে, এমনভাবে থাকলে ভোটাররা তাদের পর্যাপ্ত পরিমাণে স্বাধীন **(বাকি অংশ ২৯ পাতায়)**

মুহিউদ্দিনকে হটাতে রাজার সঙ্গে বসতে যাচ্ছেন আনোয়ার ইব্রাহীম

বাংলা পত্রিকা ডেস্ক: প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পেতে সংখ্যাগরিষ্ঠ এমপির সমর্থনের প্রমাণ দিতে আগামী **(বাকি অংশ ২৫ পাতায়)**

মেয়েদের শালীন পোশাক পরতে বললেন অনন্ত জলিল



ঢাকা ডেস্ক: দেশে ধর্ষণ বেড়ে যাওয়ায় উদ্বিগ্ন সবাই। চলছে আন্দোলন। দাবি উঠছে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের। প্রতিবাদে সোচ্চার হচ্ছেন তারকারাও। এবার ধর্ষণ নিয়ে কথা বললেন চিত্রনায়ক অনন্ত জলিল। **(বাকি অংশ ৯ পাতায়)**

ফের বিয়ে করলেন শমী কায়সার



বিনোদন ডেস্ক: মঞ্চ ও টেলিভিশনের একসময়ের জনপ্রিয় অভিনয়শিল্পী শমী কায়সার আবারও বিয়ে করেছেন। বরের নাম রেজা আমিন। রেজা পেশায় একজন ব্যবসায়ী। পরিণয়ের আগে **(বাকি অংশ ৪৪ পাতায়)**

১৭.৭ মিলিয়ন ডলার আত্মসাৎ মামলায় গ্রেফতার দীনেশ সাহ

বাংলা পত্রিকা ডেস্ক: করোনাভাইরাসে ক্ষতিগ্রস্ত ব্যবসা-প্রতিষ্ঠানকে ঘুরে দাঁড়ানোর জন্যে ফেডারেল (বাকি অংশ ২৫ পাতায়

করোনায় মৃত্যুর মিছিল ১০ লাখ ৭৭ হাজার ছাড়িয়ে

বাংলা পত্রিকা ডেস্ক: করোনাভাইরাসে লাশের সারি দীর্ঘ হচ্ছে। রোজ মৃত্যুর মিছিলে যোগ দিচ্ছেন হাজারো মানুষ। এরইমধ্যে মৃত্যু ছাড়িয়ে গেছে ১০ লাখ ৭৭ হাজার। কোভিড ১৯-এ প্রাণহানির পরিসংখ্যান রাখা **(বাকি অংশ ২৫ পাতায়)**



ডলার কিনে কেন্দ্রীয় ব্যাংকের ২৫ হাজার কোটি টাকা ছাড়

মূল্যস্ফীতি বেড়ে যাওয়ার আশঙ্কা

ঢাকা ডেস্ক: তিন মাসে ব্যাংকগুলোর কাছ থেকে প্রায় ৩০০ কোটি ডলার কিনে বাজারে ২৫ হাজার কোটি টাকা নগদ অর্থ ছেড়েছে বাংলাদেশ ব্যাংক। ডলারের চাহিদা কমে যাওয়ায় এবং রেমিট্যান্স প্রবাহ বেড়ে যাওয়ায় বাজারে উদ্বৃত্ত ডলার থেকে যাচ্ছে। বাধ্য হয়ে বৈদেশিক মুদ্রা ব্যবহার করতে না পারায় ব্যাংকগুলো কেন্দ্রীয় ব্যাংকের কাছে ডলার (বাকি অংশ ২৫ পাতায়)

বাড়ি থেকে কাজ করে ক্লান্ত মাইক্রোসফটের সিইও

বাংলা পত্রিকা ডেস্ক: বাড়ি থেকে কাজ করতে গিয়ে একেবারে ক্লান্ত হয়ে পড়েছেন মাইক্রোসফটের প্রধান নির্বাহী কর্মকর্তা সত্য নাদেলা। আমেরিকান সংবাদমাধ্যম ওয়াল স্ট্রিট জার্নালে দেওয়া এক **(বাকি অংশ ২০ পাতায়)**

যুবতীকে লজ্জা ঢাকতে টি-শার্ট খুলে দিলেন বিমানের ক্যাপ্টেন

বাংলা পত্রিকা ডেস্ক: আপত্তিকর পোশাক পরেছিলেন সাউথওয়েস্ট এয়ার-লাইন্সের একজন যুবতী যাত্রী। তার শরীরের **(বাকি অংশ ২১ পাতায়)**

www.banglapatrikausa.com

CENTURY 21 AMERICAN HOMES

বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2153
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

APOLLO BROKERAGE INC.
TLC INSURANCE
ব্ল্যাক কার, কার সার্ভিস, গ্রীন ট্যাক্সি ও প্রাইভেট কার, বাড়ী ও বিজনেস অতি বিশ্বস্ততার সাথে ও সহজ কিস্তিতে ইন্স্যুরেন্স করা হয়।

মানি ট্রান্সফার
ডিভিসি
মানি অর্ডার
ওয়েস্টার্ন ইউনিয়ন
নোটারী পাবলিক
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800, Fax :718-472-9801
E-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CORE CREDIT REPAIR
www.cmscreditsolutions.com
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন ?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না ? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন।

Mohammed A Kashem
Credit Consultant
Late Payments
Tax Liens
Charge Offs
Garnishment
Inquiries
Collections
Call us: 646-775-7008
37-53, 72nd Street, Suite # 1
Jackson Heights, NY 11372
Email: info@cmscreditsolutions.com

আপনি কি সপ্তাহে ২,০০০ ডলার আয় করতে চান?
লারনার পারমিট, রোড টেস্ট এবং টিএলসি পরীক্ষা দিয়ে বার বার ব্যর্থ হয়েছেন?
তাহলে আজই যোগাযোগ করুন
6 WEEKS DOS
5 WEEKS CLASS
R & R Driving School
471 McDonald Avenue (Basment), Brooklyn, 347-836-1279
(মহিলাদের জন্য মহিলা প্রশিক্ষক দ্বারা ড্রাইভিং শিখানোর ব্যবস্থা আছে)

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
SAUDIA Emirates ETIHAD KUWAIT AA American Airlines QATAR

Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
আমরা IATA
Digital One Travel
JACKSON HEIGHTS NEW YORK
আমরা ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
আমেরিকার যে কোন টেট থেকে বাংলাদেশে যাওয়ার জন্য ইন্টারনেটের চাইতে কম দামের গ্যারান্টি দিচ্ছি
সুপার সেল $৬৪৯+
Emirates QATAR AA

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO


স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
Quick Auto Quote Discounts & Policies Reduction
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(বিস্তারিত দেখুন ৯ পাতায়)
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES
LOVE WITH CARE IS HUMANITY"
বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal




BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday //October 12 // 2020

জাতিসংঘে রাষ্ট্রদূত রাবাব ফাতিমা

বাংলাদেশ সন্ত্রাসবাদ ও যে কোনো ধরনের সন্ত্রাসী কর্মকাণ্ডকে প্রত্যাখান করে এবং নিন্দা জানায়



নিউইয়র্ক: "সন্ত্রাসবাদ ও সহিংস উগ্রবাদের ক্ষেত্রে বাংলাদেশ কঠোরভাবে জিরো টলারেন্স নীতি বজায় রেখেছে"। গত ৭ অক্টোবর বুধবার জাতিসংঘ সদরদপ্তরে 'আন্তর্জাতিক সন্ত্রাসবাদ নির্মূলের উপায়' শীর্ষক জাতিসংঘের এক প্লেনারি সভায় বক্তব্য প্রদানকালে একথা বলেন (বাকি অংশ ১২ পাতায়)

করোনা আক্রান্ত হয়েছেন যত বিশ্বনেতা

বাংলা পত্রিকা ডেস্ক: দিন দিন বেড়েই চলেছে করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত বিশ্বনেতাদের সংখ্যা। দীর্ঘ হতে থাকা এই তালিকায় সম্প্রতি যোগ হয়েছেন আমেরিকান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। গত সপ্তাহে সস্ত্রীক ভাইরাসটিতে আক্রান্ত হওয়ার কথা জানান ৭৪ বছর বয়সী এই প্রেসিডেন্ট। নিচে করোনা সংক্রমণের শিকার হওয়া বিশ্বের শীর্ষ নেতাদের একটি তালিকা তুলে ধরা হলো:

বরিস জনসন

বিশ্বের গুরুত্বপূর্ণ নেতাদের মধ্যে সবার আগে করোনা আক্রান্ত হয়েছিলেন বৃটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন। গত এপ্রিলে করোনা মোকাবিলায় ব্যর্থতার অভিযোগে সমালোচনার মধ্যেই সংক্রমিত হন তিনি। আক্রান্ত হওয়ার পর অবস্থা গুরুতর হওয়ায় তাকে হাসপাতালে ভর্তি করতে হয়েছিল। এমনকি এক রাত নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসা নিতে হয়েছিল। অবশ্য



কর্মকর্তারা জানিয়েছিলেন, ভেন্টিলেটরের প্রয়োজন পড়েনি তার। পরবর্তীতে জাতীয় স্বাস্থ্যসেবা কর্মীদের প্রতি নিজের জীবন বাঁচানোর জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেছিলেন জনসন। উল্লেখ্য, বরিস জনসনের আগে বৃটিশ সিংহাসনের আপাত উত্তরসূরী প্রিন্স চার্লস গত মার্চে করোনা আক্রান্ত হন।

জাইর বলসোনারো

গত জুলাইয়ে নিজের করোনা আক্রান্ত হওয়ার খবর জানান ব্রাজিলের প্রেসিডেন্ট। করোনার চিকিৎসায় ম্যালেরিয়ার ওষুধ হাইড্রক্সিক্লোরোকুইন ব্যবহারের পক্ষে কড়া অবস্থান নিয়েছিলেন তিনি। করোনার চিকিৎসায় ওষুধটির কার্যকারিতার পক্ষে কোনো বৈজ্ঞানিক প্রমাণ না থাকা সত্ত্বেও, তিনি নিজে ওষুধটি গ্রহণ করেন। এর আগে, ব্রাজিলে করোনার বিস্তার শুরুর পর প্রথম চার মাস ভাইরাসটিকে একটি 'ছোটোখাটো ফ্লু' বলে উড়িয়ে দেন তিনি। সামাজিক দূরত্ব বজায় রাখাসহ অন্যান্য সংক্রমণবিরোধী স্বাস্থ্যবিধি না মানার পক্ষেও কথা বলেন। মাস্ক না পরে যোগ দেন শত শত মানুষের বিক্ষোভে।

হুয়ান অরলান্দো হারনান্দেজ

হন্ডুরাসের প্রেসিডেন্ট হারনান্দেজ করোনা আক্রান্ত হওয়ার কথা জানান গত জুনে। তার ঘনিষ্ঠ দুই সহযোগীও আক্রান্ত হয়েছিলেন একই সময়। হারনান্দেজ জানান, করোনার চিকিৎসা হিসেবে পরীক্ষামূলক 'মায়িজ চিকিৎসা সেবা' নেওয়া শুরু করেছেন তিনি। যদিও ওই চিকিৎসা পদ্ধতি করোনার বিরুদ্ধে কার্যকর কিনা, তা অপ্রমাণিত। স্বল্প সময়ের জন্য হাসপাতালে ভর্তি হতে হয়েছিল তাকে। এরপর থেকে বিশ্বজুড়ে করোনার টিকা সহজলভ্য করতে বিশ্বনেতাদের প্রতি আহবান জানিয়ে আসছেন তিনি। সম্প্রতি জাতিসংঘে বিশ্বনেতাদের জমায়েতে তিনি প্রশ্ন তোলেন, মানুষজনকে কি মরে যাওয়ার জন্য ফেলে রাখা হবে?

আলেক্সান্ডার লুকাশেঙ্কো

করোনা নিয়ে উদ্বেগকে 'মানসিক ব্যাধি' বলে উড়িয়ে দিয়েছিলেন বেলারুশের প্রেসিডেন্ট লুকাশেঙ্কো। ভাইরাসটি থেকে সুরক্ষিত থাকতে ভদকা পানের পরামর্শও দিয়েছিলেন। তবে তাতে রেহাই মেলেনি। জুলাইয়ে নিজেই ভাইরাসটিতে আক্রান্ত হওয়ার কথা জানান তিনি। বিশ্বের যে কয়টি দেশ করোনা সংক্রমণ ঠেকাতে বিস্তৃত কোনো পদক্ষেপ নেয়নি, বেলারুশ সেগুলোর মধ্যে অন্যতম। বেলারুশ ছাড়া, সোভিয়েত ইউনিয়নের অন্যান্য সাবেক সদস্যরাষ্ট্রগুলোর মধ্যে, আর্মেনিয়ার প্রধানমন্ত্রী নিকোল পাশিনিয়ান ও রুশ প্রধানমন্ত্রী মিখাইল মিশুস্তিনও করোনায় আক্রান্ত হয়েছিলেন।

মোনাকোর প্রিন্স আলবার্ট দ্বিতীয়

ভূমধ্যসাগরীয় ছোট দেশ মোনাকোর শাসক প্রিন্স আলবার্ট দ্বিতীয় গত মার্চে করোনা সংক্রমণের শিকার হন। তবে দেশটির কর্তৃপক্ষ তখন জানিয়েছিল যে, আক্রান্ত হলেও তার স্বাস্থ্যের অবস্থা উদ্বেগজনক নয়।

আলেহান্দ্রো জিয়ামাতেই

সেপ্টেম্বরের তৃতীয় সপ্তাহে করোনা আক্রান্ত হওয়ার কথা জানান গুয়াতেমালার প্রেসিডেন্ট জিয়ামাতেই। সে সময় টেলিভিশনে প্রচারিত এক বক্তব্যে তিনি বলেন, আমার উপসর্গগুলো অত্যন্ত মৃদু। এখন অবধি আমার কেবল শরীর ব্যথা আছে। এটা গতকালকের চেয়ে বেড়েছে। তীব্র ঠান্ডা লাগার মতো অবস্থা দাঁড়িয়েছে। আমার জ্বর নেই তবে, হালকা কাশি আছে। তিনি আরো জানান, তিনি বাড়ি থেকে কাজ করছেন।

জিনাইন আনেজ

গত জুলাইয়ে করোনায় আক্রান্ত হয়ে আইসোলেশনে যান বলিভিয়ান প্রেসিডেন্ট। তবে তিনি জানিয়েছিলেন, শারীরিকভাবে তিনি সুস্থ বোধ করছেন।

লুইস আবিনেডার

গত জুলাইয়ে দেশে নির্বাচনের আগ দিয়ে করোনায় আক্রান্ত হয়ে সুস্থ হয়ে ওঠেন ডমিনিকান রিপাবলিকের নব-নির্বাচিত প্রেসিডেন্ট লুইস আবিনেডার। নির্বাচনের আগে কয়েক সপ্তাহ আইসোলেশনে ছিলেন তিনি।

ইরান

মধ্যপ্রাচ্যে করোনা সংক্রমণের অন্যতম প্রাণকেন্দ্র ইরানে একাধিক শীর্ষ কর্মকর্তা ভাইরাসটিতে আক্রান্ত হয়েছেন। এসব কর্মকর্তাদের মধ্যে রয়েছেন জ্যেষ্ঠ ভাইস প্রেসিডেন্ট ইসহাক জাহাঙ্গিরি, ভাইস প্রেসিডেন্ট মাসুমেহ এবতেকার। এছাড়া, মন্ত্রিপরিষদের বেশ কয়েকজন সদস্যও সংক্রমিত হয়েছেন।

ভারত

ভারতে সম্প্রতি ভাইস প্রেসিডেন্ট এম ভেঙ্কাইয়া নাইডু (৭১) করোনা আক্রান্ত হিসেবে শনাক্ত হন। তবে তার কার্যালয় জানিয়েছে, নাইডুর মধ্যে আক্রান্ত হওয়ার কোনো উপসর্গ নেই। তিনি নিজ বাড়িতে কোয়ারেন্টিনে আছেন। এছাড়া, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রশাসনের দ্বিতীয় সর্বোচ্চ ক্ষমতাধর কর্মকর্তা স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গত মাসে করোনা আক্রান্ত হন। তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল। তবে তিনি সুস্থ হয়ে উঠেছেন। জুনিয়র রেলমন্ত্রী সুরেশ আঙ্গাদি গত সপ্তাহে আক্রান্ত হয়ে মারা যান।

ইসরাইল

গত এপ্রিলে করোনা আক্রান্ত হিসেবে শনাক্ত হন ইসরাইলের তৎকালীন স্বাস্থ্যমন্ত্রী ইয়াকভ লিটজম্যান। পরবর্তীতে সুস্থ হয়ে উঠেন তিনি। ইসরাইলের উগ্র-গোঁড়া সম্প্রদায়ের শীর্ষ নেতা লিটজম্যান। এ সম্প্রদায়ের মধ্যে করোনার প্রকট সংক্রমণ দেখা গেছে। ইসরাইলে অন্যান্য কর্মকর্তাদের মধ্যে জেরুজালেম বিষয়ক মন্ত্রী রাফি পেরেটজও করোনা আক্রান্ত হয়েছিলেন।

দক্ষিণ আফ্রিকা

দক্ষিণ আফ্রিকার প্রতিরক্ষামন্ত্রী নসিভিওয়ি মাপিসা-এনকাকুলা, খনিজ সম্পদ ও জ্বালানি বিষয়ক মন্ত্রী গুয়েদে মানতাশি এবং শ্রমমন্ত্রী থুলাস নক্সেসি গত জুন ও জুলাই মাসের মধ্যে করোনা আক্রান্ত হন ।

দক্ষিণ সুদান


দেশটির ভাইস প্রেসিডেন্ট রিয়েক মাচারসহ মন্ত্রিপরিষদের বেশ কয়েকজন মন্ত্রী করোনা আক্রান্ত হয়েছেন।

গাম্বিয়া

গত জুলাইয়ে দেশটির ভাইস প্রেসিডেন্ট ইসাতৌ তৌরায়, অর্থমন্ত্রী, জ্বালানিমন্ত্রী ও কৃষিমন্ত্রী আক্রান্ত হন।

গিনি-বিসাউ

দেশটির প্রধানমন্ত্রী নুনো গোমসনাবিয়াম গত এপ্রিলে করোনা আক্রান্ত হন।



যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের উদ্যোগে 'অসমাপ্ত আত্মজীবনী' বই পাঠ

বাংলাদেশের সকল পাঠ্যপুস্তকে বঙ্গবন্ধু'র জীবন কাহিনী অন্তর্ভুক্ত করার প্রস্তাব

নিউইয়র্কঃ 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষে, যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের উদ্যোগে গত ৪ অক্টোবর রোববার সন্ধ্যায় অনলাইনে জুম-এর মাধ্যমে অনুষ্ঠিত হলো বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' বইয়ের পাঠ ও আলোচনা সভা। সভায় বক্তারা বাংলাদেশ সরকারের কাছে দেশের সকল শিক্ষা মাধ্যম ও সকল শ্রেণীর পাঠ্যপুস্তকে বঙ্গবন্ধুর জীবন কাহিনী অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন।

পরিষদের সভাপতি মুক্তিযোদ্ধা ড. নুরুন নবীর সভাপতিত্বে পাঠ ও (বাকি অংশ ১২ পাতায়)



বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

ধর্ষক-নিপীড়কদের রাজনৈতিক প্রশ্রয় দেয়া বন্ধ করতে হবে

রাজনৈতিক ক্ষমতাশালী বা রাজনৈতিক ক্ষমতার আশ্রয়-প্রশ্রয় পাওয়া এক শ্রেণীর মানুষ ধর্ষণ বা নারী নির্যাতনের মতো অপরাধ সংঘটনে বেপরোয়া মনোভাব প্রদর্শন করে বলে বিশেষজ্ঞরা জানিয়েছেন। নিপীড়ক যখন জানে যে, অপরাধ করেও সে পার পেয়ে যাবে তখন সে বেপরোয়া হয়ে ওঠে। সে মনে করে, পুলিশ বা আইন তার অপরাধের সাজা নিশ্চিত করতে পারবে না। পুলিশের হাতে ধরা পড়েও সে এ কারণে সে থাকে হাস্যোজ্জ্বল। কারাগারে বসে হাসিমুখে তোলে ছবি। বাংলাদেশে ধর্ষণ বা নারী নির্যাতনের যেসব ঘটনা ঘটছে তার উল্লেখযোগ্য একটি অংশের সঙ্গে ক্ষমতাসীনদের আশ্রয়-প্রশ্রয় পাওয়া ব্যক্তিদের সম্পৃক্ততার কথা জানা যাচ্ছে। ক্ষমতাসীন দলের ছত্রছায়ায় থাকা এক শ্রেণীর ব্যক্তি যে শুধু ধর্ষণের মতো অপরাধ করছে তা নয়, তারা নানা ধরনের অপরাধে জড়িয়ে পড়ছে। ক্ষমতার আশ্রয়ে থাকা ব্যক্তিদের অপরাধে জড়িয়ে পড়া সাধারণ বিষয়ে পরিণত হয়েছে। অপরাধের সঙ্গে ক্ষমতা বা রাজনৈতিক প্রভাবের গভীর যোগসূত্র আছে। ধর্ষণ বা নারী নির্যাতনকে শুধু সামাজিক বা ব্যক্তি পর্যায়ের অপরাধ হিসেবে গণ্য করা হলে সেটা অতি সরলীকরণের দোষে দুষ্ট হয়ে পড়ে। রাজনৈতিক ক্ষমতাশালীরা দায় এড়ানোর জন্য এ সরলীকরণ করতে চান বলে আমরা মনে করি। রাজনৈতিক সরকার যখন এ ধরনের মনোভাব পোষণ করে তখন ধর্ষকরা প্রশ্রয় পায়।

ধর্ষণ, নারী নির্যাতন বন্ধে প্রথম পদক্ষেপটা নিতে হবে সরকারকেই। দেশে আইন আছে, পুলিশ আছে। তবে শুধু আইন দিয়ে ধর্ষণ বন্ধ করা সম্ভব নয়। পুলিশের ভূমিকায় ইতিবাচক পরিবর্তন আনতে হবে। পুলিশ রাজনৈতিক প্রভাবদুষ্ট হয়ে কাজ করলে ধর্ষক-নিপীড়করা অন্যায় উৎসাহ পায়। রাজনৈতিক নেতাদের ভূমিকায়ও ইতিবাচক পরিবর্তন আনা জরুরি। সরকারের মন্ত্রী যদি বলেন যে, সব দেশেই ধর্ষণ হয় তাহলে হতাশ হওয়া ছাড়া আর কোন উপায় থাকে না। ধর্ষণ বন্ধে সরকারকে উদ্যোগী হয়ে কাজ করতে হবে। বাস্তবে বাধ্য না হলে কোন পদক্ষেপ নিতে দেখা যায় না।

বাংলাদেশে ধর্ষণ-নিপীড়নের বিরুদ্ধে প্রবল আন্দোলন হচ্ছে। তবে সরকারের শীর্ষ পর্যায় থেকে এ নিয়ে কার্যকর কোন ব্যবস্থা নিতে দেখা যায়নি। আন্দোলনকারীদের ওপর পুলিশ চড়াও হয়েছে। সরকার নিশ্চুপ বসে আছে। ধর্ষক-নিপীড়কদের আটক করা আর সাজা দেয়ার ঘোষণা দিয়েই দায় সারতে চাচ্ছে সরকার। ধর্ষণের বিরুদ্ধে যে আন্দোলন গড়ে উঠেছে সেটাকে ইতিবাচকভাবে কাজে লাগিয়ে সময়োপযোগী আইন করা বা দ্রুত বিচার নিশ্চিত করার উদ্যোগ নিতে হবে। ধর্ষণবিরোধী সামাজিক আন্দোলনকে সর্বত্র ছড়িয়ে দেয়ার ক্ষেত্রে রাজনৈতিক শক্তিগুলোকে ভূমিকা রাখতে হবে। ধর্ষক-নিপীড়কদের রাজনৈতিক আশ্রয়-প্রশ্রয় দেয়া বন্ধ করতে হবে।

পত্রিকা পড়ার গল্প



শেখ হাসিনা

ভোরে ঘুম থেকে উঠে একে একে সবাই জড়ো হতাম মায়ের শোবার ঘরে। হাতে চায়ের পেয়ালা, বিছানার ওপর ছড়ানো-ছিটানো খবরের কাগজ ..... একজনের পর আরেকজন, এক-একটা খবর পড়ছে আর অন্যরা মন দিয়ে শুনছে বা মতামত দিচ্ছে। কখনও কখনও তর্কও চলছে- কাগজে কী লিখল বা কী বার্তা দিতে চাচ্ছে? যার যার চিন্তা থেকে মতামত দিয়ে যাচ্ছে। এমনিভাবে জমে উঠছে সকালের চায়ের আসর আর খবরের কাগজ পড়া।

আমাদের দিনটা এভাবেই শুরু হতো। অন্তত ঘণ্টাতিনেক এভাবেই চলত। আব্বা প্রস্তুত হয়ে যেতেন। আমরাও স্কুলের জন্য তৈরি হতাম। আব্বার অফিস এক মিনিটও এদিক-সেদিক হওয়ার জো নেই। সময়ানুবর্তিতা তার কাছে থেকেই আমরা পেয়েছি।

সংবাদপত্র পড়া ও বিভিন্ন মতামত দেয়া দেখে আব্বা একদিন বললেন : 'বলতো, কে কোন খবরটা বেশি মন দিয়ে পড়?'

আমরা খুব হকচকিয়ে গেলাম। কেউ কোনো কথা বলতে পারি না। আমি, কামাল, জামাল, রেহানা, খোকা কাকা, জেনী সবাই সেখানে। এমনকী ছোট্ট রাসেলও আমাদের সঙ্গে। তবে সে পড়ে না, কাগজ কেড়ে নেয়ার জন্য ব্যস্ত থাকে। আমরা কিছু বলতে পারছি না দেখে আব্বা নিজেই বলে দিলেন- কে কোন খবরটা নিয়ে বেশি আগ্রহী। আমরা তো হতবাক। আব্বা এত খেয়াল করেন! মা সংবাদপত্রের ভেতরের ছোট ছোট খবরগুলো, বিশেষ করে সামাজিক বিষয়গুলো বেশি পড়তেন। আর কোথায় কী ঘটনা ঘটছে তা-ও দেখতেন। কামাল স্পোর্টসের খবর বেশি দেখত। জামালও মোটামুটি তাই। আমি ওকে কোলে নিয়ে বারান্দায় চা খেতেন আর কাগজ পড়তেন। কাগজ দেখলেই রেহানা তা নিয়ে টানাটানি শুরু করত- নিজেই পড়বে এমনটা তার ভাব ছিল।

এরপর ধানমন্ডির বাড়িতে যখন আমরা চলে আসি, তখন আমাদের সঙ্গে সঙ্গে ওরও কাগজ পড়া শুরু হয়। যখন একটু বড় হল, তখন তো তার খুঁটিয়ে খুঁটিয়ে খবর পড়ার অভ্যাস হল। ওর দৃষ্টি থেকে কোনো খবরই এড়াত না, তা সিনেমার খবর হোক বা অন্য কিছু। আর ছোটদের পাতায়



সাহিত্যের পাতা, আর সিনেমার সংবাদ নিয়ে ব্যস্ত হতাম। এভাবে একেকজনের একেক দিকে আগ্রহ।

খুব ছোটবেলা থেকেই কাগজের প্রতি রেহানার একটা আলাদা আকর্ষণ ছিল। আব্বা অনেক গল্প, কবিতা, কুইজ থাকত। রেহানা সেগুলো খুব মনোযোগ দিয়ে পড়ত।

এখন রেহানা লন্ডনে থাকে। সেখানে সে অনলাইনে নিয়মিত দেশের পত্রপত্রিকা পড়ে। শুধু যে পড়ে তাই নয়, কোথায়ও কোনো মানুষের দুঃখ-কষ্টের খবর দেখতে পেলে সঙ্গে সঙ্গে আমাকে মেসেজ পাঠায়- অমুককে সাহায্য কর, এখানে কেন এ ঘটনা ঘটল, ব্যবস্থা নাও...।

উদাহরণ দিচ্ছি। এই তো করোনাভাইরাসের মহামারীর সময়েরই ঘটনা। একজন ভিক্ষুক ভিক্ষা করে টাকা জমিয়েছিলেন ঘর বানাবেন বলে; কিন্তু করোনাভাইরাসের মহামারী শুরু হওয়ায় ওই ভিক্ষুক তার সব জমানো টাকা দান করে দেন করোনাভাইরাস রোগীদের চিকিৎসার জন্য।

খবরের কাগজে এ মহানুভবতার খবর রেহানার মনকে দারুণভাবে নাড়া দেয়। আমাকে সঙ্গে সঙ্গে সে বিষয়টি জানায়। আমরা তার জন্য ঘর তৈরি করে দিয়েছি। এভাবে এ পর্যন্ত অনেক মানুষের পাশে দাঁড়াতে পেরেছি শুধু আমার ছোট্ট বোনটির উদার মানবিক গুণাবলির জন্য; ওর খবরের কাগজ পড়ার অভ্যাসের কারণে। সুদূর প্রবাসে থেকেও প্রতিনিয়ত সে দেশের মানুষের কথা ভাবে। পত্রিকার পাতা থেকে খবর সংগ্রহ করে মানুষের সেবা করে।

দুই

আমার ও কামালের ছোটবেলা কেটেছে টুঙ্গিপাড়ায় গ্রামের বাড়িতে। সেকালে ঢাকা থেকে টুঙ্গিপাড়ায় যেতে সময় লাগত দুই রাত একদিন। অর্থাৎ সন্ধ্যার স্টিমারে চড়লে পরের দিন স্টিমারে কাটাতে হতো। এরপর শেষ রাতে স্টিমার পাটগাতি স্টেশনে থামত। সেখান থেকে নৌকার দুই-আড়াই ঘণ্টার নদীপথ পেরিয়ে টুঙ্গিপাড়া গ্রামে পৌঁছানো যেত। কাজেই সেখানে কাগজ পৌঁছাত অনিয়মিতভাবে। তখন কাগজ বা পত্রিকা পড়া কাকে বলে তা শিখতে পারিনি। তবে একখানা কাগজ আসত আমাদের বাড়িতে। তা পড়ায় বড়দের যে প্রচন্ড আগ্রহ তা দেখতাম।

ঢাকায় আমরা আসি ১৯৫৪ সালে। তখন রাজনৈতিক (বাকি অংশ ৩১ পাতায়)

অ্যালেক্স হিন্টন

প্রেসিডেন্ট নির্বাচন-২০২০

গণবিদ্রোহ ও দাঙ্গার দিকে যাচ্ছে যুক্তরাষ্ট্র

শুনতে অদ্ভুত মনে হবে। কিন্তু এটাই সত্য যে যুক্তরাষ্ট্রের মাটিতে বিদ্রোহ, সামরিক আইন এবং গৃহযুদ্ধের আশঙ্কা আমেরিকানদের অতি সাধারণ আলোচনার বিষয় হয়ে ওঠার দিন খুব বেশি দূরে নয়। এসব শিগগিরই তাদের নিত্যদিনের আলোচনা হয়ে উঠবে। আমেরিকার কট্টর ডানপন্থী রাজনীতি কত হিংসাত্মক দিকে যেতে পারে, তা মিশিগানের গভর্নর গ্রেচেন হুইটমারকে অপহরণের পরিকল্পনা করার অভিযোগে সেখানকার মিলিশিয়া নেতাদের গ্রেপ্তার করার এবং অঙ্গরাজ্যের সরকারকে উৎখাতে উসকানি ছড়ানোর ঘটনা আমাদের দেখিয়ে দিয়েছে।

আগামী মাসে অনুষ্ঠেয় প্রেসিডেন্ট নির্বাচনকে ঘিরে হানাহানির আশঙ্কা দ্রুত ঘনীভূত হচ্ছে। বেশির ভাগ নির্বাচনী জরিপে অনেক পিছিয়ে থাকা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের বিষয়ে অঙ্গীকার করতে অস্বীকৃতি জানিয়েছেন। উপরন্তু তিনি শ্বেতাঙ্গ মিলিশিয়া ও উগ্রপন্থীদের উৎসাহ দিয়ে যাচ্ছেন এবং মেইল-ভোট থেকে শুরু করে কোভিড-১৯ মহামারি নিয়ে চরম দায়িত্বজ্ঞানহীন কথাবার্তা বলে যাচ্ছেন।

নির্বাচনকে ঘিরে যুক্তরাষ্ট্রে যে সহিংসতা শুরু হতে পারে এবং কৃষ্ণাঙ্গ এবং অশ্বেতকায় আমেরিকানদের ওপর নির্বিশেষে হামলা হতে পারে, তার বিষয়ে ইতিমধ্যেই বহু প্রমাণ পাওয়া গেছে। ছয় কারণে আমেরিকানদের খুব খারাপ পরিস্থিতি মোকাবিলা করার জন্য প্রস্তুতি নিতে হবে।

প্রথম কারণ হলো যুক্তরাষ্ট্রের বর্তমান রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক পরিস্থিতি ভীষণ রকম অস্থিতিশীল অবস্থায় রয়েছে। যে ধরনের অস্থিতিশীলতার সৃষ্টি হলে একটি ভূখন্ডে মানবতাবিরোধী অপরাধ, যুদ্ধাপরাধ, জাতিগত নিধন ও গণহত্যা সংঘটিত হয়, যুক্তরাষ্ট্রের পরিস্থিতি তা থেকে দূরে নয়। করোনাভাইরাসের কারণে যুক্তরাষ্ট্রের অর্থনীতি প্রচন্ড ধাক্কা খেয়েছে, বেকারত্বের হার অনেক বেড়ে গেছে, ঘন ঘন আন্দোলন-বিক্ষোভ হচ্ছে, প্রাকৃতিক দুর্যোগ বারবার আসছে এবং সর্বোপরি রাজনৈতিক মেরুকরণ গভীর থেকে গভীরতর হচ্ছে। এগুলো সহিংস পরিস্থিতি ডেকে আনার জন্য যথেষ্ট।

দ্বিতীয় কারণ হলো, দেশটির গণসহিংসতা ও মানবাধিকার লঙ্ঘনের দীর্ঘ ইতিহাস রয়েছে। আদিবাসী আমেরিকানদের ওপর শ্বেতাঙ্গদের গণহত্যা চালানো এবং কৃষ্ণাঙ্গদের ক্রীতদাস বানানোর ইতিহাস তো আছেই। এর বাইরে দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানিদের সঙ্গে এক হয়ে আমেরিকান সেনারা নৃশংস হত্যাযজ্ঞ চালিয়েছে। সর্বশেষ সন্ত্রাসবিরোধী যুদ্ধের নামে হত্যা ও নির্যাতন চালানোর বিষয়েও আমেরিকান সেনারা ভয়ংকর নজির রেখেছে।

ট্রাম্প প্রশাসনের আচরণে, বিশেষ করে অশ্বেতাঙ্গ নাগরিকদের সঙ্গে শ্বেতাঙ্গ পুলিশের সাম্প্রতিক নিষ্ঠুর আচরণে ভোটারদের একটি বিরাট অংশ প্রচন্ড ক্ষুব্ধ। ট্রাম্প যদি হেরে যাওয়ার পরও ফল মানতে না চান তাহলে ব্যাপক বিক্ষোভ হবে। ট্রাম্পপন্থী উগ্র শ্বেতাঙ্গরাও তাদের মোকাবিলা করতে নামবে

অনেকেই মনে করেন, এসবের রেশ হিসেবেই ট্রাম্প অবৈধ অভিবাসীদের সঙ্গে অমানবিক আচরণ করছেন, ছোট ছোট শিশুদের পর্যন্ড় তাদের মাবাবা থেকে বিচ্ছিন্ন করেছেন। যুক্তরাষ্ট্রের আটক কেন্দ্র ও কনসেনট্রেশন ক্যাম্পে সেই নৃশংসতার রেশ এখনো রয়ে গেছে।

তৃতীয় কারণ হলো ট্রাম্প নিজে অত্যন্ত ঠান্ডা মাথায় ডানপন্থীদের বর্ণবাদী হিংসার দিকে যেতে উৎসাহিত করছেন। তিনি অশ্বেতকায় লোকদের প্রতি নানান সময় তাচ্ছিল্যপূর্ণ ও অপমানজনক কথা বলেন। তিনি মেক্সিকানদের 'ধর্ষক', মুসলমানদের 'সন্ত্রাসী' এবং লাতিনোদের 'পশু' বলে উল্লেখ করেছেন। তিনি হাইতি এবং গোটা আফ্রিকার দেশগুলোকে 'নোংরা রাজ্য' বলেছেন। এখন তিনি নিয়মিতভাবে কৃষ্ণাঙ্গ ও বাদামি চামড়ার আমেরিকানদের 'দাঙ্গাকারী' ও 'বামপন্থী মৌলবাদী' বলে গালি দিচ্ছেন। তাঁর এসব কথায় ঘৃণাসূচক অপরাধ বেড়ে চলেছে এবং শ্বেতাঙ্গ ও কৃষ্ণাঙ্গদের মধ্যে তীব্র অবিশ্বাসের জন্ম হচ্ছে।

চতুর্থ কারণ হলো, আমেরিকান সাংবিধানিক ব্যবস্থাকে পাশ কাটিয়ে আইনি ভারসাম্য নষ্ট করে দেওয়া। ট্রাম্প গত চার বছরে একের পর এক প্রকাশ্যে আইনি বিধি নিয়ে ঠাট্টা-মশকরা করেছেন। যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের মতো স্বাধীন ও নৈর্ব্যক্তিক প্রতিষ্ঠান থেকে শুরু করে রোগনিয়ন্ত্রণ ও সুরক্ষা কেন্দ্রের মতো জনস্বাস্থ্য-সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে রাজনীতিকীকরণ করেছেন। ভয়ংকর মানবতাবিরোধী অপরাধ করা অপরাধীদের তিনি বিশেষ ক্ষমতা খাটিয়ে ছেড়ে দিয়েছেন। উইসকনসিনে দুজন বিক্ষোভকারীকে গুলি করে মেরে ফেলা একজন ডানপন্থী শ্বেতাঙ্গ বন্দুকধারীকে সমর্থন করে তিনি বক্তৃতাও করেছেন। এগুলো উগ্রপন্থীদের সহিংস হয়ে ওঠার বিষয়ে উৎসাহ দেবে।

পঞ্চম কারণ হলো, ভোটের ফল মেনে না নেওয়ার আশঙ্কা। ট্রাম্প ইতিমধ্যেই ঘোষণা দিয়েছেন, ফল যা-ই হোক তা মেনে নেবেনড়এমন অঙ্গীকার তিনি এখনই করবেন না। অর্থাৎ তিনি হেরে গেলেও হোয়াইট হাউস ছাড়বেন এমন কথা তিনি দিতে নারাজ। এর মধ্য দিয়ে তিনি তাঁর সমর্থকদের যুদ্ধংদেহী মনোভাব নিয়ে প্রস্তুত থাকার ইঙ্গিত দিলেন।

ষষ্ঠ কারণ হলো, পরিবর্তিত রাজনৈতিক আবহ। ট্রাম্প প্রশাসনের আচরণে, বিশেষ করে অশ্বেতাঙ্গ নাগরিকদের সঙ্গে শ্বেতাঙ্গ পুলিশের সাম্প্রতিক নিষ্ঠুর আচরণে ভোটারদের একটি বিরাট অংশ প্রচন্ড ক্ষুব্ধ। ট্রাম্প যদি হেরে যাওয়ার পরও ফল মানতে না চান, তাহলে ব্যাপক বিক্ষোভ হবে। ট্রাম্পপন্থী উগ্র শ্বেতাঙ্গরাও তাদের মোকাবিলা করতে নামবে। এ সংঘাত বেধে যাওয়ার আশঙ্কা আছে।

ইংরেজি থেকে অনূদিত। স্বত্ব: প্রজেক্ট সিন্ডিকেট

লেখক: সেন্টার ফর দ্য স্টাডি অব জেনোসাইড অ্যান্ড হিউম্যান রাইটসের পরিচালক

নামাজের সময়-সূচী

সেপ্টম্বর	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
ফজর	৫.৫৩	৫.৫৪	৫.৫৫	৫.৫৫	৫.৫৭	৫.৫৮	৫.৫৯
সূর্যোদয়	৭.০৬	৭.০৭	৭.০৮	৭.০৯	৭.১১	৭.১২	৭.১৩
জোহর	১২.৪২	১২.৪২	১২.৪২	১২.৪২	১২.৪২	১২.৪১	১২.৪১
আসর	৪.৩৩	৪.৩২	৪.৩১	৪.২৯	৪.২৮	৪.২৭	৪.২৫
মাগরিব	৬.১৭	৬.১৫	৬.১৪	৬.১২	৬.১১	৬.০৯	৬.০৮
এশা	৭.৩২	৭.৩০	৭.২৯	৭.২৮	৭.২৬	৭.২৫	৭.২৩

বাংলাদেশের অসাধু রিয়েল এষ্টেট ব্যবসায়ীদের প্রতারণা



সামছুদ্দীন আজাদ

দীর্ঘ দিন ধরে ভাবছি বাংলাদেশের রিয়েল এষ্টেট ব্যবসার নামে যারা দেশ বিদেশে মানুষের সাথে কৌশলে প্রতারণা করে কোটি কোটি টাকা হাতিয়ে নেয়, এমন কিছু প্রবাসী ভুক্ত ভুগী আছেন বিশেষ করে নিউইয়র্কে থাকেন যারা এসব কোম্পানীর প্লট বা ফ্ল্যাট কিনে সর্বশান্ত হয়েছেন তাদের সেই কষ্টের কথা নিয়ে লিখবো। এই নিউইয়র্কে অনেক প্রবাসী যাদের অনেকের কাগজপত্র নেই, স্বজনদের দেখার জন্য দেশেও যেতে পারেন না। অথচ আপনজনদের একটা সুন্দর পরিবেশে রাখার জন্য একটু ভাল জায়গায় রাখার জন্য নিজে যে হাঁড় ভাঙ্গা পরিশ্রম করে টাকা রোজগার করেন, সে টাকা থেকে নিজের জন্য কিছু রেখে বাকী পুরা টাকাটা স্বজনদের কাছে পাঠিয়ে দেয়। আস্তে আস্তে যখন নিজের স্বচ্ছলতা ফিরে আসে, তখন চিন্তা করেন ঢাকা শহরে বা চট্টগ্রাম শহরে নিজের সন্তানদের জন্য নুন্যতম একটা রেডিমেট ফ্লাট কিনতে। এই ভেবে যে, অন্তত প্রবাসে থেকে কিছু করতে পারি আর না পারি ছেলে-মেয়ে, স্ত্রী, মা-বাবা, ভাই-বোনদের নিয়ে একই ছাতার নিছে সবাই থাকবেন। এমন চিন্তা থেকে দ্বারস্থ হন, কোন না কোন রিয়েল এষ্টেট কোম্পানীর কাছে। হয়ত কোন বন্ধু-বান্ধবের চ্যানেলে হয়ত বা পত্রিকার চটকদার বিজ্ঞাপন দেখে মুগ্ধ হয়ে নিজ থেকে টেলিফোনে যোগাযোগ করে নিজের কাছে বিশ্বস্থ মনে হলে ফ্লট অথবা ফ্লাট বুকিং দিয়ে দেন। কোম্পানীর কথামত ডাউন পেমেন্ট দিয়ে কাগজপত্র বুঝে নিয়ে আস্তে আস্তে কিস্তির টাকা পাঠাতে থাকেন বিদেশ থেকে প্রতি মাসে। নিজের যতই কষ্ট হোক প্রয়োজনে না খেয়ে না দেয়ে কিস্তির টাকা পাঠিয়ে দেন এই আশায় কিস্তী শোধ হলে একটা এপার্টমেন্টের মালিক হবেন, সেটা দশ বছর হউক আর বিশ বছর হউক তাতে কিছু আসে যায়না।

সেরকম কিছু প্রবাসী এই নিউইয়র্কের ব্রুকলীনে থাকেন তাদের অনেকে এখানে সারাদিন হাডভাঙ্গা পরিশ্রম করেন আর সেই টাকা থেকে ঢাকাতে বিভিন্ন জন বিভিন্ন কোম্পানীতে ফ্লট/ফ্লাট বুকিং দিয়েছেন রীতিমত কিস্তিও পরিশোধ করছেন। একদিন দেখলেন তাদের সেই কোম্পানী উধাও, লাপাত্তা কোন যোগাযোগ করা যাচ্ছেনা। অনেক চেষ্টা, তদবীর করেও কোম্পানীর সন্ধান খুজে পাচ্ছে না। আর এমন কিছু কোম্পানী আছে যারা লাপাত্তা না হলেও টাকা পরিশোধের ২০/৩০ বছর হয়ে গেছে আজোও জায়গা বা এপার্টমেন্ট বুঝিয়ে দিচ্ছেনা। এমতাবস্থায় বঞ্চিত প্রবাসীরা ঐক্যবদ্ধ হয়ে প্রবাসে মিছিল/সমাবেশ, সাংবাদিক সম্মেলন করেও কোন কুল-কীনারা করতে পারছেন না। আমি ওদের অনেককে চিনি-জানি, আমার কাছেও অনুরোধ করেছে কিছু একটা করতে পারি কীনা। শেষ পর্যন্ত আমি তাদের কষ্টের কথা, বেদনার কথা শুনে আমি আমার এই লিখাটি লিখলাম। এরি মধ্যে আমি দুই একটা কোম্পানী সম্পর্কে বিস্তারিত জানার চেষ্টা করেছি- যা আমি এখানে উপস্থাপন করতে চাই। যেমন আশিয়ান গ্রুপ তাদের কোম্পানীর কাগজপত্রে নাম হল Ashiyan Lands Development Ltd. নিউইয়র্ক প্রবাসীদের অনেকে আশিয়ান থেকে জমি কিনেছে, তাদের চটকদার বিজ্ঞাপন আর কম মূল্যের সুযোগ পেয়ে। তাদের বিজ্ঞাপনের নমুনা দেখলেই বুঝতে পারবেন। ঠিক এভাবে বিজ্ঞাপন তৈরী করা হয়েছে। যেমন-

রাজউক পূর্বাচলের পার্শ্বে
আশিয়ান শীতল ছায়া (আপনার কাংখিত ঠিকানা)
বুকিং দিলেই কাঠাপ্রতি ৪৫০,০০০ টাকা ছাড়।
এই অফারটি শুধুমাত্র প্রথম ১০০ ফ্লাটের জন্য প্রযোজ্য।
মাসিক কিস্তি কাঠা প্রতি ৮,৫৭৫ টাকা।
কেন বিনিয়োগ করবেন?

১. গুলশান-২ হতে আমেরিকান দূতাবাস হয়ে মাদানী এভিনিউ ১০০ ফুট রাস্তা দিয়ে আশিয়ান শীতল ছায়ার দূরত্ব মাত্র ৫.৭৫ কিলোমিটার।

২. রাজউক পূর্বাচল উপশহরের ৩০০ ফিট রোড থেকে আমাদের প্রকল্প ১০০ ফিট রোড দ্বারা সংযুক্ত। যার মাধ্যমে এয়ার পোর্ট থেকে আমাদের প্রকল্প যেতে সময় লাগবে ২৫ মিনিট।

৩. আশিয়ান শীতল ছায়ায় উত্তরে রাজউক পূর্বাচল উপশহর, দক্ষিণে ডেমরা, পূর্বে শীত লক্ষ্য নদী এবং পশ্চিমে বালু নদী মাদানী নগর রোড ও ইষ্টার্ন বাই পাস।

৪. হাতির ঝিল প্রকল্প থেকে ১০০ ফিট রাস্তা দিয়ে মাত্র ৭.৫ কিলোমিটার দূরত্ব।

এই হলো তাদের বিজ্ঞাপনের নমুনা। এসব দেখার পর আবার ভুক্তভোগীদের অভিযোগ শুনার পর কোম্পানীর প্রোফাইল খুঁজে বের করলাম। আসলে তারা আদৌ কোন ব্যবসায়ী কীনা, না প্রতারক চক্র। যে তথ্য পেলাম তাতেই স্পষ্ট এটি সম্পূর্ণ একটা ভূয়া কোম্পানী প্রতারনা করে কোটি কোটি টাকা নিয়ে তারা এখন আদালতের নিষেধাজ্ঞা খেয়ে অনেক প্রতিষ্ঠানের রিট আবেদনের প্রেক্ষিতে এই কোম্পানী এখন বিলুপ্ত প্রায়। যারা জমি কিনেছেন তাদের টাকা ফেরত পাওয়ারও কোন সম্ভাবনা নেই।

কোম্পানীর অদ্যপান্ত :

২০০৫ থেকে Land developer হিসাবে যাত্রা শুরুকরে। নজরুল ইসলাম ভূইয়া ম্যানেজিং ডিরেক্টর, সাইফুল ইসলাম ভূইয়া ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর। তারা কোম্পানীর Profile-এ লিখেছে। The emergence Ashiyan land development is one of the Pioneers in the real estate see for is a private limited company in corporated under under the companies. কিছু ক্রেতার অভিযোগের ভিত্তিতে এবং কিছু সংগঠনের অভিযোগের ভিত্তিতে দূর্নীতি দমন কমিশন মাঠে নেমেছে এই কোম্পানীর বিরূদ্ধে তদন্ত করতে। তদন্তে দেখা গেছে নজরুল ইসলাম ভূইয়া ও তার স্ত্রী সাবিনা নাসরীন শিরিন অবৈধভাবে পাবলিক এবং প্রাইভেট ল্যান্ড যেমন তারা খাস জমি, খাল বিল, কবর স্থান, ব্যক্তি মালীকানাধীন প্রাইভেট প্রোপার্টি দখল করে প্রজেক্ট বানিয়েছেন। এমনকি তারা Ashiyan City মেডিকেল কলেজ বানিয়েছেন স্বাস্থ মন্ত্রানালয়ের অনুমোদন ছাড়া। Anti Corruption Commission নির্দেশ দিয়েছে তাদের দপ্তরে প্রয়োজনীয় কাগজ পত্র নিয়ে জাতির হতে। সর্বশেষ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা যায় তাদের পুরা ব্যবসার উপর আদালত নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ দিয়েছেন ২০১৯ সালের আগষ্ট মাসে। এই আদেশে বলা হয়েছে, এই কোম্পানীর সব কর্মকান্ড বন্ধ থাকবে, তারা কোন ফ্লট/ফ্লাট বিক্রি করতে পারবেনা, কোন বিজ্ঞাপনও প্রকাশ করতে পারবেনা। যে সমস্ত সংগঠন বা প্রতিষ্ঠান আশিয়ান গ্রুপের বিরুদ্ধে আদলতে রীট পটিশান দায়ের করেছে এই কোম্পানীর অবৈধ কর্মকান্ডের বিরুদ্ধে। যে সমস্ত প্রতিষ্ঠান রীট করেছে, সেগুলো হরো:

১) আইন ও শালিশ কেন্দ্র।
২) Association for land reforms development.
৩) Bangladesh Environmental lawer Association.
৪) Bangladesh Legal Aid and Services trust.
৫) বাংলাদেশ পরিবেশ আন্দোলন।
৬) Institute of Architects Bangladesh.
৭) নিজেরা করি (NGO)
৮) পরিবেশ বাঁচাও আন্দোলন।

এই সব প্রতিষ্ঠান/সংগঠনর রিট পিটিশান দাখিল করে এই কোম্পানীর বিরুদ্ধে ডিসেম্বও ২২, ২০১২ এবং এই রীট আবেদনের প্রেক্ষিতে আদালত Ashiyan City housing কোম্পানীকে সম্পূর্ণ অবৈধ ঘোষনা করেছেন এবং আজ থেকে আর কোন কার্যক্রম চালাতে পারবেন। এই ছিল মোটামুটি এশিয়ান সিটি হাউজিং এর আদ্যপান্ত। এরপর প্রবাসীদেরই পরবর্তী করনীয় সম্পর্কে সিদ্ধান্ত নিতে হবে।

লেখক: সহ-সভাপতি যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Email: moinlaw@gmail.com

Moin Choudhury, Esq

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্ম

ফেডারেল ডিজএবিলিটি

(কোন অগ্রিম ফি নেয়া হয় না)

Immigration

(To Schedule Appointment Only)



Timothy Bompart
Attorney at Law

Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

ঘুরে দেখা মেলবোর্ন



মিউজিয়াম অব কনটেমপোরারী আর্ট অস্ট্রেলিয়া ভবনের সামনে লেখক হাবিব রহমান

হাবিব রহমান: বলা হয়ে থাকে মেলবোর্ন অস্ট্রেলিয়ার এমন একটি শহর যে জাতি, বর্ণ, ভ্রমণের বাজেট নির্বিশেষে সবার জন্য কিছুনা কিছু নিয়ে বসে আছে ইয়ারা নদীর পাশে। অস্ট্রেলিয়ার দ্বিতীয় বৃহত্তম সংখ্যক মানুষ এই শহরে বসবাস করছে। উচ্চতর শিক্ষা, জীবিকা ও ঘুরবার জন্য প্রতি বছর বিশ্বের নানা জায়গা থেকে অসংখ্য মানুষ এখানে এসে থাকে। কসমোপলিটন এই শহরটি সহজ নেভিগেশন, রাস্তার ধারের মন জুড়ানো ছোট ছোট রেস্টুরেন্ট ও ক্যাফে এবং স্ট্রিট মার্কেটের জন্য টুরিস্টদের কাছে ভীষণ জনপ্রিয়। আজ দুদিন ধরে মেলবোর্ন শহরটি চষে বেড়াচ্ছি। যেখানেই যাই সেখানেই দেখছি ট্যুরিস্টদের উপচে পরা ভীড়। এতেই প্রমান করে দেশটি দেশী বিদেশী পর্যটকদের কাছে কতটা জনপ্রিয়।

আমি নিজে 'একজন ট্যুর অপারেটর কাম ট্যুর গাইড'। ট্যুর গ্রুপ নিয়ে বিশ্বের দেশে দেশে ঘুরে বেড়াই ।কোন দেশে ট্যুর নিয়ে যাবার আগে যথা সম্ভব হোম ওয়ার্ক করে যাই। তবে যে কোন দেশ ভ্রমণের সময় স্থানীয় গাইডের সহায়তা নেই সব সময়। কারন তারা এমন সব কিছু জানে যা বই পুস্তকে থাকেনা। এছাড়াও ট্যুরের সময় সে নিয়মিত যে ব্রিফ দেয় তার বাইরেও অনেক কিছু জানার থাকে যেগুলো একান্তভাবে আলাপ করে জেনে নিতে হয়। আর আমি তা সব সময় করিও।

তাই আজকে টি ব্রেকের সময় সবাই যখন ঘুরে বেড়াচ্ছিলো আমি গাইডের কাছে বসে একান্তভাবে জানতে চাইলাম মেলবোর্ন ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল সম্পর্কে। দেখলাম আমি প্রশ্ন করার আগেই সে মিটি মিটি হাসছে। তার কারণ দুটি। এক-আমি সব সময়ই তাকে নানান প্রশ্নবানো জর্জরিত করছি। আমার জিজ্ঞাসাগুলোর জবাবও সে ভালোভাবে দিচ্ছে, বিরক্ত হচ্ছেনা। দ্বিতীয়ত একজন সমঝদার লোক হিসাবে আমাকে পেয়ে সে তার জ্ঞান ভান্ডার উজার করে দিতে পেরে খুশীও হচ্ছিলো।

গাইড জানালো, মেলবোর্ন ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভালে ভারত নিয়মিত অংশগ্রহন করে। ১৭তম ফেস্টিভ্যালের প্রধান অতিথি ছিলেন বিখ্যাত চলচ্চিত্রকার সত্যজিৎ রায়। তিনিই একমাত্র ভারতীয় চিত্র পরিচালক যার ছবি শুধু মেলবোর্ন নয়, সারা অস্ট্রেলিয়ায় বাণিজ্যিকভাবে প্রদর্শিত হতো। শুধু তাই নয়, ইউনিভার্সিটি অব মেলবোর্নে সত্যজিৎ রাতের একটা ভাস্কর্যও নির্মিত হয়েছে। শুনে খুবই ভালো লাগলো। সত্যজিৎ রায়ের পৈত্রিক বাড়ী আমার দেশের বাড়ীর একই ইউনিয়ন এবং পাশের গ্রামে। সেজন্য আলাদা একটা গর্বও ছিলো তার জন্য।

আমার সিডনি হিল্টন হোটেলটিও ছিলো এই সিবিডি এলাকায়। প্রতিটি সিবিডি এলাকাই অত্যন্ত পরিকল্পিতভাবে তৈরি। অফিস পাড়া, বড় বড় দোকান পাঠ সবই এই এলাকায় থাকে। গাইড জানালো উত্তর থেকে দক্ষিণে বড় বড় সমান্তরাল বেশ কয়েকটি স্ট্রীট নিয়ে এই মেলবোর্ন সিবিডি। সবগুলি দিয়েই ট্রাম চলে। আর এই সিবিডিই হচ্ছে মেলবোর্নের প্রাণ কেন্দ্র। আর তাকে ঘিরেই বৃহত্তর মেলবোর্ন। সিবিডি ছেড়ে একটু সামনে এগোতেই আকাশ ভেঙে ঝম ঝম করে বৃস্টি নামলো। এতে আমার অবাক হবার পালা। কারণ একটু আগেও আকাশে রৌদ্রের খেলা ছিলো। আমি অবাক দৃস্টিতে জানালা দিয়ে বাইরে তাকিয়ে আছি দেখে গাইড বল্লো, মেলবোর্ন তথা সমগ্র অস্ট্রেলিয়াতেই আকাশ ঘন ঘন রঙ বদলায়। এই রোদ, এই বৃস্টি। কখনো বা প্রচন্ড কুয়াশা। আবার ঘন্টা খানিকের মধ্যে দেখা গেলো কুয়াশার বুক চিড়ে সূর্য তার হাসিমুখ দেখাচ্ছে। মেলবোর্নের আকাশও তার প্রমান রাখলো। গাইডের কথা শেষ হতে না হতেই পরিস্কার আকাশে সূর্য হেসে উঠলো।

এরপর গাড়ী এসে থামলো রয়্যাল বিল্ডিং এর সামনে। গাইড



গাইড আরো জানায়, সত্যজিৎ রায়ের আগে আরো একজন বাঙালী কবি রবীন্দ্রনাথকে নিয়েও মেলবোর্নবাসীর আগ্রহ ছিলো। ১৯৩৪ সালে মেলবোর্নের শতবর্ষ পূর্তি অনুষ্ঠানে কবিকে বিশেষ অতিথি হিসাবে দাওয়াত করা হয়। কিন্তু শেষ মুহুর্তে তাঁর আসা হয়নি।

সত্যজিৎ রায়, রবীন্দ্র নাথ ঠাকুর বিদেশে বাঙালীদের পরিচয় করিয়ে দিয়েছেন কত যুগ আগে। হোক না, তারা ভারতীয় কিন্তু বাঙালীতো! এখন বাইরের বিশ্বে ড. মুহাম্মদ ইউনুসকে নিয়ে আমরা গর্বিত হই। তাঁর প্রশংসা আমাদের আপ্লুত করে। এরপর আমরা এলাম মেলবোর্ন সেন্ট্রাল বিজন্যাস ডিস্ট্রিক্ট এলাকায়। এই এলাকা-কে সংক্ষেপে বলা হয় সি-বি-ডি। অস্ট্রেলিয়ার সব শহরেই একটা সিবিডি আছে। সিডনিতে জানালো এই ভবনটা অনেক ইতিহাসের স্বাক্ষী। বারো হাজার বর্গমিটারের এই ভবনটি তৈরি হয় ১৮৮০ সালে। এই ভবনটিতেই অস্ট্রেলিয়ান ফেডারেশনের উদ্বোধনী অনুষ্ঠান হয়েছিলো। পওে ১৯২৬ সাল পর্যন্ত ভিক্টোরিয়ান স্টেট গভর্নমেন্ট-এর কার্যক্রম চলে এখানে। বিরাট গম্বুজওয়ালা ভবনটার চারপাশে চমৎকার সাজানো বাগান। ঘাঁসে ঢাকা লন আর চারদিকে বড়গাছ- এক নজরেই পর্যটকদের দৃষ্টি কেড়ে নেয়।

বেলা ক্রমেই নীচে নামতে শুরু করেছে। গাইড জানালো মেলবোর্নে দর্শনীয় জায়গা প্রচুর। একদিনে তা দেখা সম্ভব নয়। আজকে আর গাড়ী থেকে নামা সম্ভব নয়। তার ধারা বর্ননা আর গাড়ীর জানালা দিয়ে দেখেই আপাতত নয়ন মন স্বার্থক করতে হবে।

এবার গাড়ী চলছে হিলসভিল স্যাঙ্কচুয়ারির পাশ দিয়ে। ইয়ারা রেঞ্জের পাদদেশে অস্ট্রেলিয়ার বন্যপ্রাণীদের প্রায় ২০০ টি প্রজাতি ও নানা রকম গাছ গাছড়া নিয়ে এই স্যাংকচুয়ারিটি গড় উঠেছে। গাইড জানালো এমু, কোয়ালা, প্লাটিপ্লাস, তাস্মানিয়ান ডেভিল সহবেশ কিছু প্রাণী রয়েছে এখানে। প্রতিদিন বেলা ১২ টা এবং আড়াইটায় শিকারি পাখি নিয়ে একটি শো পর্যটকদের জন্য দেখানো হয়। সময়াভাবে আমাদের এ শো টি দেখানো সম্ভব হলোনা বলে দু:খ প্রকাশ করলো গাইড।

এবার আমাদের গাড়ী এসে থামলো ইউরেকা স্কাই ডেক ৮৮ এর সামনে। দক্ষিণে সবচেয়ে উঁচু এই জায়গাটি থেকে মেলবোর্ন শহরের প্রায় অনেকাংশ খালি চোখে দেখা যায়। স্কাই ডেকটি ৩০০ মিটার উঁচু। এবং এখান থেকে একটি আপাদ মস্তক কাঁচে ঘেরাঘর থেকে শহরের সবচেয়ে গুরুত্বপূর্ণ ল্যান্ডমার্কগুলো দেখবার সুযোগ পাওয়া যায়। আমার কাছে এধরনের স্কাই ডেকের অন্য একটি আকর্ষন থাকে। তাহলো এর প্রতিটিতে থাকে রিভলভিং (ঘুর্ণায়মান) রেস্টুরেন্ট। এত উঁচুতে বসে খাওয়া দাওয়ার পাশাপাশি ঘুরন্ত রেস্টুরেন্টে বসে চারপাশের দৃশ্য দেখার আনন্দই আলাদা। পৃথিবীর অনেক দেশেই এধরনের টাওয়ার আছে। কানাডা সাইড নায়াগ্রা ফলসের পাশে ২৮৮ ফুট উপরে স্কাইলন টাওয়ার, সিডনী টাওয়ার, নিউজিলান্ডের অকল্যান্ডে স্কাই টাওয়ার, জার্মানীর বার্লিন টাওয়ার এর প্রতিটিতে আকর্ষনীয় ঘুর্ণায়মান রেস্টুরেন্ট রয়েছে। প্যারিসের আইফেল টাওয়ারেও টাওয়ার-৮৮ নামে একটি রেস্টুরেন্ট রয়েছে। যদিও তা ঘুর্ণায়মান নয়। আমার সৌভাগ্য হয়েছে এর প্রতিটিতে বসে খাওয়া-দাওয়ার পাশাপাশি উপর থেকে চারপাশের মনোমুগ্ধকর পরিবেশ অবলোকনের। কিন্তু এবার সময়াভাবে মেলবোর্নের স্কাই ডেকে উঠতে না পারা এবং উঁচু রেস্টুরেন্টে বসে খাওয়া-দাওয়া করতে না পারার দু:খটা রয়েই গেলো। তবে মনে এই আশাবাদ পুষে রাখলাম যে অন্য একবার এলে তা অবশ্যই পুরণ করে নেবো।

এবার আমরা এলাম মেলবোর্নের সবচেয়ে সুন্দর প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত ইয়ারা ভ্যালিতে। এখানেই প্রচুর পর্যটকের ভীড়। গাইড জানালো এখানে আছে ওয়াইন তৈরির কারখানা, আঙুরের ক্ষেত, গ্রাম, বুটিক জিনিসের দোকান, ফসলের মাঠ। ভ্যালির মানুষজনের সহজ সরল জীবন দেখবার ও নিখাদ আতিথেয়তা পাবার সুযোগ মেলবোর্ন ঘুরতে আসলে কেউ হারাতে চায় না, আর তাই ইয়ারা ভ্যালির অমলিন সৌন্দর্য উপভোগ করতে এখানে সকলে ছুটে যায় পৃথিবীর নানাকোণ থেকে। এই জায়গাটাও নাদেখার দু:খ বুকে চেপে আমাদের ফিরতে হলো।

গাইড ঘোষণা দিলো আজকের মত ভ্রমণের এখানেই সমাপ্তি। আগামী দিনের ভ্রমণ তালিকায় রয়েছে গ্রেট ওশান রোড ভ্রমণ, মেলবোর্ন হারবার টাউন পরিদর্শন, প্রাচীন শহর সোভেরেউন হিল, পেনিনসুলা হট স্প্রিং সহ অস্ট্রেলিয়ান ওয়াইল্ড লাইফের এক অনন্য নিদর্শন পেঙ্গুইন প্যারেড দেখা।

হাবিবুর রহমান
সিইও, বাংলা ট্যুর।
ই মেইল: banglatourus@gmail.com

রংপুর রাজশাহীর নিম্নমানের অবৈধ সিগারেটের বড় বাজার সিলেট



আব্দুল কাদের তাপাদার

আন্তর্জাতিক তামাক নিয়ন্ত্রণ চুক্তির প্রথম স্বাক্ষরকারী দেশ হিসেবে বাংলাদেশ সরকার ২০০৫ সাল থেকে তামাক নিয়ন্ত্রণে বেশ কিছু যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে। দেশে ধূমপায়ীর সংখ্যা কমানোর লক্ষ্যে তামাক জাত পণ্যের প্রচার সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা, পাবলিক প্লেসে ধূমপান নিষিদ্ধ করা এবং তামাকজাত পণ্যের প্যাকেটের গায়ে সচিত্র স্বাস্থ্য সতর্কীকরণবাণী মুদ্রণ করার পাশাপাশি প্রতি বছর সিগারেটের মূল্য বাড়িয়ে থাকে। তামাকজাতীয় পণ্যের দাম বাড়িয়ে মানুষকে ধূমপান থেকে বিরত রাখার চেষ্টা করা হলেও সিলেটের বাজারের অবস্থা ভিন্ন। সরকার নির্ধারিত মূল্য অনুযায়ী যেখানে প্রতি শলাকা সিগারেটের সর্বনিম্ন মূল্য ৪ টাকা সেখানে পুরো সিলেট জুড়ে কিছু কিছু অবৈধ সিগারেট বিক্রি হচ্ছে মাত্র ১-১.৫ টাকা মূল্যে।

সিলেট নগরীর বন্দর বাজার, হকার্স মার্কেট, হাসান মার্কেট, কানাইঘাট বাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ ও মৌলভী বাজারের আনাচে কানাচে ১-১.৫ টাকা দামের সিগারেটের বাজার বেশ চোখে পড়ার মতো। সিলেটের সর্বত্রই মিলছে এই নিম্নমূল্যের সিগারেট। এতেকরে ধূমপায়ীর সংখ্যা কমার বদলে বেড়েই চলছে। শাহজালাল উপশহরে শাহীন নামের এক খুচরা দোকানী জানান প্রতিটি প্যাকেটে ২০ শলাকা করে সিগারেট থাকে । তিনি প্রতি প্যাকেট সেনরগোল্ড তিনি ৩০ টাকা দামে বিক্রি করেন। এতে প্রতিটি সিগারেটের দাম পড়ে মাত্র ১.৫ টাকা। তার কাছে সেনর গোল্ড ছাড়াও ব্ল্যাক, মার্বেলসহ বেশ কয়েক ধরনের সিগারেট রয়েছে যেগুলো কোনটির মূল্যই ২ টাকার বেশি নয়।

তামাক নিয়ন্ত্রণ আইন অনুযায়ী সরকার নির্ধারিত মূল্যের কম মূল্যে সিগারেট বিক্রি করা অবৈধ। আর এ অবৈধ সিগারেট বন্ধ করতে সরকার সিগারেটের প্যাকেটের গায়ে ট্যাক্স স্ট্যাম্প বা ব্যান্ডরোল সাঁটিয়ে দেয়াকে বাধ্যতামূলক করেছে। জাতীয় রাজস্ব বোর্ড সূত্রে জানা যায় নিম্নস্তরের প্রতি প্যাকেট সিগারেটে সরকারকে ৭১ শতাংশ রাজস্ব দিতে হয়। এর মধ্যে ৫৫ শতাংশ সম্পূরক শুল্ক, ১৫ শতাংশ মূল্য সংযোজন কর বা ভ্যাট এবং ১ শতাংশ স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ। তামাকজাত পণ্যের ক্ষেত্রে এই রাজস্ব সিগারেট বাজারজাত করার পূর্বেই পরিশোধ করতে হয়।

নিম্নস্তরের সিগারেটের প্রতি বিশ শলাকা প্যাকেটের মূল্য ৭০ টাকা আর এখানে সরকারের রাজস্ব ৭১ শতাংশ অর্থ্যাৎ প্রায় ৫০ টাকা। যেখানে প্রতি প্যাকেট সিগারেটে সরকারকে বিক্রয়ের আগেই ৫০ টাকা রাজস্ব বাবদ দিয়ে দিতে হয় সেখানে কিভাবে প্রতি প্যাকেট সিগারেট মাত্র ত্রিশ টাকায় বিক্রয় হয়? এই প্রশ্নের উত্তর শাহীন দিতে পারেনি, তার উত্তর হলো, 'বাজার তাকিয়া কম দামে আনি কমদামে বেচি।' তিনি হকার্স মার্কেট থেকে এসকল সিগারেট এনে বিক্রি করেন বলে জানান।

শাহীনের কথা মতো বন্দর বাজারের হকার্স মার্কেটে ঢুকতেই হাতের ডানে বড় মুদি দোকান আকাশ স্টোরের তাকে দেখা যায় বেশ কিছু সিগারেটের কার্টন। এখানে পাইকারি দামে সিগারেট বিক্রি হয়। এক কার্টন অর্থাৎ ৩০০ শলাকা সিগারেটের দাম মাত্র ২৯০ টাকা। এখানে প্রতিটি সিগারেটের দাম ১ টাকাও পড়ে না। আরো একটু ভেতরে যেতেই দেখা যায় প্রতিটি দোকানেই এধরনের সিগারেট রয়েছে। পুরো বাজার ঘুরে দেখা যায় ৩০০ শলাকা সিগারেটের সর্বনিম্ন মূল্য এখানে মাত্র ২৫০ টাকা।



কমদামের এসকল সিগারেটের প্যাকেটের গায়ে সরকারের রাজস্ব আদায়ের ট্যাক্স স্ট্যাম্প বা ব্যান্ডরোলও সংযুক্ত আছে। তাহলে কিভাবে এতো কম মূল্যে সিগারেট বিক্রি করা হয়? এ প্রশ্নের উত্তরে হাসান মার্কেটের এক পাইকারি ব্যবসায়ী জানান, সিগারেটের প্যাকেটের গায়ে যে ট্যাক্স স্ট্যাম্প বা ব্যান্ডরোল রয়েছে সেগুলো নকল। তিনি আরো জানান যে সকল কোম্পানী এসব সিগারেট উৎপাদন করে তারা সরকারের অনুমোদন নিয়ে সিগারেট উৎপাদন করেন। এখানে তারা ১ লাখ প্যাকেট সিগারেটের জন্য হয়তো ট্যাক্স স্ট্যাম্প বা ব্যান্ডরোল কিনেন কিন্তু এর বিপরীতে হয়তো ৫০ লাখ প্যাকেটের গায়ে নকল ব্যান্ডরোল সংযুক্ত করে বাজারে ছেড়ে দেয়।

বৃহত্তর সিলেটের বাজার অনুসন্ধান করে দেখা যায় অবৈধভাবে বিক্রি হওয়া সিগারেট গুলো রাজশাহী রংপুর অঞ্চলে উৎপাদিত হয়ে থাকে। এসব অবৈধ সিগারেটের মধ্যে উল্লেখযোগ্য ব্র্যান্ড হলো সেনর গোল্ড ফাস্ট, সেনর গোল্ড পিওর, সিটি ব্ল্যাক, সিটি স্লিম, দেশ ব্ল্যাক, মার্বেল, মারি গোল্ড ইত্যাদি। হকার্স মার্কেটের একটি পাইকারি দোকানের সামনে কয়েকটি বস্তায় সেনর গোল্ড সিগারেটের একটি বড় চালাল দেখা যায়। সেখানের একটি বস্তায় কুরিয়ার সার্ভিসের নম্বরসহ রংপুর টু বিয়ানীবাজার লেখা দেখা যায়। তার মানে এই বস্তা রংপুর থেকে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে সিলেটের বাজারে এসেছে। এভাবে আরো কিছু দোকানের সামনে কার্টন ও বস্তায় কুরিয়ারের লেখা দেখা যায়। এসকল বস্তায় রাজশাহী-রংপুর উল্লেখ রয়েছে। যাতে সহজে অনুমান করা যায় এসকল সিগারেট রাজশাহী-রংপুর থেকে এসেছে। একজন পাইকারের সাথে আলাপের পর জানা গেলো কুরিয়ার অথবা ট্রেনে করে এসব সিগারেট বড় বড় মোকামে আসে যা স্থানীয় কিছু পাইকার ও ডিলারদের মাধ্যমে বৃহত্তর সিলেটের বাজারে ছড়িয়ে পড়ছে।

এসমস্ত কমদামের অবৈধ সিগারেটের প্যাকেটের গায়ে দেখা যায় ন্যাশনাল টোব্যাকো, হেরিটেজ টোব্যাকো, নিউ এজ টোব্যাকো, স্প্যানিশ টোব্যাকো ইত্যাদি নানা ধরনের কোম্পানীর নাম। ব্ল্যাক ও সেনর গোল্ড নামে এসকল কোম্পানী সিগারেট বাজারজাত করছে। যদিও কপিরাইট আইনে একটি ব্র্যান্ডের জন্য কেবলমাত্র একটি কোম্পানিকে অনুমোদন দেয়া হয়।

সিলেটের বাজারে কিভাবে এতো কমদামের সিগারেট মিলছে এ প্রশ্নের উত্তরে নাম প্রকাশে অনিচ্ছুক জাতীয় রাজস্ব বোর্ডের একজন কর্মকর্ত বলেন, 'টাকশাল যেমন টাকা তৈরির একমাত্র বৈধ প্রতিষ্ঠান তেমনি সরকারী প্রতিষ্ঠান দি সিকিউরিটি প্রিন্টিং প্রেসই ট্যাক্স স্ট্যাম্প বা ব্যান্ডরোল উৎপাদনের একমাত্র বৈধ প্রতিষ্ঠান। কেউ যদি অন্য কোথায় এসব উৎপাদন করে তবে তা সম্পূর্ণ অবৈধ এবং নকল টাকা তৈরির মতো বড় ধরনের অপরাধ।'

একদিকে যেমন সরকারের রাজস্ব আয়ের বড় ধরনের ক্ষতি করছে অন্যদিকে দাম কম হওয়ায় ভোক্তারাও এসব সিগারেটের দিকে ঝুঁকছে। বিশেষ করে স্কুল কলেজে পড়ুয়া ছাত্ররা কম টাকা দিয়ে শখের বশে এসব সিগারেট ফুঁকতে গিয়ে ধূমপায়ী হয়ে উঠছে। নিম্ন আয়ের মানুষও হাতের নাগালে কম দামে সিগারেট পেয়ে ধূমপান ছাড়তে পারছে না মনে করেন অনেকে।

লেখকঃ সাবেক নির্বাহী সম্পাদক, দৈনিক জালালাবাদ। সম্পাদক এখনসিলেটডটকম

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

Emirates
السعودية SAUDIA
QATAR AIRWAYS القطرية
TURKISH AIRLINES

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

Digital Travel Astoria

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

2578, 31st Street, Astoria, NY 11102
সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station
Cell: 917-459-7181
website: www.digitaltraveltour.com

We are on Facebook

ট্রাম্প কি মার্কিন ইয়ালিসন হবেন?



আবদুল গাফফার চৌধুরী

ডোনাল্ড ট্রাম্প আমেরিকার প্রেসিডেন্ট হতে পারবেন, এটা অনেকেই বিশ্বাস করেননি। হিলারি ক্লিনটনের সঙ্গে প্রেসিডেন্ট পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় তিনি যখন জিতে গেলেন, তখন সারা বিশ্ব বিস্ময়ে হতবাক হয়ে গিয়েছিল। অনেকেই ভেবেছিল, তাদের মতে, এই 'ক্লাউন' এবং 'হুমকিদানসর্বস্ব' ব্যক্তিটি শিগিগরই আমেরিকার মতো গণতান্ত্রিক দেশের শাসন পরিচালনায় ব্যর্থ হবেন। তিনি যে সফল হয়েছেন তা নয়। ইরান, সিরিয়া ও উত্তর কোরিয়ার বিরুদ্ধে তার আক্রমণাত্মক রণনীতি ব্যর্থ হয়েছে। কিন্তু মধ্যপ্রাচ্যে তার কূটনৈতিক আগ্রাসন বিস্ময়করভাবে সফল হয়েছে। যা আগের কোনো প্রেসিডেন্ট সফল করতে পারেননি।

ট্রাম্পের কূটনৈতিক চাপে মধ্যপ্রাচ্যের আমিরাত, বাহরাইনসহ অধিকাংশ আরব দেশ ইসরায়েলকে স্বীকৃতি দান করে মৈত্রীচুক্তি সম্পাদন করেছে। সৌদি আরব তো আগে থেকেই ইসরায়েলের গলগ্রহ। কেবল শিয়া রাষ্ট্র ইরান এবং তার একমাত্র মিত্র সিরিয়া ইসরায়েলকে স্বীকৃতি দেয়নি। কিন্তু ট্রাম্পের ক্রমবর্ধিত অর্থনৈতিক চাপে ইরান এখন যথেষ্ট কাবু। মধ্যপ্রাচ্যে প্যালেস্টিনিদের বন্ধু ও সাহায্যদাতা আর কেউ রইল না।

আমেরিকার প্রেসিডেন্ট যখন জিমি কার্টার ছিলেন, একমাত্র তিনি মিশরকে ইসরায়েলের সঙ্গে শান্তিচুক্তি সম্পাদন ও ইসরায়েলকে স্বীকৃতি দিতে রাজি করিয়েছিলেন। তখন সব আরব রাষ্ট্রই মিশরের তৎকালীন প্রেসিডেন্ট সাদাতকে বিশ্বাসঘাতক আখ্যা দিয়েছিলেন। এবার তারা সবাই সেই একই বিশ্বাসঘাতকতার পথ ধরেছেন বলা চলে। এর আগে ট্রাম্প বিতর্কিত জেরুজালেম শহর ইসরায়েলকে দান করেছেন। প্যালেস্টাইনের আরব অধ্যুষিত এলাকাগুলো এখনো তাদের দখলে। এই অবস্থায় অধিকাংশ আরব রাষ্ট্রকে ইসরায়েলকে স্বীকৃতিদানে রাজি করানো ট্রাম্পের জন্য বিরাট জয়লাভ অবশ্যই বলা চলে।

ট্রাম্পের আগের প্রেসিডেন্ট দুই বুশ মধ্যপ্রাচ্যে মার্কিন আধিপত্য বিস্তারের জন্য যুদ্ধ করেছেন। দুই-দুটি গাল্ফ যুদ্ধ করেছেন। ইরাকের প্রেসিডেন্ট সাদ্দামকে হত্যা করেছেন। তথাপি মধ্যপ্রাচ্যে মার্কিননীতি তেমন জয়ী হয়নি। ডোনাল্ড ট্রাম্প এবার এক তুড়িতে সেই জয় অর্জন করলেন। এই ব্যাপারে তার ক্রিটিকরাও হতবাক।

আমেরিকার অভ্যন্তরীণ রাজনীতিতেও ট্রাম্প খুব একটা অসফল নন। কোভিড-১৯ মহামারি নিয়ন্ত্রণে তার প্রশাসনের শোচনীয় ব্যর্থতা, তার ইমিগ্রেসন-বিরোধী ও বর্ণবাদী নীতি বহির্বিশ্বে নিন্দিত হলেও স্বদেশে সংখ্যাগরিষ্ঠ বর্ণবাদী শ্বেতাঙ্গদের কাছে তিনি হিরো। তাদের ভোটে আগামী নভেম্বরের নির্বাচনেও তিনি জিতে যাবেন বলে অনেকে আশঙ্কা করেন।

এবার ডোনাল্ড ট্রাম্পের প্রতিদ্বন্দ্বী ডেমোক্র্যাট প্রার্থী জো বাইডেন। তিনি ভদ্রলোক। ট্রাম্পের মতো অশালীন ভাষায় কথা বলতে জানেন না। গত সপ্তাহে অনুষ্ঠিত প্রেসিডেন্সিয়াল নির্বাচনের প্রথম মুখোমুখি ডিবেটে দাঁড়িয়ে ট্রাম্পের অশ্রাব্য গালিগালাজের মুখে বাইডেন বলতে বাধ্য হন, 'শাট আপ ইউ, ম্যান। কিন্তু অশ্রাব্য ভাষায় কথাবার্তা বলেও ট্রাম্প সুবিধা করতে পারেননি।

এর দুই দিন পরই বলা হয়, মার্কিন প্রেসিডেন্ট করোনায় আক্রান্ত হয়েছেন। তিনি হাসপাতালে ভর্তি হয়েছেন। কিন্তু তার রোগ সম্পর্কে হোয়াইট হাউজ এবং তার চিকিৎসক ডা. শনকনালির বক্তব্যের মধ্যে পরস্পর বিরোধিতা থাকায় সন্দেহ দেখা দিয়েছিল, ট্রাম্প সত্যই করোনায় আক্রান্ত হয়েছেন কি না! হোয়াইট হাউজ থেকে বলা হয়েছিল, প্রেসিডেন্টের শরীরে ইনফেকসন দেখা দিয়েছে। অন্যদিকে তার চিকিৎসক বলেছেন, তার করোনা হয়েছে। লন্ডনের সানডে টাইমস, (৪ অক্টোবর এই সম্পর্কিত প্রথম পৃষ্ঠায় খবরের হেডিং করেছিল, 'প্রেসিডেন্টের আসল রোগ সম্পর্কে সংশয় দেখা দিয়েছে।'



এই সময় সন্দেহবাদীরা বলেছিলেন, ট্রাম্পের করোনা হয়নি। তিনি বাইডেনের সঙ্গে দ্বিতীয় ডিবেটে জয়ী হতে পারবেন না–এই ভয়ে করোনার আশ্রয় গ্রহণ করেছেন। তিনি হয়তো আরো ভেবেছেন, করোনা-আক্রান্ত প্রেসিডেন্টের জন্য মার্কিন ভোটদাতাদের মনে সহানুভূতি ও সমর্থন বাড়তে পারে। কিন্তু রোগাক্রান্ত হয়ে হাসপাতালে যাওয়ার দিনেই ট্রাম্প টুইটারে জানালেন, তিনি এখন হেঁটে হাসপাতাল থেকে চলে যেতে পারেন। তার সমর্থকরা প্রচার করলেন, টিভি ডিবেটের সময় বাইডেনের শরীর থেকে ট্রাম্পের শরীরে করোনা ভাইরাস সংক্রমিত হয়েছে। বাইডেন সঙ্গে সঙ্গে তার শরীরে করোনা-টেস্ট করালেন, দেখা গেল তার শরীরে করোনা নেই।

ট্রাম্প সম্ভবত এরপর বুঝতে পেরেছিলেন, করোনা-নাটক করে কোনো লাভ নেই। বরং তার ক্ষতি হবে। ফলে হাসপাতালে যাওয়ার দুদিনের মধ্যে তিনি করোনা মুক্ত হয়ে যান এবং হোয়াইট হাউজে ফিরে আসেন। এটা একটা মিরাকল। যেখানে আমেরিকায় করোনা হাজার হাজার মানুষের মৃত্যু ঘটাচ্ছে, সারা বিশ্বে মৃত্যুর সংখ্যা ৩ কোটির ওপর, সেখানে ট্রাম্প মাত্র দুদিনে এই ভয়াবহ রোগ থেকে মুক্ত হলেন কী করে? ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসন এই রোগে আক্রান্ত হলে তার জীবনাশঙ্কা দেখা দিয়েছিল এবং তার রোগ মুক্ত হতে দুই মাসের মতো লেগে ছিল। ট্রাম্প জানালেন, তাকে গবেষণাগারে এখনো পরীক্ষা করা হচ্ছে–এমন ওষুধও দেওয়া হয়েছে। এই ওষুধগুলো এখনো কার্যকর ওষুধ বলে মার্কিন হেলথ অথরিটির অনুমোদন পায়নি। তাহলে এই পরীক্ষাগারের ওষুধ কারা কেমন করে প্রেসিডেন্টকে দিলেন এবং আদৌ দেওয়া হয়েছিল কি না সে সম্পর্কে আমেরিকারও অধিকাংশ মানুষের মনে সন্দেহ রয়ে গেছে। মার্কিন সংবাদপত্রে চিঠিপত্র কলামে তাদের বক্তব্য পাঠ করলেই তা বোঝা যায়।

আমেরিকার প্রেসিডেন্সিয়াল ডিবেট কমিশন একটি নিরপেক্ষ প্রতিষ্ঠান। তারা প্রেসিডেন্ট নির্বাচনে দুই প্রার্থীর মধ্যে টিভি বিতর্কের আয়োজন করে থাকেন। আজ পর্যন্ত কোনো প্রেসিডেন্ট পদপ্রার্থী তাদের বিধি-বিধান মানতে অস্বীকৃতি জানাননি। কিন্তু এবার ট্রাম্প তার বিপরীত দেখালেন। করোনা ভাইরাসের দ্বিতীয় দফা বিস্তৃতির দরুন কমিশন প্রেসিডেন্সিয়াল ডিবেটের দ্বিতীয় দফা ভার্চুয়াল করার ব্যবস্থা করেছিল। প্রেসিডেন্ট পদপ্রার্থী বাইডেন বলেছেন, প্রেসিডেন্ট ট্রাম্প করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন। সুতরাং এত শিগিগরই তার কাছাকাছি হওয়া আমার উচিত নয়। স্বাভাবিকভাবেই ডিবেট কমিশন ভার্চুয়াল ডিবেটের ব্যবস্থা করেছেন। অমনি ট্রাম্প গোঁ ধরেছেন, তিনি ভার্চুয়াল ডিবেটে যাবেন না। তিনি বলেছেন, 'একটা বাক্সের সামনে বসে ডিবেটে অবতীর্ণ হতে রাজি নই। এটা যে দ্বিতীয় ডিবেট এড়াবার একটা বাহানা তা সবাই বুঝতে পেরেছেন। অবশেষে ডিবেট কমিশন দ্বিতীয় ডিবেট বাতিল করতে বাধ্য হয়েছে।

ট্রাম্প দাবি করছেন, তিনি এখন 'পারফেক্ট হেলথের অধিকারী'। তা সত্ত্বেও রোগমুক্তির এত শিগিগরই তিনি যে সম্পূর্ণ ভাইরাস মুক্ত হননি, এ কথা বলছেন স্বাস্থ্য বিশেষজ্ঞরা। তথাপি ট্রাম্পের এই গোঁ। তার সমর্থকরা ছড়াচ্ছেন, ডিবেট কমিশন নিরপেক্ষ নন। তারা প্রেসিডেন্টকে কথা বলার মুহূর্তেই থামিয়ে দেন ইত্যাদি ইত্যাদি। কিন্তু প্রথম ডিবেটে দেখা গেছে, ট্রাম্প যখন বাইডেনের প্রতি অশোভন উক্তি করছেন, তখনই মাত্র তাকে থামিয়ে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

ট্রাম্প বিতর্ক কমিশনকে বিশ্বাস করেন না। নির্বাচন কমিশনকে বিশ্বাস করেন না। ডাক বিভাগকে বিশ্বাস না করে সেখানে তার প্রধানের পদে তার নিজের এক অনুগত ব্যক্তিকে বসিয়েছেন। সুপ্রিম কোর্টের নিরপেক্ষতায় তার বিশ্বাস নেই। সেখানেও প্রধান বিচারপতি পদে তিনি তার অনুগত ব্যক্তিকে বসানোর চেষ্টা করেছিলেন। ট্রাম্প প্রকাশ্যে ঘোষণা করেছেন, 'আগামী নভেম্বরের নির্বাচনের ফল তার অনুকূলে না গেলে তিনি মনে করবেন ভোট রিগিং হয়েছে এবং ভোটের ফলাফল মানবেন না।' তার এই ঘোষণা শুনে অনেকেই মনে করছেন, ট্রাম্প নির্বাচনে পরাজিত হলেও তিনি পরাজয় মানবেন না। তিনি শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তর করতে চাইবেন না। নানা টালবাহানা করবেন।

ট্রাম্পের কার্যকলাপ শুধু আমেরিকার জন্য নয়, সারা পৃথিবীর গণতন্ত্রের জন্যই এক বিরাট হুমকি। তার বর্ণবাদী নীতি ইতিমধ্যেই জাতীয় ঐক্যে ফাটল ধরিয়েছে। রাজনৈতিক পর্যবেক্ষকদের অনেকেই আশঙ্কা প্রকাশ করেছেন, ট্রাম্পের নীতি মার্কিন যুক্তরাষ্ট্রের কষ্টার্জিত ঐক্যে ভাঙন ধরাতে এবং সাবেক সোভিয়েট ইউনিয়নের পরিণতি ঘটাতে পারে। জর্জ ওয়াশিংটন, জেফারসন প্রমুখ প্রেসিডেন্ট অনেক কষ্ট করে একটি বিশাল মহাদেশকে একটি যুক্তরাষ্ট্রে পরিণত করেছিলেন। আব্রাহাম লিঙ্কন বুকের রক্ত দিয়ে উত্তর দক্ষিণের বিভেদ ঘুচিয়ে যুক্তরাষ্ট্রীয় ঐক্য রক্ষা করে গিয়েছিলেন, ট্রাম্প সেই ঐক্য ভেঙে দেবেন। তিনি হবেন মার্কিন ইয়ালিসন। ইয়ালিসন যখন সোভিয়েট নেতা, তখন তার বিশ্বাসঘাতকতা ও মার্কিন তাঁবেদারির জন্য সোভিয়েট ইউনিয়ন ভেঙে যায়।

কেউ কেউ ট্রাম্পকে করোনা ভাইরাসের সঙ্গে তুলনা করেন। তাদের মতে, আগামী নভেম্বর মাসেই বোঝা যাবে, পৃথিবী ট্রাম্প এবং করোনা ভাইরাস এই দুটি থেকেই মুক্ত হবে কি না। আগামী নভেম্বরে আমেরিকান প্রেসিডেন্সিয়াল নির্বাচন এবং অনেক বিশেষজ্ঞের মতে, করোনা ভাইরাসেরও হামলা প্রশমিত (একেবারে দূর হবে না) হওয়ার সম্ভাব্য মাস। সব কারসাজি সত্ত্বেও ট্রাম্প আগামী নভেম্বরের নির্বাচনে জেতেন কি না তা দেখার রইল। অনেকে আশঙ্কা করেন, আগামী নভেম্বরের নির্বাচন পিছিয়ে দেওয়ার জন্যও ট্রাম্প শিবির চেষ্টা চালাচ্ছেন।

এম সাইফুর রহমানের জন্মদিনে শ্রদ্ধা আর ভালোবাসা

সামুন ভূঁইয়া

গত ৬ অক্টোবর ছিল দেশদরদি কর্মবীর মরহুম জননেতা এম সাইফুর রহমানের ৮৯তম জন্মদিন। এক ক্ষণজন্মা বিরল প্রতিভার নাম এম সাইফুর রহমান। আজকের আধুনিক বাংলাদেশের অর্থনীতির পুনর্গঠনের মহান স্থপতি তিনি। তিনিই একমাত্র বাংলাদেশী যিনি বিশ্বব্যাংক ও আইএমএফের বোর্ড অব গভর্নরসের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছিলেন।

আপন আলোয় আলোকিত মরহুম এম সাইফুর রহমান এমন এক ব্যক্তি যিনি হঠাৎ করেই পাদপ্রদীপে আসেননি। ছাত্রজীবনেই তিনি ভাষা আন্দোলনে সক্রিয় ভূমিকা রেখে জেল খেটেছেন। মহান ভাষাসৈনিক হিসেবে রাষ্ট্রের সর্বোচ্চ সম্মানও 'একুশে পদক' এই কর্মবীর পেয়েছেন। ছাত্রজীবনে বায়ান্নর মহান ভাষা আন্দোলনের সময় তিনি 'প্রাচ্যের অক্সফোর্ড'-খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী সলিমুল্লাহ মুসলিম হলের ছাত্রসংসদের নির্বাচিত প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেছিলেন।

মৌলভীবাজার একটি ছোট্ট মহকুমা শহর ছিল। সময়ের বিবর্তনে তা রূপ নিলো একটি জেলায়। আমাদের পরম সৌভাগ্য, সেই জেলাতেই জন্ম নিয়েছিলেন বাংলাদেশের ইতিহাসের এই বিরল প্রতিভা। সাইফুর রহমান শহীদ জিয়ার আহ্বানে যখন রাজনীতিতে যোগ দেন তখন তিনি শহীদ জিয়াকে বলেছিলেন, 'আমি একজন পেশাজীবী, আপনার সততা আর কর্মতৎপরতা আমাকে অভিভূত করেছে। তাই আপনার আহ্বানে রাজনীতিতে যোগ দিয়েছি। তার অন্যতম কারণ আমার প্রাণের চেয়ে প্রিয় মৌলভীবাজার তথা বৃহত্তর সিলেট অবহেলিত; আর উন্নয়নবঞ্চিত এলাকার মানুষের জন্য কাজ করতে চাই।'

মরহুম সাইফুর রহমানকে সেই সুযোগ শহীদ জিয়াই দিয়েছিলেন এবং তার ধারাবাহিকতায় সাবেক জনপ্রিয় প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়াও দিয়েছেন। আজকের রূপসী মৌলভীবাজার তথা বৃহত্তর সিলেটের সব ক্ষেত্রে যে অভূতপূর্ব উন্নয়ন দৃশ্যমান, তার বেশির ভাগই হয়েছে সিলেট দরদি এই মহান জননেতার হাত ধরেই। তার সব কৃতিত্ব শহীদ জিয়াউর রহমান আর বেগম খালেদা জিয়ার। তাদের কারণেই এই দেশপ্রেমিক কর্মবীরের বাংলাদেশের ইতিহাসে রেকর্ডসংখ্যক বাজেট পেশের সৌভাগ্য হয়েছিল।



কিন্তু দুঃখের বিষয়, গত বছর মৌলভীবাজার সরকারি কলেজের অডিটোরিয়াম থেকে শহীদ জিয়ার নাম কাপুরুষোচিতভাবে হাতুড়ি আর শাবল দিয়ে মুছে ফেলা হলো, সেই ঐতিহ্যবাহী অডিটোরিয়ামেরও সৃষ্টি মরহুম সাইফুর রহমানের হাতে। মৌলভীবাজার সরকারি কলেজ একটি সাধারণ মানের ডিগ্রি কলেজ ছিল, সেই কলেজে অনার্স কোর্সসহ উচ্চশিক্ষার সব ক্ষেত্র তৈরি করেছেন সাইফুর রহমান। মরহুমের প্রচেষ্টায় সেই সাধারণ মানের ডিগ্রি কলেজ রূপ নিলো বিশ্ববিদ্যালয় কলেজে। তারপর তৈরি করলেন একটি উন্নতমানের অডিটোরিয়াম যা এই মানের কলেজে বাংলাদেশে প্রথম। তিনি স্বাধীনতার মহান ঘোষক শহীদ জিয়ার নামে এই অডিটোরিয়ামের নামকরণ করেছিলেন। কিন্তু যেভাবে হাতুড়ি আর শাবল দিয়ে একজন বীর মুক্তিযোদ্ধার নামকরণ মুছে ফেলা হয়েছিল তাতে মনে হলো তারা আমাদের মহান স্বাধীনতাবিরোধী প্রেতাত্মা আর তাদের দোসর, যারা এমপি আর নেতা হয়েছেন। তাদের এই তৎপরতার নিন্দা বা ধিক্কার জানানোর ভাষা মৌলভীবাজারবাসীর জানা নেই। তারা স্বাধীন আর সার্বভৌম বাংলাদেশের লাল-সবুজের পতাকার দুশমন। মরহুম সাইফুর রহমান সব দলমতের ঊর্ধ্বে একজন সিলেটপ্রেমিক সত্যিকারের জননেতা ছিলেন। আওয়ামী লীগের শাসন আমলে মরহুম হুমায়ুন রশীদ চৌধুরী জাতীয় সংসদের স্পিকার থাকাকালে তার নামে সিলেটের প্রবেশদ্বারে 'হুমায়ুন রশীদ স্কোয়ার' নির্মাণ করতে চেয়েছিলেন। কিন্তু নিজ সরকারের আর নিজ দলের বর্ষীয়ান জননেতা মরহুম আবদুস সামাদ আজাদের বিরোধিতার কারণেই তা বাস্তবায়ন করতে পারেননি। কিন্তু সেই স্কোয়ার বিএনপির শাসন আমলেই তৎকালীন অর্থমন্ত্রী সাইফুর রহমানের কারণে আর তারই ইচ্ছায় মরহুম হুমায়ুন রশীদের নামে নির্মাণ করে দিয়েছিলেন। একজন জননেতা কত বেশি সিলেটপ্রেমী হলে তার মৃত্যুর কয়েক ঘণ্টা আগে বলেন, 'আমি যেন জীবনের শেষ দিন পর্যন্ত সিলেটবাসীর ভালোবাসা নিয়ে মরতে পারি আর তাদের সেই ভালোবাসায় আমাকে যেন সেই সিলেটের পবিত্র মাটিতে শায়িত করা হয়।' তিনি শায়িত আছেন পীর আউলিয়ার পুণ্যভূমি সিলেটের পবিত্র মাটিতে। আজ এই মহান কর্মবীরের জন্মবার্ষিকীতে জানাচ্ছি শ্রদ্ধা আর ভালোবাসা। মহান রাব্বুল আলামিন যেন এই যুগশ্রেষ্ঠ সিলেটিকে জান্নাতের সর্বোচ্চ মাকাম দান করেন। আমিন।

লেখক: সাবেক আন্তর্জাতিক-বিষয়ক সম্পাদক, বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল।

সাঈদ তারেক-এর কলাম

(শেষের পাতার পর)

আমলারা হচ্ছেন এই সিস্টেম পরিচালনাকারী। আইনমতে মন্ত্রীদেরকে জনগনের ভোটে নির্বাচিত হয়ে আসতে হয়। সংবিধান নাগরিকদের জীবনযাপন পরিচালনা বা সিস্টেম তৈরী, কার্যকর ও দেখভালের জন্য তিনটি বিভাগ ঠিক করে দিয়েছে- আইন বা সংসদ বিভাগ, যারা সিস্টেন প্রনয়ন করবে। নির্বাহি বিভাগ, যারা সিস্টেম কার্যকর করবে। বিচার বিভাগ, যারা দেখবে সিস্টেম ঠিকমত কাজ করছে কিনা, ব্যত্যয়ের প্রতিবিধান করবে। মন্ত্রী আমলা কামলারা হচ্ছেন নির্বাহি বিভাগের লোক, তারাই সরকার নন।

সংবিধান এও বলে দিয়েছে সিস্টেম বা ব্যবস্থাপনায় অবশ্যই মানুষের পাঁচটি মৌলিক প্রয়োজন পুরনের নিশ্চয়তা এবং কর্মকৌশল থাকতে হবে। খাবার, পরিধেয়, শিক্ষা, স্বাস্থ্য ও আবাসন। এরপর অন্যান্য- কর্ম সংস্থান নিরাপত্তা জীবনযাত্রার মানোন্নয়ন, মানবিক, সাংস্কৃতিক বা বুদ্ধিবৃত্তিক বিকাশ ইত্যাদী। আমাদের দেশে মুল ব্যবস্থাপনা বা সিস্টেমটা তৈরী করে দিয়ে গেছে বৃটিশরা। তারা চলে যাওয়ার পর থেকে দুই স্বাধীনতাকালে শুধু ঘষামাজা চলছে, মৌলিক কাঠামোর খুব একটা হেরফের হয় নাই। তারপরও বলা যায় কোন রাষ্ট্রীয় ব্যবস্থাপনাই জনস্বার্থের পরিপন্থী হয় না। ভাল ভাল সব কথা সব নিয়ম কানুনই থাকে তাতে। কিছু না থাকলে- পরিচালনায় যারা আসেন বানিয়ে নেন। যুগের সাথে তাল মিলিয়ে বা প্রয়োজনে সিস্টেম সংযোজন সংশোধন হয়ে থাকে। এভাবেই চলে এভাবেই চলে আসছে।

সরকার বা এই সিস্টেম কতটা মানুষের ভাল করতে পারছে তা নির্ভর করে এর পরিচালনাকারিদের ওপর। পরিচালকরা যদি দেশপ্রেমিক, জনবান্ধব, যোগ্য এবং ভাল মানুষ হন তাহলে সে 'সরকার' মানুষের কল্যান করবে, সব কিছুই তাদের নিয়ন্ত্রণে থাকবে। এমন সরকারকে বলা হয় সফল সরকার। যদি পরিচালকরা হয় অশিক্ষিত অর্দ্ধসভ্য অসৎ এবং অযোগ্য তাহলে নাগরিকদের দুর্ভোগ বাড়বে। নিজেরা লুটপাটে লিপ্ত হবে, কোন কিছুই নিয়ন্ত্রণে থাকবে না। এতে দেশ এবং জাতি সংকটগ্রস্থ হয়ে পড়বে। সে ক্ষেত্রে সে 'সরকার' হবে ব্যর্থ সরকার। তার অর্থ সিস্টেম, ব্যবস্থাপনা বা সরকারের সাফল্য ব্যর্থতা নির্ভর করছে এর পরিচালনাকারীদের চরিত্র মেধা এবং যোগ্যতার ওপর। এরা যদি উপযুক্ত হন তাদের নিয়ন্ত্রণ থাকবে সর্বত্র। অফিসে আদালতে শিক্ষায় চিকিৎসায় নিরাপত্তায় বাজারে রাস্তায় পরিবহনে- অর্থাৎ জীবনযাপনের প্রতিটি ক্ষেত্রে সরকার অনুভুত হবে। কিন্তু আমরা দেখছি উল্টোটা! পত্রিকার পাতা আর টেলিভিশনের পর্দায় সরকার পরিচালনাকারি কিছু লোকের ছবি দেখা আর তাদের কিছু বাণীবচন শ্রবন করা ছাড়া দৈনন্দিন জীবন প্রণালীর কোন পর্যায়েই 'সরকারের' দেখা পাওয়া যায় না! সবখানেই ফ্রিস্টাইল। যে যেখানে আছে নিজের মত করে সিস্টেম বানিয়ে নিয়েছে! সবখানেই সিন্ডিকেট আর যেখানে যত সিন্ডিকেট সবাই একএকটা সরকার। 'বাংলাদেশ সরকার'র কোন আইন নিয়ম এসব জায়গায় চলে না। সড়ক ব্যবস্থাপনা পরিবহন মালিক শ্রমিকদের নিয়ন্ত্রণে। অফিস আদালতে 'ঘুষ সরকার'। সরকারি টাকার হরিলুট চলে ভিন্ন সরকারের আইনে। বাজারে গেলে পাই মাছ সরকার, তরকারি সরকার পেঁয়াজ সরকার। মজুতদার সরকার আড়ৎদার সরকার। টাউটদের সরকার ফাটকাবাজদের সরকার! ফুটপাথে 'হকার সরকার'! ব্যাংকের টাকা লোপাটের জন্য ভিন্ন সরকার। শিক্ষাঙ্গনে গুন্ডারাজ। হাটে বাজারে মাস্তুন রাজ। উন্নয়ন কর্মকান্ডে লুটপাটতন্ত্র। আন্ডারওয়ার্ল্ড বা অপরাধ জগতে আর এক সরকার। প্রতিটা সেক্টর চলছে ভিন্ন ভিন্ন 'সরকারে'র সিস্টেমে! আমি তো 'আওয়ামী লীগ সরকার' কোথাও দেখি না! যা দেখা যায় রাস্তায় বিরোধী দল পেটানো আর ট্যাক্স ভ্যাট রেভিনিউ ডিউটি সারচার্জ শুল্ক কাস্টমস ইত্যাদী নামে পাবলিকের গলাকাটায়! কেউ কেউ বলবেন এইসব সিন্ডিকেটই তো 'আওয়ামী লীগ সরকার'। এটা ঠিক না। আওয়ামী লীগ যে সরকার চালাচ্ছে তা হচ্ছে সংবিধান বেঁধে দেওয়া সরকার, সিন্ডিকেট সরকারগুলোয় আওয়ামী লীগের কিছু লোক থাকতে পারে বা স্বার্থান্বেষীরা আওয়ামী লীগের নাম ভাঙাতে পারে কিন্তু সিন্ডিকেট কোন সংবিধান সম্মত ব্যবস্থাপনা না।

এইসব 'সিন্ডিকেট সরকারের' নিগড় ভেঙ্গে 'আওয়ামী লীগ সরকার' কি সবকিছু নিজেদের নিয়ন্ত্রণে নিতে পারবে? নাকি এক সময় 'ব্যর্থ সরকারের' অপবাদ নিয়ে বিদায় নেবে!

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট



New Price

বিশাল মূল্যহ্রাস

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি

৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)

৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



আমাদের আরও রয়েছে কবুতর, কোয়েল, চাকোর, টিটি মুরগী ও রাতা মোরগ, বাদি হাঁস, হাঁস ও মেয়েদের ডিম্ব

প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-

রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস

এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

লাইভ ক্যাটফিস, স্যালমন, স্ট্রাইপ ব্যাস, সীব্যাস, স্মেল্ট, হ্যারিং, শ্রিম্প, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

রেশমী বাসমতি রাইস	$ 17.99
আমিন বাসমতি রাইস	$ 17.99
আমিন পারবয়েলড রাইস	$ 9.99
ডোনার বাসমতি রাইস	$ 18.99
বাহার বাসমতি রাইস	$ 13.99
সুলতানা বাসমতি রাইস	$ 12.99

কচুর লতি (৩ প্যাক)	$4.99
৩ প্যাক কেলকি মাছ	$4.99
১ ডজন ডিম	.99¢
আয়োডাইড সল্ট (২টি)	.99¢

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm

Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)

718.205.7200 917.295.4011

নির্বাচনের পরে যুক্তরাষ্ট্রে দেখা দেবে

(প্রথম পাতার পর)

উত্তেজনা প্রশমন করা নিয়ে। আবার কেউ কেউ অস্ত্র কিনছেন। প্রায় দুই ডজন ভোটারের দেয়া তথ্যে এসব কথা বলেছে বার্তা সংস্থা রয়টার্স। তারা ওইসব ভোটারের কাছ থেকে প্রাপ্ত ডাটা জরিপ আকারে দেখিয়েছে। এতে বলা হয়েছে, সবচেয়ে কমন আতঙ্ক হলো, এবার প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প ও জো বাইডেনের মধ্যে ৩রা নভেম্বরের নির্বাচনের ফল অনিষ্পন্ন থাকতে পারে।

এর ফলে প্রতিবাদ বিক্ষোভ হতে পারে। তা এক পর্যায়ে নাগরিক অসন্তোষ, এমনকি জাতিগত সংঘাতে রূপ নিতে পারে। এমন উদ্বেগ আরো বেড়েছে বৃহস্পতিবার মিশিগান থেকে। সেখানে রাজ্যের গভর্নরকে অপহরণ ও রাজ্যের ক্যাপিটল বিল্ডিংয়ে হামলা ষড়যন্ত্রের অভিযোগে ১৩ জনকে গ্রেপ্তারের খবর প্রকাশিত হয়েছে। অর্থনীতি বিষয়ক উপদেষ্টা ডেভিড পাওয়েলের মতো মার্কিনিরা এতে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। তারা বলেছেন, নাগরিক অধিকার রক্ষা, প্রাইভেট প্রপার্টি এমনকি জীবন রক্ষার জন্য তাদেরকে বাধ্যতামুলকভাবে পক্ষ অবলম্বন করতে হতে পারে। নর্থ ক্যারোলাইনার ৬৪ বছর বয়সী পাওয়েল বলেন, আমি নিজে কোনো গ্রুপের অংশ নই। কোনো গ্রুপের অংশ হতে চাই না। আমি সাধারণ একজন মানুষ। খবর দেখছি। আর আসলেই উদ্বিগ্ন হয়ে পড়ছি। তিনি বলেছেন, 'এন্টিফা থাগস'দের নিয়ে তিনি উদ্বিগ্ন। ইংরেজিতে যুক্তরাষ্ট্রের রক্ষণশীলরা 'এন্টিফা থাগস' শব্দ ব্যবহার করে থাকে ফ্যাসিস্টবিরোধী বাম ধারার কর্মীদের বর্ণনা করতে। তিনি আরো বলেছেন, প্রয়োজন হলে তিনি তার সম্প্রদায়কে রক্ষা করতে প্রস্তুত আছেন।

আবার কিছু মানুষ নির্বাচনের দিনে বিদেশে ছুটি কাটানোর পরিকল্পনা করছেন। আবার কেউ গ্রামের বাড়িতে যেতে চান। অন্যরা প্রতিরোধ করতে অস্ত্র কিনেছেন। এফবিআইয়ের ডাটা অনুযায়ী, জুনে এক মাসে রেকর্ড পরিমাণ আগ্নেয়াস্ত্র বিক্রি হয়েছে। এই সংখ্যা ৩৯ লাখ। ওয়াশিংটন এবং কলোরাডো রাজ্যের মতো রাজ্যগুলোতে এআর-১৫ স্টাইলের রাইফেলের গোলাবারুদের চাহিদা বৃদ্ধি পেয়েছে। ডেনভারভিত্তিক আইনজীবী, যিনি নিজেকে শুধু ইউইং হিসেবে পরিচয় দিয়েছেন, তিনি বলেছেন, আমি একটি একে-৪৭ কিনেছি। এই অস্ত্রটি অনেক দামী। এখনও চাইলে এটা কিনতে পারি।

কোন কোনো কমিউনিটি এবং গ্রুপ উত্তেজনা প্রশমনের চেষ্টা করছে। তারা জানতে পেরেছে, অনেক মানুষের হাতে আগ্নেয়াস্ত্র রয়েছে এবং তারা এসব ব্যবহারের জন্য প্রস্তুত। অরিগনের পোর্টল্যান্ডে বামপন্থি কর্মী ড্রি মিলার (৩৭) যোগাযোগ করেছেন ডানপন্থি প্রাউড বয়েস-এর নেতাদের সঙ্গে। তার উদ্দেশ্য সংঘাত সমাধানে ওপেন লাইন যোগাযোগ স্থাপন। তিনি বলেন, যদি পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়, তখন আমাদের উচিত অস্ত্রবিরতির আহ্বান জানানো। উল্লেখ্য, ড্রি মিলার কৃষ্ণাঙ্গদের অধিকার বিষয়ক গ্রুপ জুস-এর (জেইউআইসিই) একজন সংগঠক। তিনি বলেন, একজন কৃষ্ণাঙ্গ হিসেবে আমি এখন আর পিছনে দাঁড়াতে পারছি না। আমি এখন সোজা হয়ে দাঁড়িয়েছি। এমন কথা প্রাউড বয়েস সম্পর্কে বলে থাকেন প্রেসিডেন্ট ট্রাম্প। তারই কথা যেন প্রতিধ্বনি হলো মিলারের মুখে।

গত ৬ অক্টোবর যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি একটি রিপোর্ট দিয়েছে। তাতে বলা হয়েছে, যুক্তরাষ্ট্র প্রাথমিকভাবে যে সন্ত্রাসের হুমকিতে রয়েছে তার জন্য দায়ীরা নিঃসঙ্গ অপরাধী এবং তাদের রয়েছে ক্ষুদ্র ডমেস্টিক চরমপন্থি সেল। ওদিকে অক্টোবর মাসে নিউ আমেরিকা নামের থিংক ট্যাংকের রাষ্ট্রবিজ্ঞানী লি ড্রুটম্যান ও অন্যরা মিলে একটি জরিপ করেছেন। তা প্রকাশিত হয়েছে পলিটিকোতে। তাতে দেখা যায়, রাজনৈতিক লক্ষ্য অর্জনের জন্য যুক্তরাষ্ট্রের তিন ভাগের এক ভাগ মানুষ সহিংসতার পক্ষে। ২০১৯ সালের ডিসেম্বরের তুলনায় এই সংখ্যা দ্বিগুন।

মেয়েদের শালীন পোশাক

(প্রথম পাতার পর)

শনিবার তার অফিসিয়াল ফেসবুক পেজে এক ভিডিও পোস্টে তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিভাবক সম্বোধন করে ধর্ষণকারীদের মৃত্যুদণ্ড দেওয়ার লক্ষ্যে সুনির্দিষ্ট আইন ও তা বাস্তবায়নের আহ্বান জানান।

ধর্ষকদের উদ্দেশ্যে অনন্ত জলিল বলেন, এই যে তোমরা যারা ধর্ষণ করেছো, তোমরা বলব না তোরা বলব? ধর্ষণ করার কারণে যে সারাদেশে আন্দোলনে সাধারণ মানুষের জীবনযাত্রার যে বিঘ্ন ঘটাচ্ছো, কেমন লাগছে তোমাদের? হাসি পাচ্ছে? তোমাদের সামনে তোমাদের স্ত্রী কন্যাদের যদি কেউ রেইপ করে তাহলে তোমার কেমন লাগবে?

নারীদের পাশ্চাত্য দেশের পোশাক পরিধানের বিষয়ে তিনি বলেন, এসব ড্রেস-আপ দেখে চেহারার দিকে না তাকিয়ে বখাটেরা তোমার ফিগারের দিকে তাকায়, এরপর বিভিন্ন মন্তব্য করে, এবং রেইপ করার চিন্তা তাদের মাথায় আসে।

সব মেয়েকে শালীন পোশাক পরার আহ্বান জানিয়ে জলিল বলেন, তোমরা কি নিজেদের মডার্ন মনে করো? অ্যাঁ? এটা কি মডার্ন ড্রেস? না অশালীন ড্রেস। এটা মডার্ন ড্রেস হতে পারে না। মডার্ন ড্রেস হবে যেখানে ফেস দেখা যাবে যেটা আল্লাহতায়ালা দিয়েছেন। কিন্তু যে বডিটা আছে সেখানে শালীনভাবে পোশাক পরতে হবে। নিজেকে পাশের একজন ভদ্রমেয়ের কাছে জিজ্ঞাসা করে দেখো, তোমাকে কত বাজে লাগে দেখতে।

'ছেলেদের মত একটা টিশার্ট পরে বের হয়ে যাও, মডার্ন মেয়ে তুমি! খুব মডার্ন! তারপর ইজ্জত শেষ করে আত্মহত্যা করো না হয় মানুষের সামনে মুখ দেখাতে পারো না, এটা কি মডার্ন? শালীন ড্রেস পরলে যারা বখাটে যাদের মাথায় ধর্ষণের চিন্তাভাবনা আছে, তারা তোমার দিকে শ্রদ্ধার দিকে তাকাবে। এরপর চোখ নিচের দিকে নিয়ে নেবে',- বলেন তিনি।

ধর্ষকদের মৃত্যুদণ্ড চেয়ে প্রধানমন্ত্রীর নিকট আবেদন জানান অনন্ত। তিনি বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রীর কাছে আমার আকুল আবেদন, আপনি আমাদের অভিভাবক। এসব অমানুষদের বিরুদ্ধে মৃত্যুদণ্ড আইন ও তা বাস্তবায়নের নির্দেশ দিতে হবে। আপনার দিকে সবাই তাকিয়ে আছে, আপনি কখন নির্দেশ দেবেন।'

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী



FARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

FARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে



আমরা বাংলায় কথা বলি

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকার অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশ্বাস জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে প্রকাশনার ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীদের দেশী সাংবাদিকদের প্রকাশ করছি। এই ধারাবাহিক লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী রিভারডেল ল'স্কুল থেকে জুরিসের উপর পড়াশোনার করেছেন। তিনি ব্যাচিলরের অব আর্ট থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি রিভারডেল স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইন্সার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো ইংরেজী নববর্ষের শুভেচ্ছা ও ধন্যবাদ।

আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনার এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে মিতালী হকের প্রশ্নঃ

আমার বোন গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে এসেছিলো। তারপর বাংলাদেশে তার বিয়ে হয়। কিন্তু বিয়ের বিষয়টি এম্বেসীকে জানানো হয়নি। এরপর আমার বোন এদেশে এসে থাকার পর আবার বাংলাদেশে গেছে। আমার বোনের এবারের বাংলাদেশে অবস্থানের মেয়াদ এক বছর পেরিয়ে গেছে। তাই আমার জানার ইচ্ছা আমার বোনটি স্বাভাবিকভাবে ইচ্ছা করলে আবার এদেশে চল আসতে পারবে? সে কি ঢাকা ইউএস এম্বেসীতে গিয়ে প্রয়োজনে রি-এন্ট্রির জন্যে আবেদন করতে পারবে? আমার বোন তার স্বামীকে এদেশে আনতে চায়। এসব বিষয়ে আপনার পরামর্শ পাবার প্রত্যাশায় রইলাম। এমন প্রশ্ন আগেও দেখেছি বলে আজ আমিও লিখলাম।

মিতালী হকের প্রশ্নের উত্তরঃ

একজন গ্রিনকার্ডধারী তার স্পাউসের জন্যে আবেদন করতে পারেন। তবে গ্রিনকার্ডধারীরা বিনা অনুমতিতে এক বছরের কম সময় এদশে বাইরে অবস্থান করতে পারেন। এক বছর বা তার বেশি সময় এদশের বাইরে অবস্থান করলে গ্রিনকার্ড নষ্ট হয়ে যেতে পারে। ইমিগ্রেশন ইউএস এর প্রবেশ প্রত্যাখ্যান করতে পারে।

তবে রি-এন্ট্রির ব্যাপারে যা বলতে চাই সেটা হচ্ছে একজন গ্রিনকার্ডধারী ইউএস এর বাইরে গিয়ে একবছর বা তার বেশি সময় অবস্থান করতে চাইলে দুই বছরের জন্যে অনুমতি সাপেক্ষে রি-এন্ট্রি লাভ করা যেতে পারে। কিন্তু গ্রিনকার্ডধারীকে এদেশের বাইরে যাবার আগেই এখান থেকেই তাকে রি-এন্ট্রির জন্যে আবেদন করতে হবে।

এই রি-এন্ট্রির আবেদনের সময় আবেদনকারীকে অবশ্যই এদেশে উপস্থিত থাকতে হবে। এ ব্যাপারে বিস্তারিত জানার জন্যে প্রয়োজনে একজন এটর্নির সাথে সাক্ষাতে গিয়ে কথা বলা যেতে পারে।

আপনি আপনার বোনের বিষয়ে আরো যা জানতে চেয়েছেন সে ব্যাপারে স্পস্ট করে করে সবকিছু উল্লেখ করতে হবে। যা হয়তো সাক্ষাতে আলোচনা ক রার সময় আপনি উল্লেখ করতে পারবেন। এসব ব্যাপারে সুস্পষ্ট করে কিছু বলতে চাইলে এ সম্পর্কে প্রাসঙ্গিক আরো কিছু তথ্য জানা দরকার।

একজন গ্রিনকার্ডধারী তার স্পউসের জন্যে ইমিগ্রেশনের আইন অনুযায়ী আবেদন করতে পারেন। কিন্তু সেই আবেদনকারী স্পাউসকে অবশ্যই এদেশে যথাযথ গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে বসবাস করতে হবে।

নিউইয়র্ক থেকে আবু হামিদের প্রশ্নঃ

আমি আজ এই চিঠিটি লিখছি আমার এক বন্ধুর জানতে চাওয়ার প্রেক্ষিতে। আমার বন্ধুর চাচা একজন ইউএস সিটিজেন। তিনি আমার বন্ধুর বাবার জন্যে অর্থাৎ তার ভাইয়ের জন্যে আবেদন করেছিলেন। এই আবেদনে ঐ ভাইয়ের সন্তানেরাও অন্তর্ভূক্ত ছিলেন। কিন্তু ঘটনা হচ্ছে আমার বন্ধুর বাবা অর্থাৎ আবেদনকারীর ভাই মারা গিয়েছেন। সে কারণে জানতে চাওয়ার বিষয় হচ্ছে এখন ঐ আবেদনের অবস্থা কেমন হবে?

আবু হামিদের প্রশ্নের উত্তরঃ



প্রথমেই আমাদের জানা থাকা দরকার যে একজন সিটিজেন এবং গ্রিনকার্ডধারী কাদের জন্যে আবেদন করতে পারেন।

একজন গ্রিনকার্ডধারী তার স্পাউস এবং অবিবাহিত সন্তানের জন্যে আবেদন করতে পারেন।

গ্রিনকার্ডধারীর সন্তানদের আবার দুটি ক্যাটেগরী আছেঃ

১। ২১ নিম্ন এবং

২। ২১ উর্ধ বয়সের সন্তান।

২১ নিম্ন বয়সের সন্তানেরা ২-এ এবং ২১ উর্ধ বয়সের সন্তানেরা ২-বি ক্যাটেগরিতে পড়ে।

একজন ইউএস সিটিজেন তার নিম্নে উল্লেখিত আত্মীয়দের জন্যে আবেদন করতে পারেঃ

স্পাউস (স্বামী/স্ত্রী)

সন্তান (২১ নিম্ন/২১ উর্ধ)বিবাহিত ও অবিবাহিত

মা-বাবা এবং

ভাইবোন

ইমিগ্রেশন আইন অনুযায়ী ইউএস সিটিজেন তার ভাইয়ের জন্যে আবেদন করতে পারেন। তবে একজন ইউএস সিটিজেনের স্পাউস, মাবাবা এবং ২১ নিম্ন অবিবাহিত সন্তানেরা প্রথম প্রেফারেন্সে পড়েন বলে এই ক্যাটেগরীর পড়েন বলে এই ক্যাটেগরীর আত্মীয়দের অপেক্ষা করতে হয়না।

তবে ইউএস সিটিজেনের ভাইবোনেরা চতুর্থ প্রেফারেন্সে পড়েন।এই ক্যাটেগরীর অপেক্ষার সময় আনুসাঙ্গিক দশ বছরের বেশি। আপনার বন্ধুর চাচা তার ভাইয়ের জন্যে আবেদন করেছিলেন।

এখন দুঃখজনক ঘটনা হচ্ছে আপনার বন্ধুর বাবা ছিলেন বেশি-ফিশিয়ারী এবং তিনি মারা গেছেন। এর ফরে অর্থাৎ বেনিফিশিয়ারীর মৃত্যুর কারণে আবেদনেরও মৃত্যু ঘটেছে। ঐ আবেদনের প্রেক্ষিতে আবেদনের অন্তর্ভূক্ত আর কেউ এদেশে আসার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হবেন না।

কুইন্স থেকে ইমতিয়াজুল খানের প্রশ্নঃ

আমি কিছুদিন হয় পারমানেন্ট রেসিডেন্ট কার্ড পেয়েছি। সেকারণে বাংলাদেশে গিয়ে আমার পছন্দের একজন মেয়েকে আমি বিয়ে করতে চাচ্ছি। এখন আমার জানার বিষয় হচ্ছে একজন গ্রিনকার্ডধারী হিসেবে বাংলাদেশে গিয়ে বিয়ে করার পর আমার স্ত্রীকে এখানে আনার ব্যাপারে আমি উপযুক্ত হবো কিনা? আর গ্রিনকার্ড নিয়ে ঝামেলাহীনভাবে দেশে গিয়ে কতদিন অবস্থান করতে পারব?

ইমতিয়াজুল খানের প্রশ্নের উত্তরঃ

একজন পারমানেন্ট রেসিডেন্ট তার স্পাউস এবং অবিবাহিত সন্তান-এর জন্যে আবেদন করতে পারেন। আপনি একজন পারমানেন্ট রেসিডেন্ট সেজন্যে আপনি আপনার বিবাহিতা স্ত্রীর জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হবেন।

পিটিশনার যদি ইউএস এর গ্রিনকার্ডধারী হন তবে শুধু আই-১৩০ রিলেটিভ পিটিশান ফাইল করতে পারেন। আর বেনিফি-শিয়ারী যদি ইউএস সিটিজেন হন আর বেনিফিশিয়ারী যদি বাংলাদেশী হন হবে আই-১৩০ পিটিশান ফাইলের দরকার নেই। ইউএস সিটিজেনের স্পাউস হবার কারণে বিয়ের পরেই তার স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্যে ফাইল করা যাবে।

গ্রিনকার্ডধারীর স্পাউস (স্বামী/স্ত্রী) দ্বিতীয় প্রেফারেন্সে পড়েন। আর আপনি একজন গ্রিনকার্ডধারী তাই আপনি দেশে একবছরের কম সময় সেখানে অবস্থান করতে পারেন কোন অনুমতি ছাড়াই। আপনার যদি এক বছর বা তার বেশি সময় থাকার পরিকল্পনা থাকে তবে দুই বছরের অনুমতি নিয়ে দেশে গিয়ে অবস্থান করতে পারেন। তবে এতে করে গ্রিনকার্ড পাবার পাঁচ বছর পর সিটিজেনশীপের জন্যে উপযুক্ত বলে বিবেচিত হলেও আপনাকে আবারো একাধারে ক্রমাগত পাঁচ বছর এদেশে অবস্থান করতে হবে।

প্রয়োজনবোধে আপনি একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে কথা বলে আপনার প্রশ্নের সমাধান সম্পর্কে জেনে নিতে পারেন।

আর একটি কথা আমরা প্রায় সবসময় বলে থাকি আর তা হচ্ছে যে আপনার যদি নিয়মিত আমাদের এই বিভাগ পড়েন তবে তা থেকে হয়তো আপনার প্রশ্নের জবাব সম্পর্কে ধারণা নিতে পারবেন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

সাক্ষাৎকারে অ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন

দুর্নীতি পেলে কাউকে ছাড় দেওয়া হবে না

ওয়াকিল আহমেদ হিরন

বাংলাদেশের সর্বোচ্চ আদালতে দুর্নীতি ও অনিয়মকে কোনোরকম আশ্রয়-প্রশ্রয় দেওয়া হবে না বলে জানিয়েছেন নতুন অ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন। রাষ্ট্রের প্রধান এই আইন কর্মকর্তা বলেছেন, অ্যাটর্নি জেনারেলের কার্যালয় ও সুপ্রিম কোর্ট আইনজীবী বারে দুর্নীতির সঙ্গে যে-ই জড়িত থাকুক, কোনো ছাড় দেওয়া হবে না। দেওয়া একান্ত সাক্ষাৎকারে এসব কথা বলেন নতুন অ্যাটর্নি জেনারেল। গতকাল শনিবার রাজধানীর বনানীতে তার বাসভবনে একান্ত আলাপচারিতায় উঠে আসে উচ্চ আদালতে দীর্ঘদিন ধরে স্থগিত থাকা নারী নির্যাতনের মামলা চালু, মামলাজট কমাতে নানা উদ্যোগ, বিচারক নিয়োগ, সুপ্রিম কোর্ট বার ও অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের দুর্নীতিসহ অনেক বিষয়।



সুপ্রিম কোর্টের এই জ্যেষ্ঠ আইনজীবী জানান, দায়িত্ব গ্রহণের পর পুরো অ্যাটর্নি জেনারেল কার্যালয়কে আরও সুশৃঙ্খলভাবে ঢেলে সাজানোর উদ্যোগ নেওয়া হবে, যেখানে থাকবে না কোনো অনিয়ম ও দুর্নীতি। এ ছাড়া নারী নির্যাতনসহ অন্য যেসব চাঞ্চল্যকর মামলা উচ্চ আদালতে স্থগিত করে রাখা হয়েছে, সেগুলো চিহ্নিত করে স্থগিতাদেশ প্রত্যাহার করে মামলাগুলো পর্যায়ক্রমে চালু করার উদ্যোগ নেবেন তিনি। গত ২৭ সেপ্টেম্বর অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলমের মৃত্যুর পর পদটি শূন্য হয়। এরপর গত বৃহস্পতিবার সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি ও জ্যেষ্ঠ আইনজীবী এ এম আমিন উদ্দিনকে অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ দেয় সরকার।

প্রশ্ন: সংবিধান অনুযায়ী অ্যাটর্নি জেনারেল পদটি রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তার। যিনি দেশের সব আদালতে শুনানি করতে পারেন। বলা হয়, রাষ্ট্রের তিনটি অঙ্গ- নির্বাহী বিভাগ, বিচার বিভাগ ও আইনসভার মধ্যে সমন্বয় সাধন করেন অ্যাটর্নি জেনারেল।

প্রশ্ন: দায়িত্ব গ্রহণের পর আপনার প্রথম চ্যালেঞ্জ হবে কোনটি?

অ্যাটর্নি জেনারেল: প্রথম চ্যালেঞ্জ হবে অ্যাটর্নি জেনারেল অফিস সম্পর্কে আমার জানা। সেখানে বর্তমানে কী অবস্থা। দুই যুগ আগে ১৯৯৬ থেকে ২০০১ সালের অক্টোবর পর্যন্ত আমি অ্যাটর্নি জেনারেল অফিসের সঙ্গে ছিলাম। সে সময় এক পরিস্থিতি ছিল, এখন অন্য পরিস্থিতি। এখন কোর্ট ও মামলার সংখ্যা অনেক বেশি। অ্যাটর্নি জেনারেল অফিসে কোনো অনিয়ম-দুর্নীতি থাকলে চিহ্নিত করে অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে। পুরো অ্যাটর্নি জেনারেল অফিসকে সুশৃঙ্খলভাবে ঢেলে সাজাতে চাই।

প্রশ্ন: আপনি সুপ্রিম কোর্ট বারের বর্তমান নির্বাচিত সভাপতি। এখন অ্যাটর্নি জেনারেল নিযুক্ত হওয়ার পর একত্রে দুটি পদে থাকা আইনগত কোনো সমস্যা হবে কিনা?

অ্যাটর্নি জেনারেল: আমি যেহেতু সুপ্রিম কোর্ট বারেরও সভাপতি, সেহেতু আমি একসঙ্গে দুটি চালাব। প্রথমে আমি একজন আইনজীবী ও সুপ্রিম কোর্ট বারের সদস্য। সে ক্ষেত্রে বারের সভাপতি হিসেবে আমি দায়িত্ব পালন করব। পাশাপাশি অ্যাটর্নি জেনারেল পদেও থাকব। এখানে আইনগত কোনো সমস্যা নেই। দুটি পদ সমন্বয় করে চালানো অসম্ভব নয়; বরং আমার জন্য সুবিধা হবে বারের সঙ্গে সরকারের কোনো বিষয় নিয়ে সমস্যা হলে তাৎক্ষণিক যোগাযোগ করে সমাধানের উপায় বের করা যাবে।

প্রশ্ন: বর্তমান পরিস্থিতিতে উচ্চ আদালতে স্থগিত থাকা নারী নির্যাতন ও চাঞ্চল্যকর মামলা চালু করতে আপনার উদ্যোগ কী হবে?

অ্যাটর্নি জেনারেল: বর্তমান প্রেক্ষাপটে নারী নির্যাতন মামলাগুলো সামনে চলে আসছে। আমি মনে করি, নারী নির্যাতনসহ অন্যান্য চাঞ্চল্যকর যেসব মামলা স্থগিত করে রাখা হয়েছে, সেগুলো বাছাই করে স্থগিতাদেশ প্রত্যাহার করে মামলাগুলো পর্যায়ক্রমে চালু করতে হবে। এ ব্যাপারে পদক্ষেপ নেওয়া হবে। এ ছাড়া সরকারি স্বার্থসংশ্লিষ্ট মামলাগুলো আছে, যেগুলো বিভিন্ন কারণে উচ্চ আদালতে স্থগিত করে রাখা হয়েছে, দিনের পর দিন লোকচক্ষুর অন্তরালে চলে গেছে- সেগুলো দ্রুত শুনানির উদ্যোগ নেব। এসব মামলা শুনানির পর সরকার জয়লাভ করলে পুনরায় চালু হবে। দীর্ঘসূত্রতার কারণে ভালো ভালো মামলা যেন নষ্ট হয়ে না যায়, সেদিকে খেয়াল রাখা হবে। প্রয়াত অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম এসব মামলা দ্রুত শুনানির জন্য চেষ্টা করেছেন, আমিও চেষ্টা করব। প্রয়োজনে আমরা পিপিদের চিঠি দেব যে আপনাদের এখানে কোন কোন গুরুত্বপূর্ণ মামলা উচ্চ আদালতে স্থগিত আছে, তার তালিকা চাইব।

প্রশ্ন: উচ্চ আদালতে দুর্নীতি প্রতিরোধে আপনার ভূমিকা কী হবে?

অ্যাটর্নি জেনারেল: দুর্নীতি-অনিয়মের বিরুদ্ধে সব সময় আমাদের অভিযান রয়েছে। সুপ্রিম কোর্ট বারের সভাপতি নির্বাচিত হওয়ার পর থেকে আমি এ ব্যাপারে কাজ শুরু করি, যা এখনও অব্যাহত আছে। করোনার সময় উচ্চ আদালতে ভার্চুয়াল কোর্ট শুরুর দিকে আমরা একটি অনিয়মের খবর পেলাম, এরপর প্রধান বিচারপতির নেতৃত্বে আপিল বিভাগের সঙ্গে বারের আইনজীবীরা বসেছি। দুর্নীতি প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে। এতে করে উচ্চ আদালতের বিভিন্ন সেকশনে শৃঙ্খলা ফিরে আসছে। এফিডেভিট ও ফাইলিং শাখায় শৃঙ্খলা ফিরে এসেছে।

সুপ্রিম কোর্ট বার, অ্যাটর্নি জেনারেল অফিস মিলে দুর্নীতি প্রতিরোধে কাজ করেছি। বারে ওকালতনামায় অনিয়ম ধরা পড়ার পর পদক্ষেপ নিয়েছি। দুর্নীতি ও অনৈতিক কর্মকান্ড নিয়ে কারও সঙ্গে আমরা আপস করিনি; ভবিষ্যতেও করা হবে না। অন্যায় ও অনৈতিক কাজের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে। আদালতের কোথাও কোনো কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ পাওয়া গেলে যথাযথ কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করব।

প্রশ্ন : সরকার নারী নির্যাতনের সর্বোচ্চ শাস্তি যাবজ্জীবনের পরিবর্তে মৃত্যুদন্ড করার উদ্যোগ নিয়েছে। এ ব্যাপারে আপনার মত কী?

অ্যাটর্নি জেনারেল: সমাজের কিছু লোক গর্হিত এ অপরাধগুলো করছে। তাদের নিবৃত এবং অন্যদের নিরুৎসাহিত ও ভয় দেখানোর জন্য কঠিন ও দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে। এতে করে অন্যরা ভয় পাবে এবং পশুবৃত্তিটা কমে আসবে। এ ধরনের অপরাধ প্রমাণ হলে মৃত্যুদন্ড হবে জানার পর যেন ভবিষ্যতে আর কেউ এ ধরনের অপরাধের সঙ্গে জড়িয়ে না পড়ে, তার জন্য এ বিধান করা উচিত। যেমন দেখেন, নারী নির্যাতন দমন আইনের ৯(১) ধর্ষণের পর যদি কাউকে হত্যা করা হয়, তাহলে তার শাস্তি মৃত্যুদন্ড।

আমি মনে করি, ধর্ষণ কিন্তু শারীরিকভাবে নয়, মানসিকভাবে হত্যা করা হচ্ছে। আমাদের প্রধানমন্ত্রী অত্যন্ত সংবেদনশীল। তিনি যখন এটা দেখেছেন, সঙ্গে সঙ্গে আইনটা পরিবর্তনের জন্য আইনমন্ত্রীকে নির্দেশ দিয়েছেন। সরকারের এ উদ্যোগ অবশ্যই ভালো ও সঠিক। বর্তমান সমাজের জন্য এই বিধান অত্যন্ত উপযোগী।

প্রশ্ন : উচ্চ আদালতে মামলাজট কমাতে আপনার পদক্ষেপ বা সুপারিশ কী হবে?

অ্যাটর্নি জেনারেল: মামলাজট কমানোর ব্যাপারে প্রধান বিচারপতির সঙ্গে দেখা করে এ ব্যাপারে কথা বলব। এর আগে আইনজীবীদের সঙ্গে কথা বলব। সম্প্রতি প্রধান বিচারপতি আপিল বিভাগে পুরোনো মামলা অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তি করার ঘোষণা দিয়েছেন। এটা খুবই ভালো পদক্ষেপ। আদালতে বিচারাধীন থাকা রিট, সিভিল ও ফৌজদারি মামলা যদি ক্যাটাগরি বা শ্রেণীকরণ করা যায়, সে ক্ষেত্রে একটা মামলা দেখে ওই ক্যাটাগরির সব মামলা দ্রুত শেষ করা যাবে। এভাবেই হয়তো হাইকোর্ট বিভাগে অনেক মামলা নিষ্পত্তি করা যাবে।

তা ছাড়া পুরোনো যেসব মামলা অকার্যকর হয়ে গেছে, কার্যকারিতা হারিয়ে ফেলছে, কিন্তু মামলাটা রয়ে গেছে, তালিকায় (লিস্ট) থাকছে, নম্বর বাড়ছে, এগুলো চিহ্নিত করে শেষ করতে হবে। আপিল বিভাগেও এভাবে মামলা শেষ করা সম্ভব। এ ছাড়া বিচারপ্রার্থীদের বিশ্বাস ও আস্থা ধরে রাখার জন্য আদালতকে দ্রুত মামলা নিষ্পত্তি করতে হবে। সে ক্ষেত্রে বিচারক বাড়ানোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। মামলা ব্যবস্থাপনায় সুপ্রিম কোর্ট প্রশাসনকে আরও উন্নত ও আধুনিক হতে হবে।

প্রশ্ন: উচ্চ আদালতে যেভাবে মামলা বাড়ছে, সে হিসেবে মামলা নিষ্পত্তিতে বিচারক নেই। সে ক্ষেত্রে আপনার সুপারিশ কী হবে?

অ্যাটর্নি জেনারেল: উচ্চ আদালতে বছরের পর বছর যে হারে মামলা বাড়ছে, তাতে অবশ্যই বিচারক নিয়োগের প্রয়োজন আছে। যে পদ্ধতিতে উচ্চ আদালতে বিচারক নিয়োগ হচ্ছে, সেটা অবশ্যই সঠিক প্রক্রিয়া। বারের সিনিয়র আইনজীবীদের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে বিচারক নিয়োগ হচ্ছে। কারণ, আমাদের বিচক্ষণ আইনমন্ত্রী, তিনি একজন জ্যেষ্ঠ আইনজীবী। তিনি সবাইকে চেনেন। সে কারণে সাম্প্রতিককালে অভিজ্ঞ, দক্ষ ও যোগ্য আইনজীবীদের বিচারক নিয়োগ দেওয়া হচ্ছে।

আদালতের সংখ্যা বাড়ানোর জন্য সুপ্রিম কোর্ট এনেক্স ভবনের পেছনে একটা ভবন নির্মাণ করা হচ্ছে। আদালত বাড়ানো হলে সরকার যোগ্যতা ও দক্ষতার ভিত্তিতে অবশ্যই বিচারক নিয়োগ দেবে।

প্রশ্ন: সরকারের সঙ্গে বিচার বিভাগের সম্পর্ক কী হওয়া উচিত?

অ্যাটর্নি জেনারেল: দেখুন, বিচার বিভাগ ও নির্বাহী বিভাগ দুটি আলাদা স্বতন্ত্র প্রতিষ্ঠান। দুটোই স্বাধীন। সংবিধান অনুযায়ী বিচার বিভাগ চলবে। সংবিধানের নির্দেশিত পথ অনুযায়ী রাষ্ট্রের বিচার বিভাগ, নির্বাহী বিভাগ ও আইন বিভাগ তাদের নিজ নিজ অবস্থান থেকে চলবে। আমি রাষ্ট্রের আইন কর্মকর্তা হিসেবে সরকার ও বিচার বিভাগের মধ্যে সুসম্পর্ক গড়ে তুলতে একটা ব্রিজ (সেতুবন্ধ) হিসেবে কাজ করব।

প্রশ্ন: সময় দেওয়ার জন্য আপনাকে অসংখ্য ধন্যবাদ।

অ্যাটর্নি জেনারেল: সমকাল ও তার পাঠকদেরও ধন্যবাদ।

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

MOHAMMED KABIR
LIC. R.E. BROKER



RE-METCH REALTY INC.

* SALES
* RENTALS
* MORTGAGES
* REFINANCES

দীর্ঘ ২০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

2122 A Weschester Ave, Bronx, NY 10462

নিউইয়র্কে বাড়ী ক্রয়, বিক্রয়, ভাড়া সব রকমের সহযোগিতা করে থাকি।

CELL: (646) 238-6799
E-mail: kabir.remetchrealty@gmail.com
Tel: (347) 657-0801. Fax: (347) 657-0802

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office:
486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

বাংলাদেশের সকল পাঠ্যপুস্তকে বঙ্গবন্ধু'র

(৩ পাতার পর)

আলোচনা সভায় যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক, নিউজার্সী, আটলান্টা, বোস্টন, ক্যালিফোর্নিয়া ও অ্যালাব্যামা থেকে নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। এতে নেতৃবৃন্দরা বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' বইয়ের বিভিন্ন অংশ পাঠ করেন এবং মানুষের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে বঙ্গবন্ধুর দীর্ঘ সংগ্রামী জীবন নিয়ে আলোকপাত করেন।

সভায় 'অসমাপ্ত আত্মজীবনী' বই থেকে বঙ্গবন্ধুর ছাত্র জীবন, শেরে বাংলা ও সোহরাওয়ার্দীর সান্নিধ্যে আসা, প্রথম জেল খাটা, ১৯৪৮ সালে পাকিস্তান সংবিধান সভায় রাষ্ট্র ভাষা উর্দু করার প্রস্তাবকে প্রত্যাখ্যান করা ও তার প্রতিবাদ করা, যুক্তফ্রন্ট নির্বাচনে দলের স্বার্থে মন্ত্রিত্ব গ্রহণ করতে অনিচ্ছা প্রকাশ করা সহ বইয়ের বিভিন্ন অংশ পাঠ করা হয়।

সভায় বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী থেকে পাঠ করেন অধ্যাপক আহমেদ হাসান, যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের সহ সভাপতি ফাহিম রেজা নূর ও যুগ্ম সাধারণ সম্পাদক স্বীকৃতি বড়ুয়া, বঙ্গবন্ধু পরিষদ ক্যালিফোর্নিয়া শাখার সাধারণ সম্পাদক রানা মাহমুদ, বঙ্গবন্ধু পরিষদ আটলান্টা শাখার আরেফিন চৌধুরী পিয়াল। আলোচনায় অংশগ্রহণ করেন যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের উপদেষ্টা যথাক্রমে মোরশেদ আলম, এম এ সালাম ও হাকিকুল ইসলাম খোকন, মুক্তিযোদ্ধা মকবুল তালুকদার, লেখক ড. আশরাফ আহমেদ, সাংবাদিক নিনি ওয়াহেদ, অধ্যাপক ড. দেলোয়ার হোসেন, বঙ্গবন্ধু পরিষদ আটলান্টা শাখার সভাপতি সাংবাদিক রুমি কবির ও সাধারণ সম্পাদক মাহবুব রহমান ভূঁইয়া, বঙ্গবন্ধু পরিষদ বোস্টন শাখার আহবায়ক সফেদা বসু, একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি নিউ ইংল্যান্ড শাখার সভাপতি মাহফুজুর রহমান প্রমুখ।

সভায় বক্তারা বলেন, 'অসমাপ্ত আত্মজীবনী' বইটি পাঠ করলেই আমরা বুঝতে পারি জনগণের নেতা হবার যে গুণাবলী দরকার, সেই গুণাবলী বঙ্গবন্ধুর ছাত্রজীবন থেকেই ছিল। ছাত্র জীবন থেকে তিনি অসাম্প্রদায়িক ছিলেন, অন্যায়ের প্রতিবাদ করতেন, মানুষের অধিকার নিয়ে চিন্তা করতেন। ছোটবেলা থেকে নিজ বাড়ীতেই আনন্দবাজার, বসুমতী, আজাদ, মাসিক মোহাম্মদী ও সওগাত পত্রিকা পরে নিজেকে সমৃদ্ধ করতেন। বক্তারা বলেন, রাজনীতির পাশাপাশি বঙ্গবন্ধু একজন ভালো লেখকও ছিলেন, অসমাপ্ত আত্মজীবনী বইটি পড়লে আমরা বঙ্গবন্ধুর কত ভালো লিখতে পারতেন এবং উনার স্মৃতি শক্তি কত প্রখর ছিল তা বুঝতে পারি। পৃথিবীর কম দেশেই জাতির পিতা আছে, সেই দিক দিয়ে আমারা অতি সৌভাগ্যবান যে আমাদের একজন জাতির পিতা আছেন যিনি গান্ধীর মত একজন মহাত্মা, নেহেরুর মত একজন পন্ডিত ছিলেন।

যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রাফায়েত চৌধুরী সমাপনী বক্তব্য রাখেন এবং সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

জাতিসংঘে রাষ্ট্রদূত রাবাব ফাতিমা

(৩ পাতার পর)

জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। এ প্রসঙ্গে তিনি সন্ত্রাসবাদ ও সহিংস উগ্রবাদ প্রতিরোধে বাংলাদেশ সরকার গৃহীত বিভিন্নমূখী কর্মকাণ্ডের কথা তুলে ধরেন। স্থায়ী প্রতিনিধি বলেন, বাংলাদেশ সন্ত্রাস বিরোধী সকল আন্তর্জাতিক পদক্ষেপের সাথে যুক্ত। এছাড়া জাতীয় পর্যায়ে বাংলাদেশ 'সন্ত্রাস-বিরোধী আইন-২০১২' এবং মানি লন্ডারিং প্রতিরোধ আইন ২০০৯' প্রণয়নসহ ব্যাপকভিত্তিক প্রয়াস গ্রহণ ও বাস্তবায়ন করে চলেছে। তিনি আরও বলেন, সন্ত্রাস দমনে 'সমগ্র সমাজ কেন্দ্রিক' দৃষ্টিভঙ্গি গ্রহণের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি, কমিউনিটির অংশগ্রহণ, সন্ত্রাস প্রতিরোধ করে সমাজে শান্তি প্রতিষ্ঠার সামর্থ্য বৃদ্ধিসহ জাতীয় সক্ষমতা বৃদ্ধিতে ব্যাপকভাবে বিনিয়োগ করে যাচ্ছে বাংলাদেশ।

সন্ত্রাসবাদের বিরুদ্ধে বৈশ্বিক লড়াইয়ে নীতি নির্ধারণের জন্য ২০০৬ সালে গৃহীত 'জাতিসংঘের বৈশ্বিক সন্ত্রাসদমন কৌশল'-কে স্বাগত জানান রাষ্ট্রদূত ফাতিমা। এছাড়া আন্তর্জাতিক সন্ত্রাসবাদের ক্রমবর্ধমান ধারা নি-বিড়ভাবে পর্যবেক্ষণ এবং জাতিসংঘ সন্ত্রাস দমন কৌশলে যে সকল বাধ্যবাধকতা রয়েছে তা বাস্তবায়নার্থে উদ্ভাবনী সমাধানের সন্ধান করতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান তিনি।

সন্ত্রাসবাদের মূল কারণ খুঁজে বের করা এবং এসকল প্রবণতা নির্মূল করার লক্ষে চলমান 'আন্তর্জাতিক সন্ত্রাসবাদ দমন বিষয়ক ব্যাপকভিত্তিক কনভেনশন' অতিদ্রুত সম্পন্ন করার উপর জোর দেন রাষ্ট্রদূত ফাতিমা। সন্ত্রাসবাদ ও যে কোনো ধরনের সন্ত্রাসী কর্মকাণ্ড মোকাবিলার ক্ষেত্রে বাংলাদেশ সবসময়ই আন্তর্জাতিক সম্প্রদায়ের নির্ভরযোগ্য অংশীজন হিসেবে থাকবে মর্মে প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি।

কোভিড-১৯ এর কারণে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত এই সভা সংক্ষিপ্ত আকারে এবং সামাজিক দূরত্ব অনুসরণ করে অনুষ্ঠিত হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.
ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন

DR. MAHFUJUL HASAN D.D.S

DR. BORNALI HASAN MD
চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।
মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।
উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
আমাদের শাখা দু'টি
JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)
SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)
General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী


● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

বাংলা পত্রিকা
পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711





ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!


আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com



করনায় ট্রান্সফোটেকের দুই শিক্ষার্থী

(শেষের পাতার পর)

ট্রান্সফোটেক একাডেমিতে মাত্র ৫/৬ মাস প্রশিক্ষন নিয়ে শ্রমবাজারে নিজেদের অবস্থান গড়তে করতে সক্ষম হয়েছে আয়েশা সিদ্দিকি ও আকাশ ঘোষ। মহামারী করোনাকালীন সময়ে ঘরে বসে অযথা সময় নষ্ট না করে অনলাইনে ট্রান্সফোটেক একাডেমিতে ক্লাস শুর করেন তারা। নিয়মিত ক্লাস, প্র্যাক্টিস আর প্রশিক্ষকদের সার্বক্ষনিক তত্বাবধানে নিজেদের দক্ষতা বৃদ্ধি করে শ্রমবাজারে নিজেদের অবস্থান নিশ্চিত করতে সক্ষম হয়েছেন। যেখানে বিশ্বের জায়ান্ট কোম্পানী গুলো কর্মী ছাঁটাই করছে সেই সময়ে চাকরি পাওয়াটা সত্যিই চ্যালেঞ্জের ব্যাপার বলে দাবী করেন প্রতিষ্ঠানটির একাধিক শিক্ষার্থী।

এব্যাপারে জানতে চাইলে আয়েশা সিদ্দিকি বলেন, যুক্তরাষ্ট্রে কোভিড-১৯ সংক্রমণের মাত্রা বাড়তে শুর করলে যুক্তরাষ্ট্রসহ বিশ্বের অধিকাংশ দেশ লকডাউন করে দেয়া হয়। তখন ঘরে বসে অলস সময় পার না করে ট্রান্সফোটেক একাডেমিতে অনলাইনে "কিউএ অটোমেশন ইঞ্জিনিয়ারিং" বিষয়ে প্রশিক্ষন নেয়া শুর করি। যেহেতু আমি দুই সন্তানের জননী, তাই ঘর সংসার সামলে স্বশরীরে ক্লাসে গিয়ে কখনো কোর্স করতে পারিনি। কিন্তু ট্রান্সফোটেক একাডেমির সুবাদে পুরোপুরিভাবে বাসায় থেকে ক্লাস করে, এমনকি চাকরির জন্য ভাইভা পরিক্ষা দিলাম ঘরে বসে। আর কোর্স শেষ করার কিছুদিনের মধ্যে চাকরি পেয়েও গেলাম অনলাইনে।

এই প্রতিবেদকের সঙ্গে কথা বলার সময় এমন উচ্ছাস ছিলো আকাশ ঘোষের চোখে মুখেও। তিনি বলেন বিশ্বজুড়ে নামীদামী কোম্পানী যখন তাদের কর্মী ছাঁটাই করছে তখন চাকরি পাওয়াটা সত্যিই সোনার হরিণ পাওয়ার মত। আমি অনেক যায়গাতে চাকরির জন্য ভাইভা দিয়েছিলাম কিন্তু কোথাও কিছু হচ্ছিলো না। কিন্তু ট্রান্সফোটেক একাডেমিতে প্রশিক্ষন নেয়ার পরে মাত্র ৬ টা ভাইভা দেয়ার পরই স্থায়ীভাবে চাকরি পেয়েছি। যা আমার জন্য সত্যিকার অর্থেই অকল্পনীয় ছিলো।

এব্যাপারে ট্রান্সফোটেক একাডেমির পরিচালক আশরাফ সিদ্দিকি বলেন, মহামারী করোনাকালীন পরিস্থিতি বিবেচনা করে আমরা কোর্স ফি কমানো, চাকরির নিশ্চয়তা প্রদান, এমনকি বিনামূল্যেও প্রশিক্ষনের ব্যবস্থা করেছি। আমরা ইউনিক সিক্স স্টেপ প্রসেস এর মাধ্যমে শিক্ষার্থীদের প্রশিক্ষন দেই, ফলে চ্যালেঞ্জিং চাকরির বাজারে যায়গা করে নিতে পারে খুব সহজেই। তাছাড়া দক্ষ জনবল তৈরিতে ট্রান্সফোটেক একাডেমি সবসময় বদ্ধ পরিকর থাকবে বলেও জানান তিনি।

সীরাহ কনভেনশন ২৫

(শেষের পাতার পর)

কনভেনশন-২০২০' অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত কনভেনশনে বাংলা ও ইংরেজী দুই ভাষায় আলোচনা পর্ব এবং সাথে থাকবে কেরাত, গজল সহ সীরাত সংস্কৃতির বর্নাঢ্য আয়োজন। সীরাত কমিটি নবী করীম (সা:) প্রেমিকদের সাথে নিয়ে এবারের গুরুত্বপূর্ণ সীরাতুননবী কনভেনশন সফল করার জন্য সীরাত কমিটি'র পক্ষে ইমাম আতাউর রহমান জালালাবাদী ও ডাইরেক্টর এ,এম,সি মোহাম্মদ ফয়সাল নেওয়াজ সকলকে বিনীত অনুরোধ করেছেন। -প্রেস বিজ্ঞপ্তি

শেখ খলিলুর রহমানের ইন্তেকালে নিউইয়র্কে দোয়া

(শেষের পাতার পর)

প্রসিদ্ধ কওমি মাদরাসা জামিয়া লুৎফিয়া আনোয়ারুল উলূম বরুণা, মৌলভীবাজারের সদরে মুহতামিম ও শায়খুল হাদীস মাওলানা শায়খ খলীলুর রহমান পীরসাহেব বর্ণভী ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গত শুক্রবার (৯ অক্টোবর) রাত ২ টায় সিলেটের মৌলভীবাজার ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃতুকালে তাঁর বয়স হয়েছিলো প্রায় ৮০ বছর। তিনি ৩ ছেলে ৫ মেয়ে সহ অসংখ্য আত্মীয়,স্বজন,ভক্ত মুরিদান রেখে গেছেন।

সিলেট বিভাগের প্রখ্যাত বুযুর্গ শায়খুল ইসলাম সায়্যিদ হোসাইন আহমদ মাদানীর খলিফা কুতুবে দাওরান শায়খ লুৎফর রহমান বর্ণভী (রহ.) এর সুযোগ্য বড় সাহেবজাদা খলিলুর রহমান হামিদী ছিলেন ইসলামের যথার্থ জ্ঞানের অধিকারী একজন দ্বীনের দাঈয়ী ছিলেন।

মাওলানা খলিলুর রহমান ১৯৪৩ সালে বরুনা সাহেববাড়ীতে জন্মগ্রহণ করেন। আল্লামা খলিলুর রহমান হামিদীর ইন্তেকালে গভীর শোক প্রকাশ করেছেন, মাদানী একাডেমী অফ নিউইয়র্কের প্রেসিডেন্ট অধ্যাপক মাওলানা মুহিব্বুর রহমান। তিনি এক শোক বার্তায় বলেন, বরুনার পীরসাহেবের মৃত্যুতে বাংলাদেশে ইসলাম ও ধর্মপ্রাণ মুসলমানদের অপূরণীয় ক্ষতি হয়েছে, যা সহজে পূরণ হওয়ার নয়। তিনি মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত করেন এবং তাঁর পরিবার পরিজন যেন শোক সহ্য করতে পারেন সর্বশক্তিমান আলাহর কাছে তিনি সাহায্য কামনা করেন।

এদিকে হযরত মাওলানা খলিলুর রহমান এর জীবন ও কর্ম নিয়ে ভার্চুয়েল এক আলোচনা ও দুয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ১০ অক্টোবর শনিবার রাত নয়টায় মাদানী একাডেমী অফ নিউইয়র্ক আয়োজিত উক্ত মাহফিলে সভাপতিত্ব করেন সংগঠনের প্রেসিডেন্ট অধ্যাপক মাওলানা মুহিব্বুর রহমান। আস-সাফা ইসলামিক সেন্টারের ইমাম ও খতীব মাওলানা রফিক আহমদ রেফাহীর উপস্থাপনায় আলোচনায় অংশগ্রহণ করেন জামেয়া ইসলামিয়া মসজিদ অফ উডহ্যাভেনের ইমাম ও খতীব মাওলানা শায়খ আসআদ আহমদ, বায়তুশ শরফ জামে মসজিদ এন্ড ইসলামিক সেন্টারের ইমাম ও খতীব মাওলানা জাকারিয়া মাহমুদ এবং মারকাজুল উলূম আত তারবিয়ার প্রিন্সিপাল মাওলানা হামিদুর রহমান আশরাফ প্রমুখ। সভা শেষে মাগফিরাত কামনা মোনাজাত পরিচালনা করেন অধ্যাপক মাওলানা মুহিব্বুর রহমান।

জাতিসংঘের সাইডলাইনে সেন্টার ফর

(শেষের পাতার পর)

ওই সম্মেলন হলেও মহামারি করোনার কারণে এবার তা ভিন্ন আঙ্গিকে অনুষ্ঠিত হয়। মহামারি কোভিড-১৯ পরর্বতী সময়ে বৈশ্বিক অর্থনীতি পুনরুদ্ধারে দেশগুলোর পারস্পরিক সহযোগিতামূলক সম্পর্ক বিষয়ক গত ৩০ সেপ্টেম্বরের ওই সম্মেলনে বিশ্বের বিভিন্ন স্থান থেকে আমন্ত্রিত দেশি-বিদেশি গুরুত্বপূর্ণ অতিথিরা ভার্চুয়ালি যোগ দেন। সম্মেলনে বিশ্বজুড়ে থাকা বাংলাদেশি অভিবাসী কর্মী, জাতিসংঘের অধীনে বৈশ্বিক শান্তিরক্ষা কার্যক্রমে নিযুক্ত বাংলাদেশি সদস্য এবং করোনা যুদ্ধের সম্মুখযোদ্ধা স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তা নিশ্চিতে জোর দেয়া হয়। সেন্টার ফর এনআরবি'র সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, বাংলাদেশের ব্যবসা প্রতিষ্ঠান টিসিবিএল গ্রুপ সম্মেলনটির সহযোগী হিসেবে রয়েছে। এ-ও বলা হয়, আগামী ৩০ ডিসেম্বর সম্মেলনটির পরবর্তী সেশন আয়োজনের সিদ্ধান্ত হয়েছে। বছরব্যাপী চলা এনআরবি'র ওয়ার্ল্ড কনফারেন্স সিরিজ ২০২০-এর অধীনে অনুষ্ঠিত ওই সম্মেলনে সভাপতিত্ব এবং সঞ্চালনা করেন প্রতিষ্ঠানের চেয়ারপারসন এম এস সেকিল চৌধুরী।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ইঞ্জিনিয়ার মাঞ্জুরুল ইসলাম। এরপর প্রেসিডেন্ট আবদুল হামিদের শুভেচ্ছা বাণী পাঠ করেন সিএরআর-বি'র আয়েশা সিদ্দিকা এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুভেচ্ছা বাণী পাঠ করেন আনোয়ারা পারভীন বিথি। পরবর্তীতে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন দেন সেন্টার ফর এনআরবি'র সদস্য মুশরেকা আরোজ খান ওরিন।

সম্মেলনে আমন্ত্রিত অতিথি হিসেবে আলোচনায় অংশ নেন পররাষ্ট্রমন্ত্রী ড. একে আবদুল মোমেন, পরিকল্পনা-মন্ত্রী এম এ মান্নান, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক এবং প্রধানমন্ত্রীর অর্থনীতি বিষয়ক উপদেষ্টা ড. মশিউর রহমান। আলোচনায় অংশ নেন ডিজি এসএ-সএফ মেজর জেনারেল মোহাম্মদ মজিবুর রহমান, প্রফেসর ড. শামসুল আলম, ডেভিড কাউপার, ড. এনা-মুল হক এবং লেফটেন্যান্ট জেনারেল সাব্বির আহমেদ। কোভিড-১৯ সহ বিষয়-ভিত্তিক আলোচনায় সংযুক্ত ছিলেন– প্রধানমন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক ডা. এবিএম আব্দুল্লাহ, খ্যাতিমান চিকিৎসক ডা. তারেক আলম, ডা. মাসুদুল হাসান ও ডা. আহমেদ সালেহিন। বক্তা হিসেবে আরো সংযুক্ত ছিলেন আইইডিসিআর-এর কর্মকর্তা ডা. এএম আলমগীর, উপদেষ্টা ডা. মুশতাক হোসাইন, আমেরিকান চেম্বারের প্রেসিডেন্ট সৈয়দ এরশাদ আহমেদ, অর্থনীতিবিদ ড. কেএইচ. গোলাম মোয়াজ্জেম, সাবেক আইজিপি একেএম শহিদুল হক, চীনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মাহবুব উজ-জামান, লন্ডনে নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার সাঈদা মুনা তাসনিম, নিউইয়র্কে নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল সাদিয়া ফয়জুন্নেসা, শিকাগোতে নিযুক্ত বাংলাদেশের অনারারী কনসাল জেনারেল মনির চৌধুরী, ব্যবসায়ী ড. নুর রহমান, নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের ডেপুটি ইন্সপেক্টর ভিক্টোরিয়া পেরি, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের প্রেসিডেন্ট আসিফ ইব্রাহীম, শিক্ষার্থীদের প্রতিনিধি সাদিয়া আফরিন প্রাপ্তি।

সম্মেলনের সমাপনীতে ধন্যবাদ জ্ঞাপন করেন সেন্টার ফর এনআরবির বোর্ড মেম্বার ব্যাংকার ইশতিয়াক আহমেদ চৌধুরী।

ট্রাম্পের কাছ থেকে আর করোনা ছড়ানোর ঝুঁকি নেই বলছে চিকিৎসক

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছ থেকে অন্যদের করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার আর ঝুঁকি নেই বলে জানিয়েছেন তার ব্যক্তিগত চিকিৎসক শন কনলি। শনিবার প্রেসিডেন্টের নমুনা পরীক্ষার মাধ্যমে এ তথ্য জানা গেছে। এক বিবৃতিতে হোয়াইট হাউসের চিকিৎসক জানিয়েছেন,ট্রাম্পের করোনা টেস্টে দেখা গেছে, তিনি এখন আর অন্যদের জন্য ঝুঁকির কারণ নন। পরীক্ষার ফলাফল বলছে, প্রেসিডেন্টের শরীরে সক্রিয়ভাবে ভাইরাসের প্রতিলিপি তৈরির কোনও প্রমাণ পাওয়া যায়নি। তবে কনলির এ বিবৃতির বিষয়ে তাৎক্ষণিক কোনও মন্তব্য করেনি হোয়াইট হাউস। এমনকি, ট্রাম্পের করোনা টেস্টের ফলাফল নেগেটিভ এসেছে কি না সেটাও নিশ্চিত করেনি কেউ।



লংআইল্যান্ডে মাস্ক বিতরণ

৩ নভেম্বরের নির্বাচনে কংগ্রেসওম্যান গর্ডনকে ভোট দেয়ার আহ্বান

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের আসন্ন নির্বাচন উপলক্ষে নাসাউ কাউন্টির লংআইল্যান্ডে ডিষ্ট্রিক্ট-২ এর কংগ্রেসওম্যান জ্যাকি গর্ডন-এর পক্ষ থেকে গত ৯ অক্টোবর শুক্রবার সাধারণ ভোটারদের মাঝে মাস্ক এবং লিফলেট বিতরণ করা হয়। উল্লেখ্য, জ্যাকি গর্ডন লং আইল্যান্ডের বেশোর-এ সাবেক আরমি ল্যাফটেন, শিক্ষক মপযছ বেভিলন কাউন্টিতে কর্মরত ছিলেন।

এসময় আসন্ন নিবাচনে এবসেনটি ভোট ও আরলী ভোটের লিফলেট বিতরণ ও জ্যাকি গর্ডন-এর পক্ষে ভোট দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। এই অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন মূলধারার রাজনীতিবিদ ও কমিউনিটি অ্যাকটিভিষ্ট গোলাম ফারুক শাহীন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে রুমন প্রধান, শাহিদ মিয়া, ড. মোহাম্মদ ইউনুস, নওশের আব্দুল্লাহ, এটিএম আমীন, রিয়াদ কাওয়ান, কাতার চৌধুরী, রিয়াদ কাওয়ান, ইকবাল চৌধুরী, সারজেনট সামীর সাহ, মোহাম্মদ লান্টু , মোহাম্মদ নবী, মোহাম্মদ আমিনুল্লাহ, আব্দুস ছালাম, নুতন প্রজন্মের আদিয়ান প্রধান প্রমুখ উপস্থিত ছিলেন।



কুইন্স বাংলাদেশ সোসাইটির মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ

(শেষের পাতার পর)

মাগফেরাত কামনায় বিশেষ দোয়া মোনাজাত করেছে। নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় গত ১০ সেপ্টেম্বর শনিবার বিকেলে এই কর্মসূচীর আয়োজন করা হয়। ব্যক্তিক্রমী এই আয়োজনে সভাপতিত্ব করেন কুইন্স বাংলাদেশ সোসাইটির সভাপতি শামস উদ্দিনের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ মোনাজাত পরিচালনা করেন মরহুম কামাল আহমেদ-এর ভগ্নিপতি মওলানা মোশাররফ হোসেন। এসময় হাজী আব্দুর রহমান, সংগঠনের উপদেষ্টা তোফায়েল আহমেদ চৌধুরী সহ অন্যান্য কর্মকর্তাদের মধ্যে কাজী তোফায়েল ইসলাম, মইনুল ইসলাম, মোহাম্মদ জাবেদ উদ্দিন, আজিমর রহমান বুরহান, মাসুদুল হক ছানু সহ আরো অনেকে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সহ সাধারণ সম্পাদক মফিজুল ইসলাম ভূইয়া রুমি।

পরবর্তীতে উপস্থিত বাংলাদেশীসহ সহ ভীন দেশীদের মাঝে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার এবং তবারক বিতরণ করা হয়। সংশ্লিস্টরা লাইনে দাঁড়িয়ে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও তবারক গ্রহণ করেন।

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❊ ফিজিক্যাল এক্সাম ❊ স্কুল ও কলেজের জন্য টীকা ❊ টিএলসি এক্সাম ❊ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❊ ডায়াবেটিস ❊ উচ্চ রক্তচাপ ❊ থাইরয়েড ❊ এজমা ❊ বাতের ব্যথা ❊ চর্মরোগ ❊ যৌনরোগ এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে রক্ত পরীক্ষা, ইকেজি, স্পাইরোমেট্রি, প্রেগন্যান্সি, টিবি টেস্ট, কান ফুটো করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, PHS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যাদের ইন্স্যুরেন্স নেই তাদের জন্য হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্স্যুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

168-32 Highland Ave. Jamaica, NY. F ট্রেনে 169th St. (South Side)
Tel: 718-657-8325, 718-657-7300
মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

LAW OFFICES

OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালট্যান্স

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ্ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।


ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস

DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

FAMILY DENTAL



We Do
Implant & Veneers

আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এস্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংঃড়ৎরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝঃবরহধি ঝঃৎববঃ,
অংঃড়ৎরধ, ঘণ
ঘ ঃৎধরহ ঃড় ৩০ আব. ঝঃধঃরড়হ
ঞবষ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়



7 DAYS OPEN

AUTHORIZED e-file PROVIDER

718-475-5686

http://ArmanCPA.com

87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস
KARNAFULLY TAX SERVICES INC

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent
এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

Representation taxpayers IRS & State tax audit.

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Member of AICPA

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC

ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation
fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313
karnafullytax@yahoo.com, www.karnafullytax.com
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

AFFORDABLE SENIOR CARE OF NEW YORK LLC

ASC of NY

Licensed Home Health Care Agency

আমরা বাংলায় কথা বলি

আমাদের অফিস লোকেশন ব্রুকলিনের বাংলাদেশী অধ্যুষিত চার্চ ম্যাকডোনাল্ড এলাকায়

CDPAP

- বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
- আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।
- রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে।





Payment : As per wage parity $19.09

CDPAP প্রোগ্রামের আওতায় HHA /প্রশিক্ষণ ছাড়াই আপনার বৃদ্ধ, অসুস্থ বা শারিরীকভাবে অক্ষম মা-বাবা, শ্বশুর-শ্বাশুড়ি, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশীদের স্বাস্থ্য সেবা দিয়ে আয় করতে পারেন।

✓ প্রশিক্ষণ ও HHA সার্টিফিকেট থাকলে আপনি আমাদের মাধ্যমে যেকোন রোগীকে স্বাস্থ্যসেবা দিতে পারেন।

✓ আপনি কি HHA অথবা PCA হিসেবে চাকুরী খুঁজছেন?

তাহলে আপনি আমাদের প্রতিষ্ঠানে সুযোগ সুবিধাসহ আকর্ষণীয় বেতনে চাকুরী করতে পারেন।

CDPAP প্রোগ্রামের জন্য কোন সার্টিফিকেটের প্রয়োজন নেই।

রোগীর জন্য নিজ গৃহে সেবা পেতে অথবা রোগীকে সেবা দানের বিস্তারিত তথ্য জানতে বাংলায় কথা বলুন।

CDPAP Specialist: Tarin: 347-362-1525, OFF: 718-851-0325

Brooklyn OFFICE

338 East 5th Street, Brooklyn, NY 11218
(Church Ave & East 5 street)
Tarin: 718-851-0325

Jackson Heights OFFICE

37-15, 73rd Street, Jackson Heights Suite # 208
(Bangladesh Plaza)
Solaiman: 302-513-3837

Email: info@ASCofNY.com
www.affordableseniorcarenewyork.com/cdpap.html

Affordable Senior Care of New York, LLC is a Licensed Home Health Care Agency by the New York State Department of Health

Office Hour : Mon.-Friday (9am-5pm)

মেট্রোপলিটন লার্নিং ইন্‌স্টিটিউট, ইন্‌ক

নিউইয়র্ক ষ্টেট শিক্ষা অধিদপ্তর কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত
কাউন্সিল অন অকুপেশনাল এডুকেশন (সিওই) কর্তৃক এডক্রেডিয়েশনপ্রাপ্ত
একটি অলাভজনক শিক্ষা প্রতিষ্ঠান

আমাদের প্রোগ্রাম সমূহঃ
(সিওই অনুমোদিত এবং ফিন্যানসিয়াল এইড এর জন্য মনোনীত)

- মেডিকেল এডমিনিস্ট্রেটিভ এসিস্টেন্ট
- একাউন্টিং এসিস্টেন্ট
- কম্পিউটার অফিস টেকনোলজি উইথ মেডিকেল বিলিং এন্ড ইংলিশ
- কম্পিউটার অফিস টেকনোলজি উইথ বুককিপিং এন্ড ইংলিশ
- কম্পিউটার অফিস টেকনোলজি উইথ ইংলিশ (শুধুমাত্র ব্রুকলিন ক্যাম্পাস এর জন্য)
- মেডিকেল এডমিনিস্ট্রেটিভ এসিস্টেন্ট - সংক্ষিপ্ত (শুধুমাত্র প্রধান এবং ব্রুকলিন ক্যাম্পাস এর জন্য)

শর্ট প্রোগ্রাম
(সিওই অনুমোদিত তবে ফিন্যানসিয়াল এইড এর জন্য মনোনীত নয়)

- নার্স এসিস্টেন্ট / এইড (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)
- পেসেন্ট কেয়ার টেকনিসিয়ান (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)
- ফ্লেবোটমি টেকনিসিয়ান (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)
- ইকেজি টেকনিসিয়ান (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)



সুবিধাজসক ক্লাশসূচি
প্রভাতী ক্লাশ: সকাল ৯:০০ টা থেকে দুপুর ২:০০টা
সন্ধ্যাকালীন ক্লাশ: বিকাল ৫:১৫ টা থেকে রাত ১০:১৫টা

শনি ও রবিবার (শুধুমাত্র শর্ট প্রোগ্রামের জন্য)
সকাল ৯:০০ টা থেকে দুপুর ২:০০ টা

রয়েছে জব প্লেসমেন্ট সুবিধা

ফিনান্সিয়াল এইড
যোগ্যদের জন্য রয়েছে ফিনান্সিয়াল এইড সুবিধা

ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাংগুয়েজ (ESL)
(২য় ভাষা হিসাবে ইংরেজি) - লেভিল ওয়ান টু এইট

যোগাযোগ:
ডা. মাসুদুল হাসান
ডিরেক্টর মেডিকেল প্রোগ্রাম,
রিগোপার্ক শাখা

বিস্তারিত জানতে ভিজিট করুন: www.gettraining.org

প্রধান ক্যাম্পাস
৯৭-৭৭ কুইন্স বুলোভার্ড (৯ম তলা)
রিগো পার্ক, নিউইয়র্ক ১১৩৭৮
ফোন: ৭১৮-৮৯৭-০৪৮২

এক্সটেনশন ক্যাম্পাস
৫৬০ ৫৯ স্ট্রীট, ৫ম এভিনিউ
ব্রুকলীন, নিউইয়র্ক ১১২২০
ফোন: ৭১৮-৪৯২-২১২০

তাসলিমা খান - ৩৪৭-৮৩৬-২২২৬
খালেদা পারভিন - ৯২৯-৩০১-৯২৭৫
কাউসার জাহান - ৯১৭-৩৪০-৪৩৫৯

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে SE CI Sonali Exchange এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ ইন্‌ক
MOULVIBAZAR DISTRICT SOCIETY OF USA INC.

কার্যনির্বাহী পরিষদ
২০২০-২০২৩ (নির্বাচিত)

সভাপতি:	তজমুল হোসেন
সহ সভাপতি (১ম):	সৈয়দ রুহুল আলী
সহ সভাপতি (২য়):	সৈয়দ আবুল কাসেম
সাধারণ সম্পাদক:	মোহাম্মদ জাবেদ উদ্দিন
সহ সাধারণ সম্পাদক:	নিখিল দেবনাথ
কোষাধ্যক্ষ:	এমদাদ রহমান তরফদার
সাংগঠনিক সম্পাদক:	তারেক আহমদ
প্রচার সম্পাদক:	সৈয়দ ফাহমি
সমাজ কল্যাণ সম্পাদক:	হেলাল আহমদ
শিক্ষা সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক:	নিজাম উদ্দিন পাভেল
ক্রীড়া সম্পাদক:	জাবেদ আহমদ
মহিলা বিষয়ক সম্পাদিকা:	হাদিছা বেগম
কার্যনির্বাহী সদস্য ৭জন (উপজেলা প্রতিনিধি):	আমিনুর রহমান, আহমেদ কাওছার সুরনজিত পাল, মোহাম্মদ রিপন মিয়া মোমিত চৌধুরী, এমডি শামীম আহমেদ জাহাঙ্গির আলম

প্রতিটি পদে একাধিক প্রার্থী না থাকায়, উপরোক্ত ১৯ জন প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষনা করলাম।

১০.০৫.২০২০

সিরাজউদ্দিন আহমদ (সোহাগ)
প্রধান নির্বাচন কমিশনার
(৬৪৬) ৩৫০-৯৮৭০

মিছবা মজিদ	সৈয়দ সিদ্দীকুল হাসান	দারাদ আহমেদ	শ্যামল পাল	রফিকুল বারী শামীম
নির্বাচন কমিশন সদস্য	নির্বাচন কমিশন সদস্য	নির্বাচন কমিশন সদস্য	নির্বাচন কমিশন সদস্য	নির্বাচন কমিশন সদস্য
(৭১৮) ৯৪৭-৬২২৪	(৩৪৭) ৬৭৯-৮৩৪০	(৯১৭) ৭১৪-৬২৯২	(৬৪৬) ৩৩৮-৩৭৯৪	(৩৪৭) ৫৭৯-৮৮৭২

মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ ইন্‌ক-এর কার্যনির্বাহী পরিষদ ২০২০-২০২৩ (নির্বাচিত) সকল কর্মকর্তাকে আমরা অভিনন্দন জানাচ্ছি। উল্লেখ্য যে, সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে আমরা শীঘ্রই শপথ গ্রহণ প্রক্রিয়া সমাপ্ত করবো, ইনশাহ আল্লাহ।

শুভেচ্ছাসহ

সোহান আহমদ টুটুল
সভাপতি

সৈয়দ মামুন
সাধারণ সম্পাদক

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

মহিলাদের:* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM Saturday-Sunday: 12PM-5PM
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com
Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

যুক্তরাষ্ট্র জাতীয় পার্টির সভায়

ধর্ষণের বিরুদ্ধে প্রতিবাদের পাশাপাশি সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান



নিউইয়র্ক: বাংলাদেশব্যাপী ধর্ষণ ও নারী জাতির অবমাননার বিরুদ্ধে প্রতিবাদ সভা করেছে যুক্তরাষ্ট্র জাতীয় পার্টি (জাপা)। গত ৭ অক্টোবর বুধবার সন্ধ্যা ৬টায় জ্যাকসন হাইটস্থ পালকি পার্টি সেন্টারে এই সভার আয়োজন করা হয়।

জাতীয় পার্টি যুক্তরাষ্ট শাখার সভাপতি ও কেন্দ্রীয় কমিটির সদস্য হাজী আবদুর রহমানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক ও কেন্দ্রীয় কমিটির সদস্য আবু তালেব চৌধুরী চান্দুর পরিচালনায় সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র জাপা'র সিনিয়র উপদেষ্টা সৈয়দ শওকত আলী, উপদেষ্টা গিয়াস মজুমদার, সিনিয়র সহ সভাপতি জসিম উদ্দিন চৌধুরী, সহ সভাপতি ও কেন্দ্রীয় সদস্য এডভোকেট আলহাজ্ব হারিস উদ্দিদন আহমেদ, সহ সভাপতি ডা. সেলিম চৌধুরী, যুগ্ম সাধারণ সম্পাদক আসেফ বারী টুটুল ও মোঃ আবদুল করিম, সাংগঠনিক সম্পাদক ওসমান চৌধুরী, মহিলা বিষয়ক সম্পাদিকা জেসমিন আকতার চৌধুরী, যুব বিষয়ক সম্পাদক শফি আলম, কোষাধ্যক্ষ জি.এম. ইলিয়াস, যুগ্ম প্রচার সম্পাদক ফেরদৌস ওয়াহিদ, সমাজকল্যাণ সম্পাদক আবুল কাশেম চৌধুরী, যুক্তরাষ্ট্র মহিলা পার্টির সভাপতি ডা. নার্গিস রহমান, সাধারণ সম্পাদক শাহানাজ বেগম, যুক্তরাষ্ট্র জাতীয় যুব সংহতির সহ সভাপতি হাসান সিকদার, মীর জাফর, নিউইয়র্ক স্টেট সভাপতি এডভোকেট মোহাম্মদ হানিফ, সিটি কমিটির সভাপতি শুভংকর গাঙ্গুলী প্রমুখ।

সভায় বক্তারা বলেন, নোয়াখালীর বেগমগঞ্জের ঘটনায় জাতি আজ প্রতিবাদে উত্তাল, বর্তমান সরকারের ছাত্র নামদারী সংগঠনের সদস্য সারাদেশে ধর্ষণ রাজত্ব কায়েম করেছে। এই ধর্ষণের দৃষ্টান্তমূলক শাস্তির জন্য সর্বোচ্চ মৃত্যুদন্ডের বিধান রেখে ধর্ষণ মামলার বিদ্যমান আইন সংশোধন করতে হবে। নারী ধর্ষণ মামলার বিচার করতে বিশেষ ট্রাইবুন্যাল গঠন করতে হবে। তিন মাসের মধ্যে বিচার সম্পন্ন করে দ্রুততার সাথে রায় কার্যকর করলে ধর্ষণ নামক সামাজিক ব্যাধি থেকে জাতি মুক্ত পাবে বলে বক্তারা আশাবাদ ব্যক্ত করেন।

বক্তারা বলেন, জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা, সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহাম্মদ এরশাদ নারীর প্রতি এসিড সন্ত্রাস বিরুদ্ধে মৃত্যুদন্ড আইন করে চিরতরে নিমূল করেছিল। বর্তমান সরকারের নামধারী নেতা-কর্মীরা দেশে ধর্ষণ, সন্ত্রাস, কোটি কোটি টাকা লুট করে বিদেশে বাড়ী-গাড়ী, ব্যবসা তৈরী করছে। অথচ সরকার প্রধান বলছেন, তিনি দেশ দুর্নীতিমুক্ত করতে চাই, কিন্তু নিজ দলীয় লোকজনই বেশি দুর্নীতির সাথে জড়িত।

সভায় সকলে প্রবাসীদের দীর্ঘ দিনের দাবী বাংলাদেশ বিমান 'নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক' রুটে পুনরায় চালুর চুক্তির এজন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ ও অভিনন্দন জানানো হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

আল্লামা মামুনুল হক ভারপ্রাপ্ত মহাসচিব নির্বাচিত

খেলাফত মজলিস যুক্তরাষ্ট্র শাখার অভিনন্দন

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশ খেলাফত মজলিস-এর ভারপ্রাপ্ত মহাসচিব নির্বাচিত হয়েছেন শাইখুল হাদিস বিন শাইখুল হাদিস আল্লামা মামুনুল হক। তিনি মহাসচিব (ভারপ্রাপ্ত) নির্বাচিত হওয়ায় বাংলাদেশ খেলাফত মজলিস যুক্তরাষ্ট্র শাখা শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছে।



সংগঠনের সভাপতি মুফতি লুৎফুর রহমান ক্বাসিমী এক বিবৃতিতে ভারপ্রাপ্ত মহাসচিব আল্লামা মামুনুল হক-কে অভিনন্দন ও প্রাণঢালা শুভেচ্ছা জানিয়ে বলেন, আল্লাহর জমীনে আল্লাহর খেলাফত কায়েমের লক্ষ্যে সকলকে বাংলাদেশ খেলাফত মজলিসের প্লাটফর্মে জমায়েত হওয়ার আহবান জানিয়েছেন। তিনি বলেন, 'সময় এসেছে নয়া জামানার, ভাঙ্গা কেল্লায় উড়ে নিশান।' বিবৃতিতে তিনি বলেন, আল্লামা মামুনুল হক লক্ষ লক্ষ তৌহিদি জনতার আশার আলো। তাঁর সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশ খেলাফত মজলিসের কার্যক্রম আরো গতিশীল হবে এই প্রত্যাশা এবং ভবিষ্যতে সব কর্মসূচিতে বাংলাদেশ খেলাফত মজলিস যুক্তরাষ্ট্র শাখা পাশে থাকবে।



আমেরিকা বাংলাদেশ সেবক সমিতি'র আরাধনা আসর অনুষ্ঠিত





বাংলা পত্রিকা রিপোর্ট: বাঙালী খ্রীষ্টধর্মাবলম্বীদের মাঝে পরিচিত সংগঠন আমেরিকা বাংলাদেশ সেবক সমিতি'র আরাধনা আসর নিউইয়র্কের করোনাস্থ ইভানজ্যালিকাল বেঙ্গল চার্চ-এ গত ২৬ সেপ্টেম্বর শনিবার অনুষ্ঠিত হয়। অকাল মহামারি দুর্যোগ-দুর্দশার এই চরম সময়ে এমনি এক আসর ভক্তদের মাঝে আলোড়ন তোলে। বিপুল সংখ্যক ভক্তের উপস্থিতিতে সর্বজন শ্রদ্ধেয় সাধু খ্রীষ্টফার অধিকারীর সভাপতিত্বে আরাধনার এই আসর শুরু হয়। আসরের মূল সুর, 'হে ঈশ্বর ভীত লোক সকলে, তোমরা আসিয়া শ্রবন করো, আমার প্রাণের জন্যে তিনি যাহা করিয়াছেন, তাহার বর্ননা করি' গীতসংহীতা ৬৬:১৬। গ্রাম বাংলার ভাটিয়ালি সুরের ধন্যবাদ প্রশংসার এই উপাসনা সবাইকে যেমন অন্দলিত করে তেমন স্বর্গস্ত পিতা ঈশ্বরের প্রতি অগাধ কৃতজ্ঞতায় সবার মন নত হয়। মূল সুরে ও বচনে প্রভুর বাকয় বিভাজন করেন রেভা জেমস রয়।

আসরে উল্লেখযোগ্য বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে সমিতির সহ সভাপতি যোশেফ ডি বিশ্বাস, সম্পাদক জন সমীর রত্ন সহ প্রশান্ত কুন্দা, শ্রীকান্ত বাড়ৈ, ডেভিড সরকার প্রমুখ উপস্থিত ছিলেন। উপাসনার পর ছিলো প্রীতিভোজ।

হত্যা, ধর্ষণ ও নারীজাতি অবমাননার প্রতিবাদে নিউইয়র্কে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশব্যাপী হত্যা, ধর্ষণ ও নারী জাতির অবমাননার প্রতিবাদে নিউইয়র্কে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গত ৭ অক্টোবর সিটির জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় দেশব্যাপী চলমান ধর্ষণের প্রতিবাদ জানিয়ে সংহতি সমাবেশ করেছেন প্রবাসের বিভিন্ন পেশার মানুষ। এসময় তারা ধর্ষণ বিরোধী লেখা সম্বলিত নানা শ্লোগান ও ব্যানার বহন করেন।

বিক্ষোভ সমাবেশ বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা ফারুক হোসাইন, যুক্তরাষ্ট্র জাসদ-এর সাধারণ সম্পাদক নুরে আলম জিকু, কবি-ছড়াকার-উপন্যাসিক দর্পন কবীর, ছাত্র ইউনিয়নের সাবেক নেতা জাকির হোসেন বাচ্চু, যুক্তরাষ্ট্র হিন্দু ইউনিটির আহ্বায়ক দীনেশ মজুমদার, ঢাকা গণজাগরণ মঞ্চ-এর জাকির হোসেন বনি, সম্মিলিত সাংস্কৃতিক জোটের কর্মী গোপাল স্যানাল, প্রজন্ম একাত্তরের আহ্বায়ক শিবলী সাদিক, যুব ইউনিয়নের সাবেক কর্মী সনজীবন কুমার, সাংস্কৃতিক কর্মী শুভ রায় প্রমূখ। সমাবেশ সঞ্চালনা করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্র নেতা মুজাহিদ আনসারী।

সমাবেশে অন্যান্যের মধ্যে মুক্তিযোদ্ধা মীর মশিউর রহমান, চিত্র শিল্পী তারিক হাসান, লেখক সেলিনা আকতার তুহিন, বাংলা চ্যালেনের সম্পাদক শাহ জে. চৌধুরী, এটিএন বাংলা'র বার্তা সম্পাদক কানু দত্ত, নাট্যকর্মী তোফাজ্জল লিটন, হিন্দু ইউনিটির নিতাই বাগচী, সনজীব কুমার ঘোষ, হিন্দু-বৌদ্ধ-খৃষ্টান ঐক্য পরিষদের গোবিন্দ জি. বানিয়া হোসনে আরা চৌধুরী, প্রতীমা সরকার, নুরন্নাহার বেগম, বিপুল কে সাহা, মুক্তি সরকার, পপি ঘোষ প্রমুখ উপস্থিত ছিলেন।

সমাবেশে বক্তারা বলেন, দেশে বিচারের দীর্ঘসূত্রিতা ও বিচার না হওয়ার একটা সংস্কৃতি তৈরি হয়েছে। বর্তমান সময়ে আমরা লক্ষ্য করছি যে সারাদেশে আশঙ্কাজনক হারে হত্যা ও ধর্ষণের মত ঘটনা বেড়ে গেছে । ধর্ষকের কোনও দল নেই। সুস্থ্য সাংস্কৃতিক চর্চাই পারে দেশের মানুষের বিবেককে জাগ্রত করতে। এখন প্রয়োজন মানুষের বিবেককে জাগ্রত করা।

বক্তারা আরো বলেন, ধর্ষণের হার কমানোর জন্য দেশের আইন প্রণেতারা কোন কাজ করছে না। তবে যারা ধর্ষণের মত জঘন্য কাজ করছে তাদের সংখ্যা সমাজে খুব বেশি না। তাই সমাজের সবাই যদি একসাথে সকল অন্যায়-অপরাধের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে পারি তাহলে সমাজ আরো বেশি সুন্দর হবে

"উন্নয়ন-অধিকারসহ সকল মানবাধিকারের সুরক্ষা ও অগ্রায়নকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে বাংলাদেশ"-রাষ্ট্রদূত রাবাব ফাতিমা

নিউইয়র্ক: জাতিসংঘ সাধারণ পরিষদের চলমান ৭৫তম অধিবেশনের আওতায় তৃতীয় কমিটির সাধারণ বিতর্কে অংশগ্রহণ করে জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা গত ৫ অক্টোবর সোমবার মানবাধিকার সুরক্ষা ও অগ্রায়নের ক্ষেত্রে বাংলাদেশের অবিচল প্রতিশ্রুতির কথা পুনর্ব্যক্ত করলেন। তিনি বলেন, 'জন-কেন্দ্রিক' ও 'সমগ্র সমাজ কেন্দ্রিক' দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ তার জনগণের সকল মানবাধিকারের সুরক্ষা ও অগ্রায়নে কাজ করে যাচ্ছে। সামাজিক উন্নয়ন, নারী ও বালিকাসহ সকল নাগরিকের মানবাধিকার রক্ষা, আইনের শাসন এবং এ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালীকরণ, সন্ত্রাসবাদ ও সহিংস উগ্রবাদের মতো বৈশ্বিক চ্যালেঞ্জসমূহ মোকাবিলা এবং সাইবার অপরাধ ও মাদকসহ অন্যান্য অপরাধ দমনে বাংলাদেশ যে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে তা তুলে ধরেন রাষ্ট্রদূত ফাতিমা।

বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর ফলে সৃষ্ট স্বাস্থ্য ঝুঁকি এবং চলমান আর্থ-সামাজিক কর্মকান্ডে এর সম্ভাব্য প্রভাব মোকাবিলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার গৃহীত ত্বরিত ও কার্যকর পদক্ষেপসমূহের কথা উল্লেখ করেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি। জাতিসংঘ মহাসচিব কর্তৃক তৃতীয় কমিটিতে দাখিলকৃত বিভিন্ন প্রতিবেদনে মানবাধিকার রক্ষাসহ সামাজিক খাতে বাংলাদেশের অর্জনসমূহের যে স্বীকৃতি দেওয়া হয়েছে তা তুলে ধরেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি।

রাষ্ট্রদূত ফাতিমা রোহিঙ্গা সমস্যার বিষয়টিও এই কমিটিতে তুলে ধরেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বানের আলোকে এই সমস্যার সমাধানে তিনি আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান। রোহিঙ্গা বিষয়ে তৃতীয় কমিটিতে গৃহীতব্য রেজুলেশনটিকে সমর্থন জানাতে সদস্য দেশসমূহের প্রতি আহ্বান জানান তিনি।

কোভিড-১৯ এর দীর্ঘমেয়াদী প্রভাব সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি। বৈশ্বিক এই মহামারির কারণে এসডিজি অর্জনের ক্ষেত্রে সৃষ্ট প্রতিবন্ধকতা কাটিয়ে তুলতে "প্রচলিত কার্যধারা"-এর বাইরে এসে সকলকে একসাথে কাজ করার আহ্বান জানান তিনি।

উল্লেখ্য, কোভিড-১৯ এর কারণে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত তৃতীয় কমিটির এই সভা সংক্ষিপ্ত আকারে এবং সামাজিক দূরত্ব অনুসরণ করে অনুষ্ঠিত হচ্ছে। -প্রেস বিজ্ঞপ্তি।

বাড়ি থেকে কাজ করে ক্লান্ত

(প্রথম পাতার পর)

সাক্ষাতকারে তিনি এমনটি জানিয়েছেন।

তার মতে, এভাবে বাড়ি থেকে কাজ করতে গিয়ে পুরো দিনই তার ঘুম পাচ্ছে এবং ক্লান্ত হয়ে পড়ছেন। তিনি বিশেষত দোষারোপ করেছেন ভিডিও কলকে, তার জন্য অনেক বেশি মনসংযোগ লাগছে এবং লোকজনকে ক্লান্ত করে দিচ্ছে।

সাক্ষাৎকারে নাদেলা বলেছেন, সকালে প্রথমেই ৩০ মিনিট ধরে ভিডিওতে মিটিং করলে আপনি ক্লান্ত হয়ে পড়বেনই কারণ ভিডিওর দিকে তাকিয়ে মনঃসংযোগ করার প্রয়োজনে। নাদেলার মন্তব্য এমন সময় এলো যার একদিন আগে মাইক্রোসফট জানিয়েছে, তার কর্মীদের স্থায়ীভাবে বাড়ি থেকে কাজ করার অনুমতি দেবে। বর্তমানে বিশ্বের অন্যান্য সংস্থার মতই এই করোনা সংকটে মাইক্রোসফট কর্মীদের দিয়ে বাড়িতে থেকেই কাজ চালাচ্ছে। গুগল ফেসবুকের মতো বড় প্রযুক্তি সংস্থা যতদিন পারছে এই রকম করোনা সংক্রমণ কালে বাড়ি থেকেই কাজ করিয়ে নিতে চাইছে। গুগল সিইও সুন্দর পিচাই সম্প্রতি জানিয়েছেন, কর্মীরা পরের গ্রীষ্ম পর্যন্ত মানে মে-জুন মাস পর্যন্ত বাড়ি থেকেই কাজ করবে বলে আশা করা হচ্ছে।

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট পদে প্রার্থী ১২১৬ জন!

(প্রথম পাতার পর)

জানেন? ফেডারেল ইলেকশন কমিশনের ৯ অক্টোবরের হিসাবমত, প্রেসিডেন্ট পদে প্রার্থিতার ফরম পূরণ করেছেন ১২১৬ জন। তার মধ্যে ট্রাম্প, জো বাইডেন তো আছেনই। এর বাইরে আছেন ১২১৪ জন প্রার্থী। তারা ছোট ছোট দলের অথবা স্বতন্ত্র প্রার্থী। তাদেরকে নিয়ে তেমন কোনো আলোচনা নেই। কারণ, তারা নির্বাচনে প্রভাব বিস্তার করতে পারেননি। ২৩০ বছরের বেশি সময় ধরে যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট পদ্ধতি চলছে। কিন্তু এত দীর্ঘ সময়ের মধ্যে প্রথম এবং একমাত্র স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে বিজয়ী হয়েছিলেন জর্জ ওয়াশিংটন। এ খবর দিয়েছে অনলাইন বিবিসি।

এবার নির্বাচনে লিবারেটারিয়ান পার্টি থেকে প্রেসিডেন্ট পদে মনোনয়ন পেয়েছেন জো জর্গেনসেন। তার রানিংমেট হিসেবে আছেন হ্যারি ব্রাউন। গ্রিন পার্টি থেকে প্রেসিডেন্ট পদে মনোনয়ন পেয়েছেন হাউই হকিনস। এ ছাড়া আরো আছেন অনেক প্রার্থী। তাদের মধ্যে তিনজনের সঙ্গে কথা বলেছে বিবিসি। এর মধ্যে আছেন জেইড সিমন্স। তিনি সাবেক একজন বিউটিকুইন, পেশাদার কনসার্ট পিয়ানিস্ট, মোটিভেশনাল স্পিকার, র‍্যাপার, একজন মা এবং একজন পাস্তুর। তিনি একজন অস্বাভাবিক প্রার্থী। তবে এখন তিনি প্রতিদ্বন্দ্বিতা করছেন অস্বাভাবিক সময়ে। তিনি বলেছেন, আমার কাছে মনে হচ্ছে এখন এমন এক সময় যখন আমরা স্বাভাবিক ব্যবসা করতে সক্ষম হচ্ছি না। জেইড সিমন্স বলেছেন, আমি একজন নাগরিক অধিকারকর্মীর মেয়ে। আমার পিতা আমাকে এমনভাবে বড় করেছেন তা ছিল, যখন তুমি অকার্যকর অবস্থা দেখবে, অবিচার দেখবে তখন নিজের কাছে প্রশ্ন করো, তাতে তোমার চুপ করে থাকা উচিত কিনা।

জেইড সিমন্স বলেন, তার লক্ষ্য হলো সবার জন্য সমান সুযোগ, অর্থনৈতিক মাধ্যমে, শিক্ষায় ও ক্রিমিনাল ন্যায়বিচার সংস্কার করা। তিনি যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে কম খরচের প্রচারণা চালাতে চান।

নির্বাচনে প্রচারণা করছেন আরেকজন প্রার্থী। তিনি ব্রুক পিয়ার্স। তার পরিচয়, তিনি শিশু বিষয়ক সাবেক একজন অভিনেতা। তাকে দেখা গেছে 'মাইটি ডাকস'-এ। ১৯৯৬ সালে একজন প্রেসিডেন্টের ছেলে হিসেবে অভিনয় করেন 'ফার্স্ট কিড' কমেডি ছবিতে। পরে তিনি প্রযুক্তি বিষয়ক উদ্যোক্তা হিসেবে ক্যারিয়ার শুরু করেন। বলা হয়, তিনি সম্ভবত এখন ক্রিপ্টো কারেন্সির বিলিয়নিয়ার। তিনি কেন প্রেসিডেন্ট পদে নির্বাচন করছেন? এ প্রশ্নের জবাবে তিনি বলেছেন, দেশের অবস্থা নিয়ে তিনি গভীরভাবে উদিগ্ন। আমার মনে হয় ভবিষ্যত সম্পর্কে আমাদের বাস্তবসম্মত দৃষ্টিভঙ্গিতে ঘাটতি আছে। আমি বলতে চাই, আমরা ২০৩০ সালে কেমন পৃথিবীতে বাঁচতে চাই? সে সম্পর্কে আমাদের পরিকল্পনা কি? আমরা কোথায় এগিয়ে যাচ্ছি, আপনি জানেন? আপনাকেতো কিছু একটা লক্ষ্য নির্ধারণ করতে হবে। কিন্তু আমি দেখতে পারছি প্রচুর কাদা ছোড়াছুড়ি। প্রচুর মানুষের সামনে গেম-চেঞ্জিং আইডিয়া নেই। এটা এক উদ্বেগজনক ব্যাপার। তাই কি করবো সে বিষয়ে আমার একটি দৃষ্টিভঙ্গি আছে।

উল্লেখ্য, গত চার বছর ধরে পুয়ের্তো রিকোতে জনহিতৈষী কাজে মনোযোগ দিয়েছেন পিয়ার্স। এক্ষেত্রে তার ফাউন্ডেশন সম্প্রতি সামনের সারিতে থাকা ব্যক্তিদের জন্য পিপিই কেনার জন্য ১০ লাখ ডলারের তহবিল সংগ্রহ করেছেন। তিনি বলেছেন, জনগণের জীবন, স্বাধীনতা এবং সন্তুষ্টিকে তিনি আরো উন্নত করতে চান।

মার্ক চার্লস একজন নিরপেক্ষ প্রার্থী। তিনি পেশাগত দিক দিয়ে একজন কমিউটার প্রোগ্রামার এবং প্রযুক্তি বিষয়ক বিশেষজ্ঞ। তিনি মার্কিনিদের সামাজিকতায় পাশে থাকতে চান। কাজ করতে চান সব ধর্মবর্ণের মানুষের জন্য।ট্রাম্প ও বাইডেনে বিরক্ত এমন ভোটারদের কাছ থেকে তিনি ভোট চান।

যুবতীকে লজ্জা ঢাকতে


(প্রথম পাতার পর)

উপরের অংশে যে পোশাক ছিল, তা ছিল আসলে অন্তর্বাসের চেয়েও হালকা কিছু। তাতে শরীরের প্রায় পুরোটা অংশ দেখা যাচ্ছিল। এ অবস্থায় তিনি বিমানে আরোহন করলে অন্য যাত্রীরা ফ্যাল ফ্যাল করে তাকিয়ে থাকবেন। তাই তাকে বোর্ডিংয়ে থামানো হলো। একজন ক্যাপ্টেন তার গায়ের টি-শার্ট খুলে দিলেন। তাকে সেটা পরতে বাধ্য করা হলো। তারপর বোর্ডিং সম্পন্ন করে তিনি বিমানে আরোহন করলেন।

গত মঙ্গলবার এ ঘটনা ঘটে। এ নিয়ে ওই ঘটনার শিকার নারী যুক্তরাষ্ট্রের শিকাগোর বাসিন্দা। তার নাম কাইলা এউব্যাঙ্কস। তিনি নিজেই টুইটারে এ তথ্য প্রকাশ করেছেন। নিজেই বলেছেন, তিনি খুব বেশি বুক কাটা একটি কালো টপ পরেছিলেন। এতে তার শরীরের স্পর্শকাতর অংশ দেখা যাচ্ছিল। টুইটারে তিনি লিখেছেন, সাউথওয়েস্ট এয়ারের ফ্লাইট থেকে আমাকে দূরে রাখা হয়েছিল। কারণ, আমার শরীরের উপরের অংশ ছিল উস্কানিমুলক, আপত্তিকর। আমাকে বলা হয়েছিল, এমন পোশাক পরে বিমানে আরোহন করলে তাতে অন্য যাত্রীরা আমার দিকে তাকিয়ে থাকতে পারেন। এটা এক আপত্তিকর অবস্থা হবে। কাইলা এউব্যাঙ্কস টুইটারে তার বাথরুমের সেলফি দিয়ে এসব লিখেছেন। এ সময় তিনি ছিলেন একটি দীর্ঘ লাল স্কার্ট পরা।







আপনার প্রয়োজনীয় চিকিৎসা করান।




" ফ্লু এর জন্য একটি টীকাকরণ সহ, স্থগিত রাখা আপনার ও আপনার পরিবারের প্রয়োজনীয় চিকিৎসা করানোর এটাই সময়। আপনার একজন ডাক্তারের প্রয়োজন হলে, 311 নম্বরে ফোন করুন।"

— *Dave A. Chokshi, MD, MSc*
হেলথ কমিশনার
NYC বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তর

NYC Health

নিজেকে মুক্ত করুন?

অসুস্থ হওয়ার আগেই হেল্‌থ কেয়ার পাওয়ার অধিকার রয়েছে আপনার, সপ্তাদে ৭ দিনের ২৪ ঘন্টা আপনার ঔষধ পওয়ার সুবিধা রয়েছে। আপনার চিকিৎসকের হাতে।



আপনার হেল্‌থ ইন্স্যুরেন্স না থাকলে আমরা সাহায্য করতে পারি **NYC Care**, আপনার স্বাস্থ্যবিমা প্রয়োজন হলে যোগাযোগ করুন NYC Health + Hospitals facilities

চিকিৎসা ব্যয় পরিশোধে অসমর্থ বা ইমিগ্রেশন স্ট্যাটাস এর ক্ষেত্রে প্রযোজ্য হবেনা

Enroll in NYC Care and make an appointment today!

1-646-NYC-CARE
nyccare.nyc

NYC HEALTH+ HOSPITALS
NYC CARE Your Key to the City's Health Care



AL-AQSA
PARTY HALL

১০০ থেকে ১৫০ জন এর
ধারণ ক্ষমতা সম্পন্ন

বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন, বেবী শাওয়ার, সুইট সিক্সটিন, সহ যে কোন সামাজিক পার্টি ও
সভা-সেমিনারের জন্য অত্যন্ত মনোরম পরিবেশ

2107 Starling Avenue,Bronx, NY 10462
718-904-7061, 347-479-8629

ব্রঙ্কসে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে পুরনো ও সর্ববৃহৎ
AL AQSA RESTAURANT

কাচ্চি বিরিয়ানী, তেহারী, কাবাব, ডাল-ভাত, মাছ-মাংস, ভাজি-ভর্তা, সিঙ্গারা,
সমুচা, মোগলাই পরাটা, রসমালাই, চমচম সহ সব ধরণের খাবার পাওয়া যায়।

সেই সাথে রয়েছে মালাই চা



ব্রঙ্কসের পার্কচেস্টারে একমাত্র হাউজ হোল্ড ডিসকাউন্ট ষ্টোর
AL AQSA Household Discount Store

সংসারের যাবতীয় প্রয়োজনীয় জিনিসপত্র, মেলামাইন,
প্লাস্টিক ও এলুমিনিয়াম, হাড়ি-পাতিল, কাপ-প্লেট,
বালতি, মগ,জগ, বদনা, ষ্টেইনলেসের চামচ,
কাটা চামচ, ইলেকট্রিক প্রেশার কুকার, রাইস কুকার,
টোস্টার, ব্লেন্ডার, জুসার সহ সবকিছু পাওয়া যায়

ব্রঙ্কসের বাংলাবাজারে সবচেয়ে বড় গ্রোসারী
AL AQSA Halal Meat & Supermarket




সবধরনের হালাল মিট, মাছ, টাটকা শাক-সবজি,
চাল, ডাল, তেল, লবণ, মশলাপাতি,
ফলমূলসহ গ্রোসারী সামগ্রীর বিপুল সমাহার
718-904-0700

PLEASE CAST YOUR VOTE FOR

Joe Biden

&

Kamala Harris





যুক্তরাষ্ট্রের আসন্ন নির্বাচনে প্রেসিডন্টে পদপ্রার্থী

জো বাইডেন

এবং ভাইস প্রেসিডেন্ট পদপ্রার্থী

কমলা হ্যারিস-কে

ভোট দিন



প্রচারে-

প্রফেসর এহতেশামুল হক

চেয়্যারম্যান, বাংলাদেশ সোসাইটি অব নিউইয়র্ক
সিইও, সাউথ ইস্ট ইউএসএ গ্রুপ
প্রেসিডেন্ট, সামকো ফাউন্ডেশন
ফোনঃ (৯১৭) ৫৬৬ ১৬১২, ফ্যাক্সঃ (৭১৮)৪১২ ৩২৪৯

মুহিউদ্দিনকে হটাতে রাজার সঙ্গে

(প্রথম পাতার পর)

সপ্তাহে রাজার সঙ্গে দেখা করতে যাচ্ছেন মালয়েশিয়ার বিরোধীদলীয় নেতা আনোয়ার ইব্রাহীম। দেশটিতে চলমান রাজনৈতিক সংকটের মধ্যেই বৃহস্পতিবার তিনি এমন সিদ্ধান্তের কথা জানিয়েছেন। বার্তা সংস্থা এএফপির খবরে এমন তথ্য মিলেছে।

তিক্ত অন্তর্দ্বন্দ্বের পর গত ফেব্রুয়ারীতে মাহাথির মোহাম্মদের নেতৃত্বাধীন সংস্কারবাদী সরকারের পতনের পর দক্ষিণ এশিয়ার দেশটিতে ব্যাপক রাজনৈতিক অস্থিরতা চলছে। কোনো নির্বাচন ছাড়াই প্রধানমন্ত্রীর দায়িত্ব পান মুহিউদ্দিন ইয়াসিন। কিন্তু তার জোটের অবস্থাও নড়বড়ে। এমনকি এই সরকারের বৈধতা নিয়েও সমালোচকদের প্রশ্ন রয়েছে। রাজনৈতিক পটপরিবর্তনে রফতানিমুখী অর্থনীতিকে ভেঙে পড়া থেকে রক্ষা করতে সরকারের পদক্ষেপ নেয়ার ক্ষেত্রে বিলম্ব ঘটতে পারে। করোনা মহামারীতে মালয়েশিয়ার অর্থনীতি ইতিমধ্যে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

আনোয়ার যদি দক্ষিণ এশিয়ার বহুজাতিক দেশটির প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হতে পারেন, তবে তার ২২ বছরের সংগ্রামের সফলতায় চূড়ায় পৌঁছাতে পারবেন তিনি। তার এই রাজনৈতিক লড়াইয়ের মধ্যে অন্তত ১০ বছর কারাগারে থাকতে হয়েছে।

সাবেক প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদের পদত্যাগের পর রাজনৈতিক অনিশ্চয়তার মধ্যে নেতা হিসেবে আবির্ভূত হন মুহিউদ্দিন। এর সাত মাসের মাথায় ফের ক্ষমতায় যাওয়ার স্বপ্ন দেখছেন আনোয়ার ইব্রাহীম।

এর আগে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, পার্লামেন্টে আমার জোরালো ও বিপুল সংখ্যাগরিষ্ঠতা রয়েছে। আমি কেবল চার, পাঁচ বা ছয়টি আসন না, আরও বেশি সংখ্যকের কথা বলছি। এই সংখ্যার মাধ্যমে প্রধানমন্ত্রী হিসেবে মুহিউদ্দিনের পতন ঘটবে।

১৭.৭ মিলিয়ন ডলার আত্মসাৎ মামলায় গ্রেফতার

(প্রথম পাতার পর)

প্রশাসন 'পে-চেক প্রটেকশন প্রোগ্রাম' তথা পিপিপি কর্মসূচিতে নামমাত্র সুদে বিপুল পরিমাণের ঋণ দিচ্ছে। এই ঋণের অর্থ পরিশোধের প্রয়োজন হবে না যদি বেকার হওয়া কর্মচারিদের পুনর্বহাল করা হয় এবং বকেয়া ভাড়া/মর্টগেজ নিয়মিত পরিশোধ করা হয়। দু'বছর সময় ধার্য করা হয়েছে এই পরিক্রমা যথাযথভাবে অনুসরণের জন্যে।

গত ২৯ মার্চে কংগ্রেসে পাশ হওয়া 'করোনাভাইরাস এইড, রিলিফ, এ্যান্ড ইকনোমিক' (কেয়ারস এ্যাক্ট) বিল থেকে পিপিপি খাতে প্রথম পর্যায়ে ৩৪৯ বিলিয়ন ডলার বরাদ্দ করা হয়। এই অর্থ ফুরিয়ে গেলে এপ্রিলে দ্বিতীয় পর্যায়ে আরো ৩০০ বিলিয়ন ডলার মঞ্জুর করে ফেডারেল প্রশাসন। করোনার কারণে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত ব্যবসা-প্রতিষ্ঠানকেই এই খাতে অর্থ প্রদান করা হচ্ছে অত্যন্ত সহজ পদ্ধতিতে। আর এ সুযোগেই টেক্সাসের ডালাস সিটিতে বসবাসরত দীনেশ সাহ (৫৫) ১৫টি কোম্পানীর নামে আবেদন করেন ২৪.৮ মিলিয়ন ডলারের। এরমধ্যে উত্তোলন করেছেন ১৭.৭ মিলিয়ন ডলার।

আমেরিকান বিচার বিভাগের মুখপাত্র শুক্রবার এ তথ্য জানিয়ে বলেন, দীনেশকে গ্রেফতার করা হয়েছে। কারণ, ১৫টি কোম্পানির একটিরও অস্তিত্ব কখনই ছিল না। কাগুজে কোম্পানির উদ্ভব ঘটে করোনা রিলিফ বিল পাশের পরই। কোম্পানির সমর্থনে যত কাগজ ব্যাংকে সরবরাহ করা হয়েছে সেগুলোও জাল। এমনকি ট্যাক্স প্রদানের কাগজও জাল করেছেন দীনেশ সাহ। বিচার বিভাগের পক্ষে ইউএস এটর্নি ইরিন নীলি কক্স ৯ অক্টোবর আরও জানান, দীনেশকে গ্রেফতারের পর সাড়ে ৬ মিলিয়ন ডলার উদ্ধার করা সম্ভব হয়েছে। অবশিষ্ট অর্থের বড় একটি অংশ নিজ দেশে পাচার করেছেন। আর কিছু অর্থে বিলাসবহুল গাড়ি ক্রয় করেছেন টেক্সাসে।

মামলার বিবরণে প্রকাশ, ক্ষুদ্র ব্যবসা প্রশাসনে যেসব ব্যবসার বিপরীতে ঋণের আবেদন করা হয় সেগুলোতে নাকি শতশত কর্মচারি কাজ করতেন। করোনার কারণে সকলেই বেকার হয়ে পড়েছেন। এসব কর্মচারিকে নিয়মিত বেতন প্রদানের সমর্থনে দীনেশ ট্যাক্স রিটার্নের ডক্যুমেন্ট সাবমিট করেছেন, যার সবকটিই ভুয়া। অথাৎ দীনেশ সাহ কখনোই কোন ব্যবসা করেননি। তদন্ত কর্মকর্তারা বিস্মৃত হয়েছেন হঠাৎ করে দিনেশকে দামী গাড়ি হাকিয়ে চলাচল করতে দেখে। বেশ কটি বাড়িও ক্রয় করেছেন মে-জুন মাসে।

আইআরএস এজেন্ট টামিরা সেন্টু এ মামলার উদ্ধৃতি দিয়ে গণমাধ্যমকে বলেছেন, করোনায় বিপর্যস্ত ব্যবসাকে ঘুরে দাঁড়ানোর অভিপ্রায়ে সরকার বিশেষ এই ব্যবস্থা চালু করেছে। কর্মচারিরা বকেয়া বেতনসহ সামনের দু'বছর পর্যন্ত কাজ করতে সক্ষম হবেন অর্থাৎ সকলেই খেয়ে-পরে বাঁচবেন-এজন্যেই পিপিপি কর্মসূচির প্রবর্তণ করা হয়েছে। অথচ দীনেশের মত দুষ্ট লোকেরা সেই সুযোগের অপব্যবহার করেছেন। এজন্যে তাকে কঠিন শাস্তির সম্মুখীন হতে হবে বিচারে দোষী সাব্যস্ত হলে। এর আগে ওয়াশিংটন ডিসি এলাকার আরেক বাংলাদেশি দম্পতি একইভাবে দেড় মিলিয়ন ডলার উঠিয়ে যুক্তরাষ্ট্র ত্যাগের প্রাক্কালে জেএফকে এয়ারপোর্ট থেকে গত জুনে গ্রেফতার হন।

যুক্তরাষ্ট্রের বেশ কয়েকটি স্টেটে দুই হাজারের অধিক মানুষ পিপিপি কর্মসূচিতে ভুয়া ব্যবসা প্রতিষ্ঠানের নামে মোটা অংকের ঋণ উত্তোলন করেছেন এমন অভিযোগে কর্তৃপক্ষ তদন্ত চালাচ্ছে। অর্থ মন্ত্রণালয়, ট্যাক্স ডিপার্টমেন্ট এবং এফবিআই চালাচ্ছে এসব তদন্ত। এছাড়া প্রায় সাত লাখ মানুষ বেকার ভাতা নিচ্ছেন-যারা প্রকৃত অর্থে বেকার নন-এমন অভিযোগেরও তদন্ত চালাচ্ছে আইআরএস এবং স্টেট ডিপার্টমেন্ট। বিচার বিভাগের পক্ষ থেকে সর্বসাধারণের আন্তরিক সহায়তা চাওয়া হয়েছে এসব তদন্তে। কাউকে সন্দেহ হলে নির্ধারিত ফোন নম্বরে ন্যাশনাল সেন্টার ফর ডিজেস্টার ফ্রড হটলাইনে জানানোর অনুরোধ জানানো হয়েছে।

করোনায় মৃত্যুর মিছিল

(প্রথম পাতার পর)

আন্তর্জাতিক ওয়েবসাইট ওয়ার্ল্ডওমিটারসের তথ্যানুযায়ী, রোববার সকাল সাড়ে ৯টা পর্যন্ত সারাবিশ্বের করোনাভাইরাসে মারা গেছেন ১০ লাখ ৭৭ হাজার ৪৯৫ জন। আক্রান্ত হয়েছেন তিন কোটি ৭৪ লাখ ৬৭ হাজার ৮৯২ জন। আক্রান্তদের মধ্যে সুস্থ হয়ে উঠেছেন ২ কোটি ৮১ লাখ ১২ হাজার ৫৫২ জন। তবে যুক্তরাষ্ট্রের জনস হপকিন্স ইউনিভার্সিটির তথ্যানুযায়ী, করোনায় মৃত্যু ও আক্রান্তের সংখ্যা কিছুটা কম। বিশ্বে করোনায় মোট মারা গেছেন ১০ লাখ ৭১ হাজার ৩৯৯ জন। বিশ্বে করোনা থেকে সেরে ওঠা মানুষের সংখ্যা ২ কোটি ৫৬ লাখের বেশি।

করোনায় মৃত্যুপুরী যুক্তরাষ্ট্রে শনাক্ত রোগীর সংখ্যা ৭৭ লাখ ১১ হাজার ৭৯ জন। মোট মারা গেছেন ২ লাখ ১৪ হাজার ৩৩৭ জন। ভারতে করোনায় সংক্রমিত শনাক্ত রোগীর সংখ্যা ৬৯ লাখ ৭৯ হাজার ৪২৩ জন। দেশটিতে মারা গেছেন ১ লাখ ৭ হাজার ৪১৬ জন। ব্রাজিলে করোনায় সংক্রমিত শনাক্ত রোগীর সংখ্যা ৫০ লাখ ৫৫ হাজার ৮৮৮ জন। দেশটিতে মারা গেছেন এক লাখ ৪৯ হাজার ৬৩৯ জন।

গত বছরের ডিসেম্বরে চীনের উহান থেকে করোনাভাইরাস ছড়িয়ে পড়েছে বিশ্বময়। চলতি বছরের ১১ জানুয়ারি বিশ্বে করোনায় প্রথম মৃত্যুর ঘটনা ঘটে। চলতি বছরের ১১ মার্চ করোনাকে বৈশ্বিক মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

মূল্যস্ফীতি বেড়ে যাওয়ার

(প্রথম পাতার পর)

নিয়ে আসছে। কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাবাজার স্থিতিশীল রাখতে বাজার থেকে ডলার কিনে নিচ্ছে। এর ফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভ এ যাবৎ কালের সর্বোচ্চ মাইলফলক চার হাজার কোটি ডলার অতিক্রম করেছে। তবে ডলারের বিপরীতে নগদ অর্থ ছেড়ে দেয়ায় বাজারে টাকার প্রবাহ বেড়ে যাচ্ছে। এতে মুদ্রা সরবরাহজনিত কারণে মূল্যস্ফীতি বেড়ে যাওয়ার আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা।

জানা গেছে, কেন্দ্রীয় ব্যাংক এক টাকা ছাড়লে বাজারে সাড়ে সাত গুণ প্রভাব পড়ে। এ কারণে কেন্দ্রীয় ব্যাংকের টাকাকে হট মানি বলা হয়। দেশে বিনিয়োগ চাহিদা কমে যাওয়া এবং ব্যাংকগুলো চলমান পরিস্থিতি পর্যবেক্ষণ করে বিনিয়োগে ধীরে চলো নীতি অবলম্বন করায় প্রতিটি ব্যাংকের হাতেই উদ্বৃত্ত ডলার থেকে যাচ্ছে। ব্যাংকগুলো কোথাও তা ব্যবহার করতে না পারায় বাংলাদেশ ব্যাংকের কাছে নিয়ে আসছে। বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রাবাজার স্থিতিশীল রাখার স্বার্থেই ব্যাংকগুলোর কাছ থেকে ডলার কিনছে। এ ডলারের বিপরীতে ব্যাংকগুলোকে কেন্দ্রীয় ব্যাংক স্থানীয় মুদ্রা দিচ্ছে। এভাবেই বাজারে টাকার প্রবাহ বেড়ে যাচ্ছে। এমনিতেই কাজ কমে যাওয়ায় মানুষের ক্রয়ক্ষমতা কমে যাচ্ছে, পাশাপাশি মূল্যস্ফীতি বেড়ে গেলে মানুষের দুর্ভোগ আরো বাড়বে।

বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে, বর্তমান প্রেক্ষাপটে কেন্দ্রীয় ব্যাংকের ডলার কেনা ছাড়া আর কোনো উপায়ও নেই। কারণ বাজারে চাহিদা কমে যাওয়ায় ডলার উদ্বৃত্ত থাকছে। না কিনলে ডলারের দাম কমে যাবে। এতে ক্ষতিগ্রস্ত হবে বিদেশে কর্মরত শ্রমিকরা। এতে রেমিট্যান্স পাঠাতে তারা নিরুৎসাহিত হয়ে পড়বেন। অপর দিকে রফতানি আয়ও কমে যাবে। প্রবাসী বাংলাদেশী শ্রমিক ও রফতানিকারকদের কথা চিন্তা করে বাজার থেকে ডলার কিনতে হচ্ছে; অন্যথায় ডলারের মূল্য ৭৫ টাকার নিচে নেমে যেতো। তবে এর কুফলও রয়েছে। যেমন : এতে পণ্যের আমদানি ব্যয় কমছে না, বরং ক্ষেত্রেবিশেষে বেড়ে যাচ্ছে। ব্যবসায়ীরা জানিয়েছেন, নানা প্রণোদনা দেয়ায় প্রতিবেশী দেশগুলোর রফতানির জন্য তৈরি পণ্যের উৎপাদন ব্যয় কমে যাচ্ছে। আর পণ্যের উৎপাদন ব্যয় কমে যাওয়ায় আন্তর্জাতিক বাজারে কমমূল্যে পণ্য সরবরাহ করতে পারছে। ফলে বাংলাদেশী ব্যবসায়ীরা আন্তর্জাতিক বাজারে পণ্যের মূল্যে প্রতিযোগিতায় হেরে যাচ্ছেন।

ব্যবসায়ী উদ্যোক্তারা জানিয়েছেন, করোনার প্রাদুর্ভাব চলাকালীন, আন্তর্জাতিক বাজারে পণ্যের মূল্যের প্রতিযোগিতায় টিকে থাকতে রফতানিকারকদের বিশেষ প্রণোদনা দেয়া প্রয়োজন। এতে রফতানি-বাণিজ্য আবারো ঘুরে দাঁড়াতে পারবে বলে তারা মনে করছেন। প্রচলিত নিয়ম অনুযায়ী, বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুযায়ী একটি ব্যাংক মূলধনের ১৫ শতাংশের সমপরিমাণ বৈদেশিক মুদ্রা নিজেদের কাছে ধরে রাখতে পারে। এর অতিরিক্ত হলেই তাকে বাজারে ডলার বিক্রি করতে হবে।

ব্যাংকাররা জানান, গত ৬ মাস যাবত করোনার কারণে অর্থনৈতিক কর্মকাণ্ড স্থবির হয়ে পড়েছে। আমদানি ব্যয় কমে গেছে। কমে গেছে মানুষের চাহিদা। অপর দিকে আগে প্রতিমাসেই বিদেশে চিকিৎসার বিপরীতে বিপুল অংকের বৈদেশিক মুদ্রা ব্যয় হতো। কিন্তু করোনার কারণে গত ৬ মাস যাবত চিকিৎসার জন্য কেউ বিদেশে যাচ্ছেন না। আবার প্রতিবছর পবিত্র হজ পালনের জন্য হজযাত্রীরা বিপুল অংকের বৈদেশিক মুদ্রা ব্যয় করেন। কিন্তু এবার করোনার কারণে এটাও হয়নি। এ দিকে দীর্ঘ দিন বিদেশে কর্মরত শ্রমিকরা করোনার কারণে বেকার হয়ে গেছেন। অনেক দেশ থেকেই এখন বাংলাদেশী শ্রমিকদের ফেরত পাঠানো হচ্ছে। ফলে দীর্ঘ দিনের জমানো অর্থ বিদেশ থেকে দেশে পাঠাচ্ছেন অনেকেই। এ কারণে গত কয়েক মাসে রেকর্ড পরিমাণ রেমিট্যান্স এসেছে। রেমিট্যান্স প্রবাহের এ ধারা এখনো অব্যাহত রয়েছে। এ দিকে রফতানির পরিমাণ কমলেও প্রতি মাসেই কিছু রফতানি আয় দেশে আসছে। সেইসাথে বিদেশী ঋণ ও বৈদেশিক অনুদান আসছে। সবমিলে যে পরিমাণ বৈদেশিক মুদ্রা আসছে অর্থনৈতিক কর্মকাণ্ড স্থবির থাকায় ওই পরিমাণ ব্যয় হচ্ছে না। এর ফলে প্রতিটি ব্যাংকের হাতেই বৈদেশিক মুদ্রা উদ্বৃত্ত রয়েছে। চাহিদা না থাকায় আন্তঃব্যাংক মুদ্রাবাজারে বৈদেশিক মুদ্রা লেনদেন কমে গেছে।


এ দিকে ব্যাংকগুলো এখনো রেমিট্যান্স হাউজগুলোর মাধ্যমে বাড়তি দামেই বৈদেশিক মুদ্রা কিনে দেশে আনছে। কিন্তু চাহিদা না থাকায় তা কাজে লাগাতে পারছে না।



২৪ বছর পেরিয়ে ২৫ বছরে বাংলাপত্রিকা। পাঠক নন্দিত এই সাপ্তাহিক পত্রিকার সম্পাদকসহ সংশ্লিস্ট সকলের প্রতি আমার শুভেচ্ছা এবং অভিনন্দন। অব্যাহত সাফল্য কামনা করি।

আরো পাঠক বান্ধব,আরো অভিবাসী বান্ধব হোক বাংলাপত্রিকা । আমি পত্রিকার সুন্দরআগামী কামনা করছি।





ময়নুল চৌধুরী হেলাল

সভাপতিঃ জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক

সভাপতিঃ বাংলাদেশী আমেরিকান এসোসিয়েশন অব কানেকটিকাট

Desi Wears Jnc.

GRAND OPENING

Sale! Sale continue from 10th to 20th October 2020 Sale!

70% OFF

Saree, 3PC, Jewelry, Punjabi
Lehenga, Long Dress Collection



37-13 74th Street
Jackson Heights, NY 11372

OPEN 7 DAYS

Tel: 347-527-9926
Tel: 347-484-3325

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	642 Walden Avenue
Jackson Heights, NY 11372	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14211
917-744-7308, 718-457-0813	718-406-5549	917-744-7308, 718-457-0813	Tel: 917-744-7308	Tel: 347-837-1162

হিলসাইড টাইগার্স চ্যাম্পিয়ন ওয়ারিয়র রানার্স আপ

জনি ম্যান অফ দ্যা ম্যাচ, হাবিব ম্যান অফ দ্যা টুর্নামেন্ট, কবির সেরা ব্যাটসম্যান, কাবিরুল সেরা বোলার















নিউইয়র্ক (ইউএনএ): প্রবাসের সনামধন্য সামাজিক সংগঠন জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির (জেবিএফএস) উদ্যোগে আয়োজিত 'জ্যামাইকা ক্রিকেট টুর্নামেন্ট-২০২০' এ হিলসাইড টাইগার্স চ্যাম্পিয়ন এবং হিলসাইড ওয়ারিয়র রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করেছে। নিউইয়র্ক সিটির কুইন্সের ক্যাসিনা পার্ক মাঠে গত ৬ অক্টোবর মঙ্গলবার একদিনের এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। টুর্নামেন্ট মোট তিনটি দল অংশ নেয়। উল্লেখিত দল দুটি ছাড়াও অংশগ্রহণকারী অপর দলটি হচ্ছে হিলসাইড ফাইটার্স। খবর ইউএনএ'র।

টুর্নামেন্টের ফাইনালে মুখোমুখি হয় হিলসাইড টাইগার্স ও হিলসাইড ওয়ারিয়র। ফাইনাল খেলার শুরুতে প্রথমে ব্যাট করতে মাঠে নেমে হিলসাইড টাইগার্স নির্ধারিত ওভারে ৬ উইকেট হারিয়ে ১০২ রান সংগ্রহ করে। জবাবে হিলসাইড ওয়ারিয়র সবকটি উইকেট হারিয়ে ৭২ রান সংগ্রহ করে। ফাইনালে হিলসাইড টাইগার্স ৩০ রানে জয়ী হয়। টুর্নামেন্টে একই দলের শারাফাত জনি ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন। ম্যান অফ দ্যা টুর্নামেন্ট হন হিলসাইড ওয়ারিয়র'র হাবিব। সেরা ব্যাটসম্যান নির্বাচিত হন হিলসাইড ওয়ারিয়র'র মোহাম্মদ কবির। সেরা বোলার নির্বাচিত হন হিলসাইড টাইগার্সের কাবিরুল ইসলাম।

মঙ্গলবার বিকেলে পুরষ্কার বিতরনী অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ চ্যাম্পিয়ন টিম হিলসাইড টাইগার্সের ক্যাপ্টেন সাজিদ হাসান ও তার দল এবং রানার্স আপ টিম হিলসাইড ওয়ারিয়রের ক্যাপ্টেন মোহাম্মদ কবির ও তার দলের হাতে ট্রফি তুলে দেন। এই পর্বে সভাপতিত্ব করেন জেবিএফএস'র প্রতিষ্ঠাতা ও বর্তমান সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার। এসময় অন্যান্যের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম উসমান গণি, অন্যতম উপদেষ্টা ও সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের, ফ্রেন্ডস সোসাইটির উপদেষ্টা ও জ্যামাইকা মুসলিম সেন্টারের সেক্রেটারী মনজুর আহমেদ চৌধুরী, ফ্রেন্ডস সোসাইটির উপদেষ্টা ছদরুন নূর, আই টিভির সিইও মোহাম্মদ শহীদুল্লাহ, বিশিষ্ট সাংবাদিক শওকত ওসমান রচি, সংগঠনের সাধারণ সম্পাদক সৈয়দ আল-আমিন রাসেল, সাবেক সাধারণ সম্পাদক রেজাউল আজদ ভূঁইয়া, ক্রীড়া সম্পাদক সুমন খান, ক্রিকেটার সোহানুর রহমান সোহান প্রমুখ।

অনুষ্ঠানে ফখরুল ইসলাম দেলোয়ার বলেন, কভিড-১৯ পরিস্থিতিতে আমরা কঠিন সময় অতিবাহিত করছি। পাশাপাশি নানা কারনেই আমাদের নতুন প্রজন্ম সহ ইয়ং জেনারেশন বিপদগামী হচ্ছে। তাই তরুন প্রজন্মকে ভালো পরিবেশে সম্পৃক্ত রাখতে ইনডোর ও আউটডোর গেম আয়োজন করা হচ্ছে। যার প্রাথমিক উদ্যোগ হিসেবেই 'জ্যামাইকা ক্রিকেট টুর্নামেন্ট-২০২০' এর আয়োজন। তিনি বলেন, বিভিন্ন পজেটিভ কর্মকান্ড ও খেলাধুলার মাধ্যমে নতুন প্রজন্মকে ব্যস্ত রেখে তাদেরকে সুস্থধারায় রাখতে হবে, যাতে করে তারা যেনো বিপথে না যায়। তিনি তরুনদের জন্য সুন্দর ভবিষ্যত গড়তে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

আবু তাহের বলেন, ইদানিং তরুন প্রজন্মে মধ্যে একধরনের নেগেটিভ ধারার বিষয় লক্ষ্য করা যাচ্ছে, যা অত্যন্ত মারাত্মক। করোনাভাইস পরিস্থিতিতে এই দূর্যোগময় সময়ের মধ্যে তরুণ প্রজন্মকে ঠিক পথে ধরে রাখার জন্য এই ধরনের ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করার জন্য তিনি জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটিকে অভিনন্দন জানান। তিনি টুর্নামেন্টের খেলোয়ারদের উদ্দেশ্যে বলেন, আপনারাই আমাদের ভবিষ্যত প্রজন্ম, আপনারা বিপথে ধাবিত হবেন না, সুষ্ঠ ও সুন্দর চিন্তাধারার মাধ্যমে সুন্দর ভবিষ্যত গড়ে তুলবেন, এই প্রত্যাশা করছি।

এবিএম উসমান গণি তার বক্তব্যে মাঠে এসে খেলা উপভোগ করার জন্য দর্শকদের ধন্যবাদ জানিয়ে বলেন, প্রবাসের যুব সমাজকে আরো ভালো ভালো কর্মকান্ডে যুক্ত করার পাশাপাশি খেলাধুলার জন্য যে ধরনের পৃষ্ঠপোষকতা প্রয়োজন তা জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি করবে।

ডা. ওয়াজেদ এ খান তার বক্তব্যে সুন্দরভাবে ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করার জন্য জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির কর্মকর্তাদের ধন্যবাদ জানিয়ে বলেন, ভবিষ্যতে এই ধরনের আয়োজনের জন্য যে ধরনের পৃষ্ঠপোষকতা প্রয়োজন, সাপ্তাহিক বাংলাদেশ-এর মাধ্যমে তিনি তা করবেন বলে প্রতিশ্রুতি দেন।

ছদরুন নূর বলেন, আগামী দিনে আরো টুর্নামেন্ট আয়োজন করতে ফ্রেন্ডস সোসাইটির পক্ষ থেকে খেলোয়াড়দের জন্য যা যা করা প্রয়োজন, তা পূরণ করা হবে।

মনজুর আহমেদ চৌধুরী বলেন, যুব সমাজকে খেলাধুলার পাশাপাশি আরো বেশী করে সামাজিক ও সাংস্কৃতির বিষয়ের সাথে সম্পৃক্ত করে উজ্জীবিত রাখতে হবে, কারণ তরুনরাই আমাদের ভবিষ্যত। ফ্রেন্ডস সোাইটির উদ্যোগে ভবিষ্যতে আরো অনেক বেশী টুর্নামেন্ট ও অনুষ্ঠানের আয়োজন করা হবে।

মোহাম্মদ শহীদুল্লাহ্ বলেন, তরুণদের যেকোন ভালো কাজের সাথে আই টিভি সবসময় আছে, আগামী দিনেও থাকবে।

সাংবাদিক শওকত ওসমান রচি তার বক্তব্যে আরো বেশী করে টুর্নামেন্ট আয়োজন করার জন্য আয়োজকদের প্রতি আহবান জানান।

সৈয়দ আল-আমিন রাসেল বলেন, এই প্রবাসে বেড়ে উঠা নতুন প্রজন্ম যাতে ক্রিকেট খেলার প্রতি অনুপ্রাণিত হয়, তার জন্য ক্রিকেট কোচিং ক্লাব করা এবং আমেরিকাতে আরো বেশী বেশী করে ক্রিকেট খেলার আয়োজন করে ক্রিকেটকে কিভাবে তরুনদের মধ্যে আরো জনপ্রিয় করা যায়, সে ব্যাপারে জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি কাজ করবে। এজন্য তিনি পৃষ্ঠপোষকতার পাশাপাশি সবার সার্বিক সহযোগিতা কামনা করেন।

সুমন খান, জেবিএফএস'র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, জ্যামাইকা ক্রিকেট টুর্নামেন্ট আয়োজনের প্রথম থেকে সহযোগিতা করার জন্য ক্রিকেটার সোহানুর রহমান সোহানকে ধন্যবাদ জানান। আগত সবাইকে ধন্যবাদ জানিয়ে খেলাধুলা নিয়ে তার ভবিষ্যত পরিকল্পনার কথা জানান। তিনি বলেন, তরুনরা যদি চান, তাহলে তাদের নিয়ে ভবিষ্যতে ক্রিকেট, ব্যাডমিন্টন, ফুটবল, টেবিল টেনিস, দাবা টুর্নামেন্টের আয়োজন করা হবে।

রেজাউল আজাদ ভূঁইয়া তার বক্তব্যে সময়োপযোগী চমৎকার টুর্নামেন্ট আয়োজনের জন্য টুর্নামেন্টের কো-অডিনেটর সুমন খানকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে এই ধরনের আয়োজনে পাশে থাকার আশাবাদ ব্যক্ত করেন।

ক্রিকেটারদের পক্ষ থেকে সোহানুর রহমান সোহান তার বক্তব্যে জেবিএফএস-এর সকল কর্মকর্তাদেরকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে তরুণদের নিয়ে আরো বেশী বেশী ইভেন্ট করার জন্য সংগঠনের প্রতি অনুরোধ করেন।

টুর্নামেমেন্টে খেলার পাশাপাশি মাঠে আগত দর্শকদের মাঝে ফ্রি মাস্ক, হ্যান্ড সেনিটাইজার বিতরণ ও ভোটার রেজিট্রেশান করা হয়। এই টুর্নামেন্ট আয়োজনে মিডিয়া পার্টনার ছিলো টাইম টেলিভিশন ও সাপ্তাহিক বাংলাদেশ।

জাতীয় নিরাপদ সড়ক দিবস পালন উপলক্ষে 'নিসচা' যুক্তরাষ্ট্র শাখার প্রস্তুতি সভা অনুষ্ঠিত



নিউইয়র্ক: আগামী ২২ অক্টোবর বাংলাদেশের সাথে তাল মিলিয়ে যুক্তরাষ্ট্রেও জাতীয় সড়ক নিরাপদ দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে নিরাপদ সড়ক চাই (নিসচা) যুক্তরাষ্ট্র শাখা। উল্লেখ্য, 'মুজিব বর্ষের শপথ, সড়ক করব নিরাপদ' এই স্লোগানকে সামনে রেখেই এবার পালিত হবে জাতীয় নিরাপদ সড়ক দিবস।

জ্যামাইকায় পানসি রেস্টুরেন্টে গত ৬ অক্টোবর সন্ধ্যা ৭টায় আয়োজিত প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন নিসচা যুক্তরাষ্ট্র শাখার আহবায়ক ইসমাইল হোসেন স্বপন এবং সভা পরিচালনা করেন সদস্যা সাদিয়া নূর। সভার শুরুতেই ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। এরপর সড়ক দুর্ঘটনা রোধে প্রতিনিয়ত আন্দোলন করে যাওয়া একমাত্র সংগঠন নিরাপদ সড়ক চাই (নিসচা)-এর উদ্যোক্তা ও চেয়ারম্যান চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চনের প্রয়াত স্ত্রী জাহানারা কাঞ্চনসহ এই পর্যন্ত দেশে ও প্রবাসে সড়ক দুর্ঘটনায় এবং করোনা মহামারিতে নিহত সকলের আত্মার শান্তি কামনায় দোয়া ও মোনাজাত পরিচালনা করেন সংগঠনের উপদেষ্টা মুক্তিযোদ্ধা মোহাম্মদ মনির হোসেন।

সভায় কমিউনিটির প্রবীণ ব্যক্তিত্ব ছদরুন নূরকে সর্বসম্মতিক্রমে সংগঠনের উপদেষ্টা করা এবং নতুন সদস্য হিসেবে স্বাধীন মজুমদার, সাদিয়া নূর, শামিম আহমেদ, হিউবারট হালদার ও আসমা আক্তার সুমীকে স্বাগত জানানো হয়। সভায় করোনা মহামারিতে সকলের নিরাপত্তার কথা ভেবে আগামী ২২ অক্টোবরের জাতীয় সড়ক নিরাপদ দিবস জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে দিবসটি পালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় আরও উপস্থিত ছিলেন উপদেষ্টা মন্ডলীর সদস্য যথাক্রমে এবিএম ওসমান গনি, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ ফকরুল আলম, মুক্তিযোদ্ধা ওমর ফারুক খসরু ও নুরুল মুস্তাফা রইসি, মূলধারার রাজনীতিক ফখরুল ইসলাম দেলোয়ার, ওমেন বার এসোসিয়েশনের প্রেসিডেন্ট এটর্নী সোমা সাইদ, সিজিআই প্রেসিডেন্ট মিজান চৌধুরী, সংগঠনের সদস্য যথাক্রমে রওশন বেগম সোনিয়া, রনি ইসলাম, সুলতান মাহমুদ শামিম, শাহিনুর আলম শাহিন, আব্দুল গাফফার বাবু, সামিউল হাসান প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি।

ট্রাম্পকে নিয়ে রিপাবলিকান শিবিরে

(প্রথম পাতার পর)

মনে করবে না। এটা কোনো বিদ্রোহ নয়। কেন্দ্রীয় রিপাবলিকান নেতারা সরাসরি খুব একটা ট্রাম্পবিরোধী অবস্থানে নেই। তবে অনেক ক্ষেত্রেই তার প্রতি হতাশ হয়ে মুখ অন্যদিকে ফিরিয়ে নিয়েছেন তারা। এর অন্যতম দৃষ্টান্ত দেখা গেছে, করোনা ভাইরাস মহামারি সামলানো নিয়ে প্রেসিডেন্টের ভূমিকার ক্ষেত্রে।গত শুক্রবার সিএনবিসিকে দেয়া এক সাক্ষাৎকারে টেক্সাসের রিপাবলিকান সিনেটর টেড ক্রুজ স্বীকার করেছেন যে, আগামী নির্বাচন নিয়ে তিনি উদ্বিগ্ন। তার ভাষ্যমতে, ভোটাররা নির্বাচনের দিন করোনা মহামারি ও অর্থনীতি কিভাবে বিবেচনা করবে তার ওপর ভিত্তি করে, নির্বাচনটি ওয়াটারগেট কেলেঙ্কারির সমপরিমাণ ক্ষতি বয়ে আনতে পারে দলের জন্য।

সিনেট সংখ্যাগরিষ্ঠ দলের নেতা মিচ ম্যাককনেল বৃহস্পতিবার সাংবাদিকদের জানান, দুই মাসের বেশি সময় ধরে তিনি হোয়াইট হাউজে যান না। কারণ, ট্রাম্প ও তার টিম করোনা ভাইরাস সংশ্লিষ্ট স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলেন না। নর্থ ক্যারোলিনায় পুনর্নির্বাচনের দৌড়ে সংকটময় অবস্থা পার করতে থাকা সিনেটর থম টিলস এক সাক্ষাতকারে বলেন, জো বাইডেনের প্রেসিডেন্সি ঠেকাতে ও সিনেটে রিপাবলিকানদের সংখ্যাগরিষ্ঠতা বজায় রাখার স্বার্থে তাকে ভোট দেওয়া উচিত জনগণের।

অ্যারিজোনায় পুনর্নির্বাচনের দৌড়ে পিছিয়ে আছেন সিনেটর মার্থা ম্যাকস্যালি। তার ডেমোক্র্যাট প্রতিদ্বন্দ্বী মার্ক কেলির সঙ্গে এক বিতর্কে বারবার তাকে জিজ্ঞেস করা হয়েছিল, তিনি একজন ট্রাম্প সমর্থক হিসেবে নিজেকে গর্বিত মনে করেন কিনা। এর সরাসরি উত্তর দেননি তিনি। বলেছিলেন, আমি আরিজোনার নাগরিকদের জন্য লড়তে পেরে গর্বিত। সিনেটর জন করনিন হিউস্টন ক্রনিকলকে বলেন, ট্রাম্প করোনা মোকাবিলায় নিয়ম মেনে চলার চর্চা করেননি। এমনকি করোনা নিয়ে প্রেসিডেন্টের দেওয়া নানা বক্তব্য জনগণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করেছে। সাধারণত ডেমোক্র্যাটপন্থি রাজ্য হিসেবে পরিচিত ম্যাসাচুসেটসে গত নির্বাচনে ক্ষমতায় আসেন রিপাবলিকান গভর্নর চার্লি বেকার। এ সপ্তাহে তিনি বলেন, জনস্বাস্থ্য বিষয়ে অসংখ্য মানুষের পরামর্শ অগ্রাহ্য করে গেছেন ট্রাম্প। নিজের কথা ও কাজে অবিশ্বাস্যরকমের দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন তিনি। চলতি সপ্তাহে ট্রাম্প করোনায় ধসে পড়া অর্থনীতি রক্ষায় নতুন একটি সহায়তা পরিকল্পনার আলোচনা বাতিল করে দেন। তার এ সিদ্ধান্তের পর জনসম্মুখে তার সমালোচনা করেছেন কয়েকজন রিপাবলিকান। মেইন রাজ্যের সিনেটর সুজান কলিন্স বলেছেন, ট্রাম্প মহা ভুল করেছেন। আগামী নির্বাচনে রিপাবলিকানদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ রিপাবলিকান সিনেটরদের একজন কলিন্স। এদিকে, নিউ ইয়র্কের রিপাবলিকান নেতা জন কাটকো বলেন, তিনি স্পষ্টভাবে ট্রাম্পের এ সিদ্ধান্তের বিরোধীতা করছেন। ট্রাম্পের ঘনিষ্ঠ মিত্র, সাউথ ক্যারোলিনার সিনেটর লিন্ডসে গ্রাহাম পর্যন্ত ট্রাম্পকে আলোচনায় ফিরে আসার আহ্বান জানিয়েছেন। তীব্র সমালোচনার মুখে ট্রাম্প নিজের অবস্থান পাল্টেছেন বটে, তবে শেষমেষ কোনদিকে মোড় নেবেন তা এখনো অনিশ্চিত। সবমিলিয়ে রিপাবলিকান পার্টির মধ্যে অস্থিরতা বিরাজ করছে। অতীতে ট্রাম্প কার্যকরীভাবে এসব সামাল দিতে পারলেও এবার তিনি নিয়ন্ত্রণ নিতে পারছেন না। দিন দিন ট্রাম্পের থেকে মুখ ফিরিয়ে নেওয়া রিপাবলিকানের সংখ্যা বেড়েই চলেছে। গণমাধ্যম এড়িয়ে চলছেন অনেকে।

রিপাবলিকান ন্যাশনাল পার্টির সাবেক যোগাযোগ বিষয়ক পরিচালক ডোগ হেয়ে রিপাবলিকান নেতাদের আচরণকে 'ভূমিকম্পের আগে প্রাণীদের আচরণ'-এর সঙ্গে তুলনা করেছেন। তিনি বলেছেন, ভূমিকম্পের আগে কিছু প্রাণী যেমন টের পেয়ে নিরাপদ আশ্রয়ের খোঁজ শুরু করে, তেমনি 'বিপর্যয়কারী নির্বাচনের আগে' রিপাবলিকানরা নিজেদের অবস্থান ঠিক করে নিচ্ছেন।

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.




SURDEZ & PEREZ, P.C.

We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না




Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
• ব্রেইন ইনজুরি
• এলিভেটর একসিডেন্ট
• স্কুল লায়াবিলিটি
• খেলার মাঠে দুর্ঘটনা
• বার্ণ ইনজুরি
• নির্মাণ কাজে দুর্ঘটনা
• পিছলে পড়ে গেলে
• লেড পয়জনিং
• কুকুর কামড়ালে
• ডাক্তারের ভুল চিকিৎসা

আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন

Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com

32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500


আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।




দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT/INJURY, SLIP & FALL
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিস-এ ১০ বছরের অভিজ্ঞ বাংলাদেশী ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটি'র 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩


গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)

ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
এম, এম, বিএস-সি (অনার্স) এম,এস-সি (ভূগোল)
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বায়তুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রুক্স
ম্যারেজ রেজিষ্টার : নিউইয়র্ক স্টেট, ইউএসএ।
পরিচালক : এম, সেতারা ট্রেড ইন্টারন্যাশনাল লিঃ (বাংলাদেশ)। বাংলাদেশ থেকে হজ্ব ও ওমরার বুকিং চলছে।
গ্রুফ ভিত্তিক/বাসায় গিয়ে 'বিশুদ্ধ কোরআন শিক্ষা' দেওয়া হয়।
যোগাযোগঃ ৬৮-১৫, ৩৮ এভিনিউ, ২য় তলা, উডসাইড, নিউইয়র্ক ১৩৭৭ (৭- ট্রেন, ৬৯ সাবওয়ে-এর অর্থরুক উত্তরে)
ফোনঃ 347-612-7397, 718-565-8219

INSURANCE
New/ Renewal

❖ AUTO, HOME, BUSINESS, BLACK CAR, GREEN CAB
❖ FOOD-FRUITS VENDOR, LIABILITY
❖ COMMERCIAL VAN, STORE LIABILITY.
❖ CONSTRUCTION, WORKERS COMP. & DISABILITY.



BEST PRICE AND SATISFACTION GUARANTEED

TDS Insurance Brokerage Corp.

Tel : 718-483-9310, Fax : 718-483-9311

BROOKLYN OFFICE
118 Beverley Rd. Brooklyn, NY 11218



ধর্ষণের প্রতিবাদে ওয়াশিংটনে প্রবাসীদের

(শেষের পাতার পর)

দাবিতে বিক্ষোভ ও মানববন্ধন করেছে বাংলাদেশী আমেরিকান কমিউনিটি অফ গ্রেটার ওয়াশিংটন ডিসির প্রবাসী বাঙালীরা। রোববার (১১ অক্টোবর) দুপুরে ইউএস ক্যাপিটালের সামনে এই প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

ইঞ্জিনিয়ার মোশারফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, মেজর আলম, জামাল জ্যামি, খালেদ হোসেন, মোস্তাক রহমান, নেসার আহমেদ, বোরহান উদ্দিন, মোহাম্মদ জামান প্রমুখ। মানববন্ধনে বক্তারা বলেন, বাংলাদেশে বিচারের দীর্ঘসূত্রিতা ও বিচার না হওয়ার একটা সংস্কৃতি তৈরি হয়েছে। বর্তমান সময়ে আমরা লক্ষ্য করছি যে সারাদেশে আশঙ্কাজনকহারে হত্যা ও ধর্ষণের মতো ঘটনা ঘটছে। ধর্ষকের কোনও দল নেই। সুস্থ সাংস্কৃতিক চর্চাই পারে দেশের মানুষের বিবেককে জাগ্রত করতে। এখন প্রয়োজন মানুষের বিবেককে জাগ্রত করা।

বক্তারা আরও বলেন, ধর্ষণের হার কমানোর জন্য দেশের আইন প্রণেতারা কোনো কাজ করছে না। তবে যারা ধর্ষণের মতো জঘন্য কাজ করছে তাদের সংখ্যা সমাজে খুব বেশি না। তাই সমাজের সবাই যদি একসাথে সকল অন্যায়-অপরাধের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে পারি তাহলে সমাজ আরও বেশি সুন্দর হবে। ধর্ষকদের ফাঁসির দাবি জানিয়ে তারা বলেন, সোনার বাংলায় নারীর প্রতি এই নৃশংস নির্যাতনে আমরা স্তম্ভিত। এই অমানবিক-পাষন্ড কর্মকান্ডের ঘটনা প্রবাসে দেশের সম্মান ক্ষুন্ন করছে।

মানব বন্ধনে আগত অতিথির বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্রের বিশিষ্ট আইনজীবী লিলি ভো। তিনি বলেন, বাংলাদেশের নোয়াখালী, সিলেটের এএমসি কলেজসহ সম্প্রতি সময়ে একাধিক গণধর্ষণের ঘটনা ঘটেছে। তবে অপরাধীরা ধরা ছোয়ার বাইরে থেকে যাচ্ছে। ফলে বাংলাদেশের নারীরা আতঙ্কের মধ্যে রয়েছে। বাংলাদেশের মানুষ নারীর প্রতি সহিংসতা দেখতে চাই না। সরকারের উচিত দ্রুত এসব অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা। তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্রের সাথে বাংলাদেশের সুসম্পর্ক রয়েছে। আর্থিকভাবেও বাংলাদেশকে সহযোগিতা করে থাকে যুক্তরাষ্ট্র। আমাদের দেশও নারীর প্রতি এধরণের সহিংসতা প্রত্যশা করে না।

বিক্ষোভ ও মানববন্ধন শেষে আগত প্রবাসীদের ধন্যবাদ জানান ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। এসময় অন্যান্যের মধ্যে বাংলাদেশী-আমেরিকান কমিউনিটি অব গ্রেটার ওয়াশিংটন ডিসির উপদেষ্টা জাহিদ খান, মেজর আলম, রাজিব চৌধুরী, মোহাম্মদ গাজি প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত উল্লেখ্য, সম্প্রতি নোয়াখালীর বেগমগঞ্জে ঘরে ঢুকে এক গৃহবধূকে বিবস্ত্র করে নির্যাতন করেছে একদল যুবক ও কিশোর। ছেলের বয়সী ওইসব কিশোর-যুবকের পায়ে ধরেও রেহাই পাননি ৩৭ বছর বয়সী ওই নারী। ভয়ে ৩২ দিন আগের ঘটনাটি কাউকে জানাতেও পারেননি নির্যাতিতা কিংবা তার স্বজনরা। গত ২ সেপ্টেম্বর রাতের ঘটনার একটি ভিডিওচিত্র সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেয়া হলে তা জানাজানি হয়। এর আগে সিলেটের এমসি কলেজ ছাত্রাবাসে স্বামীকে আটকে রেখে এক গৃহবধূকে কয়েকজন যুবক ধর্ষণ করে। এছাড়াও দেশের বিভিন্ন স্থানে ধর্ষণের ঘটনা আশংকাজনকহারে বেড়েছে বলে খবর পাওয়া গেছে।

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহ্‌র অশেষ মেহেরবাণীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালরচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

ফুলটাইম হিফ্‌জুল কোরআন ক্লাস

ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোর্‌আন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখ্‌লাক, ফিক্‌হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।

সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০

বৈশিষ্ট্য সমূহঃ
বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
শিক্ষাদানের ভাষা ইংরেজী
সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা
ভর্তি চলছে!

সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

পরিচালক ঃ শায়েখ মুফতি মোহাম্মদ আব্দুল্লাহ্‌
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।

Al-Mansoor Cultural Center
Learning • Reflecting • Celebrating • Healing

ভর্তি চলছে

Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Streeet, Jamaica, NY 11433

পত্রিকা পড়ার গল্প

(৪ পাতার পর)

অনেক চড়াই-উতরাই চলছে। আব্বাকে তো আমরা পেতামই না। তিনি প্রদেশিক পরিষদের সদস্য নির্বাচিত হয়েছেন। আবার মন্ত্রিত্বও পেলেন। তিনি এত ব্যস্ত থাকতেন যে, গভীর রাতে ফিরতেন।

আমরা তখন ঘুমিয়ে পড়তাম। সকালে উঠে আমি আর কামাল স্কুলে চলে যেতাম। মাঝেমধ্যে যখন দুপুরে খেতে আসতেন, তখন আব্বার দেখা পেতাম। ওই সময়টুকুই আমাদের কাছে ভীষণ মূল্যবান ছিল। আব্বার আদর-ভালোবাসা অল্প সময়ের জন্য পেলেও আমাদের জন্য ছিল তা অনেক পাওয়া।

বাংলার মানুষের জন্য তিনি নিজের জীবনকে উৎসর্গ করেছিলেন। তার জীবনের সবটুকু সময়ই যেন বাংলার দুঃখী মানুষের জন্য নিবেদিত ছিল। এরপরই কারাগারে বন্দি তিনি। বাইরে থাকলে মানুষের ভিড়ে আমরা খুব কমই আব্বাকে কাছে পেতাম। আর কারাগারে যখন বন্দি থাকতেন তখন ১৫ দিনে মাত্র এক ঘণ্টার জন্য দেখা পেতাম। এই তো ছিল আমাদের জীবন!

আমার মা আমাদের সব দুঃখ ভুলিয়ে দিতেন তার স্নেহ ভালোবাসা দিয়ে। আর আমার দাদা-দাদি ও চাচা শেখ আবু নাসের- আমাদের সব আবদার তারা মেটাতেন। যা প্রয়োজন তিনিই এনে দিতেন। আর আব্বার ফুফাতো ভাই খোকা কাকা সবসময় আমাদের সঙ্গে থাকতেন।

আমাদের স্কুলে নেয়া, আব্বার বিরুদ্ধে পাকিস্তানী সরকার যে মামলা দিত তার জন্য আইনজীবীদের বাড়ি যাওয়া- সবই মা'র সঙ্গে সঙ্গে থেকে খোকা কাকা সহযোগিতা করতেন। তবে আমার মা পড়ালেখা করতে পছন্দ করতেন। আমার দাদা বাড়িতে নানা ধরনের পত্রিকা রাখতেন। আব্বার লেখা 'অসমাপ্ত আত্মজীবনী'তে দাদার পত্রিকা কেনা ও পড়ার কথা উল্লেখ আছে। তখন থেকেই আব্বার পত্রিকা পড়ার অভ্যাস। আর আমরা তার কাছ থেকেই পত্রিকা পড়তে শিখেছি।

পত্রিকার সঙ্গে আব্বার একটা আত্মিক যোগসূত্র ছিল। আব্বা যখন কলকাতায় পড়ালেখা করছিলেন, তখনই একটি পত্রিকা প্রকাশের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। জনাব হাশেম এ পত্রিকার তত্ত্বাবধান করতেন এবং তফাজ্জল হোসেন মানিক মিয়া সম্পাদকের দায়িত্ব পালন করতেন। পত্রিকাটির প্রচারের কাজে আব্বা যুক্ত ছিলেন। 'মিল্লাত' ও 'ইত্তেহাদ' নামে দুটি পত্রিকাও প্রকাশিত হয়েছিল। সেগুলোর সঙ্গেও আব্বা জড়িত ছিলেন।

১৯৫৭ সালে 'নতুন দিন' নামে আরেকটি পত্রিকার সঙ্গে আব্বা সম্পৃক্ত হন। কবি লুৎফর রহমান জুলফিকার ছিলেন এর সম্পাদক।

পাকিস্তান সৃষ্টির পর হোসেন শহীদ সোহরাওয়ার্দীর আর্থিক সহায়তায় 'ইত্তেফাক' পত্রিকা প্রকাশিত হয়। তফাজ্জল হোসেন মানিক মিয়া এ পত্রিকার সম্পাদক ছিলেন। এ পত্রিকার সঙ্গেও আব্বা সংযুক্ত ছিলেন এবং এতে কাজ করেছেন।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের দায়িত্ব পাওয়ার পর আব্বা ১৯৫৭ সালে মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন। সংগঠনকে শক্তিশালী করে গড়ে তোলার জন্য তিনি মন্ত্রিত্ব ছেড়ে দিয়ে সংগঠনের কাজে মনোনিবেশ করেন। ১৯৫৮ সালে মার্শাল ল' জারি করে আইয়ুব খান। আব্বা গ্রেফতার হন। ১৯৬০ সালের ১৭ ডিসেম্বর তিনি মুক্তি পান।

মুক্তি পেয়ে তিনি আলফা ইন্স্যুরেন্স কোম্পানিতে চাকরি শুরু করেন। কারণ, এসময় তার রাজনীতি করার ওপর নিষেধাজ্ঞা জারি ছিল। এমন কী ঢাকার বাইরে যেতে গেলেও থানায় খবর দিয়ে যেতে হতো, গোয়েন্দা সংস্থাকে জানিয়ে যেতে হতো। তবে আমাদের জন্য সে সময়টা আব্বাকে কাছে পাওয়ার এক বিরল সুযোগ এনে দেয়। খুব ভোরে উঠে আব্বার সঙ্গে প্রাতঃভ্রমণে বের হতাম। আমরা তখন সেগুনবাগিচার একটি বাড়িতে থাকতাম। রমনা পার্ক তখন তৈরি হচ্ছে। ৭৬ নম্বর সেগুনবাগিচার সেই বাসা থেকে হেঁটে পার্কে যেতাম। সেখানে একটি ছোট চিড়িয়াখানা ছিল। কয়েকটি হরিণ, ময়ূর, পাখিসহ কিছু জীবজন্তু ছিল তাতে। বাসায় ফিরে এসে আব্বা চা ও খবরের কাগজ নিয়ে বসতেন। মা ও আব্বা মিলে কাগজ পড়তেন। বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করতেন। ইত্তেফাক পত্রিকার 'কচিকাঁচার আসর' নামে ছোটদের একটা অংশ প্রতি সপ্তাহে বের হতো। সেখানে জালাল আহমেদ নামে একজন 'জাপানের চিঠি' বলে একটা লেখা লিখতেন। ধাঁধার আসর ছিল। আমি ধাঁধার আসরে মাঝেমধ্যে ধাঁধার জবাব দিতাম। কখনও কখনও মেলাতেও পারতাম। পত্রিকাগুলোতে তখন সাহিত্যের পাতা থাকত। বারান্দায় বসে চা ও কাগজ পড়া প্রতিদিনের কাজ ছিল। আমার মা খুব খুঁটিয়ে খুঁটিয়ে কাগজ পড়তেন। দুপুরে খাবার খেয়ে মা পত্রিকা ও ডাকবাক্সের চিঠিপত্র নিয়ে বসতেন।

আমাদের বাসায় নিয়মিত 'বেগম' পত্রিকা রাখা হতো। ন্যাশনাল 'জিওগ্রাফি', 'লাইফ' এবং 'রি-ডার্স ডাইজেস্ট'- কোনটা সাপ্তাহিক, কোনটা মাসিক আবার কোনটা বা ত্রৈমাসিক- এ পত্রিকাগুলো রাখা হতো। 'সমকাল' সাহিত্য পত্রিকাও বাসায় রাখা হতো। মা খুব পছন্দ করতেন। 'বেগম' ও 'সমকাল'- এ দুটোর লেখা মায়ের খুব পছন্দ ছিল। সে সময়ে সাপ্তাহিক 'বাংলার বাণী' নামে একটা পত্রিকা প্রকাশ করা শুরু করলেন আব্বা। সেগুনবাগিচায় একটা জায়গা নিয়ে সেখানে একটা ট্রেড মেশিন বসানো হল, যেখান থেকে 'বাংলার বাণী' প্রকাশিত হতো।

মণি ভাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলায় পড়তেন। তাকেই কাগজের দায়িত্ব দেয়া হয়েছিল। ১৯৬২ সালে আব্বা আবার গ্রেফতার হন। আমরা তখন ধানমন্ডির বাড়িতে চলে এসেছি। কারাগারে আব্বা যখন বন্দি থাকতেন, বাইরের খবর পাওয়ার একমাত্র উপায় থাকত খবরের কাগজ। কিন্তু যে পত্রিকা দেয়া হতো সেগুলো সেন্সর করে দেয়া হতো। বন্দি থাকাবস্থায় পত্রিকা পড়ার যে আগ্রহ তা আপনারা যদি আমার আব্বার লেখা 'কারাগারের রোজনামচা' পড়েন তখনই বুঝতে পারবেন। একজন বন্দির জীবনে, আর যদি সে হয় রাজবন্দি, তার জন্য পত্রিকা কত গুরুত্বপূর্ণ- তাতে প্রকাশ পেয়েছে।

যদিও বাইরের খবরাখবর পেতে আব্বার খুব বেশি বেগ পেতে হতো না, কারণ জেলের ভেতরে যারা কাজ করতেন বা অন্য বন্দিরা থাকতেন, তাদের কাছ থেকেই অনায়াসে তিনি খবরগুলো পেতেন। আমার মা যখন সাক্ষাৎ করতে যেতেন, তখন দেশের রাজনৈতিক পরিস্থিতি তিনি আব্বাকে অবহিত করতেন। আর আব্বা যেসব দিকনির্দেশনা দিতেন, সেগুলো তিনি দলের নেতাকর্মীদের কাছে পৌঁছে দিতেন। বিশেষ করে ছয় দফা দেয়ার পর যে আন্দোলনটা গড়ে উঠে, তার সবটুকু কৃতিত্বই আমার মায়ের। তার ছিল প্রখর স্মরণশক্তি।

বন্দি থাকাবস্থায় পত্রিকা যে কত বড় সহায়ক সাথী তা আমি নিজেও জানি। ২০০৭-০৮ সময়ে যখন বন্দি ছিলাম, আমি নিজের টাকায় ৪টি পত্রিকা কি-নতাম। তবে নিজের পছন্দমতো কাগজ নেয়া যেত না। সরকার ৪টি পত্রিকার নাম দিয়েছিল, তাই নিতাম। কিছু খবর তো পাওয়া যেত।

তিন

১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকদের নির্মম বুলেটে আমার আব্বা, বাংলাদেশের রাষ্ট্রপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নির্মমভাবে নিহত হন। সেই সঙ্গে আমার মা, তিন ভাইসহ পরিবারের ১৮ জন সদস্যকে হত্যা করা হয়।

আমি ও আমার ছোট বোন শেখ রেহানা বিদেশে ছিলাম। সব হারিয়ে রিক্ত-নিঃস্ব হয়ে রিফিউজি হিসেবে যখন পরাশ্রয়ে জীবযাপন করি, তখনও পত্রিকা জোগাড় করেছি এবং নিয়মিত পত্রিকা পড়েছি। ১৯৮০ সালে দিল্লি থেকে লন্ডন গিয়েছিলাম। রেহানার সঙ্গে ছিলাম বেশ কিছুদিন। তখন যে পাড়ায় আমরা থাকতাম, ওই পাড়ার ৮-১০ জন ছেলেমেয়েকে স্কুলে পৌঁছে দিতাম। ছুটি হলে সবাইকে নিয়ে আবার ঘরে পৌঁছে দিতাম। বাচ্চা প্রতি এক পাউন্ড করে মজুরি পেতাম। ওই টাকা থেকে সর্বপ্রথম যে খরচটা আমি প্রতিদিন করতাম তা হল কর্নারশপ থেকে একটি পত্রিকা কেনা। বাচ্চাদের স্কুলে পৌঁছে দিয়ে ঘরে ফেরার সময় পত্রিকা, রুটি ও অন্যান্য প্রয়োজনীয় জিনিস কিনে বাসায় ফিরতাম। তখন একটি পত্রিকা হাতে না নিলে মনে হতো সব দিনটাই যেন 'পানসে' হয়ে গেছে। সবসময়ই আব্বা ও মায়ের কথা চিন্তা করি। তারা দেশ ও দেশের মানুষের কথা ভাবতে শিখিয়েছেন। মানুষের প্রতি কর্তব্যবোধ জাগ্রত করেছেন। সাদাসিধে জীবনযাপনের মধ্য দিয়ে উন্নততর সুচিন্তা করতে শিখিয়েছেন।

মানবপ্রেম ও দায়িত্ববোধ সম্পর্কে সচেতন করেছেন। সে আদর্শ নিয়ে বড় হয়েছিলাম বলেই আজ দেশসেবার মতো কঠিন দায়িত্ব পালন করতে সক্ষম হচ্ছি। প্রতিদিনের রাষ্ট্র পরিচালনায় মানবকল্যাণকে প্রাধান্য দিয়ে পরিকল্পনা নিতে পারছি এবং তা বাস্তবায়ন করছি। যার সুফল বাংলাদেশের মানুষ ভোগ করছে। সমালোচনা-আলোচনা রাজনৈতিক জীবনে থাকবেই। কিন্তু সততা-নিষ্ঠা নিয়ে কাজ করলে, নিজের আত্মবিশ্বাস থেকে সিদ্ধান্ত নিলে, সে কাজের শুভ ফলটা মানুষের কাছে পৌঁছবেই।

গণমাধ্যম সমাজে সচেতনতা সৃষ্টি করতে পারে। আমি সরকার গঠন করার পর সব সরকারি পত্রিকা ব্যক্তি খাতে ছেড়ে দেই। যদিও সরকারিকরণের বিরুদ্ধে যারা ছিলেন এবং সরকারিকরণ নিয়ে যারা খুবই সমালোচনা করতেন, তারাই আবার যখন বেসরকারিকরণ করলাম, তখন আমার বিরুদ্ধে সমালোচনা করতেন। আন্দোলন, অনশনও হয়েছে।

আমি মাঝেমধ্যে চিন্তা করি, যুদ্ধবিধ্বস্ত দেশে যে কয়টি পত্রিকা ছিল তা সরকারিকরণ করে সব সাংবাদিকের চাকরি সরকারিভাবে দেয়া হল, বেতনও সরকারিভাবে পেতে শুরু করলেন তারা, আবার তারাই সব সুযোগ-সুবিধা নিয়েও আব্বার বিরুদ্ধে সমালোচনা করা শুরু করলেন। কেন? আবার আমি যখন সব ব্যক্তিমালিকানায় ছেড়ে দিলাম, সরকারি পত্রিকা তখন কেন বেসরকারি করছি তা নিয়ে সমালোচনা, আন্দোলন, অনশন সবই হল। কেন? এর উত্তর কেউ দেবেন না, আমি জানি।

১৯৯৬ সালে যখন আওয়ামী লীগ সরকার গঠন করে, তখন বাংলাদেশে হাতেগোনা কয়েকটি পত্রিকা ছিল। সেগুলোরও নিয়ন্ত্রণ হতো বিশেষ জায়গা থেকে। সরকারি মালিকানায় রেডিও, টেলিভিশন। বেসরকারি খাতে কোনো টেলিভিশন, রেডিও চ্যানেল ছিল না।

আমি উদ্যোগ নিয়ে বেসরকারি খাত উন্মুক্ত করে দিলাম। এ ক্ষেত্রে আমার দুটি লক্ষ্য ছিল- একটি হল কর্মসংস্থান সৃষ্টি করা, আরেকটি হল আমাদের সংস্কৃতির বিকাশ- বর্তমান যুগের সঙ্গে আধুনিক প্রযুক্তিনির্ভর সংস্কৃতি-শিল্পের সম্মিলন ঘটানো। যাতে আধুনিকতা বিকশিত হওয়ার সুযোগ পায়, তৃণমূলের মানুষ এর সুফল ভোগ করতে পারে।

২০০৮ সালের নির্বাচনী ইশতেহারে ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার করেছিলাম। ডিজিটাল ডিভাইস আমাদের কর্মজীবনে বিশেষ অবদান রেখে যাচ্ছে। বিশেষ করে করোনাভাইরাস মোকাবেলা করতে সহায়তা করছে। সময়োচিত পদক্ষেপ নিয়ে অর্থনৈতিক কর্মকান্ড সচল রাখার সুযোগ পাচ্ছি।

১৯৯৬ সালেই মোবাইল ফোন বেসরকারি খাতে উন্মুক্ত করে দিয়েছি। আজ সবার হাতে মোবাইল ফোন। বাংলাদেশে সিনেমা শিল্পের শুরু হয়েছিল আব্বার হাত ধরে। এ শিল্পকে আধুনিক প্রযুক্তিসম্পন্ন করে বাংলাদেশের মানুষের চিত্তবিনোদনের ব্যাপক সুযোগ রয়েছে। আবার সার্বিক উন্নয়ন ও দারিদ্র্যবিমোচনেও ভূমিকা রাখতে পারে এ শিল্প।

বিশ্বজুড়ে করোনাভাইরাসের কারণে আমরা এক অস্বাভাবিক পরিস্থিতির মধ্যে দিন যাপন করছি। আমি আশাবাদী এ কালোমেঘ শিগগিরই কেটে যাবে, উদয় হবে আলোকোজ্জ্বল নতুন সূর্যের। সবার জীবন সফল হোক, সুন্দর হোক। সবাই সুস্থ থাকুন, এ কামনা করি।

শেখ হাসিনা: প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

(বি.দ্র. চ্যালেন আইয়ের ক্রোড়পত্রে লেখাটি প্রথম ছাপা হয়। তারই পরিমার্জিত ও পরিবর্ধিত রূপ বর্তমান লেখাটি)

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels


কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates | السعودية SAUDIA | الإتحاد ETIHAD AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice



Sheikh Salim
Attorney at Law

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহঃ

- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে **(Loan Modification)** ফ্রি সহায়তা
- ফরক্লোজারে **(Foreclosure)** ফ্রি সহায়তা
- আরইও **(REO)** বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর **(Taxlien)** বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের **(Short Sale)** বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ **(Mix Use)** বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

---

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES

International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept

VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY 25th Anniversary 1990 2015

KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগঃ
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

এস্টোরিয়ার প্রাণকেন্দ্রে বাংলাদেশী ফার্মেসী

আমিন ফার্মেসী

সর্বদা ১০% Off

আমরা মেডিকেইড (বেনিফিট), সিবিএস এন্ড কেয়ারমার্ক, মেডিকেয়ার, বি এবং ডি, সহ সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করি।

MONSUR CHOWDHURY

Pharm D.R.Ph.
Supervising Pharmacist

29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611
Fax: (718) 786-6613

ট্যাক্স রির্টান নিয়ে ঝামেলা এড়াতে চান?

তাহলে আজই অভিজ্ঞ সিপিএ প্রতিষ্ঠানের পরামর্শ নিন
আমরা আপনাদের সর্বোচ্চ সেবায় নিয়োজিত



EAKUB A KHAN CPA PC

Certified public accountant in Queens, New York
7535 31st Ave #206a, East Elmhurst, NY 11370

Hours:
Open · Closes 6PM
Phone: (718) 424-6300

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

ই-মেইল :
শধফবৎরশরনৎরধ@মসধরষ.পড়স

ঠিকানা :
ঝঁৎ ঙ ইধহবব ঝধহমববঃ অপধফবসু
১৪৬ গধৎষনড়ৎড়ঁময় জড়ধফ
টঢ়ঢ়বৎ উধৎন্ু, চঅ ১৯০৮২

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com



যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।

বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration




*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

As Seen On TV

SPRING IS HERE: ARE YOU WORKING IN CONSTRUCTION?



Perry D. Silver
Attorney at Law
(917) 533-1033

Nazmul Chowdhury
Assistant to Mr. Silver
(917) 533-0287

Perry D. Silver
ATTORNEY LICENSED TO PRACTICE LAW
IN THE COURTS OF THE STATE OF NEW YORK

Office: 212.661.8400
60 East 42nd Street, Suite 2212, New York, NY 10165 • Fax: 212.661.1242

DEBT SOLUTIONS BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।



BHUIYAN
917-832-7619

BT & T GROUP LLC
37-12, 75th Street, Suite #203, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

তড়িৎ বাড়ী বিক্রি করে ফোরক্লোজার বন্ধ করুন এবং ক্রেডিট কার্ড রক্ষা করুন এই বিষয়ে আমরা সততার সাথে সাহায্য করি।

Omni Realty
The Realty People



Nurul Huda Harun
Real Estate
Associate Broker

118-18 101 Avenue
Richmond Hill,
NY 11419

Tel: 718-441-7000
Fax: 516-441-3548
Cell: 917-238-4161

nurul@omnirealty.com

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

BRONX OFFICE
1268 Whiteplains Road.
Bronx,
NY 10472
718-792-6991

JACKSON HEIGHTS OFFICE
37-33 77th St. # 1,
Jackson Heights
NY 11372
718-478-6100



- স্বল্পমূল্যে চিকিৎসার ব্যবস্থা
- জীবানুমুক্ত যন্ত্রপাতি
- সর্বাধুনিক প্রযুক্তি। অভিজ্ঞ ডাক্তার
- মেডিকেইড। ইন্সুরেন্স। ইউনিয়ন - কার্ড গ্রহণ
- Visa / Master Card / American Express / Discover সহ অন্যান্য ক্রেডিট কার্ড গ্রহণ
- সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারে Implant / Braces চিকিৎসা

আপনাদের সেবায়



DR. WALI KHAN
D.D.S.



DR. M. M. ABDUR ROB D.D.S.

কম্বাইন্ড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন **ডেন্টাল সার্জন**

আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।

আমরা মেডিকেইড, ইন্সুরেন্স ও ইউনিয়ন প্লান গ্রহন করি



আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

QUEENS DENTAL CARE
28-55, 34St, 2Floor, Astoira
(at the corner of 30 AVE. & 34St)
718-204-0672
বিকেল ৫টা থেকে রাত ৯টা, রোববার এপয়েন্টমেন্ট নিতে হবে

BRONX OFFICE
780E. Tremont Ave. Bronx
718-731-6176
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, রোববার বন্ধ।



WELCOME TO
Your Medical Home

SABOOR WAIZUN MEDICAL PC
Caring For Your Health
INAMULHAQUE M SABOOR,MD
Board Certified Internal Medicine
USCIS Designated Civil Surgeon

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
FAX: (914) 500-6570
Sat, Tues and Thursday:
1:00PM- 8:00PM

JAMAICA
167-10 HIGHLAND AVE
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
FAX: (718) 558-0290
Mon, Wed & Friday:
11:00AM to 5:00PM

Office Hours
Sat, Tues and Thursday: 1:00PM- 8:00PM
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

Available on call 24 hours a day, 7 days a week 365 days a year

---

ড্রাইভিং লাইসেন্সের ১০০% গ্যারান্টি

ড্রাইভিং শিখতে ভয় পাচ্ছেন? বারবার ফেল করছেন? তাদেরকে চুক্তিতে থিয়োরি দিয়ে ও প্র্যাকটিক্যালি সরলভাবে শতভাগ নিশ্চয়তা সহকারে শেখানো হয়।



যোগাযোগ:
রাজীব খান
347-279-8327
nukdu345@gmail.com

Vital Accounting Inc.

File your Tax with experienced professional.

- Income tax:
- Individual/ Personal Tax (All states)
- Business Tax (Corporation, Partnership)
- Sales tax (Food Vendor, Corporation)
- Payroll Tax
- Business Incorporation
- Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

Income Taxes & Immigration

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভূল তথ্যের ভিত্তেতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
রিমোভ কন্ডিশন
এফিডেভিট অব সাপোর্ট
বিনা পরীক্ষায় সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস লুলাক
রিফিউজি, এসাইলম, গ্রীণকার্ড রিনিউ

AUTHORIZED IRS e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্সি ক্যাব ও ফুড ভেন্ডার
পার্টনারশীপ, কর্পোরেশন
পেরোল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

কোন দেশে ধর্ষণের সাজা কেমন

(৪৬ পাতার পর)

মিশর
মিশরে জনাকীর্ণ এলাকায় জনসম্মুখে ফাঁসিতে ঝুলিয়ে মৃত্যুদন্ড কার্যকর করা হয়।

উত্তর কোরিয়া
উত্তর কোরিয়ায় ধর্ষণের শাস্তি মৃত্যুদন্ড। ধর্ষককে ফায়ারিং স্কোয়াডে নিয়ে মাথায় গুলি করে এই শাস্তি কার্যকর করা হয়।

আফগানিস্তান
আফগানিস্থানে ধর্ষণের শাস্তি মৃত্যুদন্ড। আদালতের রায়ের চার দিনের মধ্যে ধর্ষকের মাথায় গুলি করেই রায় কার্যকর করা হয়।

সৌদি আরব
সৌদি আরবে ধর্ষণের অভিযোগ প্রমাণিত হলে শাস্তি মৃত্যুদন্ড। জনসম্মুখে ধর্ষকের শিরচ্ছেদ করে এই সাজা কার্যকর করা হয়।

সংযুক্ত আরব আমিরাত
সংযুক্ত আরব আমিরাতে যৌন নির্যাতন বা ধর্ষণের সাজা মৃত্যুদন্ড। রায়ের সাতদিনের মধ্যে ফাঁসিতে ঝুলিয়ে সাজা কার্যকর করা হয়।

ফ্রান্স
ফ্রান্সে ধর্ষণের শাস্তি কি তা ভিকটিমের ক্ষতি কতটা গুরুতর, তার ওপর নির্ভর করে। সেখানে ধর্ষকের সাজা ৩০ বছরের কারাদন্ড থেকে আমৃত্যু কারাদন্ড দেওয়ার নজির রয়েছে। তবে ১৫ বছরের কারাদন্ডেরও বিধান আছে।

নেদারল্যান্ড
নেদারল্যান্ডসে ধর্ষণের শাস্তি হিসেবে ৪ বছর থেকে ১৫ বছর পর্যন্ত কারাদন্ড দেওয়া হয়। ওই দেশে যেকোনো ধরনের যৌন নিপীড়ন, অনুমতি ছাড়া জোর করে চুম্বনও এ ধরনের অপরাধ হিসেবে গণ্য করে শাস্তি দেওয়া হয়ে থাকে।

রাশিয়া
বিশ্বের অন্যতম শক্তিধর রাষ্ট্র রাশিয়ায় ধর্ষণের শাস্তি ৩ বছর থেকে ৩০ বছর কারাদন্ড।

যুক্তরাষ্ট্র
বিশ্বের আরেক শক্তিধর রাষ্ট্র যুক্তরাষ্ট্রে দুই ধরনের আইন প্রচলিত রয়েছে। এগুলো হলো- অঙ্গরাজ্য আইন এবং ফেডারেল আইন। ফেডারেল আইনে মামলা হলে সর্বোচ্চ যাবজ্জীবন কারাদন্ড দেওয়া হয়। তবে অঙ্গরাজ্য আইনে একেক অঙ্গরাজ্যে একেক রকম শাস্তি।

নরওয়ে
নরওয়েতে ধর্ষকের সাজা ৪ বছর থেকে সর্বোচ্চ ১৫ বছরের কারাদন্ড।

ইসরায়েল
ইসরায়েলে ধর্ষণের শাস্তি ৪ বছর থেকে সর্বোচ্চ ১৬ বছরের কারাদন্ড।

সূত্রঃ স্কুপহুপ, ওয়েবসাইট।

বাড়ী ক্রয়ে ৩০

(শেষের পাতার পর)

মর্টগেজ গ্রহণ অতীতের মতো এখনো জনপ্রিয় আছে। কিন্তু আপনি যখন বাড়ি ক্রয় করবেন তখন এই মর্টগেজ আপনার জন্য কি সঠিক অপশন?

প্রতিটি মর্টগেজ ঋণের ক্ষেত্রেই হোক সে ১০, ১৫ বা ৩০ বছরের জন্য। সবগুলোতেই যেমন কিছু চ্যালেঞ্জ আছে, সেই সাথে কিছু ভালো দিকও আছে। তবে এগুলোর মধ্যে আপনার জন্য কোনটি সেরা হবে সেটা নির্ভর করে আপনার পরিস্থিতির ওপর। সাধারণত যে মর্টগেজ ঋণগুলো কম সময়ের জন্য যেমন ১০ বা ১৫ বছরের জন্য সেগুলোর ইন্টারেস্ট রেইট তুলনামুলকভাবে ২০ বা ৩০ বছরের মর্টগেজ ঋণের ইন্টারেস্ট রেইট থেকে কিছুটা কম। সেই সাথে আপনি যদি ডলার মূল্যে সবকিছু বিবেচনা করেন তবে ১৫ বছরের মর্টগেজ ঋণে আপনাকে যে ইন্টারেস্ট প্রদান করতে হবে তা হবে ৩০ বছরের মর্টগেজ ঋণে আপনি যে ইন্টারেস্ট প্রদান করতেন তার অর্ধেক মাত্র। এসব বিষয়ে আমরা আপনাকে সাহায্য করতে পারি। প্রয়োজনে ৭১৮-৫০৭-লোন (৫৬২৬) এই নম্বারে যোগাযোগ করুন।

Afzal Hossain MD
Ashwad Afzal MD, FACP
Sanjeev Palta MD, FACC
87-81 169th street, Jamaica NY 11432
Tel: 718-297-4300, Fax: 718-297-4302

Board certified in Internal Medicine

Board certified in Cardiology

We perform tests in the office:

ECG

We treat all heart patients and have tests performed in our office by our experienced Internist and Cardiologist.

- EKG/Electrocardiogram
- Echocardiogram
- Cardiac stress test
- Vascular studies
- Allergy Test
- Nerve Test/Sudoscan
- TB/PPD testing
- Spirometry/Lung Test
- Peak flow
- Test for Heartburn







Blood test done in the office

We provide Vaccines for:
- Hepatitis A
- Hepatitis B
- Influenza
- Meningitis
- Measles
- Mumps
- Pneumococcal
- Rubella
- Tetanus/Tdap
- Varicella

- Physical Exam
- Pre-employment Exam
- Physical for school
- CDL certification
- TLC Certification
- Home Health Aid/HHA Certification

We accept most insurance and have arrangement for treating uninsured patients at low costs.

Office Hours
Mon-Thurs 10am-6pm
Friday 11:30am-6pm
Saturday 10am-3pm

Call us today at 718-297-4300

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



IRS ENROLLED AGENT

Authorized IRS e-file Provider

IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning & Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

আমেরিকার ইতিহাসে সবচেয়ে বড় ব্যর্থতা

(৪৬ পাতার পর)

মোকাবিলায় ট্রাম্প প্রশাসন ব্যর্থ হয়েছে বলেও দাবি করেন তিনি। যুক্তরাষ্ট্রের ইউটা অঙ্গরাজ্যের সল্টলেক সিটিতে ভাইস প্রেসিডেন্ট পদে রিপাবলিকান প্রার্থী মাইক পেন্সের সঙ্গে তর্কযুদ্ধের (ভাইস প্রেসিডেন্সিয়াল ডিবেট) মঞ্চে এ কথা বলেন ডেমোক্রেটিক দলের প্রার্থী কমলা হ্যারিস। অন্যদিকে, রিপাবলিকান ভাইস প্রেসিডেন্ট পেন্স ডেমোক্রেটিক পার্টির মহামারি মোকাবিলার পরিকল্পনা হোয়াইট হাউস থেকে 'চুরি করা' বলে অভিযোগ করেছেন। সংবাদসূত্র: এএফপি, বিবিসি, রয়টার্স।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের আগে দুই বড় দলের ভাইস প্রেসিডেন্ট প্রার্থীদের মুখোমুখি টেলিভিশন বিতর্কে ডেমোক্রেট কমলা হ্যারিস ও রিপাবলিকান মাইক পেন্স তীব্র বাগযুদ্ধে জড়িয়েছেন। বুধবারের (৭ অক্টোবর) এই বিতর্কের অনেকটা জুড়েই ছিল করোনাভাইরাস মহামারি মোকাবিলায় ট্রাম্প প্রশাসনের পদক্ষেপ ও বর্ণবাদ ইস্যু। জনমত জরিপগুলোতে ট্রাম্পের চেয়ে ডেমোক্রেট প্রার্থী জো বাইডেনের সামান্য এগিয়ে থাকার মধ্যেই বুধবার সল্ট লেক সিটির উটাহ বিশ্ববিদ্যালয়ে এই দুই ভাইস প্রেসিডেন্ট প্রার্থী লাইভ টেলিভিশন বিতর্কে মুখোমুখি হয়েছিলেন। বিতর্ক অনুষ্ঠানের সঞ্চালক ছিলেন ইউএসএ টুডের সাংবাদিক সুসান পেজ।


আগামী ৩ নভেম্বর অনুষ্ঠিতব্য প্রেসিডেন্ট নির্বাচনের আর বেশিদিন বাকি নেই। তার আগেই দেশটিতে নানা ইস্যুতে আলোচনা জোরদার হয়ে উঠেছে। রিপাবলিকান নাকি ডেমোক্র্যাট কারা এবারের প্রেসিডেন্ট নির্বাচনে সফল হবে, তা নিয়ে যেমন আলোচনা চলছে, একই সঙ্গে এ বছর প্রথম কৃষ্ণাঙ্গ-এশিয়ান এবং ভারতীয় বংশোদ্ভূত আমেরিকান সিনেটর কমলা হ্যারিসের ভাইস প্রেসিডেন্ট পদপ্রার্থী হওয়া বাড়তি আগ্রহ যোগ করেছে। আর এই প্রেক্ষাপটেই বৃহস্পতিবার প্রথমবার রিপাবলিকান ভাইস প্রেসিডেন্ট পদপ্রার্থী মাইক পেন্সের বিরুদ্ধে তর্কযুদ্ধে অবতীর্ণ হন কমলা হ্যারিস।

যুক্তরাষ্ট্রে প্রতিবার প্রেসিডেন্ট নির্বাচনের আগে প্রার্থীদের মধ্যে বিতর্ক অনুষ্ঠিত হয়। এর মধ্যে তিনটি প্রেসিডেন্টসিয়াল ডিবেট ও একটি ভাইস প্রেসিডেন্টসিয়াল ডিবেট। যদিও বিশ্লেষকরা বলছেন যে, প্রেসিডেন্টসিয়াল আর ভাইস প্রেসিডেন্টসিয়াল ডিবেট দেখে জনগণ ভোট দেবেন না।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে বিতর্ক একটি অন্যতম অনুষঙ্গ এবং এটি নির্বাচনে বিশেষ গুরুত্ব বহন করে। আমেরিকান রাজনীতিতে প্রেসিডেন্ট প্রার্থীদের দলীয় মনোনয়ন নিতে হলেও বিতর্কের মুখোমুখি হতে হয়। সেখানে প্রার্থীদের প্রজ্ঞা, মেধা, সহনশীলতাসহ অনেক কিছু সম্পর্কে ধারণা পান ভোটাররা। আগামী ১৫ অক্টোবর ফ্লোরিডার মায়ামি ও ২২ অক্টোবর টেনেসির ন্যাশভিলে ট্রাম্প-বাইডেনের মধ্যে বিতর্ক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। বার্তা সংস্থাগুলোর খবরে বলা হয়েছে: ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্সের সাথে বিতর্কে অংশ নিয়ে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের সিনেটর কমলা হ্যারিস বলেন, 'আমেরিকান জনগণ আমাদের দেশের ইতিহাসে ব্যর্থতম প্রশাসনকে দেখেছে।' এ ছাড়া কোভিড-১৯-এর ঝুঁকির বিষয়ে আগে থেকে জেনেও কোনো পদক্ষেপ না নেয়ায় ট্রাম্পের সমালোচনা করেন কমলা হ্যারিস। তিনি বলেন,'আমেরিকান প্রেসিডেন্ট বলেছিলেন, করোনাভাইরাস গুজবমাত্র। তারা (ট্রাম্প প্রশাসন) করোনার ঝুঁকিকে খাটো করে দেখিয়েছে।'

রিপাবলিকান পেন্স তার বক্তব্যে বাইডেন-কমলা শিবিরের বিরুদ্ধে হোয়াইট হাউসের মহামারি মোকাবিলার কৌশল হুবহু নকল করার অভিযোগ করেন। এর মাধ্যমে তিনি ১৯৮৭ সালে ডেমোক্রেট প্রেসিডেন্ট প্রার্থী মনোনয়নের দৌড় থেকে বাইডেনের ছিটকে পড়ার দিকেও ইঙ্গিত করেন। সেবার বাইডেনের বিরুদ্ধে ব্রিটিশ লেবার নেতা নেইল কিনোকের বক্তৃতা চুরির অভিযোগ উঠেছিল। বিতর্কের একপর্যায়ে সঞ্চালক নির্বাচনের আগে কোনো টিকা অনুমোদন পেলে এবং সরবরাহ শুরু হলে কমলা তা গ্রহণ করবেন কিনা জানতে চাইলে ডেমোক্রেট ভাইস প্রেসিডেন্ট প্রার্থী বলেন, স্বাস্থ্য বিশেষজ্ঞরা না বললে কেবল ট্রাম্পের কথায় তিনি টিকা নেবেন না।

ডেমোক্র্যাট প্রতিদ্বন্দ্বীর অবস্থানের জবাবে হোয়াইট হাউসের করোনাভাইরাস টাস্ক ফোর্সের প্রধান পেন্স বলেন, 'আসলে ট্রাম্প প্রশাসনের আমলে কোনো টিকা এলেও আপনি (কমলা হ্যারিস) ওই টিকার বিষয়ে ধারাবাহিকভাবে জনগণের আস্থা হ্রাসের চেষ্টা করবেন, যাকে বিবেকবর্জিত কাজ বলেই আমি মনে করি।' এছাড়া বর্ণবাদ নিয়ে আলোচনায় আমেরিকান এই ভাইস প্রেসিডেন্ট বলেন, মিনেসোটায় জর্জ ফ্লয়েড হত্যাকান্ড তাকে মর্মাহত করেছে।'



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD
Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD
Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, TLC/Motor Vehicle Exam, মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT — 8 Weeks Course; 4 Hours Each Class; Total 32 Classes (4 days/week); Total Cost : $2000.00; Time : 2 pm to 6 pm

SHSAT — 8 Weeks Course; 5 days/week; Total Cost : $2000.00; Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH — 1st Grade to 6th Grade; 8 weeks course; 3 Hrs./day, 4 days/week; Cost : 600.00

Get 25% Discount sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস
167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয়।

এলাকা অনুযায়ী খ্রীষ্ট ধর্মাবলম্বী চার্চের নাম ও ফোন

উডসাইড-ইউনাইটেড বেঙ্গলী লূথারেন	৯১৭৬০৫৪৫৬৬
উডহ্যাভেন-ক্রাইস্ট বাংলা	৯১৭৬৮৩৩০৫৯
ওজনপার্ক-ফার্স্ট বাংলা	৯১৭২১৬৬৭৫০
করোনা-সহভাগিতা	৯১৭৩৯২৬৭৭৩
করোনা-ইভাঞ্জেলীক্যাল বাংলা	৬৪৬৩৯৯৩৮১২
জ্যাক্সন হাইটস-বাংলা বাইবেল	৩৪৭৭৪৪৫৯৯৩
জ্যাকসন হাইটস-বেথেল ব্যাপ্টিস্ট	৩৪৭৫৭৩৭৫৯৩
ব্রঙ্কস-শেলম ইভাঞ্জেলীক্যাল	৬০৩৮২০০৬৪৯
সানিসাইড-কুইন্স অব এঞ্জেলস	৭১৮৩৯২০০১১
হিলসাইড-ইমাকুলেট কন্সেপশন	৭১৮৭৩৯০৮৮০

সিটি কাউন্সিল নির্বাচনে মীর্জা মামুনের

(শেষের পাতার পর)

মীর্জা মামুন রশীদ। তিনি ব্রুকলীনের ৮৭ অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট এবং ১২ জুডিসিয়াল ডিস্ট্রিক্ট থেকে বাংলাদেশীদের মধ্যে প্রথম নির্বাচিত জুডিসিয়াল ডেলিগেট ছিলেন। এছাড়াও নিউইয়র্কের সর্ববৃহৎ আঞ্চলিক সংগঠন জালালাবাদ এসোসিয়েশনের তিনবার নির্বাচিত সহ সভাপতি সহ মোট ৮ বছর দায়িত্ব পালন করেছেন।

সিলেট জগন্নাথপুরের সম্ভ্রান্ত মীর্জা বাড়ীর সন্তান মীর্জা মামুনুর রশীদের তিন ভাই যথাক্রমে ব্যারিস্টার মীর্জা আব্দুল মতিন, ব্যারিস্টার মীর্জা আব্দুল হান্নান, ব্যারিস্টার আব্দুল ওয়াহিদ বাংলাদেশ সুপ্রিম কোর্টে আমৃত্যু আইনপেশায় নিয়োজিত ছিলেন।

একজন দক্ষ সংগঠক হিসাবে মীর্জা মামুনের রয়েছে জনপ্রিয়তা। ব্রঙ্কস ইউনাইটেড ক্লাবের ম্যানেজার হিসাবে দায়িত্বপালনকালে বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল ফুটবল লীগ টুর্নামেন্টে তাঁর ক্লাব পরপর ৯বার চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে।

একজন দক্ষ সমাজ সেবক এবং সংগঠক মীর্জা মামুন আসন্ন সিটি কাউন্সিল নির্বাচনে প্রবাসী বাংলাদেশীদের সহযোগীতা কামনা করেছেন।

মজুমদারের সভায় স্বাস্থ্যবিধি লংঘন!

(শেষের পাতার পর)

সংগঠক, স্থানীয় কমিউনিটি বোর্ডের ভাইস চেয়ার এন মজুমদার। সম্প্রতি তার সমর্থনে ব্রঙ্কসে আয়োজিত এক সমাবেশে চলমান করোনাভাইস পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি লংঘিত হয়েছে বলে অনেকেই অভিযোগ করেছেন। অভিযোগে প্রকাশ, সমাবেশে যোগদানকারী অনেকেই মাস্ক ব্যবহার করলেও অবার অনেকেই মাস্ক পড়েননি। এছাড়াও তাদের অবস্থান ছিলো কাছাকাছি যা স্বাস্থ্যর জন্য ঝুঁকি।

এব্যাপারে এন মজুমদারের সাথে রোববার ফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, বর্তমান করোনা পরিস্থিতিতে অবশ্যই সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলা দরকার। তবে আমার সমর্থনে আয়োজিত এত বড় সমাবেশের কথা আমি জানতাম না। আর এ ব্যাপারে আমার কিছুই করার ছিলো না। তবে আমি মনে করি স্বাস্থ্য বিধি মেনেই সমাবেশটি হয়েছে এবং আগামী নির্বাচনে আমার প্রার্থীতার ব্যাপারে যারা আমার বিরোধীতা করছেন, তারাই এমন অভিযোগ করতে পারেন বলে তিনি মনে করেন।

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

একাউন্টিং

ইনকাম ট্যাক্স-ব্যক্তিগত (Individual all State) কর্পোরেশন, পার্টনারশীপ, নটফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আই.আর.এস-এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন

সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়দি। ইলেকট্রনিক ফাইলিং করা হয় ২০১৩

* বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেট রেজিষ্ট্রেশন
* নোটারী পাবলিক রেজুমী
* দক্ষতার সাথে রেজুমী ও কভারিং লেটার প্রস্তুত করা হয়
* ট্রান্সলেশন সার্ভিসেস

SNS Authorized *IRS e file* Provider

Electronic Filling & Direct Deposite for Accurate Faster & Secure Refund

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমারদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেয়া হয়।



অফিস সময়: সপ্তাহে সাত দিন সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৮ টা।
আমাদের রয়েছে ১৮ বছরের বেশী বিধিসম্মত নির্ভূল ট্যাক্স ফাইলিং এর দক্ষতা ও অভিজ্ঞতা

EXPERIENCE COUNTS, TRUST, WE SERVE YOU BETTER

যোগাযোগ করুন: এম.এ. কাইয়ূম

৩৫-৪৬ ৩১ স্টিট, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬

ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১

email: snsmaq@aol.com (N এবং W ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Law Firm of Attorney Najmul Alam





এটর্নী নাজমুল আলম, এটর্নী এট ল'
ইউ,এস, সুপ্রীম কোর্ট

ম্যানহাটন অফিসঃ (২১২) ৫৯৯-৭২৯৯
(২৬ ফেডারেল প্লাজার সামনে)
২৯৯ ব্রডওয়ে, সুইট # ১৭০০, নিউইয়র্ক, নিউইয়র্ক ১০০০৭

- Immigration
- Asylum Cases
- Divorce
- Title Insurance
- Real Estate Closing
- Investment Visa E2 EB5
- Deportation Defense
- Criminal Defense Cases
- Citizenship Tests

এসাইলাম, পাবলিক চার্জ, ওয়েভার, সিটিজেনশীপ, মোশন, আপীল সহ সব ধরনের ইমিগ্রেসন কেস।

JUSTICE law firm

Manhattan Office: (212) 599-7299
(In Fornt of 26 Fedarel Plaza)
299 Broadway, Suite # 1700, New York, New York 10007

Wasi Choudhury & Associates LLC

SERVICES

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- **ইমিগ্রেশন** সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

Wasi Choudhury, *EA*

Admitted to practice before the IRS

সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Member : naea NYSSEA IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER



প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377 • Tel: 718-205-3460, 718-440-6712 • Fax: 718-205-3475 • Email: wasichoudhury@yahoo.com

ডা. এটিএম ইউছুফ (স্পপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার



স্থান পরিবর্তন

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করা সহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ইনকাম ট্যাক্স

INCOME TAX

ইনকাম ট্যাক্স, ইমিগ্রেশন ও জেনারেল সার্ভিসের জন্য একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

দীর্ঘ ১৮ বৎসর ধরে আমরা আপনাদের সেবায় নিয়োজিত

AUTHORIZED e-file Provider

অতি যত্ন সহকারে আপনাদের নির্ভুল ট্যাক্স রিটার্ণ করে দেয়ার দায়িত্ব আমাদেরকে দিন

শুধু ট্যাক্স ফাইলের সময়েই নয় বরং সারা বৎসর ধরেই আমরা আছি আপনাদের পাশে

NOTARY PUBLIC

প্রাইম ব্রোকারেজ

যোগাযোগঃ *আবুল কালাম*
T: **718-274-1908**, F: **718-728-2293**
email: **primebrokerage34@gmail.com**
৩৪-০৩ ৩০ এভিনিউ, এষ্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৩

ট্যাক্স ও ইমিগ্রেশনের কাজে প্রয়োজন বিশ্বস্থ প্রতিষ্ঠান,
কারণ আপনার ব্যক্তিগত সকল তথ্যাদি থাকছে প্রতিষ্ঠানটির কাছে।

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা **Instructor** দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
917-301-2063

OPEN 7 DAYS

6 Hours
DDC Class
Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীদের ড্রাইভিং লাইসেন্স পেতে কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

- ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্বাবধানে ড্রাইভিং শিখুন।
- ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ৫, ১০ ও ১৫ লেসনের প্যাকেজ ডীল।
- প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা (শনিবারসহ)

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

- 5 Hours Class Certificate
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন ফ্রি বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট বই

Please Call
718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) ডিজিটাল ওয়ান এর উপরে



Apna Express Pharmacy Inc.

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি, ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি

TEL. 929-208-0602

DISCOUNT COSMETICS. FILM. COLOGNES.
PERFUMES. VITAMINS. NON-PRESCRIPTION DRUGS.
HOUSEHOLD GOODS. BABY NEEDS

74-12 37AVE, Jackson Heights, NY 11372,

সৌদি আরব-ইসরাইল শান্তি চুক্তি আসন্ন?

(প্রথম পাতার পর)

তারাই কি শেষ পর্যন্ত সেই দেশটিকে স্বীকৃতি দেবার পথে একটু একটু করে এগিয়ে যাচ্ছে– আরব মিডিয়ায় অতীতে যে দেশটিকে ইহুদিবাদী শক্তি বলা হতো? সামাজিক মাধ্যমে সম্প্রতি এ নিয়ে প্রবল জল্পনা-কল্পনা শুরু হয়েছে।

কারণ: আল-আরাবিয়া টিভিতে প্রচারিত একটি সাক্ষাৎকার– যা দিয়েছেন প্রিন্স বান্দার বিন সুলতান আল-সউদ, সাবেক সৌদি গোয়েন্দা প্রধান, এবং যিনি ওয়াশিংটনে দীর্ঘকাল সৌদি আরবের রাষ্ট্রদূত ছিলেন।

সম্প্রতি ইসরাইলের সাথে শান্তি স্থাপন করায় ফিলিস্তিনি নেতারা যেভাবে উপসাগরের আরব দেশগুলোর সমালোচনা করেন– তার তীব্র নিন্দা করেছেন প্রিন্স বান্দার, তিন পর্বে প্রচারিত ওই সাক্ষাৎকারে।

'যে কর্মকর্তারা তাদের লক্ষ্যের প্রতি সারা বিশ্বের সমর্থন পেতে চান- তাদের কাছ থেকে এত নিম্ন স্তরের এই বিতর্ক আমরা আশা করি না'– বলেন প্রিন্স বান্দার। 'উ-পসাগরীয় দেশগুলোর নেতৃত্বের বিরুদ্ধে ফিলিস্তিনি নেতাদের এই বাড়াবাড়ি এবং নিন্দনীয় কথাবার্তা একেবারেই অগ্রহণযোগ্য।' সংযুক্ত আরব আমিরাত এবং বাহরাইন যখন ইসরাইলের সাথে সম্পর্ক স্বাভাবিক করে তখন ফিলিস্তিনি নেতারা একে 'বেইমানি' এবঙপিঠে ছুরি মারা বলে আখ্যায়িত করেছিলেন।

প্রিন্স বান্দারের সাক্ষাৎকার প্রচারটাই কি একটা ইঙ্গিত?

প্রিন্স বান্দার ওয়াশিংটনে সৌদি আরবের রাষ্ট্রদূত ছিলেন একটানা ২২ বছর। তিনি সাবেক প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশের এতই ঘনিষ্ঠ ছিলেন যে অনেকে তাকে ডাকতেন 'বান্দার বিন বুশ' নামে।

আল-আরাবিয়াকে দেয়া সাক্ষাৎকারে প্রিন্স বান্দার ফিলিস্তিনি নেতৃত্বের 'ঐতিহাসিক ব্যর্থতা'-র কথা তুলে ধরে বলেন, তারা ধরেই নিয়েছিল যে সৌদি আরব সব সময়ই আমাদের সমর্থন দিয়ে যাবে। সেই সাক্ষাৎকারে তিনি বলেন, ফিলিস্তিনিদের দাবি অবশ্যই ন্যায়সংগত। কিন্তু তারা যে এত বছরেও একটা শান্তি চুক্তি করতে পারলো না– তার জন্য ইসরাইল এবং ফিলিস্তিনি নেতৃত্ব উভয়কেই সমানভাবে দায় নিতে হবে।

ফিলিস্তিনি নেতৃত্ব এখন বিভক্ত। পশ্চিম তীরে শাসনকাজ চালাচ্ছে ফিলিস্তিনি কর্তৃপক্ষ, অন্যদিকে গাজার ক্ষমতা দখল করে আছে ইসলামপন্থী আন্দোলন হামাস। প্রিন্স বান্দার এদিকেই ইঙ্গিত করে বলেন, ফিলিস্তিনিদের নেতারা যখন নিজেদের মধ্যেই একমত হতে পারছেন না, তখন তারা একটা চুক্তিতে পৌঁছাবে কীভাবে? সৌদি রাজ-পরিবারের ঘনিষ্ঠ একজন কর্মকর্তা বলছিলেন, সৌদি রাষ্ট্রনিয়ন্ত্রিত টিভি চ্যানেলে এধরণের বক্তব্য কখনোই প্রচার হতে পারে না– যদি বাদশা সালমান এবং যুবরাজ মোহাম্মদ বিন সালমান আগে থেকে এটা অনুমোদন না করেন।

এই কথাগুলো বলবার জন্য তারা বেছে নিয়েছেন প্রিন্স বান্দারকে– যিনি একজন প্রবীণ কূটনীতিক এবং সৌদি রাজপরিবারের স্বার্থসিদ্ধির এক বিশ্বস্ত স্তম্ভ– বলছিলেন কর্মকর্তাটি।

তার মতে, এখন পর্যন্ত এটা হচ্ছে সবচেয়ে স্পষ্ট ইঙ্গিত যে সৌদি আরব ইসরায়েলের সাথে একসময় একটা চুক্তি করবে, এবং তার জন্য তারা দেশের মানুষকে প্রস্তুত করছে।

ঐতিহাসিক সন্দেহ

সংযুক্ত আরব আমিরাত এবং বাহরাইন ইসরাইলের সাথে সম্পর্ক স্বাভাবিক করার পর সৌদি আরব 'নীরবে' তা অনুমোদন করেছে। এর কিছুদিন পরই প্রিন্স বান্দার এই সাক্ষাৎকারটি দিলেন। মনে হতেই পারে যে সৌদি আরবের নেতৃত্ব ইসরাইলের সাথে মৈত্রী স্থাপনের পথে তাদের জনগণের চেয়েও দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে।

অনেক বছর ধরে– বিশেষ করে সৌদি আরবের প্রত্যন্ত গ্রামীণ এলাকাগুলোতে যারা বাস করেন, সেই সৌদিরা শুধু যে ইসরাইলকেই শত্রু হিসেবে দেখতে অভ্যস্ত ছিলেন তাই নয়, সব ইহুদিদের ক্ষেত্রেও তাই। আমার মনে আছে, আসির প্রদেশে একটি পার্বত্য গ্রামের বাসিন্দা এক সৌদি আমাকে খুব গুরুত্ব দিয়েই বলছিলেন, 'বছরের একটি দিন আছে যেদিন ইহুদিরা শিশুদের রক্ত পান করে।'

ইন্টারনেট আর স্যাটেলাইট টিভির কারণে, এখন সৌদি আরবে এসব ষড়যন্ত্র তত্ত্ব অনেক বিরল ব্যাপার হয়ে গেছে। সৌদিরা অনলাইনে দিনের অনেকটা সময় কাটায়, এবং অনেক সময় বিশ্বের নানা রকম খবর বা ঘটনা সম্পর্কে তারা পশ্চিমা দেশের লোকদের চাইতে বেশি জানেন।

তবে সৌদি আরবের মানুষের কিছু অংশের মধ্যে অন্য দেশের লোকদের সম্পর্কে সন্দেহ ও জাতিবিদ্বেষ থাকলেও– এর পরিবর্তন হতে সময় লাগবে। সেকারণে হয়তো সৌদি আরব তার উপসাগরীয় প্রতিবেশীদের অনুসরণ করে একটি ঐতিহাসিক চুক্তি করার জন্য তাড়াহুড়ো করছে না।

সাদ্দাম হোসেন বিপর্যয়

ফিলিস্তিনিদের সাথে সৌদি আরব ও উপসাগরীয় দেশগুলোর ইতিহাস বেশ কৌতুহলোদ্দীপক। উপসাগরীয় দেশের সরকারগুলো দশকের পর দশক ধরে রাজনৈতিক এবং অর্থনৈতিকভাবে ফিলিস্তিন ইস্যুকে নামমাত্র সমর্থন দিয়ে গেছে। কিন্তু ১৯৯০ সালে ইরাকের কুয়েত অভিযান ও দেশটি দখল করে নেবার পর যখন ফিলিস্তিনি নেতা ইয়াসির আরাফাত প্রেসিডেন্ট সাদ্দাম হোসেনের পক্ষ নিলেন– তখন তারা নিজেদেরকে প্রচণ্ডভাবে প্রতারিত বোধ করেছিল।

এর পর ১৯৯১ সালে যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন অপারেশন ডেজার্ট স্টর্ম নামের অভিযান চালিয়ে যখন কুয়েতকে মুক্ত করা হলো -তখন কুয়েত সেদেশ থেকে সকল ফিলিস্তিনিকে বহিষ্কার করে, এবং তাদের শূন্যস্থান পূরণ করে হাজার হাজার মিশরীয়কে সেদেশে নিয়ে আসে।

সেই বছর আমি কুয়েত সিটিতে গিয়েছিলাম । তখনো দেশটি এই ধাক্কা সামলে উঠতে পারেনি। একটি পরিত্যক্ত পিৎজা রেস্তোরাঁর পাশেই দেখলাম একটি দেয়াল লিখন।

তাতে লেখা: 'আল-কুদস দা'ইমান লিল্লসিহিউনিন, ওয়্লআনা কুয়েতি'– অর্থাৎ 'জেরুসালেম হচ্ছে ইহুদিদের চিরন্তন আবাসভূমি, এবং এ কথা লিখছি আমি– একজন কুয়েতি।'

এই অঞ্চলের বয়স্ক শাসকদের অনেক সময় লেগেছিল আরাফাতের ওই "বেইমানিচ র ধাক্কা কাটিয়ে উঠতে। আরব বিশ্বে সেই ক্ষত সারিয়ে তুলতে অন্য অনেকের চেয়ে বেশি ভূমিকা রেখেছিলেন যিনি– তিনিও অবশ্য একজন কুয়েতি– গত মাসেই ৯১ বছর বয়সে প্রয়াত হওয়া আমির শেখ সাবাহ আল-আহমেদ আল-সাবাহ।

সৌদি আরবের শান্তি পরিকল্পনা

তবে এটা বলা যায় যে ইসরাইলের দিকে শান্তির বার্তা দেবার ইতিহাস সৌদি আরবের আছে। বৈরুতে ২০০২ সালের মার্চ মাসে যে আরব শীর্ষ সম্মেলন হয় তাতে আমি উপস্থিত ছিলাম।

সেখানে দেখেছিলাম শীর্ণকায়, টাকমাথা এক ভদ্রলোককে– যিনি ঘুরে ঘুরে নিখুঁত ইংরেজিতে 'যুবরাজ আবদুল্লাহ শান্তি পরিকল্পনা' নামে একটা কিছুকে নানা জনের কাছে ব্যাখ্যা করছিলেন । ইনি হলেন আদেল জুবায়ের। এখন তিনি সৌদি আরবের পররাষ্ট্র প্রতিমন্ত্রী, আর তখন তিনি ছিলেন সৌদি যুবরাজের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা। সেই বছর সম্মেলনে পরিকল্পনাটি ছিল প্রধান আলোচনার বিষয়, এবং আরব লীগ সর্বসম্মতভাবে তা অনুমোদন করেছিল। সেই পরিকল্পনার মূল কথাগুলো ছিল এই রকম : পশ্চিম তীর, গাজা, গোলান মালভূমি এবং লেবাবনসহ সকল অধিকৃত এলাকা থেকে ইসরাইলি দখল প্রত্যাহার, এবং তার বিনিময়ে সমগ্র আরব বিশ্বের সাথে ইসরায়েলের সম্পর্কের পূর্ণ স্বাভাবিকীকরণ। পূর্ব জেরুসালেমকে ফিলিস্তিনিদের রাজধানী হিসেবে তাদের হাতে তুলে দেয়া। আর, ফিলিস্তিনি শরণার্থীদের ব্যাপারে একটি ন্যায়সঙ্গত সমাধানে পৌঁছানো– যারা ১৯৪৮-৪৯এর আরব-ইসরাইল যুদ্ধের সময় বর্তমান ইসরাইলের ভূখণ্ড থেকে বিতাড়িত বা বহিষ্কৃত হয়েছিল।

এই পরিকল্পনা আন্তর্জাতিক সমর্থন পেয়েছিল। এমনকি তা কিছু সময়ের জন্য ইসরাইলের প্রধানমন্ত্রী এ্যারিয়েল শ্যারনকে পাদপ্রদীপের আলোয় নিয়ে এসেছিল।

মনে হয়েছিল, ঐতিহাসিক আরব-ইসরায়েল সংঘাত চিরকালের মতো অবসানের একটা সুযোগ এসেছে। কিন্তু এই পরিকল্পনা প্রকাশের ঠিক আগে নেতানিয়া শহরের এক ইসরাইলি হোটেলে বোমা হামলা চালায় হামাস। নিহত হয় ৩০ জন আহত হয় শতাধিক।

শান্তির আলোচনার ইতি ঘটে যায় ওখানেই ।

এর পর ১৮ বছর পার হয়ে গেছে। মধ্যপ্রাচ্যে বহু কিছু ঘটেছে, বহু পরিবর্তন এসেছে। কিন্তু ফিলিস্তিনিরা তাদের স্বাধীন রাষ্ট্র আজও পায়নি। পশ্চিম তীরে ফিলিস্তিনি ভূমির ওপর ইসরায়েলি বসতি নির্মাণ চলছেই– যা আন্তর্জাতিক আইনে অবৈধ।

সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, জর্ডন ও মিশর– সবাই ইসরায়েলের সাথে শান্তি প্রতিষ্ঠান করেছে, তাদের পূর্ণ কূটনৈতিক সম্পর্কও আছে।

সত্যি বলতে কী, জর্ডান এবং মিসরের সাথে ইসরাইলের এক ধরণের 'শীতল শান্তি'-র সম্পর্ক বিদ্যমান– কিন্তু উপসাগরীয় দুই দেশ ইসরাইলের সাথে দ্রুতগতিতে মৈত্রী গড়ে তুলছে।

হোয়াইট হাউসে বাহরাইন ও ইসরায়েলঙআব্রাহাম চুক্তি স্বাক্ষরের কয়েক দিনের মধ্যেই দেখা গেল, ইসরায়েলের গুপ্তচর সংস্থার প্রধানরা মানামা সফর করছেন, দুদেশের অভিন্ন প্রতিপক্ষ ইরানের ব্যাপারে গোয়েন্দা তথ্য সহযোগিতার ব্যাপারে আলোচনা করছেন।

হাওয়া কোন দিকে তা বোঝার চেষ্টা করছে সৌদি আরব?

সৌদি আরবের সাথে ভবিষ্যতে সম্পর্ক স্বাভাবিক করার ব্যাপারে ইসরাইলে কর্মকর্তাদের মনোভাব কী? তারা কীভাবে দেখেন বিষয়টিকে? তারা নিশ্চয়ই প্রিন্স বান্দারের দেয়া সাক্ষাতকারটি আগ্রহের সাথেই দেখেছেন– কিন্তু তা নিয়ে সরাসরি কোন মন্তব্য করতে চাননি। তবে লন্ডনে ইসরাইলি দূতাবাসের একজন কর্মকর্তা বলেছেন, 'আমরা আশা করি যে আরো অনেক দেশই মধ্যপ্রাচ্যের নতুন বাস্তবতাকে স্বীকৃতি দেবে এবং আমাদের সাথে মৈত্রী পু-নপ্রতিষ্ঠার পথে যোগ দেবে।' অতীতেও দেখা গেছে, সৌদি আরব কোনো নীতি পরিবর্তন করার ব্যাপারে অত্যন্ত হুঁশিয়ার– এবং তারা পদক্ষেপ নেবার আগে তা যাচাই করে নিয়ে ধীর গতিতে এগোয়।

কিন্তু রঙ্গমঞ্চে যুবরাজ মোহাম্মদ বিন সালমান আবির্ভূত হবার পর সেই ঐতিহ্য অনেক পাল্টে গেছে। দেশটিতে এখন মেয়েরা গাড়ি চালাচ্ছে, প্রকাশ্য বিনোদনের সূচনা হয়েছে, পর্যটনের দরজাও ধীরে ধীরে খুলছে। তাই সৌদি-ইসরাইল শান্তি চুক্তি হয়তোঙঅত্যাসন্ন নয়, কিন্তু এটি যে এখনঙএক বাস্তব সম্ভাবনা- তাতে সন্দেহ নেই।

Law Office of Md Golam Mostofa, Esq.

OUR SERVICES:

- Personal Injury all kinds
- Medical Mal Practice
- Accident in Construction Work and Car Accidents
- Lead Poisoning
- Slip and Fall
- All Civil Matters
- Immigration all kinds & investments
- Real Estate, Business
- Bankruptcy
- Criminal Case
- Landlord-Tenant
- Family Matter-Divorce
- Employment Matter, Etc.





Attorny M. Mostofa, Esq.

LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh, Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London.,
LL.M, USA. Attorney-At-Law, NY

7226 Broadway, 3rd Floor, Jackson Heights, NY 11372, Phone: 718-565-2661

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com





কাউন্সিলম্যান পদে শাহীন-ফয়সল

(শেষের পাতার পর)

অন্যদিকে অভিযোগের আঙ্গুল তুলছেন এক প্রার্থী আরেক প্রার্থীর বিপক্ষে। দুই প্রার্থী তাদের মেয়াদে সফলতার বিবরণ যেমন দিচ্ছেন ঠিক তেমনি তুলে ধরছেন অপর প্রার্থীর ব্যর্থতা নানা দিক। বাংলা পত্রিকার এই প্রতিবেদকের সাথে নির্বাচনের জয়ের আশাবাদ, পরাজিত হলে অপর প্রার্থীকে অভিনন্দন জানানোসহ নির্বাচন নিয়ে কথা বলেছেন দুই প্রার্থী শাহীন খালিক এবং আক্তারুজ্জামন ফয়সল। কথা বলেছেন দুই প্রার্থীর নির্বাচন পরিচালনার সাথে সংশ্লিস্ট ব্যক্তিরা।

শাহীন খালিকঃ পেটারসন ২নং ওয়ার্ডের বর্তমান কাউন্সিলর শাহীন খালিক দাবী করেছেন ভোটাররা যদি তুলনা করেন কমিউনিটির জন্য কোন প্রার্থী কল্যাণকর তাহলে অবশ্যই তিনি যোগ্য প্রার্থী। গত চার বছরে শাহীন খালিক তার অর্জনের বিবরণ দিয়ে বলেন কমিউনিটিকে এগিয়ে নেয়ার জন্য কাকে ভোট দেয়া দরকার সেটি যাছাই করার সময় এসেছে। ভোটারদের দোয়া আশির্বাদ কামনা করে শাহীন খালিক বলেন কমিউনিটির কল্যাণে তার অসমাপ্ত কাজ শেষ করার সুযোগ ভোটাররা দেবেন সেটি তিনি আশা করেন। আবারো নির্বাচিত হলে কোন বিষয়গুলোকে অগ্রাধিকার দেবেন এমন প্রশ্নের জবাবে শাহীন খালিক বলেন হাই স্কুল গ্রাজুয়েশন কোর্সে বাংলা ভাষা চালু করার প্রচেস্টা থাকবে, তার পরিকল্পনায় আরো রয়েছে ডিএমভির লার্নার লাইসেন্স পরীক্ষায় বাংলা ভাষা চালু করা। শাহীন খালিক বলেন চার বছরে তার যত অর্জন তা গ্রন্থনা করে ভোটারদের হাতে তুলে দিয়েছেন। মসজিদ এর মাইক থেকে আজান ভেসে আসে, নিউজার্সীর পেটারসনবাসী এখন পাচবেলা দুর থেকে আজানের ধ্বনি শুনতে পান এটি তার অবদান। পেটারসনের একটি এভিনিউর নাম বাংলাদেশ ব্লুভার্ড নামকরণ এটিও তার অর্জন এবং অবদান। প্রতিদ্বন্দ্বী প্রার্থীর কাছে তিনি প্রশ্ন রাখেন কী করেছেন চার বছর, চার বছর দায়িত্ব পালনকালে আক্তারুজ্জামন ফয়সল এর উল্লেখ করার মত কোন অবদান নেই কমিউনিটির কল্যানে, এমন অভিযোগ করেন শাহীন খালিক। শাহিন খালিক অভিযোগ করেন আক্তারুজ্জামান তার পরিবারের সদস্যদের বিরোদ্বে মিথ্যাচার এবং বিভ্রান্তিকর তথ্য প্রদান করছেন। গত ৮ বছর যাবত সবগুলো নির্বাচনে অংশ নিয়ে আক্তারুজ্জামান নির্বাচনকে এক ধরনের বাণিজ্যে পরিণত করেছেন বলে মনে করেন শাহীন খালিক। শাহীন খালিক বলেন ২৮৪জন মানুষকে আদালতে তুলে বাংলাদেশীদের ভাবমূর্তি ক্ষুন্ন করেছেন আক্তারুজ্জামান। আক্তারুজ্জামানের এই কর্মকান্ডে বিদেশীরা বাংলাদেশীদের খারাপ চোখে দেখে।

আক্তারুজ্জামান এর বিরোদ্বে নানা অভিযোগ করলেও আগামী ৩ নভেম্বরের নির্বাচনে পরাজিত হলে বিজয়ী প্রার্থীকে অভিনন্দন জানাবেন বলে জানান বর্তমান কাউন্সিলম্যান শাহীন খালিক। নির্বাচনে ওয়ান আই প্রতীকে শাহীন খালিককে ভোট দেয়ার জন্য ভোটারদের প্রতি আহ্বান জানান তিনি।

আক্তারুজ্জামান ফয়সলঃ ২০১২ সালে আক্তারুজ্জামান ফয়সল পেটারসনসিটির ২নং ওয়ার্ডের কাউন্সিলম্যান নির্বাচিত হন। তখন তার প্রতিদ্বন্দ্বীতা ছিল অন্যদেশের প্রার্থীর সাথে। ২০১৬ সালে আরেক বাংলাদেশীর কাছে পরাজিত হন আক্তারুজ্জামান। যিনি আবারো প্রার্থী এবং সদ্য বিদায়ী শাহীন খালিক। তবে আক্তারুজ্জামানের অভিযোগ সে সময় ফ্রড করে মাত্র এক ভোটে তাকে পরাজিত করা হয়েছে, বাংলাদেশীদের ভাবমূর্তি ক্ষুন্ন করা হয়েছে সেসময়। তিনি দাবী করেন দায়িত্ব পালনকালে শুধু বাংলাদেশী নয় মুসলমান কমিউনিটির জন্য হালাল ফুডের ব্যবস্থা করেন, আরো অনেকের সহযোগীতা নিয়ে শহীদ মিনার স্থাপন করেছি। ওয়ার্ডে নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ পুলিশিং ক্লাস-টু চালু করেছেন। কমিউনিটির ক্ষতি হয় এমন কোনরেজুলেশনে ভোট দেননি। অতীতের স্মৃতিচারন করে আক্তারুজ্জামান বলেন প্রথম তিনি ২০১২ সালে নির্বাচনে প্রার্থী হলে শাহীন খালিকরা বলেছিলেন বাংলাদেশীদের প্রার্থী হওয়ার সময় হয়নি। তারা তাকে সমর্থন না করে অন্য প্রার্থীকে সমর্থন সহযোগীতা করেছেন। তার ভাষায় আমি বিজয়ী হওয়ার পরে ২০১৪ সাল থেকে শাহীন খালিকরা বিরোধীতাসহ নানা ঝামেলা শুরু করে। শাহীন খালিক ওয়ার্ডের নাগরিকদের সোয়ারেজ সমস্যার সমাধান করতে পারেননি। বরং ভোটারদের বিপক্ষে অবস্থান নিয়েছেন।শাহীন খালিকের নানা অর্জন প্রসঙ্গে আক্তারুজ্জামান বলেন এসব উদ্যোগ তিনি দায়িত্বে থাকাকালে নিয়েছিলেন বর্তমানে ক্ষমতায় থাকার সুবাদে শাহীন খালিক এসবের কৃতিত্ব দাবী করছেন। নির্বাচনে ফ্রড করার কারনে শাহীন খালিকের ভাইকে এবং এক আত্নীয়কে পুলিশ আটক করার তথ্য দিয়ে আক্তারুজ্জামান বলেন তার কোন বুকলেট কাজে আসবেনা। নির্বাচনটি বানিজ্য কীনা এমন অভিযোগের জবাব দিতে গিয়ে আক্তারুজ্জামান বলেন শাহীন খালিক ভাড়াটিয়া লোক দিয়ে নির্বাচনী প্রচারনা চালাচ্ছেন। তার পক্ষে যারা কাজ করছেন তারা পকেটের পয়সা খরছ করে তাকে সমর্থন এবং সহযোগীতা করে যাচ্ছেন। শাহীন খালিকের নির্বাচন প্রক্রিয়ায় জড়িতরা উপকারভোগী বলে মন্তব্য করেন আক্তারুজ্জামান। শাহীন খালিকের বিরোদ্বে নানা অভিযোগ তুললেও ৩ নভেম্বরের নির্বাচনে পরাজিত হলে শাহীন খালিককে অভিনন্দন জানাবেন বলে ঘোষনা দেন আক্তারুজ্জামান। এই ৩ নভেম্বরের বিশেষ নির্বাচনে তাকে বিজয়ী করার জন্য ভোটারদের দোয়া চেয়েছেন। তিনি আরো বলেন সব সময় ভোটারদের ফোন রিসিভ করবেন,কমিউনিটির পাশে থাকবেন।

এদিকে আক্তারুজ্জামানের নির্বাচন পরিচালনার সাথে জড়িতরা বলেছেন তারা নিজেদের পকেটের টাকা খরছ করে আক্তারুজ্জামানের পক্ষে কাজ করছেন। তারা চাননা পরবর্তী প্রজন্ম নির্বাচনে বিজয়ী হয়ে কমিউনিটির সেবা না করে নিজেদের স্বার্থসিদ্বীসহ নিজেদের উন্নয়ন এবং ব্যবসা-বাণিজ্যের প্রসারের চর্চ্চা শিখুক। তারা মনে করেন মাহীন খালিকের পক্ষে উপকারভোগী এবং আর্থিক সুবিধাভোগীরা রয়েছেন, আর আক্তারুজ্জামানের সাথে রয়েছেন নিবেদিত জনগণ যারা সহযোগীতা, অর্থব্যয় করছেন তার প্রতি ভালোবাসার জন্য মানুষ এই সমর্থন ও সহযোগীতা করছেন।

এদিকে শাহীন খালিকের পক্ষে যারা কাজ করছেন তারা বলছেন মে মাসে অনুষ্ঠিত নির্বাচনে বার বার গননা করে শাহীন খালিককে হারানো হয়েছে। নির্বাচনের মাধ্যমে আক্তারুজ্জামন অর্থ কালেকশন করছেন বলে মনে করেন শাহীন খালিকের নির্বাচন পরিচালনার সাথে সংশ্লিস্ট ভিপি শফিক উদ্দিন, তার মতে যারা কমিউনিটির উন্নয়ন চায়না তারা উন্নয়নের ধারাবাহিকতা বিঘ্ন করতে আক্তারুজ্জামানকে ফান্ডিং করছে। কমিউনিটিকে সেবা দেয়ার জন্য হেল্প সেন্টার চালু করে শাহীন খালিক বিরল দৃষ্টান্ত স্থাপন করেছেন বলে জানান শফিক উদ্দিন। শাহীন খালিকের কল্যাণকর কাজ বিরোধীতার জন্য প্রতিপক্ষ সহ্য করতে পারেনা বলে ক্ষোভ প্রকাশ করেন শফিক উদ্দিন। কমিউনিটির উন্নয়নের ধারাবাহিকতা রক্ষার জন্য শাহীন খালিকের পক্ষে প্রচারনায় ওয়ার্ডেও বিশাল অংশের সমর্থন রয়েছে বলে দাবী করেন শফিক উদ্দিন। শাহীন খালিকের পক্ষে নির্বাচনী প্রচারনায় যারা ছিলেন তাদের মধ্যে রয়েছেন- এনামুল বারী মজনু, আলাউর খন্দকার, আবু সুফিয়ান, হারুন মিয়া, মিনহাজ আহমদ, জামাল হোসেন, খলকু ময়িা, লুৎফুর হোসেন, আলা উদ্দিন আহমদ, সেলিম আজাদ, ময়েজ আহমদ প্রমুখ।

এলোমেলো ভাবনা

(শেষের পাতার পর)

করতে মানা আছে।

না না তা হবে কেন। স্বপ্রতিভ উত্তর শোয়েবের।

ডালিয়া বললঃ নানা ব্যস্ততায় ফোন দেয়া হয় উঠেনি। এবার বলো কি খবর?

-কিসের খবর চানতে চাও?

বলো কি? এত খবর চারদিকে।

-যেমন ?

জান না মিশিগানের গভর্নরকে মিশিগান মিলিশিয়া গৌষ্ঠী কিডন্যাপের প্ল্যান করেছিল। কী সর্বনাশ!

আরেকটু হলেই.... মাগো, ভাবতেই হাত, পা হিম হয়ে আসে। এই বলে ডালিয়া থামাল।

-হ্যাঁ, খুবই সাংঘাতিক ঘটনা।এরাইতো এপ্রিলে মারাত্মক সব আগ্নেয়াস্ত্রে সজ্জিত হয়ে রাজ্যের

রাজধানী লেন্সিংয়ে হাজির হয়েছিল।

ডালিয়া বলল, তখন এদের কঠোর ভাবে দমন করা যেতনা? আমি বলছি তখনই যদি মিষ্টার ট্রাম্প এসবের কঠোর নিন্দা জানাতেন তবে

শোয়েব বলল- এই যদি ও তবে তে শব্দেই সব আটকে আছে।

যেমন? ডালিয়া প্রশ্ন করল।

-যদি তিনি করতেন, যদি ওটা না করতেন তবে- এই আর কি।

আপ ডেট কি, ডালিয়া জানতে চাইল।

-মোট ১৩ জনকে বিভিন্ন জায়গা থেকে গ্রেফতার করেছে এফবিআই ও রাজ্যের আইন-শৃংখলা রক্ষাকারী। এরমধ্যে ৬ জনের বিরুদ্ধে ফেডারেল আর ৭ জনের বিরুদ্ধে রাজ্যের আইনে অভিযোগ

আনা হয়েছে। মিশিগানের বাইরে যারা অ্যারেষ্ট হয়েছে তাদেরও এখানে নিয়ে আসবে বিচারের জন্য। অনেক সাক্ষ্য প্রমাণ এফবিআইয়ের হাতে এসেছে। এরমধ্যে ফুটেজ, টেকস্ট ম্যাসেজ এবং গুরুত্বপুর্ণ স্বাক্ষীও রয়েছে।

ডালিয়া বলল- এই গোষ্ঠীর নাম উলভেরিন ওয়াচম্যান?

-হ্যাঁ। মনে আছে টিমেথি ম্যাকবে কে?

সেই দূর্ধর্ষ মিলিশিয়া, যে ওকলাহোমায় সন্ত্রাসবাদী কর্মকান্ড সংঘটিত করেছিল। বোমায় উড়ি দিয়েছিল ফেডারেল বিল্ডিং?

-১শ ৬৮ জন মানুষকে হত্যা করেছিল ও ৮শ জন আহত হয়েছিল। সেই ক্ষতচিহ্ন আজো শুকায়নি। শোয়েব থামল।

বাপরে-বোঝা যাচ্ছে এরা কতটা ডেঞ্জারস।

-এরা গভর্নরকে অপহরণের পরিকল্পনা বাস্তবায়ন করত বিভিন্ন জায়গায় সভা সমাবেশ, ট্রেনিং, লোকবল ও আগ্নেয়াস্ত্র সংগ্রহ। গোপনেই চলছিল কাজ।

কী ভয়ংকর ব্যাপার তাই না? প্রেসিডেন্ট ট্রাম্প গভর্নর গ্রীচেন উইটমারকে দুষছেন উল্টো। যেখানে সহমর্মিতা জানানোর কথা। ডালিয়া যোগ করল।

-শোন, এগুলো রাজনীতির মহাজনরা দেখবেন। এসব আমাদের কাজ নয়।

আচ্ছা ঠিক আছে, ইলেকশনের অবস্থা কেমন তাই শুনি।

-তুমি আজকাল রাজনীতি নিয়ে ভাবছ। ব্যাপারটা কি সংসার ধর্মে মন বসছেনা বুঝি? তোমার কি মত

কে আসছেন, প্রেসিডেন্ট ট্রাম্প, না জো বাইডেন?

আমি তোমার কাছ থেকে জানতে চাইছি। তাছাড়া তুমিতো এসবের খবর রাখ। তারপরও আমার

ওপিনিয়ন শুনতে চাও? আমারতো মনে হয় প্রেসিডেন্ট ট্রাম্প আবার জিতে আসবেন।

-তা কি ভাবে একটু বুঝিয়ে বলবে ?

এইযে স্টিমুলাস প্রেমেন্ট, আন এ্যাম্পয়মেন্ট ইত্যাদি। ঘরে বসিয়ে বসিয়ে কত ডলারই না দিচ্ছে,

কোন দুঃখে ভোট দেবেনা বলো ?

-এই ডলারতো ট্রাম্প দিচ্ছন না। এই বিলে ডলারের অংক বাড়াতে এবং মিডল্ ক্লাসের অর্থনীতিকে সুসংহত করতে ডেমোক্রাটদের অবদানতো কম নয়। অতসব পাবলিক বুঝেনা।তা ছাড়া চেকেতো নাম রয়েছে প্রেসিডেন্ট ট্রাম্পের।

-হোজ্জার সেই গল্পটা মনে আছে? একবার তিনি বাজার থেকে এক কেজি মাংস কিনে আনলেন। খেতে বসে মাংস নেই। স্ত্রী জানালেন বিড়াল খেয়ে ফেলেছে। হোজ্জা তৎক্ষনাৎ বিড়ালকে ওজন করে দেখলেন সে মোটে এক কেজি। হোজ্জা বললেন এ যদি বিড়াল হয়, তবে মাংস কোথায় ? আর এই যদি মাংস হয় তবে!

ইসলাম সমর্থিত খাদ্যাভ্যাস

(শেষের পাতার পর)

হবে না। ডাক্তাররা সবাই চিন্তায় পড়ে গেলেন। ভারতীয় ডাক্তার গভীর চিন্তা করে বলেন, নিয়মিত হরীতকী খেলে মানুষ কখনো রোগাক্রান্ত হবে না।

ইরাকি ডাক্তার বলেন একটি শাকের নাম, যা খেলে মানুষ রোগাক্রান্ত হবে না।

রোমের ডাক্তার বলেন, নিয়মিত গরম পানি সেবন করলে মানুষ সর্ববিধ রোগব্যাধি থেকে নিরাপদ থাকবে।

আগত চারজন ডাক্তারের মধ্যে সর্বাধিক অভিজ্ঞ ছিলেন আবিসিনিয়ার ডাক্তার। সবাই মতামত দেওয়ার পর তিনি বলেন, নিয়মিত হরীতকী খেলে পেট সংকীর্ণ হয়ে যেতে পারে। এতে শারীরিক সমস্যা হতে পারে। শাক খেলে পেট নরম হওয়ার আশঙ্কা রয়েছে। আর নিয়মিত গরম পানি খেলে পাকস্থলীর ইনফেকশন হতে পারে।

বাদশাহ আবিসিনিয়ার ডাক্তারকে বলেন, তাহলে আপনার মতে সেরা চিকিৎসা কোনটি? জবাবে ডাক্তার বলেন, আমার মতে, যে নিয়ম মেনে চললে মানুষ রোগাক্রান্ত হবে না, তা হলো প্রচণ্ড ক্ষুধা লাগার পর মানুষ খাবার গ্রহণ করবে এবং ক্ষুধা শেষ হওয়ার আগেই খাওয়া বন্ধ করবে।

আবিসিনিয়ার ডাক্তারের মন্তব্য শোনার পর উপস্থিত সবাই তা সমর্থন করেন।

কম খাওয়ার কিছু উপকারিতা

আত্মার পরিচ্ছন্নতা, স্বভাবের তীক্ষ্ণতা, চিন্তার গভীরতা এবং অন্তর্দৃষ্টি পূর্ণতা লাভ করে। অন্তরের কোমলতা বৃদ্ধি ও জিকিরে স্বাদ অনুভব। আল্লাহর আনুগত্য ও বিনয় অর্জন এবং অহংকার ও দর্প চূর্ণ হয়। আল্লাহর আজাব, দরিদ্র ও বিপদগ্রস্তদের কথা স্মরণ হয়। নফসে আম্মারা (কুপ্রবৃত্তি) দমন হয়। অতিরিক্ত নিদ্রা থেকে বাঁচা যায়। ইবাদত অব্যাহত রাখা যায়। অলসতা কম হয়। রোগব্যাধি থেকে মুক্ত থেকে শারীরিকভাবে সুস্থ থাকা যায়। অর্থ ও সময় বাঁচে। স্বল্পাহারের উপকারিতা হলো, বেঁচে যাওয়া খাবার এতিম-মিসকিন ও অভাবীদের দান করা যায়। এতে পরকালের জন্য পাথেয় সঞ্চয় হয়।

বেশি খাবার খাওয়ার অপকারিতা

সুলাইমান দারনি (রহ.) বলেন, নিয়মিত পেট ভরে বা অতিরিক্ত আহার করলে বহু ক্ষতির শিকার হতে হবে। মোনাজাতের স্বাদ অনুভব হবে না। হিকমত ও প্রজ্ঞা থেকে বঞ্চিত হবে। সৃষ্টির প্রতি দয়া অনুভব হবে না। ইবাদত কষ্টকর মনে হবে। নফসে আম্মারার তথা কুপ্রবৃত্তির চাহিদা প্রবল হবে। এতে জিনার মতো জঘন্য পাপেও পতিত হতে পারে।

ঈমানদাররা যখন মসজিদে অবস্থান করবে, অতিভোজনকারী তখন দুনিয়ার কোনো নিকৃষ্ট জায়গায় অবস্থান করবে।

কম আহারের অনেক ফজিলত রয়েছে। সব নবী ও অলিদের কয়েকটি সাধারণ বৈশিষ্ট্য ছিল–

১. কম খাওয়া

২. কম ঘুমানো

৩. কম কথা বলা

৪. নির্জনে থাকা।

এ জন্য নবী করিম (সা.) বলেছেন, তোমাদের অন্তর কম হাসি ও কম তৃপ্তি দ্বারা জিন্দা করো। এবং ক্ষুধা দ্বারা পবিত্র করো। এর ফলে তোমাদের অন্তর স্বচ্ছ ও কোমল হবে।

নবী করিম (সা.) আরো বলেন, 'তোমরা জিহাদ করো নফসের বিরুদ্ধে ক্ষুধা ও পিপাসা দ্বারা, এতে আল্লাহর পথে মুজাহিদের মতো সওয়াব লাভ করবে। আল্লাহ তাআলার কাছে ক্ষুধা ও পিপাসার চেয়ে অধিক প্রিয় কোনো আমল নেই। কম খাওয়ার ব্যাপারে আরেকটি হাদিস বলেই শেষ করব। নবী করিম (সা.) বলেন, তোমরা সর্বদা জান্নাতের ফটকের কড়া নাড়তে থাকো। তোমাদের জন্য তা খুলে দেওয়া হবে। আম্মাজান আয়েশা (রা.) বলেন, সর্বদা জান্নাতের ফটকের কড়া নাড়ব কিভাবে? রাসুল (সা.) বলেন, তোমাদের ক্ষুধা ও পিপাসা দ্বারা, সুবহানআল্লাহ।

খাওয়ার ব্যাপারে রাসুল (সা.)-এর এর কত সুন্দর নিয়ম ছিল। পূর্বসূরি মুসলিম মনীষীরা কত ত্যাগ স্বীকার করছেন! বর্তমানে আলেম ও সাধারণ মানুষ খাওয়ার ব্যাপারে উদাসীন। আল্লাহ আমাদের সবাইকে রাসুল (সা.)-এর সুন্নাহ অনুযায়ী জীবন গড়ার তাওফিক দান করুক।

যারা বেশি খেতে অভ্যস্ত, তারা হঠাৎ করে আবার খাবার কমিয়ে দিলে দুর্বল হয়ে পড়বেন। ইবাদতে ব্যাঘাত ঘটবে। পরিকল্পনা করে তিন মাস থেকে ছয় মাসে আমরা আমাদের খাবারের অতিরিক্ত চাহিদা কমাতে পারি।

আসুন, আমরা সুন্নাহ অনুযায়ী আমাদের জীবন গড়ে তুলি। হইকাল ও পরকালে মুক্তির পথ সহজ করি।

সিটি কাউন্সিল নির্বাচনে কে কার

(শেষের পাতার পর)

হয়ে যান। কমিউনিটির কোন প্রয়োজনে বা বিপদে আপদে তাদের দেখা মেলেনা। পরিবর্তীতে নির্বাচনের সময় তারা যখন আবার ভোটারদের দুয়ারে এসে হাজির হন তখন আশানুরূপ সারা পেতে ব্যর্থ হন।

আগের বার নিউইয়র্ক সিটি কাউন্সিল নির্বাচনে জ্যামাইকা থেকে নির্বাচনে অংশ নিয়েছিলেন কমিউনিটির প্রিয়মুখ তৈয়বুর রহমান হারুন। তাকে সে সময় একজন সম্ভাবনাময় প্রার্থী হিসাবেও অনেকে মনে করেছিলেন। কিন্তু স্থানীয় বাংলাদেশীদের একটি অংশ তার পক্ষে কাজ না করে তার বিপরীতে ভিনদেশী একজন প্রার্থীর পক্ষে পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে জোরে সোরে প্রচারণায় নেমে পড়েন। ফলে শুরুতে সম্ভাবনা দেখা দিলেও পরে তৈয়বুর রহমান হারুন বিজয়ের ফলাফল তার ঘরে তুলতে ব্যর্থ হন।

আগামী বছরের সিটি কাউন্সিল নির্বাচনে কাউন্সিল ডিষ্ট্রিক্ট-২৪ থেকে জ্যামাইকা এলাকা থেকে বেশ কয়েকজন বাংলাদেশী প্রার্থী ইতোমধ্যে তাদের প্রার্থীতা ঘোষণা করেছেন। এদের মধ্যে তৈয়বুর রহমান হারুন ছাড়াও বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, জ্যামাইকা ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও বর্তমান সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, মূলধারার রাজনীতিক সেবুল উদ্দীন, এটর্নী সোমা সাঈদ, সম্প্রতি অনুষ্ঠিত ডেমোক্র্যাট দলীয় ডিষ্ট্রিক্ট লীডার পদ প্রতিদ্বন্দ্বিতাকারী মৌমিতা আহমেদ প্রমুখের নাম শুনা যাচ্ছে। নির্বাচনের পূর্বে এই তালিকায় আরো বাংলাদেশীর নাম যোগ হতে পারে বলে অনেকে ধারনা করছেন। অনৈক্য এবং বিভাজনের কারণে এবারও নির্বাচনে আশানুরূপ ফলাফল হবেনা বলেই অনেকের ধারনা।

কাউন্সিল ডিসট্রিক্ট-১৮ থেকে নির্বাচনে অংশ গ্রহনের ঘোষণা দিয়েছেন এডভোকেট এন মজুমদার। তিনি ইতোমধ্যে ফান্ড রাইজিং কার্যক্রম সহ জোরে সোরে প্রচারণায় নেমে পরেছেন। একই আসনে প্রার্থীতা ঘোষণা করেছেন জালালাবাদ এসোসিয়েশনের কয়েকবারের নির্বাচিত সহ সভাপতি মীর্জা মামুন। তিনিই প্রথম বাংলাদেশী আমেরিকান যিনি নিউইয়র্ক ষ্টেটের ১২ জুডিসিয়াল ডিষ্ট্রিক্ট এবং ৮৭ অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট থেকে জুডিশিয়াল ডেলিগেট নির্বাচিত হয়েছিলেন। জালালাবাদ এসোসিয়েশনের মত একটি বড় সংগঠনের সাথে দীর্ঘদিনের সম্পৃক্ততা ছাড়াও বৃহত্তর সিলেটের সন্তান এবং ক্লিন ইমেজের অধিকারী মামুন প্রবাসী সিলেট বাসীর একটা বড় অংশের সমর্থন পাবেন বলে অনেকে মনে করছেন। শেষ পর্যন্ত মীর্জা মামুন নির্বাচনে টিকে থাকলে এই বিভাজন বুদ্ধি পেয়ে শেষ পর্যন্ত 'সিলেটের ছাওয়াল বনাম নোয়াখালীর প্রার্থী'র লড়াইয়ে পরিণত হতে পারে বলে অনেকে আশঙ্কা ব্যক্ত করেছেন। নির্বাচনে জয় পরাজয় যাই হোকনা কেন এই বিভাজন কমিউনিটির জন্য সুখকর হবেনা বলেই অনেকের অভিমত। কমিউনিটিতে এই আসনে এককইভাবে একজন বাংলাদেশী নির্বাচনে অংশ নিলে একদিকে যেমন বিজয় ত্বরান্বিত হতো তেমনি এই বিভেদের বার্তা অন্য কমিউনিটির ভোটারদের কাছে একটি বিরূপ বার্তা ছড়াবে বলেই অনেকে মনে করছেন।

ভোটারদের মধ্যে গ্রহনযোগ্যতা তৈরি করতে পারলে সাফল্য এসে ধরা দেয় তার বড় প্রমান একুশে পদক প্রাপ্ত বিজ্ঞানী ড. নুরুন নবী। নিউজার্সীর প্লেইনস বরো টাউনশীপে তার আসনে বাংলাদেশী ভোটারসংখ্যা একেবারেই হাতে গোনা। নিজ যোগ্যতা এবং গ্রহণযোগ্যতার কারনে অন্য কমিউনিটির ভোট পেয়ে তিনি একই আসনে পর পর কয়েকবার বিজয়ী হয়ে কমিউনিটির মুখ উজ্জল করেছেন।

নাম প্রকাশ না করার শর্তে কমিউনিটির একজন মুরুব্বী জানান, প্রবাসী বাংলাদেশীদের মাঝে যারা ইতোপূর্বেও নির্বাচনে অংশ নিয়েছেন এবং এখনো ঘোষণা দিয়েছেন তাদের অনেকেরই কোন পূর্ব প্রস্তুতি ছিলো বলে মনে হয়নি। নিজেদের কমিউনিটির সাথেও অনেকের দৃঢ়বন্ধন নেই। অন্য কমিউনিটির সাথেও নেই তেমন যোগসূত্র। তাদের কার্যক্রম বিজয়ের জন্য নয় সস্তা পরিচিতটাই বড় বলে আমার কাছে প্রতীয়মান হয়েছে। নির্বাচনী এলাকায় বাংলাদেশী ভোটার কত, এদের কতজন তাদের সমর্থন করেন, অন্য কমিউনিটিতে কতটুকু গ্রহণ যোগ্যতা রয়েছে তা বিচার বিশ্লেষন না করে হুট করে নির্বাচনে অংশ নিয়ে নিজেরা শুধু পরাজিত-ই হন নি, অনেকক্ষেত্রে কমিউনিটিকেও প্রশ্নের মুখামুখি দাঁড় করিয়েছেন ।

নিউজার্সীর পেটারসনে কউন্সিলম্যান নির্বাচনে প্রথমবার বিজয়ী হয়ে বাংলাদেশী মোহাম্মদ আখতারুজ্জামান হৈ চৈ ফেলে দিয়েছিলেন। পরের বার একই আসনে তার সাথে প্রতিদ্বন্দ্বিতা করে বিজয়ী হন আরেক বাংলাদেশী শাহীন খালেক। এখন প্রতিবার একজন অন্যজনের শক্ত প্রতিপক্ষ হিসাবে আবির্ভুত হয়ে কমিউনিটির বিভাজন আরো বাড়িয়ে দিয়েছেন বলেই অনেকে মনে করছেন।

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকায় ইয়র্ক কলেজের কাছে ১৬০ স্ট্রীট ও ১১০ এভিনিউতে শুধুমাত্র সিঙ্গেল মহিলার কাছে বেসমেন্ট একটি রুম ভাড়া হবে। যোগাযোগ: শাফী।

ফোন: ৯১৭-৬২৩-৭২৪৫

অ-১২/১৯/২৬

রুম ভাড়া

কুইন্সের ওজনপার্কের ৯৫ এভিনিউ এবং ৮৭ স্ট্রীট-এ এ/জে ট্রেন সাবওয়ে থেকে ৫/৬ ব্লক দূরত্বে একটি প্রাইভেট হাউজের ১টি মাষ্টার বেড রুম (আলাদা বাথরুম, আলাদা ফ্রীজ)- মুসলিম স্বামী-স্ত্রী, মা-মেয়ে, অথবা ২জন কর্মজীবি মহিলার কাছে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৬৪৬-৬৮৪-৫৯৬৬

অ-১২/১৯/২৬

বাসা ভাড়া

জ্যামাইকার ১৭৯ প্লেসে (হিলসাইড এভিনিউ ও জ্যামাইকা এভিনিউর মাঝে) দুই বেড রুম, লিভিং, কিচেন ও বাথরুম-এর বাসা (সেকেন্ড ফ্লোর) ছোট পরিবার অথবা ব্যাচেলরের কাছে ভাড়া দেওয়া হবে। এফ ট্রেন সাবওয়ে কাছে।

যোগাযোগ: ৩৪৭-৮৫৭-৫৯২৭

অ-১২/১৯

বাসা ভাড়া

মনোরম পরিবেশে জ্যামাইকার ১০৬-৪১ ওয়াল্টহাম স্ট্রীট, নিউ-ইয়র্ক-১১৪৩৫ ঠিকানায় দ্বিতীয় তলা, দুই বেডরুম, দুই ফুল বাথ, লিভিং রুম, কিচেন সহ বাসা ভাড়া হবে। ই, এফ, জে, লং আইল্যান্ড রেল, জেএফকে এয়ার ট্রেন সাবওয়ে ৫/৬ মিনিটের হাঁটা দূরত্বে এবং কিউ৬, কিউ৪০, কিউ৬০, কিউ১১২ বাস এক ব্লকের মধ্যে। যোগাযোগ: ৩৪৭-৫৯৩-৬৪৯২- অথবা ৯২৯-২৩১-৫১০০

অ-০৫/১২

বেসমেন্ট ভাড়া

জ্যাকসন হাইটসের ৮১ স্ট্রীট ও ২৫ এভিনিউতে এক বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৪৭৮-৭১৩১ অথবা ৭১৮-২০৫-০৪৫৪

সে-২৮/অ-০৫

রুম ভাড়া

জ্যামাইকায় নিরিবিলি চমৎকার পরিবেশে মুসলিম ফ্যামিলীর সাথে থাকার জন্য একজন অধুমপায়ী ছাত্রের কাছে ফার্নিসড রুম (ইউটিলিটি সহ) ভাড়া দেওয়া হবে। বাসা জ্যামাইকা এস্টেটে, তিন তলা ফ্ল্যাটের একটি সম্পূর্ণ পৃথক রুম। এক ব্লকের মধ্যে এফ ট্রেন সাবওয়ে এবং অন্তত ৫টি বাস স্টপ। ভাড়া আলোচনা সাপেক্ষ।

যোগাযোগ: ৩৪৭-৮৫৮-৪২৯০

সে-২১/২৮

এক বেডরুমের বাসা ভাড়া

ইষ্ট এলমহার্স্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্ট্রীটের উপর দ্বিতীয় তলায় একটি এক বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩

সে-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজে এক বেডরুমের সেমি বেসমেন্ট ভাড়া হবে। লিভিং কাম কিচেন, ফুল বাথ শুধুমাত্র স্বামী-স্ত্রী অগ্রাধিকার, ধুমপান নিষেধ। ভাড়া ১,১০০ ইউএস ডলার।

যোগাযোগ: ৭১৮-৫৪১-৬১২৬

সে-২১/২৮

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ স্ট্রীট এফ ট্রেন সাবওয়ের কাছে এক বেডরুমের বাসা ভাড়া হবে। স্বামী-স্ত্রী অগ্রাধিকার।

ফোন: ৩৪৭-২৩৫-৯৩৭০

সে-২১/২৮

পাত্রী চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের ইউএস মাস্টার্স ডিগ্রিধারী আইটি খাতে কর্মরত ২৯ বছর বয়সী ইঞ্জিনিয়ার পাত্রের জন্য সুযোগ্য পাত্রী চাই। যোগাযোগ: ৯২৯- ২৮৮-৯৪৬১ (অভিভাবক)।

ই-মেইলঃ

bmchoudhury1960@gmail.com

সে-২১/২৮

হিলসাইড এভিনিউতে বাসা ভাড়া

অক্টোবর থেকে হিলসাইড এভিনিউতে কারওয়ান সংলগ্ন সাবওয়ের সঙ্গে নতুন রেনোভেশন করা ৩ বেডরুম ও ২ বাথরুমের বাসা ভাড়া হবে।

যোগাযোগ: ৯২৯-৪৫০-১৭৮৬ অথবা ৯১৭-২৮৫-৫৩৭০ অথবা ৩৪৭-৭২০-৬৭২৮

সে-১৪/২১

রুমমেট আবশ্যক

ইস্ট এলহার্স্টের ৮৪ স্ট্রীট ও ৩০ এভিনিউতে একটি বেসমেন্টের জন্য রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৪৭৮-৭১৩১

সে-১৪/২১

পাত্র চাই

নিউইয়র্কে পিতামাতার সাথে বসবাসকারী আমেরিকান সিটিজেন পাত্রীর জন্য ৩২+ বয়স যোগ্য পাত্র চাই। পাত্রী কিউনি থেকে ব্যাচেলর (বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ার) এবং পেন ইউনিভার্সিটি থেকে মাস্টার্স ডিগ্রিধারী (বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ার)। বর্তমানে কর্মরত। যোগাযোগ: ৬৪৬-৫৯১-৪৬৯৬ (সেল) অথবা ৭১৮-৯৩১-২৫০৯ (বাসা)।

e-mail:

moondhs@gmail.com

সে-১৪/২১/২৮/অ-৫

সেমিবেসমেন্ট ভাড়া

ব্রঙ্কসের ক্যাসেল হীল এবং ক্রনবল এলাকায় এক বেডরুম, লিভিং রুম, ডাইনিং, কিচেন, ফুল বাথ সহ সেমি বেসমেন্ট ভাড়া হবে। ইউটিলিটি ভাড়ার সাথে সম্পৃক্ত। যাতায়াতের জন্য পৃথক এনট্রেন্স। যোগাযোগ অপু। **ফোন: ৯১৭-২৯১-৮০৯৫ অথবা ৯১৭-২৯১-৩২৭২**

সে-০৭/১৪

এপার্টমেন্ট ভাড়া

ব্রঙ্কসের পার্কচেস্টারের মেসিস মলের সামনে সাবওয়ে থেকে ২ ব্লকের ভিতর ১ বেডরুমের এপার্টমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৫৬১-১০৯০

রুমমেট চাই

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে ৬৯ স্ট্রিট এবং রুজভেল্টের উপর ই, এফ, আর, এম এবং ৭ ট্রেন সাবওয়ের অতি নিকটে দ্বিতীয় তলায় ১ জুলাই থেকে একজন পুরুষ রুমমেট চাই।

যোগাযোগ: ৬৪৬-৬৯৩-২৯৪৬ অথবা ৯২৯-৪২১-০০৩৯

০৬/১৪

রুম ভাড়া

জ্যামাইকা ১৬৯ স্ট্রীট এবং গথিক এভিনিউ মসজিদ এবং সাবওয়ের কাছে একটা আলাদা রুম স্বামী-স্ত্রী অথবা দুইজন মহিলাকে ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৭৫৩-০৭৫৭। ০৭/২৭

বাসা ভাড়া

এস্টোরিয়া (এল, আই, সি) ৩৯-৪৯ ২৪ স্ট্রিটে প্রাইভেট হাউজের প্রথম তলায় ৩ বেডরুম, লিভিং, কিচেন, ফুল বাথরুম সহ এখনি উঠার উপযোগী ১টি বাসা ব্যাচেলরদের/অফিস ভাড়া দেয়া হবে।

যোগাযোগ: ৯১৭-৪০০-৯২১৭

০৮/০১

বাসা ভাড়া

জ্যামাইকার ১৪৬-১৫ ১০৬ এভিনিউতে সাতফিন বুলেভার্ডে (ই, জেড, এল, আই, আর) ট্রেন ও কিউ ৬০, ৪০, ৬ বাস সন্নিকটে। সম্পূর্ণ রেনোভেটেড বড় ৪ বেডরুমের বাসা ১ আগস্ট থেকে ভাড়া দেয়া হবে।

যোগাযোগ: ৩৪৭-৮৪০-৩৪০৪

০৮/০১

বাসা ভাড়া

ব্রঙ্কসের এল্ডার এভিনিউতে ২ রুমের ১টি বাসা ভাড়া দেয়া হবে। ৬ ট্রেন সাবওয়ের কাছে, ব্যাচেলরদের অগ্রগন্য। যোগাযোগ: ৯১৭-৬৫১-৭৭৪৯ অথবা ৯১৭-৪০২-৮৪৭৯

০৮/০১

বাসা ভাড়া

১০৩ স্ট্রিট ওজন পার্কে ১ম তলায় ৩ বেডরুম ও ২য় তলায় ৪ বাসা ভাড়া দেয়া হবে। এ ট্রেন এবং বাস কিউ ৮ ও ১১২ ১ ব্লকের ভিতর। যোগাযোগ: ৩৪৭-৬১৩-৬৮৯৩ অথবা ৩৪৭-৬১৩-৭০২৩

০৮/০১

বাসা ভাড়া

ইড সাইডের প্রাণকেন্দ্রে ৫৮ স্ট্রিটে মসজিদ. মাদ্রাসা, মন্দির, স্কুল, হালাল গ্রোসারি সেভেন, এম, আর/আল, আই, আর কিউ লাইনের বাস) এর সন্নিকটে ৪ বেড ২ ফুল বাথরুম, লিভিং, কিচেন বেলকুনি ও প্রত্যেক রুমের আলাদা রাস্তা সহ বড় ফ্যামিলি ৪/৫ জনের নিকট ১লা আগস্ট থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৬৪৬-৩২৫-৬০১১ অথবা ৯২৯-৪৩৫-৮৬৭০

০৮/০১

বাসা ভাড়া

ইস্ট এলমহার্স্ট এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্ট্রিটের উপরে ১ম তলায় ২ বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। যোগাযোগ:৯১৭-৩০১-২০৬৩

০৮/০১

বাসা ভাড়া

১৭৮-১৩ ১০৭ এভিনিউ ২য় তলায় ৩ বেড, লিভিং, কিচেন ফুল ২ বাথরুম, ৫ ক্লোজেটসহ বাসা ভাড়া দেয়া হবে। মসজিদ এবং স্কুলের সন্নিকটে এখনি উঠা যাবে। যোগাযোগ: ৯১৭-৫১৩-৭৭৫৯

০৮/০১

বেসমেন্ট ভাড়া

ওজনপার্কে রেনোভেটেড এক বেডরুমের ওয়াক-ইন-বেসমেন্ট স্বামী-স্ত্রীর জন্য (লিভিং ও কিচেন সাথে) ভাড়া হবে। যোগাযোগ: আনসার। ফোন: ৭১৮-৮৪৫-১৭৭৬

আ-২৪/৩১

মালিক কর্তৃক বাড়ী (প্রপার্টি) বিক্রয়

নিউইয়র্কের বাফেলো সিটিতে সিঙ্গেল ফ্যামিলি একটি বাড়ি বিক্রয় হবে। বাড়িটিতে ৪ বেডরুম ও দুই বাথরুম রয়েছে। বাড়িটির সাইজ ১৬৩৮ স্কয়ার ফুট এবং লট সাইজ ৩১৫০ স্কয়ার ফুট। বাড়িটির কন্ডিশন খুবই ভাল। সুলভে বাড়ি ক্রয়ের জন্য রিয়েল এস্টেট এজেন্টদের বদলে আমার সাথে সরাসরি যোগাযোগ করুন। যোগাযোগ: খাদিজা। ফোন: ৬৪৬-৭৬৪-৩১৩৯

সে-২৮

রুম ভাড়া

জ্যাকসন হাইটস-এ ৮৫ স্ট্রিট ৩৫ এভিনিউ এপার্টমেন্ট বিল্ডিং-এ ২ বেডরুমের বাসার ১টি রুম ভাড়া দেয় হবে। শুধু মাত্র স্বামী-স্ত্রী/মহিলার অগ্রাধিকার। যোগাযোগ: ৯১৭-৩৪৮-০৯৬৭

০৮/০১

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ স্ট্রীট সাবওয়ের কাছে ৯০-১০ ১৮২ স্ট্রীট ঠিকানায় ১ অক্টোবর থেকে স্বামী-স্ত্রীর জন্য বেসমেন্ট ভাড়া হবে।

যোগাযোগ: ৬৪৬-২৫৫-৮৯২৩

আ-৩১/সে-৭/৮

সেমিবেসমেন্ট বাসা ভাড়া

ওজনপার্কের ৯৫-২৪ ১০৫ স্ট্রীটে ১ সেপ্টেম্বর থেকে ২টি বেড রুম একটি বেবী রুম, ডাইনিং এন্ড লিভিং এবং কিচেন সহ সম্পূর্ণ নিউ রেনোভেটেড সেমিবেসমেন্ট বাসা ভাড়া হবে। গ্রোসারী, স্কুল, মসজিদ, কিউ২৪ ও কিউ৮ বাস এবং ১০৮ স্ট্রীট সাবওয়ে এ ট্রেন নিকটে। যোগাযোগ: ৬৪৬-২৫৫-৯১৬৩

আ-১০/১৭

বাসা ভাড়া

জ্যামাইকা হিল সাইড এভিনিউ ১৯৭ স্ট্রিটে ৩ বেডরুমের বড় বাসা ভাড়া দেয়া হবে।

যোগাযোগ: ৩৪৭-৫২৩-০০২৭

০৮/০১

গ্রীন ক্যাব বিক্রয়/ভাড়া

খুব ভাল কন্ডিশনের একটি গ্রীন ক্যাব জরুরী ভিত্তিতে বিক্রয়/ভাড়া হবে। শুধুমাত্র আগ্রহীগণ যোগাযোগ করুনঃ

৯২৯৩৯৩৬৮০৭

কাজী অফিস

(সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত)

কাজী মোঃ বেলাল হোসেন

ইউএস এয়ারফোর্সের অধীনে কুয়েতস্থ আমেরিকান এ্যাম্বাসির প্রাক্তন দোভাষী অফিসার

বর্তমান ইমাম : বাইতুন নূর মসজিদ, ওজপনপার্ক।

ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। ইংরেজী, আরবী এবং বাংলায় বিবাহ অনুষ্ঠান পরিচালনা করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা। নিউইয়র্ক সিটির প্রতিটি এলাকায় সেবা প্রদান করা হয়।

যোগাযোগ: 201-839-7579

৮৮-১৯ লিবার্টি এভিনিউ, ওজনপার্ক, নিউইয়র্ক-১১৪১৭

বাসা ভাড়া

বাংলাদেশী অধ্যুষিত এস্টোরিয়ায় (৩৩-০৯, ৩১ এভিনিউ এবং ৩০-৫২, ৩৪ স্ট্রীট) এর দুটি এপার্টমেন্ট বিল্ডিংয়ে ১বেড রুম (ভাড়া: ১৭০০ ডলার), দুই বেড রুম (ভাড়া: ২২০০ ডলার) এর বেশ কয়েকটি এপার্টমেন্ট ভাড়া হবে।

যোগাযোগ: হাবিব রহমান

লাইসেন্সড রিয়েল এস্টেট সেলস পার্সন

পার্কচেস্টার ব্রঙ্কস রিয়েলিটি

ফোন: ৩৪৭ ২৮০ ৭২৬৯ (সেল)

৭১৮-৫১৪-৯০৩০ (অফিস)

পাত্র চাই

কলেজ শিক্ষক বাবা মা'র একমাত্র কন্যা, সদ্য মাস্টার্স সমাপ্ত, ইউএস সিটিজেন, হিজাবি পাত্রীর জন্য (বয়স- ২৬ বছর ২মাস), আমেরিকান গ্রীনকার্ডধারী অথবা সিটিজেন পাত্র আবশ্যক।

যোগাযোগ: ৩৪৭-২৮০-৭২৬৯

আবশ্যক

নিউইয়র্কের একটি মিডিয়া হাউজে বিজ্ঞাপন/মার্কেটিং বিভাগে কাজ করার জন্য পুরুষ/মহিলা আবশ্যক। আগ্রহী প্রার্থীরা যোগাযোগ করুন। যোগাযোগ: ৭১৮-৪৮২-৯৯২৩

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।

Mobile Tel. No 646-591-4696

Res: 718-931-2509

e-mail: moondhs@gmail.com

উন্নয়নশীল দেশগুলোর জন্য বছরে ১০০

(৭১ পাতার পর

)গ্লোবাল সেন্টার অন অ্যাডাপটেশন (জিসিএ)-এর সভাপতি বান কি মুন এবং সিভিএফের সদস্য দেশগুলোর রাষ্ট্র ও সরকার প্রধানরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সিভিএফ সভাপতি শেখ হাসিনা বলেন, আমরা, সিভিএফ নেতৃবৃন্দ এবং আমাদের অংশীদারগণ, ২০২০ সালের এন-ডিসি বর্ধিত সময়সীমার আগে জলবায়ু জরুরি অবস্থা মোকাবেলায় ত্বরিৎ এবং শক্তিশালী বৈশ্বিক পদক্ষেপ নেয়ার জন্য সবাইকে আহবান জানিয়েছি।

বাংলাদেশ দ্বিতীয়বারের মতো জলবায়ু ক্ষতিগ্রস্ত ফোরামের নেতৃত্বের জন্য নির্বাচিত হয়ে সম্মানিত হয়েছে উল্লেখ করে তিনি বলেন যে, সিভিএফ বিশ্বের সবচেয়ে ঝুঁকিপূর্ণ দেশের ১ বিলিয়নেরও বেশি লোকের প্রতিনিধিত্ব করে। বৈশ্বিক কার্বন নিঃসরণে অনুল্লেখযোগ্য অবদানের পরেও সিভিএফ দেশগুলোই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হচ্ছে, যোগ করেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, সভাপতি হিসেবে বিশ্বব্যাপী তাপমাত্রা বৃদ্ধিকে ১ দশমিক ৫ ডিগ্রির মধ্যে সীমাবদ্ধ রাখার লক্ষ্যে আমাদের সমর্থন অব্যাহত থাকবে, অর্থায়ন ব্যবস্থাকে ত্বরান্বিত করা এবং জলবায়ু স্থিতিস্থাপকতার আখ্যানগুলো এবং ক্ষতি এবং ক্ষয়ক্ষতি ইস্যু তুলে ধরাই আমাদের লক্ষ্য হবে। তিনি আরও বলেন, আমরা জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বিষয়ে জাতিসংঘে বিশেষ 'র‍্যাপোটিয়ার' নিয়োগ এবং একটি সিভিএফ এবং ভি ২০ যৌথ মাল্টি-ডোনার তহবিল গঠনের ওপরও গুরুত্ব দেব।

প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ গত ৮ সেপ্টেম্বর ঢাকায় গ্লোবাল সেন্টার ফর অ্যাডাপটেশনের দক্ষিণ এশিয় আঞ্চলিক কার্যালয় খুলেছে। এটি বাংলাদেশের সভাপতির সচিবালয় হিসেবে কাজ করবে এবং এই অঞ্চলে জলবায়ু স্থিতিস্থাপকতা বাড়াতে দক্ষিণ এশিয়ায় যথাযথ পদক্ষেপে সহায়তা, সাহায্য এবং বিকাশ ঘটাবে।

জার্মান ওয়াচের জলবায়ু পরিবর্তন ঝুঁকি সূচক ২০১৯ অনুযায়ী প্রধানমন্ত্রী বলেন, জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাবে অত্যন্ত ক্ষতিগ্রস্থ দেশগুলোর মধ্যে বাংলাদেশ ৭ম স্থানে রয়েছে।

'আমার দেশ এই বর্ষায় বারবার বন্যার মুখোমুখি হচ্ছে যা ফসলের ব্যাপক ক্ষতি এবং বিশাল জনগোষ্ঠীকে বাস্তচ্যুত করেছে। গত মে মাসে সুপার সাইক্লোন আম্পানের প্রভাব এবং বর্তমান কোভিড-১৯ মহামারীর কারণে পরিস্থিতি আরও খারাপ আকার নিয়েছে।

রোহিঙ্গা সংকট প্রসংঙ্গে তিনি বলেন, মিয়ানমার থেকে আগত ১১ লাখ রোহিঙ্গাকে কক্সবাজারে আশ্রয় দেয়ায় তারাও মারাত্মক সামাজিক এবং পরিবেশগত ক্ষয়ক্ষতির কারণ হচ্ছে। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশে আমরা জলবায়ু সৃষ্ট বিপর্যয় মোকাবেলায় বিভিন্ন প্রশমন ও অভিযোজনমূলক কর্মসূচি বাস্তবায়ন করছি। আমার সরকার ২০০৯ সাল থেকে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলের অধীনে নিজস্ব সম্পদ থেকে ৪৩০ মিলিয়ন ডলার বরাদ্দ করেছে। সারা বছর দেশজুড়ে লাখ লাখ গাছের চারা রোপণ করা হচ্ছে।

প্রধানমন্ত্রী আরও বলেন, আমাদের বিজ্ঞানীরা লবনাক্ততা, বন্যা এবং খরা প্রতিরোধী ফসল এবং ভাসমান কৃষি প্রযুক্তি উদ্ভাবন করেছেন। আমার সরকার অভিযোজনমূলক কাজের জন্য ২০১০ সাল থেকে প্রতি বছর গড়ে ২ বিলিয়ন ইউএস ডলার, জিডিপির ১ শতাংশ ব্যয় করছে। তিনি বলেন, এবছর আমরা আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন করছি। যিনি প্রাকৃতিক দুর্যোগের হুমকিকে স্বীকৃতি দিয়েছিলেন এবং মানুষকে রক্ষার উদ্যোগ নিয়েছিলেন। আমি অত্যন্ত আনন্দিত যে অনেক সিভিএফ দেশ জলবায়ু পরিবর্তনের প্রভাবকে কার্যকরভাবে কাজে লাগাতে সক্ষম হচ্ছে। তিনি আরও বলেন, কোস্টারিকা প্রতি বছর শতভাগ নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদন করছে। ইথিওপিয়াতে গত বছর ৪ বিলিয়ন চারা গাছ রোপন করা হয়েছে এবং ২০২৪ সাল নাগাদ ২০ বিলিয়ন গাছ লাগানো হবে।

তিনি বলেন, ব্যক্তিগত প্রচেষ্টা সত্বেও জলবায়ু-ঝুঁকিপূর্ণ দেশগুলোর গভীর ক্ষতি ও ক্ষয়ক্ষতি কমাতে শক্তিশালী আন্তর্জাতিক অংশীদারিত্ব অপরিহার্য। বিশ্ব প্যারিস চুক্তির ১ দশমিক ৫ ডিগ্রি সেন্টিগ্রেড উষ্ণতার সীমা ছাড়িয়ে যাওয়ার দ্বারপ্রান্তে রয়েছে। এটা সীমানা পেরিয়ে যাওয়ার শেষ সীমা এবং জি-২০ দেশগুলো থেকে যেগুলোর নিঃসৃত কার্বনের পরিমাণ তিন চতুর্থাংশেরও বেশি, আমরা তাদের নির্গমনকে কার্যকরভাবে হ্রাস করার জন্য সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট এনডিসি আশা করি।

প্রধানমন্ত্রী বলেন, সমুদ্রের উচ্চতা বৃদ্ধির বর্তমান ধরণ অব্যাহত থাকলে অধিকাংশ দ্বীপ এবং সমুদ্র তীরবর্তী রাষ্ট্র পানির নিচে চলে যাবে ফলে লাখ লাখ মানুষ জলবায়ু শরণার্থী হয়ে পড়বে এবং এদেরকে আশ্রয় দেয়ার সামর্থ বিশ্বের নেই। এটি উপলব্ধি করে, বাংলাদেশ সংসদ একটি 'প্ল্যানেটারি জরুরি অবস্থা' ঘোষণা করে এবং বিশ্বকে জলবায়ু পরিবর্তন বন্ধে যুদ্ধের সময়ের মতো করে কাজ করার আহবান জানায়। কপ-২৬ স্থগিতাদেশে আমাদের বর্ধিত এনডিসিগুলো ঘোষণা করার সময় এই বছরের ৩১ ডিসেম্বর মধ্যরাতে পড়ে যায়। এটি কার্যত আমাদের 'বেঁচে থাকার সময়সীমা'। তিনি বলেন, সিভিএফের পক্ষে, আমরা আজ সিভিএফ চালু করছি 'জলবায়ুর জন্য মধ্যরাত বেঁচে থাকার সময়সীমা' উদ্যোগটি প্রতিটি জাতির প্রতিটি নেতাকে এখন নেতৃত্ব প্রদর্শনের অনুরোধ করার জন্য। জাতিসংঘের পাশাপাশি সম্মেলন করে আমরাও ধরিত্রী মাতার সঙ্গে আমাদের সম্প্রীতি সুরক্ষার জন্য একটি আন্তর্জাতিক দিবসকে 'জলবায়ু রেসিলিয়েন্স ডে' নামকরণ করার আহবান জানাচ্ছি।

ফের বিয়ে করলেন শমী কায়সার

(প্রথম পাতার পর)

উভয়েই ভালো বন্ধু ছিলেন। সেই বন্ধুত্ব থেকেই একে অপরের প্রতি ভালো লাগা এবং প্রণয় থেকে পরিণয়। বিয়েতে দুই পক্ষের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন বলে শমী কায়সারের ঘনিষ্ট এক মিডিয়াকর্মী নিশ্চিত করেছেন।

শমী কায়সারের তৃতীয় বিয়ে এটি। এর আগে ১৯৯৯ সালে পশ্চিমবঙ্গের চিত্রনির্মাতা রিঙ্গোকে বিয়ে করেন শমী কায়সার। তাদের সংসারের স্থায়িত্ব ছিল দুই বছর। নানা কারণে তাদের মধ্যে দূরত্ব বেড়ে গেলে সেই বিয়ে ভেঙে যায়। এরপর শমী বিয়ে করেন একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আরাফাতকে।

১৯৮৯ সালে পরিচালক আতিকুল হক চৌধুরী এমন একজন মেয়ে খুঁজছিলেন, যে কিনা নোয়াখালীর আঞ্চলিক ভাষায় কথা বলতে পারে, তার নাটক কেবা আপন কেবা পর এ অভিনয়ের জন্যে। এর ফলে শমী প্রথম অভিনয়ের সুযোগ পান। এরপর তিনি কথা সাহিত্যিক ইমদাদুল হক মিলনের উপন্যাস অবলম্বনে এবং আব্দুল্লাহ আল মামুনের পরিচালনায় তিন পর্বের ধারাবাহিক নাটক 'যত দূরে যাই' এ অভিনয় করে পরিচিত লাভ করেন। তারপর তিনি বহু নাটকে যেমন, নক্ষত্রের রাত, ছোট ছোট ঢেউ, স্পর্ষ, একজন, অরণ্য, আকাশে অনেক রাত, মুক্তি, অন্তরে নিরন্ডর, স্বপ্ন, ঠিকানা সহ বিভিন্ন নাটকে অভিনয় করেছেন।

কে এই রেজা আমিন? যাকে বিয়ে করলেন শমী কায়সার

গত ২৭ সেপ্টেম্বর পারিবারিকভাবে ব্যবসায়ী রেজা আমিন সুমনের সঙ্গে বিয়ের বন্ধনে আবদ্ধ হন একসময়ের জনপ্রিয় অভিনেত্রী শমী কায়সার। যদিও এতোদিন ধরে বিষয়টি প্রকাশ পায়নি। গত ৯ অক্টোবর শুক্রবার রাজধানীর ইস্কাটনে শমীর বাসায় দুই পরিবারের সদস্যদের উপস্থিতিতে বিয়ের আয়োজন অনুষ্ঠিত হয়।

এদিন বিয়ের বেশ কয়েকটি ছবি নাট্যনির্মাতা চয়নিকা চৌধুরী ও অভিনেত্রী তারিন তাদের ফেসবুকে পোস্ট করলে মুহূর্তেই তা ভাইরাল হয়ে পড়ে। এর পর থেকেই টক অব দ্য শোবিজ-বিয়ে করেছেন অভিনেত্রী শমী কায়সার।

শমীভক্তরা কৌতূহলী হয়ে পড়েন-কে এই রেজা আমিন সুমন? কীভাবে সুমনের সঙ্গে পরিচয় ঘটে শমী কায়সারের?

জানা গেছে, পেশায় ব্যবসায়ী রেজা আমিন সুমনের গ্রামের বাড়ি কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রামে। সেখানে এক অভিজাত পরিবারে জন্ম তার। তার বর্তমানে নিজের ব্যবসা প্রতিষ্ঠান থাকলেও কর্মজীবনে র‍্যাংগস গ্রুপে চাকরি করেছেন। পরে নিজে ব্যবসায়ী হিসেবে প্রতিষ্ঠিত হয়েছেন। ব্যবসায়িক সূত্রে শমীর সঙ্গে পরিচয় ও পরে বন্ধুত্ব গড়ে ওঠে।

ফটোগ্রাফিতে শখ রয়েছে তার। ভ্রমণ পিপাসু রেজা আমিন ভালোবাসেন সবুজ অরণ্য, জল-বন-পাখি-প্রাণীদের সঙ্গ। সুযোগ হলেই বেরিয়ে পড়েন দেশে-বিদেশের নানা ঠিকানায়। তিনি খেলাধুলা প্রিয়। ফুটবলে তার প্রিয় ক্লাব বার্সেলোনা। ক্লাবটির নিজস্ব স্টেডিয়াম ক্যাম্প ন্যুতে গিয়ে খেলা দেখার অভিজ্ঞতাও রয়েছে তার।

রেজা আমিন সুমনের দ্বিতীয় বিয়ে এটি। প্রথম স্ত্রীর সঙ্গে বিচ্ছেদ ঘটেছে সম্প্রতি। সেই সংসার ভেঙ্গে গেলে শমীকে বেছে নেন জীবনের নতুন সঙ্গী হিসেবে।

শমীর পারিবারিক সূত্র জানিয়েছে, গত ২৭ সেপ্টেম্বর বিয়ে সম্পন্ন হয় সুমন-শমীর। গত ৭ অক্টোবর ছিল শমীর গায়ে হলুদের অনুষ্ঠান। ৯ অক্টোবর ছিল বিয়ের রিসিপশন। করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে এই আয়োজন সম্পন্ন হয়। যে কারণে রিসিপশনে শুধু উপস্থিত ছিলেন বর-কনের দুই পরিবারের সদস্য ও কাছের মানুষ। রেজা আমিনের দ্বিতীয় বিয়ে হলেও এটি শমী কায়সারের তৃতীয় বিয়ে। এর আগে ১৯৯৯ সালে পশ্চিমবঙ্গের চিত্রনির্মাতা রিঙ্গোকে বিয়ে করেন শমী। নানা কারণে দুই বছর পর তাদের মধ্যে দূরত্ব বেড়ে গেলে সেই বিয়ে ভেঙ্গে যায়। এরপর ২০০৮ সালের ২৪ জুলাই শমী বিয়ে করেন একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মোহাম্মদ আরাফাতকে। সেই সংসারেও বিচ্ছেদ ঘটে।

নব্বই এর দশকের জনপ্রিয় টিভি অভিনেত্রী শমী কায়সার। শহীদ বুদ্ধিজীবী শহীদুল্লাহ কায়সার ও সাবেক সংসদ সদস্য পান্না কায়সারের কন্যা তিনি। শমী কায়সার ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)-এর সভাপতি।

Room for Rent

An empty beautiful furnished room with 59" tv mounted on the wall, dresser with mirror, wooden Almirah - including gas & electricity for rent as of 1st October/20; beginning, middle or end of the coming month; it's on second floor of a private three floor building on the Steinway Street in between 28-25th Avenue, right in front of Fatima Pediatric Medical Care & almost next to the Dominos Pizza. Monthly rent is **$800/00** with one month's advance security money — NO NEGOTIATIONS. If interested — Please call :

516-603-5223 or on land phone: **718-545-0706**

ask for ***Khokan, Anwaruddin.***

"House For Sale, As-is"

ON CLOSE BITS

39 Ashley St. Buffalo, NY 14212

6 Rooms, 3 Bath Rooms, Kitchen, New Re-Roof. Water, Gas & Electric is Available. **Duplex House.**

Need : **716-544-3646**

Marriage Media

পাত্র-পাত্রী

খুজছেন সন্ধান দাতা

আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ী ভাবে বসবাস করতে চান?

সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মাসিষ্ট, নার্স, ফেডারেল জব, সিটিজব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সিড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।

৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।

সাফল্যতার সাথে অগ্রগতি।

আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না আমি উছিলা মাত্র।

খান ভাই

646-637-7590

E-mail: khanma663@gmail.com

মুসলিম কাজী অফিস



নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত

কাজী মাওলানা ওবায়দুল হক

ইমাম ও খতিব পার্কচেষ্টার ইসলামিক সেন্টার

ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা।

পরামর্শের জন্য যোগাযোগ করুন ৩৪৭-৩২০-৭২১৮

13-75 Virginia Avenue, Bronx, New York 10462

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?

বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন

রাফি সাফওয়ান

ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে

সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :

267-992-3201

Park Realty

of Western New York

155 Summer St
Buffalo, NY 14222

মুসলিম কাজী অফিস

Imam & Khatib

Bangla Bazar Jame Masjid

1351 Odell St, Bronx, NY 10462

ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea

Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh

Marriage Registrar New York State

(Muslim Nikah & Marriage Solemnization NYC)

Tel: 347-208-9055

Email:abuleahea@gmail.com

MAHFUZ HASAN

Web Application Developer

যে কোন ধরনের ওয়েবসাইড তৈরির জন্য যোগাযোগ করুন

I will create high quality web application for you

Do you want to make a dynamic responsive, user friendly and fast web application to attract your clients?

Feel Free to Contact

sdmahfuz@gmail.com

+880 1770 472 939



MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY

KAZI MOWLANA MD. ABUL KHAIR

IMAM & KHATUB

MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.

70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.

Phone: 646-732-7125, 929-277-7444

বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
বছরে আয় করুন সর্বোচ্চ $50,000

Hiring HHA & PCA

আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।

প্রশিক্ষণ ক্লাসের জন্য যোগাযোগ করুন

সম্পূর্ণ বিনামূল্যে



HouseCalls HOME CARE
Being home never felt better™

718-731-9750

আমাদের অফিসে রয়েছে বাংলাদেশী স্টাফ

আপনাদের সুবিধার্থে চারটি অফিস

Jackson Heights:
72-16 Roosevelt Ave, NY 11372



Bronx:
1878 Cross Bronx Expwy, NY 10472



Jamaica:
90-50 Sutphin Blvd, NY 11435



Brooklyn:
2440 Fulton Street, NY 11233



বাংলাদেশী কম্যুনিটিতে একমাত্র 'লাইসেন্সধারী' হোম কেয়ার এজেন্সি

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

ভাইস প্রেসিডেন্ট পদে রিপাবলিকান প্রার্থী মাইক পেন্সের সাথে বিতর্ক

আমেরিকার ইতিহাসে সবচেয়ে বড় ব্যর্থতা দেখিয়েছে ট্রাম্প প্রশাসন : কমলা হ্যারিস



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনকে আমেরিকার ইতিহাসে ব্যর্থতম বলে আখ্যা দিলেন আসন্ন নির্বাচনে ডেমোক্রেটিক দলের ভাইস প্রেসিডেন্ট পদপ্রার্থী কমলা হ্যারিস। নভেল করোনাভাইরাস (বাকি অংশ ৩৮ পাতায়)

এনওয়াইবিসিএল টি-টুয়েন্টির ফাইনালে ঈগল চ্যাম্পিয়ন







নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্ক বাংলাদেশ ক্রিকেট লীগ (এনওয়াইবিসিএল) এর টি-টুয়েন্টির ফাইনাল খেলা গত ৩ অক্টোবর শনিবার অনুষ্ঠিত হয়। এতে ঈগলস ক্রিকেট ক্লাব চ্যাম্পিয়ন হওয়ার গৌরক অর্জন করে। উল্লেখ্য, ঈগলস ক্রিকেট ক্লাব এই বছর নিয়ে একটানা পর পর চারবার শিরাপা জয়ী দল হিসেবে চ্যাম্পিয়ান ট্রফি নিজেদের ঘরে রাখলো। ব্রুকলীনের রয় এ. সুয়েনী ক্রিকেট ওভাল মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলার শুরুতে গোল্ডেন বাংলা ক্রিকেট ক্লাব ট্রসে জয় লাভ করে ৭ উইকেট হারিয়ে ১১৮ রান সংগ্রহ করে। জবাবে ঈগলস ক্রিকেট ক্লাব ১২ ওভার ৪ বলে ১১৯ রান সংগ্রহ করে ৭ উইকেটে জয় লাভ করে। ঈগলস- এর ফায়জল ৩৩ বলে ৬৭ রান সংগ্রহ করে ম্যান অফ ফাইনাল নির্বাচিত হয়। খবর ইউএনএ'র।

বিপুল সংখ্যক ক্রিকেটপ্রেমী প্রবাসী বাংলাদেশী খেলাটি উপভোগ করেন। ফাইনাল খেলা শেষে চ্যাম্পিয়ান দলকে ৫,০০০ হাজার ডলার ও রানার্স আপ দলকে ২,০০০ হাজার ডলারের প্রাইজমানি দেওয়া হয়। নিউইয়র্ক থেকে সম্প্রচারিত টাইম টেলিভিশন খেলাটি সরাসরি সম্প্রচার করে।

ফাইনাল খেলা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন নিউইর্য়ক বাংলাদেশ ক্রিকেট লীগের প্রেসিডেন্ট সরওয়ার চৌধুরী, টাইম টেলিভিশন ও সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সিইও আবু তাহের, ইমিগ্র্যান্ট এলডার হোম কেয়ারের সিইও গিয়াস আহমেদ, বিশিষ্ট ব্যবসায়ী ও কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মিসবা আবদীন, ক্লাব ডিরেক্টর অফ ইউএস ক্রিকেট-এর অজিত ভাস্কর, শেড অফ ভিশনের জুয়েল, কোর ভিশন ক্রেডিট রিপেয়ারের মোহাম্মদ আবুল হাসেম প্রমুখ। অনুষ্ঠানে বক্তারা তাদের বক্তব্যে বাংলাদেশ ক্রিকেট লীগ আয়োজনের প্রশংসা করে বলেন, এমন উদ্যোগ নতুন প্রজন্ম সহ যুব সমাজকে খারাপ কার্মকান্ড থেকে দূরে রাখার পাশাপাশি তাদের মন-মনসিকা প্রফুল্ল রাখতে সহায়হক হবে। তারা আরো বেশী করে খেলাধুলা আয়োজনে সহযোগিতা করার জন্য কমিউনিটির বিত্তবানদের প্রতি আহ্বান জানান।

এসময় বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে বিনোদ এসোসিয়েটের আরিফ চৌধুরী, আবু সাইদ মাসুম, জগলুল হুদা, ফাস্ট ট্যাক মোবালিটির মেহেদী হাসান, সুন্দরবন এজেন্সীর মীর, নিউইর্য়ক বাংলাদেশ ক্রিকেট লীগ কমিটির মেম্বার মাজহারুল ইসলাম জনি, লিসান চৌধুরী, ফয়সাল রাহমান, সামসুল হুদা, মেহরাজ মাসুদ, ওয়ায়েস আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

কোন দেশে ধর্ষণের সাজা কেমন

বাংলা পত্রিকা ডেস্ক: সারা বিশ্বে ধর্ষণের সংখ্যা বাড়ছে দ্রুতগতিতে। সাম্প্রতিক সময়ে যেন ধর্ষণের প্রতিযোগিতা চলছে দেশে দেশে। নীতি আর নৈতিকতা হারিয়ে গেছে যেন এই পৃথিবী নামক গ্রহ থেকে। তার পরও এই নৈতিকতার অবক্ষয় রুখতে বিভিন্ন দেশে বিভিন্ন রকম শাস্তির ব্যবস্থা রয়েছে। চলুন জেনে নিই এমনই কিছু দেশে ধর্ষণের শাস্তির আইন সম্পর্কে-

বাংলাদেশ

দেশে ধর্ষণের শাস্তি কি তা বাংলাদেশ দন্ডবিধি, ১৮৬০ এর ৩৭৬ ধারায় বলা হয়েছে। এই ধারায় ধর্ষণের সর্বোচ্চ শাস্তি যাবজ্জীবন কারাদন্ড। এই ধারায় বলা হয়েছে, 'কোনো ব্যক্তি যদি ধর্ষণের অপরাধ করে, তবে সে ব্যক্তি যাবজীবন কারাদন্ডে, অথবা দশ বৎসর পর্যন্ড যেকোন মেয়াদের সশ্রম বা বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত হবে এবং তদুপরি অর্থ দন্ডেও দন্ডিত হবে, যদি না ধর্ষিত স্ত্রীলোকটি তার নিজ স্ত্রী হয় ও বারো বৎসরের কম বয়স্কা না হয়; যদি তদ্রুপ হয়, তবে সে ব্যক্তি দুই বৎসর পর্যন্ত যে কোনো মেয়াদের সশ্রশ্রম বা বিনাশ্রম কারাদন্ডে, অথবা অর্থ দন্ডে, অথবা উভয়বিধ দন্ডেই দন্ডিত হবে।'



এছাড়া নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর ৯ নম্বর ধারায়ও ধর্ষণের ঘটনায় সর্বোচ্চ শাস্তি হিসেবে যাবজ্জীবন কারাদন্ডের কথা বলা আছে। তবে এ আইনে ধর্ষণের ফলে মৃত্যু হলে সেক্ষেত্রে সর্বোচ্চ শাস্তি হিসেবে মৃত্যুদন্ডে কথা বলা আছে। ৯ (১) ধারায় বলা হয়েছে, 'যদি কোনো পুরুষ কোনো নারী বা শিশুকে ধর্ষণ করেন, তাহা হইলে তিনি যাবজ্জীবন সশ্রম কারাদন্ডে দন্ডণীয় হইবেন এবং ইহার অতিরিক্ত অর্থদন্ডে দন্ডণীয় হইবেন। (২) যদি কোন ব্যক্তি কর্তৃক ধর্ষণ বা উক্ত ধর্ষণ পরবর্তী তাহার অন্যবিধ কার্যকলাপের ফলে ধর্ষিতা নারী বা শিশুর মৃত্যু ঘটে, তাহা হইলে উক্ত ব্যক্তি মৃত্যুদন্ডে বা যাবজ্জীবন সশ্রম কারাদন্ডে দন্ডণীয় হইবেন এবং ইহার অতিরিক্ত অন্যূন এক লক্ষ টাকা অর্থদন্ডেও দন্ডণীয় হইবেন। (৩) যদি একাধিক ব্যক্তি দলবদ্ধভাবে কোনো নারী বা শিশুকে ধর্ষণ করেন এবং ধর্ষণের ফলে উক্ত নারী বা শিশুর মৃত্যু ঘটে বা তিনি আহত হন, তাহা হইলে ওই দলের প্রত্যেক ব্যক্তি মৃত্যুদন্ডে বা যাবজ্জীবন সশ্রম কারাদন্ডে দন্ডণীয় হইবেন এবং ইহার অতিরিক্ত অন্যূন এক লক্ষ টাকা অর্থদন্ডেও দন্ডণীয় হইবেন।' (৪) যদি কোন ব্যক্তি কোন নারী বা শিশুকে (ক) ধর্ষণ করিয়া মৃত্যু ঘটানোর বা আহত করার চেষ্টা করেন, তাহা হইলে উক্ত ব্যক্তি যাবজ্জীবন সশ্রম কারাদন্ডে দন্ডণীয় হইবেন এবং ইহার অতিরিক্ত অর্থদন্ডেও দন্ডণীয় হইবেন।'

ভারত

প্রতিবেশি দেশ ভারতে ২০১৩ সালে ধর্ষণের শাস্তি আগের চেয়ে কঠোর করা হয়েছে। দেশটিতে বিশেষ ক্ষেত্রে ধর্ষককে মৃত্যুদন্ড দেওয়া হচ্ছে। তবে সচরাচর ৭ বছর থেকে ১৪ বছরের কারাদন্ড দেওয়া হয়।

চীন

এশিয়ার বড় দেশ চীনে ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড। তবে কিছু কিছু ক্ষেত্রে পরিস্থিতির গুরুত্ব বিবেচনায় ধর্ষকের যৌনাঙ্গ কেটে দেওয়া হয়।

ইরান

এশিয়ার আরেক দেশ ইরানে সাধারণত ধর্ষককে জনসম্মুখে ফাঁসিতে ঝুলিয়ে অথবা গুলি করে মৃত্যুদন্ড কার্যকর করা হয়। কোনো কোনো ক্ষেত্রে ধর্ষিতার অনুমতি নিয়ে ধর্ষককে জনসম্মুখে একশ' দোররা মারা অথবা যাবজ্জীবন কারাদন্ড দেওয়া হয়।

গ্রিস

গ্রিসে কোনো ব্যক্তির বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ প্রমাণিত হলে তার শাস্তি মৃত্যুদন্ড। আর এই শাস্তি কার্যকর করা হয় আগুনে পুড়িয়ে।

(বাকি অংশ ৩৭ পাতায়)



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited
Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টার শাড়ী ঘর



Special Eid-Sale
ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়
শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভূল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।
Phone: 347- 621- 4940,718-300-7429
1217 White Plains Road , Bronx , NY 10472



উন্নয়নশীল দেশগুলোর জন্য বছরে ১০০ বিলিয়ন ডলার চান প্রধানমন্ত্রী। ছবি: পিআইডি

জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা

উন্নয়নশীল দেশগুলোর জন্য বছরে ১০০ বিলিয়ন ডলার চান প্রধানমন্ত্রী

বাংলা পত্রিকা ডেস্ক: প্রধানমন্ত্রী শেখ হাসিনা জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব থেকে উন্নয়নশীল দেশগুলোকে বাঁচাতে বছরে ১০০ বিলিয়ন ইউএস ডলার নিশ্চিত করার আহবান জানিয়ে জলবায়ু ন্যায়বিচার প্রতিষ্ঠায় চার দফা প্রস্তাব উত্থাপন করেছেন। তিনি বলেন, তার সরকার জনগণের ভবিষ্যতকে সুরক্ষিত করতে এবং সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার জন্য জাতীয় 'মুজিব জলবায়ু সমৃদ্ধি পরিকল্পনা' নামে একটি নতুন কর্মসূচি চালু করার সিদ্ধান্ত নিয়েছে। 'আমাদের এও নিশ্চিত করা উচিত যে- উন্নয়নশীল দেশগুলো প্রশমন, অভিযোজন এবং দুর্যোগ প্রতিক্রিয়া ও পুনরুদ্ধারের জন্য বছরে অন্তত ১০০ বিলিয়ন ইউএস ডলার যেন পেতে পারে',- যোগ করেন তিনি।

প্রধানমন্ত্রী বুধবার (৭ অক্টোবর) 'মিডনাইট সার্ভাইভাল ডেডলাইন ফর দি ক্লাইমেট' শীর্ষক 'ক্লাইমেট ভালনারেবল ফোরামের (সিভিএফ)' এক ভার্চুয়াল সম্মেলনে বর্তমান সভাপতি হিসেবে দেয়া ভাষণে এ আহবান জানান। খবর বাসস'র।

পৃথিবীকে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব থেকে রক্ষায় শক্তিশালী আন্তর্জাতিক অংশীদারিত্বের জন্য চার দফা প্রস্তাবও উত্থাপন করেন প্রধানমন্ত্রী। প্রথম প্রস্তাবে তিনি বলেন, প্যারিস চুক্তির কঠোর বাস্তবায়নই জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতির বর্তমান হারকে হ্রাস করার একমাত্র উপায়।

দ্বিতীয় প্রস্তাবে তিনি বলেন, প্যারিস চুক্তির আওতায় সরকারগুলোকে তাদের জাতীয় অবদানকেই কেবল সম্মান জানানো উচিত নয়, তাদের আকাংখাও যথেষ্ট পরিমাণে বাড়ানো দরকার। জলবায়ু ন্যায়বিচারের ধারণাটি জলবায়ু এবং পৃথিবীর স্বার্থে প্রতিষ্ঠিত করতে হবে।

প্রধানমন্ত্রী তার তৃতীয় প্রস্তাবে বলেন, প্রযুক্তিতে প্রবেশাধিকারের পাশাপাশি এমডিবি এবং আইএ-ফআইসহ বড় অর্থনীতির দেশগুলোকে (উন্নত দেশগুলো) অর্থের আরও জোরদার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। তার চতুর্থ প্রস্তাবে প্রধানমন্ত্রী বলেন, লোকসান ও ক্ষয়ক্ষতির বিষয়টিকে চিহ্নিত করতে এবং মূলধারায় আনতে সাহসী পদক্ষেপ গ্রহণ করুন। পরিবর্তনের বিষয়টি সমাধানের জন্য দ্রুত পদক্ষেপের প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে তিনি বলেন, প্রকৃতির বিরুদ্ধে আমাদের যুদ্ধে, আমরা কেবল হেরে যাব। আমাদের সমস্ত কর্মকান্ড এটাই প্রকাশ করে যে আমরা সচেতনভাবে জরুরি সহযোগিতার মাধ্যমগুলো ধ্বংস করে দিচ্ছি যা আমাদের বাঁচিয়ে রেখেছে। কাজেই পৃথিবীকে বাঁচাতে ব্যবস্থা নেয়ার সময় আজই, আগামীকাল নয়।

শেখ হাসিনা বলেন, আজ আমাদের সময়ের সবথেকে গুরুত্বপূর্ণ বৈশ্বিক চ্যালেঞ্জের মুখোমুখি হয়ে মানব ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ মোড়ে অবস্থান করছি। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব আমাদের সভ্যতার ক্ষতি করছে, আমাদের গ্রহকে ধ্বংস করছে এবং আমাদের অস্তিত্বকেও হুমকির মুখে ফেলেছে।

জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস, (বাকি অংশ ৪৪ পাতায়)

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি
টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি
Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD AIRWAYS | SAUDIA | QATAR AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AA American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
NMLS#177308
Direct Lender
□ Low Closing Cost □ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York

M. Kamal, MLO
CPA

আশার আলো না বিভেদের বীজ!

সিটি কাউন্সিল নির্বাচনে কে কার প্রতিদ্বন্দ্বি?



ছবিতে বাঁ থেকে ফখরুল ইসলাম দেলোয়ার, ফখরুল আলম, তৈয়বুর রহমান, মৌমিতা আহমেদ, সোমা সাঈদ, সাবুল উদ্দিন, এন মজুমদার ও মীর্জা মামুন

মন্তব্য প্রতিবেদন: প্রবাসে যে সব বাংলাদেশী আগে দেশীয় রাজনীতির আবর্তে ঘুরপাক খেতেন এখন তাদের অনেকেই মুলধারার রাজনীতিতেও অংশ নিচ্ছেন। ব্যাপারটা খুবই আশাব্যঞ্জক যা বলার অপেক্ষা রাখেনা। কিন্তু নির্বাচনকে ঘিরে কমিউনিটিতে ঐক্যের পরিবর্তে বিভাজন, পারস্পরিক শত্রুতা এবং কলহ বিবাদ বৃদ্ধি আশার এই উজ্জল আলোটাকে ম্লান করে দিচ্ছে অনেকটাই। এর সূদুর প্রসারী একটা প্রভাব পড়ছে কমিউনিটিতে যা একটা উদ্বেগের কারণ হিসাবেও দেখছেন অনেকে। অভিযোগ রয়েছে অনেক প্রার্থী নির্বাচনে পরাজয়ের পর একেবারেই ঘরমুখো (বাকি অংশ ৪২ পাতায়)

জমে উঠেছে নিউজার্সীর পেটারসন সিটির ২নং ওয়ার্ড'র বিশেষ নির্বাচন

কাউন্সিলম্যান পদে শাহীন-ফয়সল মুখোমুখী অভিযোগ-পাল্টা অভিযোগ





এমদাদ চৌধুরী দীপু, নিউইজার্সী থেকে ফিরে: যুক্তরাষ্ট্রের নিউজার্সী অঙ্গরাজ্যের পেটারসন সিটির ২নং ওয়ার্ডে কাউন্সিলম্যান পদে বিশেষ নির্বাচনে দুই বাংলাদেশী-আমেরিকান মুখোমুখী। আগামী ৩ নভেম্বর জাতীয় নির্বাচনের সাথে অনুষ্ঠিত হবে এই নির্বাচন। এই ওয়ার্ডে অন্তত ৮০ ভাগ ভোটার বাংলাদেশী। জয় পরাজয় নির্ধারণ হয় বাংলাদেশীদের ভোটে। গত ৪ বছর এই ওয়ার্ডে দায়িত্ব পালন করেন কাউন্সিলম্যান শাহীন খালিক, এর আগে ৪ বছর দায়িত্ব পালন করেছেন মোহাম্মদ আক্তারুজ্জামন ফয়সল। তৃতীয় মেয়াদে আবারো মুখোমুখী দুই প্রার্থী। দুভাগে বিভক্ত হয়ে পড়েছেন ওয়ার্ডের বাংলাদেশী অভিবাসীরা। নির্বাচনকে সামনে রেখে একদিকে চলছে ভোট প্রার্থনা, (বাকি অংশ ৪২ পাতায়)

হেলাল উদ্দীন রানার কলাম



এলো মেলো ভাবনা

ফোন ধরতেই-কেমন আছো, সব ভালো ? অনেক দিন পর ডালিয়ার কণ্ঠ। স্বাভাবিক হতে খানিকটা সময় নিল শোয়েব। -ও, ভালই বলতে পারো। তা তুমি হঠাৎ করে? কেন? ফোন (বাকি অংশ ৪২ পাতায়)

মজুমদারের সভায় স্বাস্থ্যবিধি লংঘন!

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির আগামী কাউন্সিল নির্বাচনে ব্রঙ্কস থেকে নির্বাচন করার ঘোষণা দিয়েছেন কমিউনিটির পরিচিত মুখ, বিশিষ্ট (বাকি অংশ ৩৯ পাতায়)

সাঈদ তারেক-এর কলাম

সরকার কোথায়!



সাধারণভাবে মনে করা হয় প্রধানমন্ত্রী মন্ত্রী এমপি বা আমলা কামলারাই বুঝি সরকার। ধারনাটা ঠিক না। সরকার কোন ব্যক্তি বা চেয়ার না, সরকার হচ্ছে একটা সিস্টেম, ব্যবস্থাপনা- যার মাধ্যমে নাগরিকদের জীবনযাপন পরিচালিত হয়। মন্ত্রী (বাকি অংশ ৮ পাতায়)

রিয়েল এস্টেট টিপস

বাড়ী ক্রয়ে ৩০ বছরের মর্টগেজ



এম কামাল: বাড়ি ক্রেতা এবং রিফাইন্যান্সকারীদের জন্য ৩০ বছরের (বাকি অংশ ৩৭ পাতায়)

কুইন্স বাংলাদেশ সোসাইটির মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ

বাংলা পত্রিকা রিপোর্ট: করোনাভাইরাস পরিস্থিতি মোকাবেলায় জনসচেতনা বৃদ্ধি লক্ষ্যে কুইন্স বাংলাদেশ সোসাইটি নিউইয়র্কবাসীর মাঝে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করেছেন। পাশপাশি সংগঠনটির পক্ষ থেকে বাংলাদেশ সোসাইটির সভাপতি ও সংগঠনের উপদেষ্টা কামাল আহমেদ ও কার্যকরী সদস্য আজাদ বাকির সহ বৈশ্বিক মহামারীতে মৃত্যুবরণকারী সকলের বিদেহী আত্মার (বাকি অংশ ১৪ পাতায়)

জাতিসংঘের সাইডলাইনে সেন্টার ফর এনআরবি'র ভার্চ্যুয়াল সম্মেলন অনুষ্ঠিত

বাংলা পত্রিকা ডেস্ক: নিউ ইয়র্কে সদ্য সমাপ্ত জাতিসংঘের ৭৫তম অধিবেশনের সাইডলাইনে ভার্চ্যুয়াল বৈশ্বিক সম্মেলন করেছে সেন্টার ফর এনআরবি। গত ক'বছর ধরে ফিজিক্যালি (বাকি অংশ ১৪ পাতায়)



শেখ খলিলুর রহমানের ইন্তেকালে নিউইয়র্কে দোয়া

রশীদ আহমদ: দেশের অন্যতম শীর্ষপর্যায়ের বুযুর্গ আলেম, আঞ্জুমানে হেফাজতে ইসলাম বাংলাদেশের আমীর, সিলেট বিভাগের (বাকি অংশ ১৪ পাতায়)

সীরাহ কনভেনশন ২৫ অক্টোবর

নিউইয়র্ক: আগামী ২৫ অক্টোবর রোববার (দুপুর ৩টা থেকে রাত ৯টা) জামাইকার ৮৯-১৪ ১৫০ স্ট্রীট-এ আমেরিকান মুসলিম সেন্টারে 'ইন্টারনেশনাল ইউনাইটেড সীরাহ (বাকি অংশ ১৪ পাতায়)

ধর্ষণের প্রতিবাদে ওয়াশিংটনে প্রবাসীদের বিক্ষোভ

অপরাধীদের দৃষ্টান্তমুলক শাস্তি দাবী

বাংলা পত্রিকা রিপোর্ট: অতি সম্প্রতি নোয়াখালীর বেগমগঞ্জে গৃহবধূকে বিবস্ত্র করে নির্যাতন ও সিলেটে এমসি কলেজে নববধূকে গণধর্ষণসহ সারাদেশে সংঘটিত ধর্ষণ-নিপীড়নের বিচার (বাকি অংশ ৩০ পাতায়)

ইসলাম সমর্থিত খাদ্যাভ্যাস মানুষকে রোগমুক্ত রাখে

মাওলানা সাখাওয়াত উল্লাহ

বাদশাহ হারুন-উর-রশিদ ভারত, রোম, ইরাক ও আবিসিনিয়া থেকে চারজন বড় বড় ডাক্তার ডেকে এনে বলেন, আপনারা এমন চিকিৎসার কথা বলুন, যার ফলে মানুষ কখনো রোগাক্রান্ত (বাকি অংশ ৪২ পাতায়

সিটি কাউন্সিল নির্বাচনে মীর্জা মামুনের প্রার্থীতা ঘোষণা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটি কাউন্সিলের আসন্ন নির্বাচনে ডিস্ট্রিক্ট ১৮ থেকে প্রার্থীতা ঘোষনা করেছেন বাংলাদেশী-আমেরিকান (বাকি অংশ ৩৯ পাতায়

করনায় ট্রান্সফোটেকের দুই শিক্ষার্থী চাকরি লাভ

নিউইয়র্ক: বিশ্বজুড়ে মহামারি করোনা ভাইরাসের প্রভাবে বিপর্যস্ড় জনজীবন। টানা লকডাউনে বিশ্বজুড়ে কোটি কোটি মানুষ হয়ে পরেছেন বেকার। খোদ যুক্তরাষ্ট্রেই বেকারের সংখ্যা ছাড়িয়েছে ৩ কোটিরও বেশি। ফলে আর্থিক সংকটে রয়েছেন অনেক পরিবার। দৈনন্দিন প্রয়োজন ও খাদ্য সামগ্রীর জোগান দিতেই হিমশিম খাচ্ছেন অনেকেই। দীর্ঘ ৬ মাস পর পরিস্থিতি স্বাভাবিক হতে শুর করলেও ছন্দ ফেরেনি স্বাভাবিক জীবনযাত্রায়। ঠিক এমন ক্রান্ড়কালীন সময়ে যুক্তরাষ্ট্রের মেইনস্ট্রিম আইটি সেবাদানকারী প্রতিষ্ঠান (বাকি অংশ ১৪ পাতায়)

ঘরে বসে দেশে টাকা পাঠান
কোন ধরনের ফি ছাড়া
আকর্ষণীয় এক্সচেঞ্জ রেইটে
নিরাপদে মুহূর্তেই পৌঁছে যাবে আপনার প্রিয়জনের
বিকাশ একাউন্টে
sendwave bKash
SIGN UP TODAY GET $5 CREDIT PROMO CODE: POTRIKA
sendwave Download on the App Store GET IT ON Google Play
28 ঘন্টা দেশে টাকা পাঠান যখন প্রয়োজন তখন
*terms and conditions may apply

সাফওয়ান ট্রাভেল এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা নিউইয়র্ক ৬৪৯+ Tax
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃ ষ্ঠায় দেখু ন

J.K. GAIN MULTISERVICES
A company you can trust ....
• Tax Services
• Life Insurance
• Health Insurance
• Auto Insurance
• Home Insurance
• Business Insurance
• TLC Insurance
• DDC. (6 hrs.)
MassMutual
LOW COST GUARANTEE
Authorized e-file Provider
Notary Public
Jaydeb Gain
ছয় ঘন্টার ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স
10% Insurance Cost Deduction
Up to 4 points Removal
Tel: 347-536-5107
41-15 75th Street, Suite 2
Elmhurst, NY 11373
Email: gain_jaydeb@yahoo.com
www.JKGainMulti.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
(বিস্তারিত ৫১ পাতায়)

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রের অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
Kuwait Airways
BRITISH AIRWAYS
গ্লোবাল এয়ার
Authorized Agent of WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com